# The Presidency University Magazine 2010 - 2011

A Tribute to Tagore









# The Presidency University Magazine

## 2010-2011

Volume 71

Edited by
Soumi Mukherjee

## Magazine Committee


| | |
|---|---|
| Amita Chatterjee | Vice Chancellor |
| Devasish Sen | Bursar |
| Sanghita Sen | Teacher-in-Charge, Publications |
| Arpita Chattaraj Mukherjee | Teacher Editor |
| Soumi Mukherjee | General Editor |
| Kaushik Ray | Editor, Bengali Section |
| Manohar Kumar Jha | Editor, Hindi Section |
| Arindam Singha | Publication Secretary |


## Acknowledgements


*I thank Professor Amita Chatterjee (Vice Chancellor), Professor Amitabh Chatterjee (Head of the Department, Economics), Professor Nandalal Chakrabarty (Head of the Department, Political Science), Professor Anik Chatterjee, Arindan Mandal (General Secretary), Aritra Banerjee (Cultural Secretary), Debdutta Das, Aritra Biswas, Sabarna Ray, and Saronik Basu.*

*My specials thanks to Saptarshi Deb, whose patience and support made this magazine possible, Nayantara Chowdhuri and Aishick Dasgupta for helping me edit this edition. I also thank my Parents and Mrs. D. Mukherjee, my English teacher in school, for making me believe in myself. Last but not the least; I thank Dibyendu Mazumdar (Non-Teaching Staff, Botany Department) and Arindam Singha (Publication Secretary) for his faith and support.*



@2011 by Vice Chancellor, Presidency University, Kolkata 700 073.
All rights reserved.



*Cover Design by Sketch*

*Cover Photographs by Sabarna Roy and Aritra Biswas*

*D.T.P. and Printed by* ***Print-O-Graph****, printograp@rediffmail.com / printograph8@gmail.com*

*Published in February 2011 by the Magazine Committee, Presidency University, 86/1 College Street, Kolkata 700 073*

# Foreword

Let me recall in brief the significant dates of our prestigious Institution with an enviable reputation. The Hindoo College came into being on 20 January 1817. After a chequered history, it was constituted as the Presidency College in 1855. The first publication of the Presidency College Magazine was in the year 1914-1915. The Presidency University was born on 7th July 2010. These dates would remain in shining letters in the annals of our Institution. Thus the year 2010 has been of momentous significance and an important watershed for the Presidency College. Without repeating the information provided by my predecessor, the then Principal, in the 2009- 2010 Edition of the Presidency College Magazine, I shall briefly state that the Presidency University Act 2010 came into force on 7 July 2010. With this landmark legislation, the prestigeous Presidency College with its hallowed heritage attained the status of a University and our long cherished dream was fulfilled. The present edition (Volume 71) of the Magazine would therefore be of importance and of immense historical value and I am certain that the Magazine Committee made every effort with their characteristic elan to justify the expectations of all the well-wishers of this 193-year old institution.

The Presidency College Magazine has a glorious tradition of incorporating the profound knowledgeable and valuable writings of the faculty members and eminent ex-students and the creative efforts of current students . Unfortunately, in the past, the Magazine could not be published on a number of occasions owing to situations beyond control. The enthusiastic and assiduous students, ably guided by their teachers, have been able to publish the 2010-2011 edition of the Magazine in keeping with its long tradition and I extend my congratulations to them for this achievement.

As usual, the students successfully organised a number of cultural programmes including Milieu.The First Presidency University Games organised on 15-16 December was a memorable event with a record participation of the faculty members, staff and students, and was acclaimed by all. 'The Present Students' once again won the annual Udayan Mukherjee Memorial Debate by convincingly defeating the Past Students' Team, which was held on 11 December 2010.

Repeating what I have stated earlier, the Presidency University like other educational institutions exists for the students, The faculty members and the staff are there to guide and assist them to develop their talents, and acquire knowledge and expertise to enable them to achieve excellence in their future careers for the benefit of their own and of the society at large. It is for this reason that the students have to participate unitedly in all the activities of the University, shedding individual egoes and differences in opinion, and maintain discipline so as to fully utilize the facilities which are available to them. This would be all the more necessary if Presidency University has to become a world-class institution in reality and not merely confined to pious hopes and fond aspirations.

I take this opportunity to once again thank the teachers, the non-teaching staff and the students for carrying forward the age-old tradition by the publication of this prestigeous Magazine.

1st January 2011
Kolkata 700 073

**Amita Chatterjee**
*Vice Chancellor*

# Contents


| | | |
|---|---|---|
| Foreword | Prof. Amita Chatterjee, Vice Chancellor | |
| The Editorial : The Presidency University Magazine | Soumi Mukherjee | 1 |
| Notes and News | Arindan Mondal | 2 |

**রবীন্দ্রনাথ শতবার্ষিকী সংখ্যা ঃ ১৩৬৮ ত্রিচত্বারিংশ বর্ষ**

| | | |
|---|---|---|
| মুখবন্ধ | সনৎ কুমার বসু | 7 |
| গগন নহিলে তোমারে ধরিবে কেবা | সম্পাদকীয় | 8 |
| রবীন্দ্রনাথ | হুমায়ুন কবির | 11 |
| আমাদের রবীন্দ্রশতবর্ষপূর্তি উৎসব | শক্তিপ্রসাদ মুখোপাধ্যায় | 12 |
| ডাক্তার রবীন্দ্রনাথ | ড. দিলীপ সাহা | 13 |
| "আমার রবীন্দ্রনাথ" ঃ কিছু সংলাপ কিছু প্রলাপ | ঝিলম রায় | 15 |
| বলাকা ও ফাল্গুনী ঃ সমন্বয়ের খোঁজে | সুদেব বসু | 16 |
| Tryst with Tagore | Shritama Bose | 19 |
| রবীন্দ্রনাথের শিক্ষা ভাবনা | ধ্রুবজ্যোতি চক্রবর্তী | 20 |
| রবীন্দ্রনাথ ঃ দুই প্রজন্মের যোগসূত্র | মৈত্রী ভট্টাচার্য্য | 21 |
| আমার রবীন্দ্রনাথ | মালিনী ভট্টাচার্য্য | 23 |
| মুক্তি পথিক রবীন্দ্রনাথ | জয়ন্তী ভট্টাচার্য্য | 25 |
| আজকের রবীন্দ্রনাথ ঃ পরিগ্রহণের নানা মাত্রা | ঋতম্ মুখোপাধ্যায় | 28 |
| রবীন্দ্রনাথের নাটকে গান | শাখী ঘোষ | 30 |
| রবীন্দ্রসংগীতে স্বাধীন সুরবিহার ঃ স্বত্বোত্তর দাদাগিরি নাকি ঐতিহ্যের অপব্যাখ্যা | সৌরভ গঙ্গোপাধ্যায় | 34 |

**From Our Alumni :**

| | | |
|---|---|---|
| একটি সংলাপিকা, সুদর্শন রায়চৌধুরী | Soumi Mukherjee | 40 |
| Meeting Prof. Suranjan Das | Soumi Mukherjee & Shritama Bose | 41 |
| The Street Foods of Kolkata | Indira Chakraborty | 43 |
| সে ছিল এক দিন | অঞ্জন বন্দ্যোপাধ্যায় | 43 |

**From Our Teachers :**

| | | |
|---|---|---|
| A Dream Comes True | Amitava Chatterjee | 45 |
| From The Diary of A Teacher | Anik Chatterjee | 46 |
| সৈয়দ মুস্তাফা সিরাজ ও একটি অজানা প্রসঙ্গ | স্বপনকুমার দে | 48 |
| সম্পর্কে স্পেস | প্রশান্ত রায় | 50 |

**From The Students :**

| | | |
|---|---|---|
| Sad, But True ..... | Ankur Ghosh | 57 |
| The Wooden House | Prathito Bandopadhay | 58 |
| My First Class at Presidency | Meenakshi Ghosh | 59 |
| Shakti in the Glint of Emancipation | Ankita Chakrabarty | 60 |

| | | |
|---|---|---|
| An Optimist Indian | Shreya Das | 61 |
| Man and Nature the associated ones | Shreya Choudhuri | 62 |
| Bob | Soham Ganguly | 63 |
| Derozio memorial debate 2010 : behind the scenes | Waled Aadnan | 65 |
| When they gave vent | Medha Chakraborty & Shritama Bose | 67 |
| Romance and Realism | Tiyasha Sengupta | 69 |
| Stolen Escapes | Sohini Sarkar | 69 |
| About a Brief Encounter | Sohini Chattopadhyay | 70 |
| The Quest | Anupa Basu | 72 |
| A Raging Silence | Srija Chakraborty | 72 |
| Sunset & Sunrise | Akshay Govind Dixit | 73 |
| Three Penny Poetry | Sohini Dasgupta | 73 |
| Jarred | Rony Patra | 74 |
| Why Life ? | Ramit Dey | 74 |
| Portico Reality | Dyuti Banerjee | 74 |
| Confessions of a confused creature | Rohini Das | 75 |
| Of Redeemed Twins | Usri Basistha | 75 |
| One-A-Star, Two-A-Star | Usri Basistha | 75 |
| Song | Saronik Basu | 75 |
| They | Dolna Roy | 76 |
| The Knock | Sourav Sarkar | 76 |


**Bengali Section :**


| | | |
|---|---|---|
| সম্পাদকীয় | কৌশিক রায় | 77 |
| কলকাতা টকিজ | পুনরজিৎ রায়চৌধুরী | 78 |
| হিন্দু কলেজ ও ডি. এল. রিচার্ডসন ঃ ফিরে দেখা অতীত | সুদেব বসু | 79 |
| দরজার বাইরে | দীপাশ্রী সাঁতরা | 81 |
| আলোর পথযাত্রী | অদিতি ব্যানার্জী | 84 |
| স্মরণে-বরণে একুশে ফেব্রুয়ারি | বিদিশা বসু | 85 |
| ভারতের উচ্চশিক্ষা ব্যবস্থা ঃ সমাজতন্ত্র থেকে ধনতন্ত্রের পথে | দেবদত্ত চক্রবর্তী | 87 |
| প্রান্তিকদের উপকথা | অনুরাধা বসু | 89 |
| মেহের আলি, তোমাকে | অরিত্র ব্যানার্জী | 89 |
| দুঃস্বপ্নের মজুরী | অয়ন দে | 90 |
| স্বপ্নগোধুলী | সোহিনী রায় | 90 |
| সেল্স গার্ল | রনি পাত্র | 90 |
| মুহূর্তের আস্বাদন | কিংশুক রায় | 91 |
| সুস্থতার তপস্যায় | অভিষেক পন্ডিত | 91 |
| ছলনা | রাতুল ঘোষ | 91 |
| নভেম্বর ৯ | তোর্সা বন্দ্যোপাধ্যায় | 91 |
| রোদ্দুর | সপ্তর্ষি দত্ত | 92 |
| আত্তীয় | অয়ন দে | 92 |

| | | |
|---|---|---|
| সুযোগ | স্বস্তিক ব্যানার্জী | 92 |
| স্বপ্নের পৃথিবী | সাগরী চৌধুরী | 93 |
| কথা পরস্পরে | ঐশিক দাসগুপ্ত | 93 |
| স্বর্গগত | গোপাল চন্দ্র পাইক | 94 |
| মৃত্যুর আদেশ | গোপাল চন্দ্র পাইক | 94 |
| গান | সুদীপ চৌধুরী | 94 |
| উর্ণীরুহের কথা | নীলাদ্রী দাস | 95 |
| বিকেলবেলার বৃষ্টি নিয়ে দু-একটা লাইন | শ্রীপর্ণা ঘোষ | 95 |
| অবুঝ প্রলাপ | ঋদ্ধ চৌধুরী | 96 |
| তরল | দ্যুতি ব্যানার্জী | 96 |
| ক্রমশঃ | অময় দেব রায় | 96 |

**Hindi Section :**

| | | |
|---|---|---|
| सम्पादकीय | मनोहर कुमार झा | 97 |
| भूख (कहानी) | सुतृप्ति सिंह | 98 |
| प्रकृति | सीखा रजक | 99 |
| हरसिंगार (कहानी) | शांतनु नाथ | 100 |
| गीत काव्य | जूही कुमारी त्रिपाठी | 102 |
| गीत देश के गीत गाते हम | रीता श्रीवास्तव | 102 |
| वड़ोदरा की यात्रा (यात्रा वृतांत) | रत्नेश कुमार शुक्ला | 103 |
| माँ | पूनम सिंह | 104 |
| मत बदलो | जय श्री कुमारी ठाकुर | 104 |
| गजल | मनोहर कुमार झा | 104 |
| गुरू | रजनी गुप्ता | 105 |
| यहाँ | मालती चौधरी | 105 |
| ताकत | देविका गुप्ता | 105 |
| प्रकृति | काजल साव | 106 |
| जीवन सत्य | प्रमोद कुमार | 106 |
| जरा सोचो | सीमा दास | 106 |
| याद आऐगें यह पल | राजीव राज | 107 |
| एक एहसास | राहुल शर्मा | 107 |
| जिंदगी एक चुनौती एक एहसास | शुभपूर्णा देवान | 107 |
| क्यों वह आयी | विशाल दत्ता | 108 |
| जरा सोचो | असगर अली | 108 |
| अस्तित्व (लघु आलेख) | पूजा राय | 109 |
| काश | ग्रन्थना मुखर्जी | 109 |
| एकदिन | कुमार संकल्प | 110 |
| सुक्ति संकलन | नेहा सिंह, जूही कु० त्रिपाठी | |

Roll of Editors and Publication Secretaries 112

The Presidency University Magazine

VOLUME 71 (2010-11) FEBRUARY, 2011

THE EDITORIAL

Like every year, and like every editor I too have tried to portray the varying views and expressions of the students of this esteemed University. I spent the last three months in bringing out the romanticism, which makes Presidency what it is. The myriad talents that I have come across have only made me even more humble towards my work as the editor.

The much awaited magazine, the very first from Presidency University holds special significance this year as we celebrate the 150th birth anniversary of the legendary Rabindranath Tagore, who to our great pride has been a student of this college as well. The first magazine of Presidency University is a tribute to the Noble Laureate. A special section in this magazine has been dedicated to the memory of Tagore. Our present students and our alumni have contributed to this section. While going through the contents of the magazine published on Rabindranath Tagore's birth centenary, a few pages of which we have reprinted this year, we could not decide upon the pages which we had to reprint. Each name that appeared in the magazine is as celebrated as the other. It is sad that most of us hardly ever go through an old edition of the college magazine, but it is perhaps only then that we can truly appreciate the heritage of Presidency University former Presidency College.

'Presidency University' is finally a reality. The dream that once every Presidencian only dreamt of , was put to shape only last year by the Government of West Bengal. I can still feel the ecstasy that every student shared when the status of the University was finally endowed upon us. Our effort in producing this edition has been greatly influenced by this spirit. It has been a privilege to be a part of this historical moment. In this magazine we produce a few excerpts from the newspapers which had Presidency University written on it bold, the very next morning.

The magazine, I believe is the bridge between the present students of the University and the alumni. This was only re-emphasized upon when the alumni of our college so willingly contributed to the Magazine and thus making it possible for us to have an exclusive Alumni section. They had pleasantly surprised us with their encouraging response.

We have dedicated a few pages in this edition, to our very efficient non-teaching staff, who have served the college for years and are true Presidencians in the every sense of the term. The upgradation of Presidency College to University would not have been possible without their remarkable and tireless dedication and commitment.

Our teachers, who have also kindly contributed to the magazine, were as helpful as they have always been. The magazine, though mainly brought out by the student body, would not have been of the same status without their contributions and help.

The inputs from the students, which capture the most significant part of the magazine, give us a preview of the thoughts of the youth. The magazine aims to articulate new and creative thoughts, and I hope that we have been able to achieve that.

Now at the brink of graduating from this University I realize how this Institution has urged every final year student to realize his or her potentials and come out with the best.

I thank everyone who has been a part of this year's magazine. I hope it continues to play the important role as it does today. I also wish to see Presidency University as one of the leading Universities in the world while keeping its spirit of romanticism alive.

SOUMI MUKHERJEE
*POLITICAL SCIENCE DEPATMENT, 3rd Year*

# NOTES AND NEWS

- The year began with the admission of the new students and the orientation programme.
- Like every year a blood donation camp was organized by a group of students.
- A statue of Netaji Subhas Chandra Bose was unveiled on the 9th of April in our campus (In front of Derozio Hall) with the help of West Bengal State Marketing Board.
- On 23rd September, Rabindra Smarane was once again celebrated. This year it held special significance as we celebrated the 150th birth anniversary of Tagore.
- The Freshers' welcome was another major programme organized by the Students' Union.
- Before we closed for the Puja holidays, the Public Speaking society of the University had organized the inter-College Derozio Memorial Debate after a lapse of 14 years.
- An incident that left the student body, the teachers and other staffs of the University horror struck was the disastrous fire that broke out in the Chemistry Department. The widely acclaimed department was almost destroyed. Many researchers lost their work. The instruments ruined in the fire can perhaps be replaced, but the intellectual loss is irreplaceable.
- 1st November saw another new development in the University. Our first Vice Chancellor Prof. Amita Chatterjee joined the University.
- Right after this, the Part I and Part II results were announced. Some students were satisfied with their marks, while others were shocked by the gross injustice.
- The Uddayan Mukherjee Memorial debate (the present students versus the past) held in the December was a success like every year.




- ISPAT the intra-college cultural fiesta had been organised right after this. The students were given an open platform to showcase their talents.
- MILIEU the inter-college festival organized by the Students' Union followed this. The performances by the leading bands of Kolkata were a great success.
- To our great joy, the first council meeting for our University took place on 5th January which was attended by our Governor and Chancellor Mr. N. K. Narayanan.
- In January, another students' programme ICON was put up.
- On 20th January the Founder's Celebration was once again a grand success.

*Arindan Mandal*
*General Secretary*



রবীন্দ্রনাথ শতবার্ষিকী সংখ্যা : ১৩৬৮ বিচত্বারিংশ বর্ষ


প্রেসিডেন্সি কলেজের পত্রিকা
আশ্বিন ১৩৪৮
সেপ্টেম্বর ১৯৪১
"UTTARAYAN"
SANTINIKETAN BENGAL.
অস্ত রবির আলো শতদল
মুদিল অন্ধকারে।
ফুটিয়া উঠুক নবীন ভাষায়
শ্রান্তিবিহীন নবীন আশায়
নব উদয়ের পারে।।
রবীন্দ্রনাথ ঠাকুর
১৬ ভাদ্র
১৩৪৪

এই সংখ্যার সম্পাদনী সভা

অধ্যাপক শ্রীঅমল ভট্টাচার্য ( সভাপতি )
" শ্রীহরপ্রসাদ মিত্র
" শ্রীহীরেন গঙ্গোপাধ্যায়
শ্রীতপনকুমার চক্রবর্তী ( সম্পাদক )
শ্রীঅসীম চট্টোপাধ্যায় ( কর্মসচিব )

নাভানা প্রিন্টিং ওয়ার্কস প্রাইভেট লিমিটেড, ৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-১৩ থেকে শ্রীগোপালচন্দ্র রায় কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

# সূচীপত্র


| | | |
|---|---|---|
| মুখবন্ধ | অধ্যক্ষ সনৎকুমার বসু | |
| (সংকলন) | | |
| অস্তরবির আলো শতদল | রবীন্দ্রনাথ ঠাকুর | ১ |
| বিশ্বভারতী | রবীন্দ্রনাথ ঠাকুর | ২ |
| রবীন্দ্রনাথের অভিভাষণ[১] | রবীন্দ্রনাথ ঠাকুর | ১০ |
| রবীন্দ্রনাথের অভিভাষণ[২] | রবীন্দ্রনাথ ঠাকুর | ১৩ |
| ছন্দ | রবীন্দ্রনাথ ঠাকুর | ১৭ |
| জগদীশ-প্রশস্তি | রবীন্দ্রনাথ ঠাকুর | ১৮ |
| মানুষ রবীন্দ্রনাথ | চারুচন্দ্র দত্ত | ২০ |
| রবীন্দ্রনাথ | হুমায়ুন কবির | ২২ |
| রবীন্দ্র শতবার্ষিকী প্রসঙ্গে | রায় হরেন্দ্রনাথ চৌধুরী | ৩১ |
| ছাত্রসমাজের উপর রবীন্দ্রনাথের প্রভাব | ভূপতিমোহন সেন | ৩৪ |
| জগদীশচন্দ্র ও রবীন্দ্রনাথ | চারুচন্দ্র ভট্টাচার্য | ৩৮ |
| শান্তিনিকেতন | প্রবাসজীবন চৌধুরী | ৪৬ |
| আমার দেখা রবীন্দ্রনাথ | হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় | ৫৪ |
| চিত্র-চিহ্ন | নির্মলকান্তি মজুমদার | ৫৭ |
| রবীন্দ্র-উপন্যাস : স্বগত চিন্তা | অরুণকুমার মুখোপাধ্যায় | ৬২ |
| রবীন্দ্র-নাটক পাঠের ভূমিকা | ভোলানাথ ঘোষ | ৬৬ |
| রবীন্দ্রনাথের মন | শিবতোষ মুখোপাধ্যায় | ৭৭ |
| রবীন্দ্রনাথ ও প্রমথ চৌধুরী | ভবতোষ দত্ত | ৮২ |
| "পুনশ্চ"র কবি রবীন্দ্রনাথ | সুলেখা দে | ৯০ |
| মৃত্যুমাঝে, অশ্রুমাঝে··· | শক্তিপ্রসাদ মুখোপাধ্যায় | ৯১ |
| রবীন্দ্রনাথের রাজনৈতিক চেতনা | রাখালচন্দ্র নাথ | ৯৬ |
| 'কথার ফড়িং কাঁপায়' | হরপ্রসাদ মিত্র | ১০৩ |
| 'গগন নহিলে তোমারে ধরিবে কেবা' | (সম্পাদকীয়) | ১০৭ |
| আমাদের রবীন্দ্র-শতবর্ষপূর্তি উৎসব | | ১১৪ |
| Prantik : Poem No. 14 | Rabindranath Tagore | 1 |
| The Philosophic Legacy of Rabindranath Tagore | Dr. Sarojkumar Das | 2 |
| Tajmahal | Somenath Maitra | 10 |
| Some Contacts with Rabindranath | Debendramohan Bose | 12 |
| Wild Swans | Lalitmohan Chatterjee | 17 |
| Urvasi | Lalitmohan Chatterjee | 18 |
| Rabindranath's Mysticism | Paresnath Bhattacharyya | 21 |
| Obituary | | 35 |

# মুখবন্ধ

আজ থেকে শতবর্ষ আগে বাঙালীর ইতিহাসের এক পরম শুভলগ্নে রবীন্দ্রনাথের জন্ম হয়। বর্তমান বৎসরে তাঁর জন্মশতবার্ষিকী উৎসব শুধু পশ্চিমবঙ্গে নয়, সমগ্র ভারতবর্ষে এবং ভারতের বাইরে অন্যান্য বহু দেশে অনুষ্ঠিত হচ্ছে ও হবে। এক বিস্ময়কর সর্বতোমুখী প্রতিভা নিয়ে তিনি আবির্ভূত হয়েছিলেন—লোকোত্তর এক প্রতিভা যা জাতি-দেশ-কালের অতীত। তিনি বাংলারও যেমন গৌরব, বিশ্বেরও তেমনি বরেণ্য। এই পুরুষোত্তম মনীষী ও কবিশ্রেষ্ঠকে এক দিনের জন্য প্রথম-বার্ষিক শ্রেণীতে বহিরঙ্গ ছাত্র হিসেবে পেয়ে এই বিদ্যায়তন একদা ধন্য হয়েছিল। ৫ই ফাল্গুন ১৩৩৩ সনে এই বিদ্যায়তনের প্রাঙ্গণে অনুষ্ঠিত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন-সভায় প্রদত্ত অভিভাষণে কবি স্বয়ং এই তথ্যটি প্রকাশ করেছিলেন। মাত্র এক দিনের জন্য হলেও, একসময়ে তিনি যে এখানে ছাত্র হিসেবে প্রবেশ করেছিলেন তা' প্রেসিডেন্সি কলেজের ইতিহাসে নিশ্চয়ই এক স্মরণীয় ঘটনা। পরবর্তীকালে একাধিকবার বিভিন্ন উপলক্ষে এই বিদ্যায়তনে তাঁর শুভাগমন ঘটেছে এবং এখানকার ছাত্র ও অধ্যাপকবৃন্দের তাঁর অপূর্ব আবৃত্তি ও ভাষণ শোনবার সৌভাগ্য হয়েছে। একাধিকবার এই পত্রিকার অনুরোধক্রমে স্বহস্তলিখিত কবিতা তিনি পাঠিয়ে দিয়েছেন। বর্তমান সংখ্যাটি কলেজ পত্রিকার রবীন্দ্রজয়ন্তী সংখ্যা। শুভ শতবার্ষিকী বৎসরে এক মহান্ স্মৃতির উদ্দেশে আমাদের এই ক্ষুদ্র শ্রদ্ধাঞ্জলি অর্পিত হলো।

**সনৎকুমার বসু**

প্রেসিডেন্সি কলেজ

কলিকাতা, ১৮ই সেপ্টেম্বর ১৯৬১

# 'গগন নহিলে তোমারে ধরিবে কেবা'

***সম্পাদকীয়***

জগৎ জুড়ে আজ রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে। তাঁর খ্যাতির শঙ্খ আজ দিকে দিগন্তরে, সমুদ্রের একূলে ওকূলে। যিনি নিজেকে ছড়িয়ে দিয়েছেন অজস্রবিধ সৃষ্টির মাঝে — সাহিত্যের আসরে যিনি ধ্রুপদের চর্চা করেছেন — তাঁর পূজা আমরা করব না! তিনি ত বাঙালীর একমাত্র গৌরবের বস্তু, পরম আদরের ধন। বাংলা ভাষার দৈন্যদশা ঘুচিয়ে যিনি তাকে অপূর্ব লক্ষ্মীশ্রী দান করে জগৎসমক্ষে স্থায়ী আসন দিয়েছেন, তিনি যে বাঙালীর কি মহৎ উপকার করেছেন তা যদি কাউকে বুঝিয়ে বলতে হয় তবে তার চেয়ে লজ্জার আর কি থাকতে পারে! পাশ্চাত্যের কাছে শেক্সপীয়র যা, বাঙালীর কাছে রবীন্দ্রনাথ তার চেয়ে অনেক বেশী।

এমন যে রবীন্দ্রনাথ, তুষারমৌলী হিমাচলের মত যাঁর গৌরবোজ্জ্বল উচ্চতা, তাঁকে কথার বাঁধনে কে বাঁধবে! যা সুন্দর তা মনকে স্বতঃই আকর্ষণ করে — অনাবিল আনন্দে, সুগভীর প্রশান্তিতে ভরিয়ে দেয়। বুদ্ধি দিয়ে তার ব্যাখ্যা চলে না, অনুভূতি দিয়ে তার রহস্য উন্মোচন করতে হয়। রবীন্দ্রনাথকে বোঝবার ও বোঝাবার ক্ষমতা আমার নেই। তাঁকে কেন ভালবাসি, এ প্রশ্নের উত্তরে দার্শনিক রয়েস-এর মতে বলতে ইচ্ছে করে, ভালবাসি বলেই ভালবাসি — *I love because I love*. 'তুমি কেমন করে গান কর হে গুণী, আমি অবাক হয়ে শুনি কেবল শুনি।' সম্পাদকীয় কলমে অবাক হয়ে শুনতে চেষ্টা করছি তাঁর বহু বিচিত্র গানের দুয়েকটি সুর।

গণসাহিত্য রচনার প্রয়াস একান্তভাবে আধুনিক ঘটনা, এ-ধারণা সম্পূর্ণ সত্য নয়। চাষী মজুরকে উপজীব্য করে যে সাহিত্য-সৃষ্টি সম্ভব, তার স্বাক্ষর দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণে' সুস্পষ্ট। সুদীর্ঘকাল ধরে মানুষের অধিকারে যাদের বঞ্চিত করে রাখা হয়েছিল, তাদের পুরোভাগে রেখে সাহিত্য সৃষ্টি করেছেন বিদ্রোহী কবি নজরুল। তিনি আমাদের শুনিয়েছেন 'ভাঙার গান', বাজিয়েছেন 'অগ্নিবীণা', 'বিষের বাঁশী'। সমাজের উচ্চমঞ্চে আসীন হলেও 'পৃথিবীর কবি' রবীন্দ্রনাথের দৃষ্টি এইসব মন্ত্রবর্জিত, অন্ত্যজদের প্রতি যে না পড়েছে তা নয়। তাঁর বৈচিত্র্যময় সৃষ্টির স্তরে স্তরে 'এই-সব মূঢ় ম্লান মূক'দের প্রতি তাঁর আন্তরিক সহানুভূতি, গভীর মমত্ববোধের ইঙ্গিত ছড়িয়ে আছে। এদের মুখে ভাষা দেওয়ার অঙ্গীকার কবিকণ্ঠে উচ্চারিত হয়েছিল প্রদীপ্ত যৌবনে ( cf. 'এবার ফিরাও মোরে' ), 'এই-সব শ্রান্ত শুষ্ক ভগ্ন বুকে' আশা ধ্বনিয়া তুলতে চেয়েছেন কবি আজীবন নানা প্রবন্ধে, চিঠিতে, গল্পে, নাটকে। দেবতার পূজার জন্য শাস্ত্র মিলিয়ে বাছা বাছা ফুল যারা তোলে, মানুষের পরশেরে প্রতিদিন দূরে ঠেকিয়ে মানুষের প্রাণের ঠাকুরকে যারা অবজ্ঞা করে তাদের বিরুদ্ধে রবীন্দ্রনাথের শাণিত কৃপাণ ঝক ঝক করে উঠেছে বার বার। 'অপমানিত' কবিতায় দরিদ্র-দরদী কবির অগ্নিগর্ভ বাণী তার পরিচয় দেয়। উপনিষদের ভাবধারায় পুষ্ট রবীন্দ্রনাথ মনেপ্রাণে উপলব্ধি করেছিলেন — মানুষের উপর অন্যায় অত্যাচার করে তাকে মনুষ্যত্বের অধিকার হতে বঞ্চিত করে ঈশ্বর উপাসনা অসম্ভব। তাঁর ঈশ্বরোপাসনার মূল উৎস মানুষ। তাই ত 'ভজন পূজন সাধন আরাধনা' সমস্ত ফেলে রেখে রবীন্দ্রনাথ 'রুদ্ধদ্বারের দেবালয়ের' অন্ধকার কোণ থেকে বেরিয়ে এসেছেন দেবতাকে পেতে 'যেথায় মাটি ভেঙে করছে চাষা চাষ, পাথর ভেঙে কাটছে যেথায় পথ, খাটছে বারো মাস', যেখানে 'শত শত সাম্রাজ্যের ভগ্নশেষ পরে ওরা কাজ করে'। ধূলায় ধূসরিত দীনদুঃখীর মধ্যেও যে নররূপী নারায়ণ মূর্ত হয়ে আছেন রবীন্দ্রনাথ তা বিশেষভাবে উপলব্ধি করতে পেরেই বলেছেন —

" যেথায় থাকে সবার অধম দীনের হতে দীন<br>
সেইখানে যে চরণ তোমার রাজে<br>
সবার পিছে, সবার নীচে, সবহারাদের মাঝে। "

( গীতাঞ্জলি ঃ ১০৭ সংখ্যক )

'শুচি' কবিতার মধ্যেও এই একই সুর। গুরু রামানন্দ শুচি হলেন তখনই যখন সমাজে যাদের ছোটলোক বলে সেই অন্ত্যজশ্রেণীর চণ্ডাল নাভাকে দুই হাত বাড়িয়ে বুকে তুলে নিলেন, জোলা কবীরের গলা জড়িয়ে ধরে বসলেন তার পাশে। এতদিন রামানন্দ তাঁর ঠাকুরকে যেখানে হারিয়েছিলেন, আজ তাঁকে সেখানে পেলেন খুঁজে। এই রবীন্দ্রনাথই জন্মত ভর্তৃহীনা জবালার পুত্র সত্যকামকে 'ব্রাহ্মণ' স্বীকৃতি দিয়েছেন, রাজৈশ্বর্যমদগর্বিতা বিলাসিনী রানী ( cf. 'সামান্য ক্ষতি' ) তাঁর সহানুভূতি লাভ করতে পারে নি, অজাতশত্রুর প্রহরীর হাতে জীবন বিসর্জন দিয়েও বুদ্ধের পূজার অনির্বাণ দীপশিখা যে জ্বালিয়ে গেল, সে একজন সামান্য দাসী — শ্রীমতি ( cf. 'পূজারিনী' ), 'নগরলক্ষ্মী'তে দুর্ভিক্ষকাতর জনসাধারণের দুঃখলাঘব করবার ভার গ্রহণ করতে পেরেছে একজন নগণ্য ভিক্ষুণী, অধম সুপ্রিয়া। জীবনের শেষ অধ্যায়ে এই অনুন্নত জনসাধারণই লাভ করেছে কবির অকুণ্ঠ স্বীকৃতি। 'মাথায় ভিজে চাদর জড়ানো গা-খোলা মোটা মানুষটি', বালক-তিনু, ছেলেটা, সহযাত্রী, হিরণ মাসির মা-মরা বোনপো, 'ক্যামেলিয়া'র সাঁওতাল মেয়ে, শালিখটা, সাধারণ মেয়ে, আধবুড়ো একজন হিন্দুস্থানী, 'কিনু গোয়ালার গলি'র সেই বাঁশিওয়ালা, মাসিক পঁচিশ টাকা মাইনের সওদাগরি অফিসের কনিষ্ঠ কেরানি, 'ফাঁকি'র ঝুমরু, কুলির বৌ — সকলেই কবির রসদৃষ্টিতে ধরা পড়েছে। বলা চলে, "শুভ্র পরিণত বার্ধক্যের মৃত্যুধৃত জীবনের স্বচ্ছ শুভ্র জ্যোতির মধ্যে শেষ কয়েকটি মাসে কবি যে চারিটি কাব্য রচনা করিয়াছেন সমস্ত মানব সংসার সেই কাব্যের আশ্রয়।" 'কলরবমুখরিত খ্যাতির প্রাঙ্গন' থেকে বিদায় নিয়ে মধুময় পৃথিবীর মধুময় ধূলিকণাকে পর্যন্ত অন্তরে স্থান দিয়েছেন রবীন্দ্রনাথ। যাচ্‌ঞা করেছেন — 'মোর নাম এই বলে খ্যাত হোক, আমি তোমাদেরই লোক।'

স্মরণ রাখতে হবে যে, রবীন্দ্রনাথের মানবিকতা কখনো সংকীর্ণ জাতীয়তায় পর্যবসিত হয় নি। জীবের মধ্যে যিনি শিব খোঁজেন তাঁর কাছে আপনই বা কে, পরই বা কোথায়! 'মহামানবের সাগরতীরে' দাঁড়িয়ে তিনিই কেবল জাতিধর্ম নির্বিশেষে নরদেবতার বন্দনা করতে পারেন — আর্য-অনার্য, দ্রাবিড়-চীন, শক-হুন, পাঠান-মোগল সব এক দেহে এসে লীন হয়েছে যেখানে। এই সর্বমানবিক অনুভবের ক্ষেত্র থেকেই না তিনি সবার পরশে মাতৃমঙ্গলঘট পবিত্র করার কথা ভাবতে পারেন। বিশ্বজনের পায়ের তলায় ধূলিময় ভূমিই ত তখন তাঁর কাছে স্বর্গভূমি। যিনি নিজের অর্ন্তযামী পরমপুরুষকে জানতে পেরেছেন, তাঁর তো ঘর-পর ভেদাভেদ থাকতে পারে না। তখন সব ঠাঁই তাঁর ঘর, ঘরে ঘরে পরমাত্মীয়। তাঁর কি তখন কোনো জাত থাকতে পারে? তিনিই ত কেবল উপলব্ধি করতে পারেন — 'জগৎ জুড়িয়া একজাতি আছে, সে জাতির নাম মানুষজাতি।' তাঁকে তখন বলতে শুনি —

" কবি আমি ওদের দলে —
আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন,
পূজারি ... প্রশ্ন করে, "কোনো জাত নেই বুঝি তোমার?"
আমি বলি "না।"

দলের উপেক্ষিত আমি
মানুষের মিলনক্ষুধায় ফিরেছি,
যে মানুষের অতিথিশালায়
প্রাচীর নেই, পাহারা নেই।

আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন
সকল মন্দিরের বাহিরে
আমার পূজা আজ সমাপ্ত হোলো
দেবলোক থেকে
মানবলোকে,
আকাশে জ্যোর্তিময় পুরুষে,
আর মনের মানুষে আমার অন্তরতম আনন্দে। "

( পত্রপুট ঃ ১৫ সংখ্যক )

শেষজীবনে এই "সর্বমানবিক চেতনাই প্রবল হয়ে উঠে তাঁর গানকে করে তুলেছে সকল মানুষের গান এবং ক্রমে তা আরো বাস্তব-ঘেঁষা হয়ে হাটবাটের দীনদরিদ্র সাধারণের অভিমুখী হয়ে পড়েছে, এমন কি তাদের জীবনে জীবন মিলিয়ে তাদের গান গাইতে কবি ব্যগ্র হয়ে উঠেছেন।"

রবীন্দ্রকাব্যের মধ্যে ঔপনিষদিক মোহের বিস্তার নিশ্চয়ই আছে, কিন্তু তাই বলে লোকজীবনের ব্যবহারিক বাণীকে তিনি উপেক্ষা করেন নি। তাঁর কাব্যের সামগ্রিক আলোচনা করলে এ-কথার সত্যতা বোঝা যাবে। তাঁকে গণসাহিত্যের অগ্রদূত আখ্যা দিলে অত্যুক্তি করা হবে কি?

কবি রবীন্দ্রনাথের আরেক পরিচয় একজন যথার্থ দার্শনিক হিসেবে। কবিতা নিঃসন্দেহে ভাবের অভিব্যক্তি। আত্মলীন ভাবকল্পনার মায়ামাধুরীর জগতের প্রতি কবিদের দুর্নিবার আকর্ষণ। তাঁদের দৃষ্টিভঙ্গী মুখ্যত রোম্যান্টিক, রসাবেশে বিহ্বল, সুন্দরের উপাসনায় বিভোর। প্রতীচ্যের কবি কীট্স্ তাই ত বলেছিলেন, বৈজ্ঞানিক ও দার্শনিক বিশ্লেষণের ফলে ইন্দ্রধনুর বর্ণচ্ছটাও তার মাধুর্য হারাবে। কাব্য ও দর্শন এক বস্তু নয়, একথা অবশ্যস্বীকার্য। একের মধ্যে ভাবাবেগের প্রাধান্য, অপরটিতে সুসংবদ্ধ, সুবিন্যস্ত চিন্তাধারার বিস্তার। কিন্তু তাই বলে কাব্য ও দর্শনের মধ্যে সম্পর্কও যে খুব নিবিড় তা অস্বীকার করা যায় না। 'ভাব পেতে চায় রূপের মাঝারে অঙ্গ, রূপ পেতে চায় ভাবের মাঝারে ছাড়া।'

'একমেবাদ্বিতীয়ম্' মন্ত্রে বিশ্বাসী কবি কিন্তু কখনো বৈচিত্র্যময় বহুকে অস্বীকার করেন নি। তবে এই বহুর মধ্যে তিনি এককে দেখেছেন, বিচিত্রের মধ্যে এককে পেয়েছেন। কখনো বা সীমার মাঝে অসীমের বিচিত্র লীলা প্রত্যক্ষ করেছেন, আবার কখনো বা উপলব্ধি করেছেন — 'অসীম সে চায় সীমার নিবিড় সঙ্গ'। বস্তুত এই সীমা ও অসীমকে এক নিবিড় ঐক্যসূত্রে গ্রথিত করার সাধনাই রবীন্দ্রনাথের কবিজীবনের সাধনা। আর এর মধ্যেই লুকিয়ে আছে — রবীন্দ্রনাথ অদ্বৈতবাদী, না, বিশিষ্টাদ্বৈতবাদী? — তার উত্তর। সত্যি কথা বলতে কি, রবীন্দ্রনাথের বহু কবিতার মধ্যে একটা তত্ত্বকথা নিহিত রয়েছে। লক্ষ্য করবার বিষয়, তত্ত্বকে আশ্রয় করে কবিতা রচিত হলেও, তত্ত্ব কিন্তু কবিতার ভার হয়ে দেখা দেয় নি, বরং কণ্ঠহার হয়ে শোভা বর্ধন করেছে। তত্ত্বটি ছন্দের নিগড়ে এমনভাবে বাঁধা পড়েছে যে, কবিতার সরসতা ও মাধুর্য কোথাও ক্ষুণ্ন হয় নি। এখানেই রবীন্দ্রনাথের অভিনবত্ব ও মৌলিকতা।

রবীন্দ্র-দর্শনের অন্যতম বৈশিষ্ট্য মানুষের জয়ঘোষণায়। শঙ্করাচার্যের মত তিনি দৃষ্ট বস্তুপুঞ্জকে মায়াময় অজ্ঞানতা বলে অস্বীকার করেন নি। জীবের মধ্যেই যখন শিবের অধিবাস, তখন জীব কি কখনো মিথ্যে হতে পারে? অন্তরমাঝে তিনি অহরহ বসে মুখের ভাগ কেড়ে নিচ্ছেন। তাই আমরা যা বলি তা তো তিনিই বলান। শুধু কি তাই? মানুষ আছে বলেই না ভগবানের অস্তিত্ব? 'আমি এলেম তাই তো তুমি এলে।' মানুষকে দেখবার জন্যই তো সেই পরমপুরুষের অসীম কৌতুহল, 'নইলে যে এই সূর্য তারা সকলই নিষ্ফল'। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন 'মানুষই দেবতা গড়ে, তাহারই কৃপার পরে করে দেব-মহিমা নির্ভর'। তাই উদাত্ত কণ্ঠে তিনি বলেন —

" আমারই চেতনার রঙে পান্না হল সবুজ,
চুনি উঠল রাঙা হয়ে।
আমি চোখ মেললুম আকাশে —
জ্বলে উঠল আলো
পুবে পশ্চিমে।
গোলাপের দিকে চেয়ে বললুম, সুন্দর —
সুন্দর হল সে।
তুমি বলবে, এ যে তত্ত্বকথা,
এ কবির বাণী নয়।
আমি বলব, এ সত্য,
তাই এ কাব্য। "

( আমি ঃ শ্যামলী )

যা সত্য তা তত্ত্বকথা বলে কি কাব্য হতে পারবে না! এই সত্য তত্ত্বকথাকে আশ্রয় করে কবিতা কল্পনালতার জাল বুনেছেন রবীন্দ্রনাথ। এই দুর্লভ প্রজ্ঞাবোধ তাঁকে মৃত্যুর অন্তরে বসে অমৃত অন্বেষণে নিযুক্ত করেছে, দুঃখের সাথে যুঝে সুখের আস্বাদন করতে প্রেরণা যুগিয়েছে। মৃত্যুকে পরম সুহৃৎরূপে দেখতে পেয়েছেন — পুরোনো, জীর্ণ, ক্লান্ত, অচলকে পিছনে রেখে যে সৃষ্টিকে এগিয়ে নিয়ে চলেছে রাখালের মত নব নব চারণক্ষেত্রে। মৃত্যু তাঁর কাছে 'শ্যাম-সমান'। কোন দুঃখই তো তাঁর কাছে দুঃখ নয়, কেননা 'দুঃখের বেশে' ভগবান তো আমাদের কাছে ধরা দেন। তাই 'বিপদে মোরে রক্ষা কর, এ নহে মোর প্রার্থনা'।

প্রশ্ন জাগতে পারে, রবীন্দ্র-দর্শনের অনুপ্রেরণাস্থল কি? এক কথায় বলা যেতে পারে — প্রাচীন ভারতবর্ষের ঐতিহ্য, সংস্কৃতি ও কৃষ্টির প্রতি কবির গভীর আসক্তি-লব্ধ সুদূরপ্রসারী অন্তর্ভেদী দৃষ্টিভঙ্গী। সুধী সম্প্রদায় ডঃ সরোজকুমার দাসের 'Philosophic Legacy of Rabindranath Tagore' প্রবন্ধটি থেকে এ সম্বন্ধে বহু জ্ঞাতব্য বিষয় জানতে পারবেন।

দার্শনিক ও কবি রবীন্দ্রনাথের শ্রেষ্ঠত্ব তাঁর উপন্যাস ও নাটক রচনাতেও ধরা পড়েছে। প্রথাবদ্ধ রীতির অনুশাসন মেনে চলা তাঁর স্বভাববিরুদ্ধ। কাব্যের ছন্দ নিয়ে তিনি যেমন দুঃসাহসিক এক্সপেরিমেন্ট করেছেন, উপন্যাস ও নাটকের মধ্য দিয়েও তেমনি। বস্তুত রবীন্দ্রনাথের পর রবীন্দ্র-উপন্যাস ও নাটকের যোগ্য অনুসরণ হয় নি, হওয়া সম্ভবও নয়। কেননা তাঁর সুদুর্লভ প্রতিভা অনন্যসাধারণ যেমন অনন্যকরণীয়ও তেমনি। অধ্যাপক অরুণকুমার মুখোপাধ্যায় ও অধ্যাপক ভোলানাথ ঘোষের প্রবন্ধ দুটি এ বিষয়ে যথেষ্ট আলোকপাত করবে।

বৈজ্ঞানিক রবীন্দ্রনাথের পরিচয় আমাদের অনেকের কাছেই অজ্ঞাত। বিজ্ঞান বিষয়ে তিনি যে শুধু বই লিখে গেছেন তা নয়, বিজ্ঞান নিয়ে দিক্‌পাল বিজ্ঞানীদের সাথে আলোচনা করবার স্পর্ধাও রাখতেন তিনি। ডঃ ডি. এম. বোসের 'Some Contacts with Rabindranath' এ প্রসঙ্গে স্মরণীয়। বিজ্ঞানকে উন্নত করতে তিনি প্রাণপণ চেষ্টা করেছেন। জগদীশচন্দ্রকে নানাভাবে উৎসাহ দিয়েছেন, বাঙালী বিজ্ঞানসাধকের সাধনালব্ধ ফলকে বিশ্বের দরবারে পৌঁছে দেওয়ার জন্য তিনি অপরের কাছে হাত পাততে পর্য্যন্ত কুণ্ঠাবোধ করেন নি। শ্রদ্ধেয় চারুচন্দ্র ভট্টাচার্যের 'জগদীশচন্দ্র ও রবীন্দ্রনাথ'-এ এ উক্তির সত্যতা যাচাই করুন।

বিপুল কিরণে যে রবীন্দ্রনাথ ভুবন আলোকিত করেছেন, তিনি কিন্তু কখনো স্কুল-কলেজের প্রাচীর-ঘেরা অচলায়তনের মধ্যে ভালো ছেলে সেজে লেখাপড়া করেন নি। যেখানে চিত্তের ঐশ্বর্যকে অবজ্ঞা করে জীবনযাত্রার সিদ্ধিলাভকেই একমাত্র প্রাধান্য দেওয়া হয় সেখানে প্রকৃত শিক্ষালাভের সুযোগ কোথায়। রবীন্দ্রনাথ শিক্ষাকে কখনো জীবন থেকে বিচ্ছিন্ন করে দেখেন নি। ( cf. 'আমি বরাবরই বলে এসেছি শিক্ষাকে জীবনযাত্রার সংগে মিলিয়ে চালানো উচিত।' ) কেননা 'শিক্ষার সহিত জীবনের সামঞ্জস্যসাধনই' যে শিক্ষার লক্ষ্য। 'Education is preparation for complete living.' রবীন্দ্রনাথ বারবার বলেছেন, স্কুল-কলেজের পরীক্ষায় পাস করলেই যথার্থ শিক্ষিত হওয়া যায় না। শিক্ষার উদ্দেশ্য শুধুমাত্র মস্তিষ্কের বিকাশসাধন নয়, আত্মিক শক্তির বিকাশসাধনও বটে। আমাদের শিক্ষাব্যবস্থায় এর অভাব অত্যন্ত প্রকট। কবি তাই দুঃখ করে বলেছেন — 'ঘুচল না আমাদের নোট বইয়ের শাসন।' আর 'সেইজন্যেই আমরা অনেকেই যে পরিমাণে শিক্ষা পাই, সে পরিমাণে বিদ্যা পাই নে।' পুঁথিকে আমরা কত বড়ই না মনে করি এবং পুঁথি যার প্রতিবিম্ব তাকে কত তুচ্ছ বলেই না জানি। তাই আজ আমরা 'মনকে পুঁথির রাজা' না করে 'পুঁথিকে মনের রাজা' করতে ব্যস্ত। কিন্তু আমরা যেন ভুলে না যাই — 'পুঁথি ছাড়িয়া সজীব মানুষকে প্রত্যক্ষ পড়িবার চেষ্টা করাতেই একটা শিক্ষা আছে, তাহাতে শুধু জানা নয়, কিন্তু জানিবার শক্তির এমন একটা বিকাশ হয় যে, কোনো ক্লাসের পড়ায় তাহা হইতেই পারে না।' রবীন্দ্রনাথ গভীরভাবে উপলব্ধি করেছেন 'আমাদের ঘর আর ইস্কুলের মধ্যে ট্রাম চলে, মন চলে না।' শিক্ষার্থীর ব্যক্তিত্ব বিকাশের পক্ষে তপোবনের পরিবেশকে তিনি বিশেষ উপযোগী ও অনুকূল বলে মনে করতেন। প্রকৃত শিক্ষা প্রকৃতির সাথে মিলিত হয়ে, তার সাথে নিবিড় একাত্মতা স্থাপন করে। তিনি বলেছেন — 'মানুষের লোকালয় যদি কেবলই একান্ত মানবময় হয়ে ওঠে, এর ফাঁকে ফাঁকে যদি প্রকৃতি কোনমতে প্রবেশাধিকার না পায়, তাহলে আমাদের চিন্তা ও কর্ম ক্রমশ কলুষিত ব্যাধিগ্রস্ত হয়ে নিজের অতলস্পর্শ আবর্জনার মধ্যে আত্মহত্যা করে মরবে।' তাই ত ব্যাকুলকণ্ঠে তাঁকে বলতে শুনি — 'দাও ফিরে সে অরণ্য লও এ নগর'। গ্রামছাড়া রাঙামাটির পথ তাই তাঁর মন ভুলিয়েছিল। মানুষকে যথার্থ মানুষ করে তোলবার জন্যই বোলপুরের উদার উন্মুক্ত প্রকৃতির অঙ্গনে তিনি তাঁর বড় সাধের শান্তিনিকেতনের প্রতিষ্ঠা করলেন। বিশ্বের শিক্ষা ও সংস্কৃতির পীঠস্থান এই শান্তিনিকেতনের জীবনযাত্রা ও শিক্ষাব্যবস্থার সাথে পরিচয় লাভ করতে আসুন আমরা শ্রদ্ধেয় অধ্যাপক প্রবাসজীবন চৌধুরীর সাথে 'শান্তিনিকেতন' পরিক্রমা করে আসি।

সবার উপরে কিন্তু মানুষ রবীন্দ্রনাথ। তিনি নাছোড়বান্দা অটোগ্রাফ-শিকারীকে কেবল একপাতা কবিতা লিখে দিয়েই নিশ্চেষ্ট হন না, তাকে প্রচুর পরিমাণে খাইয়ে, তার সাথে গল্প করে তবেই তাঁর তৃপ্তি। ( cf. 'আমার দেখা রবীন্দ্রনাথ' — হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় )। এ সেই রবীন্দ্রনাথ যিনি নিজের মেয়ের বিয়েতে বন্ধুবান্ধবদের অনুপস্থিতিতে আর পাঁচজন মানুষের মতই নিরানন্দ বোধ করেন। ( cf. জগদীশচন্দ্র ও রবীন্দ্রনাথ — চারুচন্দ্র ভট্টাচার্য। ) এ রবীন্দ্রনাথ হলেন মানুষ, মস্ত বড় মানুষ, তবু মানুষ। আসুন, আপনারা গল্প বলিয়ে চারুচন্দ্র দত্তের কাছে বসে পড়ুন। মানুষ রবীন্দ্রনাথের গল্প বলে তিনি নিশ্চয়ই আপনাদের মনোহরণ করতে সক্ষম হবেন।

# রবীন্দ্রনাথ

**হুমায়ুন কবির**

প্রভাতের দীপ্ত রবি রজনীর নিঃশব্দ গহন
তিমির উদ্ভাসি,
পূর্বাকাশপ্রান্তে যবে আঁকে তার রক্ত-আলিম্পন
আলোকের জয়গানে নিখিল দূরান্তরে সভয়ে মিলায়,
জীবন চঞ্চলি ওঠে নৃত্যশীল আনন্দ-লীলায়,
কুঞ্জে ফোটে পুষ্প রাশি রাশি।
হে কবি, আলোকরথে পূর্ব হতে পশ্চিম গগনে
যাত্রাপথ তব,
বিশ্ববিজয়িনী তব প্রতিভার প্রদীপ্ত কিরণে
বিমুগ্ধ ভূবন আনে পদতলে অর্ঘ্য নব নব।
পূরব পশ্চিম আজি ভুলিয়াছে প্রাচীন কলহ
তোমার বিজয়গান নভোপানে ওঠে অহরহ
আনন্দ-উচ্ছল কলরব।
জীবন-প্রভাতে কবে যাত্রা তুমি করেছিলে কবি,
আশার আলোকে,
সংসার সংঘাত লাগি চিত্তে তব জাগে যত ছবি
অমর প্রতিমা গড়ি রূপ তারে দিলে মর্ত্যলোকে।
শরৎ আকাশতলে অপরূপ আলোক উৎসব,
বসন্ত পূর্ণিমা-রাতে মোহময় গীতিকলরব!
উচ্ছ্বসিল প্রকাশ-পুলকে।
স্বচ্ছ লঘু মেঘসম যে স্বপন অন্তর আকাশে
ভেসে যায় চলে,
যে আকাঙ্ক্ষা অগ্নিগর্ভ গিরিসম বিদ্যুৎ-বিকাশে
জ্বালাময় শিখা মেলি সুগভীর অন্তরের তলে, —
স্বপনবিলাসী চিত্ত রচে তব বিরামহীন
সে আশা আকাঙ্ক্ষা দিয়া সঙ্গীতের সুধা নিশিদিন
কভু হাসি কভু অশ্রুজলে।

নিখিল অন্তরমাঝে জাগে সেই দুর্বার আবেগ
গভীর ক্রন্দন,
পর্বত হইতে চাহে বৈশাখের নিরুদ্দেশ মেঘ
ভেসে যেতে নভস্তলে ছিন্ন করি মাটির বন্ধন।
সুদূর গগন-পারে কায়াহীন আকাঙ্ক্ষার ভরে
অনন্ত আলোক মাগি তৃপ্তিহারা অন্তর গুমরে
খুঁজে ফিরে আশার নন্দন।
তোমার জাগ্রত আত্মা ছড়াইল দিগ্‌দিগন্তরে
যে অমৃতবাণী,
নিখিল মানবচিত্ত সসম্ভ্রম বিস্ময়ের ভরে
বরণ করিল তারে সঞ্জীবনী প্রেমমন্ত্র জানি।
তোমার অন্তর মাঝে অসীম খুঁজিয়া ফেরে সীমা,
তিমির উজলি তোলে মানবের বিপুল মহিমা
তীক্ষ্ণ দীপ্ত আলোকরশ্মি হানি।
প্রভাত-সঙ্গীত গাহি, আনন্দের উচ্চরোল তুলি
বাহিরিলে পথে,
যৌবন-বেদনা-রসে উচ্ছল রজনী দিনগুলি
মানসীর লাগি তব সাজাইলে অন্তর আলোতে।
ক্ষণিকার পরশনে ভাসিল সোনার তরীখানি
খেয়াঘাটে বসি তব চিত্ত ভরি উচ্ছ্বসিল বাণী
সঙ্গীতের স্বপ্ন সুধা-স্রোতে।
পূরবীর ছন্দে আজি রবির বিদায়-বীণা বাজে
ক্লান্ত সুগম্ভীর,
আসন্ন বিরহব্যথা মেঘমায়া রচে চিত্ত-মাঝে,
নয়নের কোণে ঝলে মুক্তাবিন্দুসম অশ্রুনীর।
সে অশ্রুমালিকা কণ্ঠে লক্ষ লক্ষ বর্ষ ধরণীতে
তোমার অমর আত্মা যৌবনের বিজয়-সঙ্গীতে
জাগাইবে মূর্ছনা মদির।

# আমাদের রবীন্দ্রশতবর্ষপূর্তি উৎসব

## ।। রবীন্দ্রপরিষদের কর্মসূচী।।

***শক্তিপ্রসাদ মুখোপাধ্যায়***
***সম্পাদক, রবীন্দ্রপরিষদ ও রবীন্দ্রশতবার্ষিকী সমিতি***

প্রেসিডেন্সি কলেজের রবীন্দ্রপরিষদকে আজ চেনেন অনেকেই। আজ থেকে তিন দশক আগে রবীন্দ্রনাথের সপ্ততিতম জয়জয়ন্তীকে কেন্দ্র করে এর পত্তন। সেদিনের পর কবির জীবনের অবশিষ্ট দিনগুলিতে এই পরিষদ তাঁর ঘনিষ্ঠ সান্নিধ্যে ও স্নেহস্পর্শে ধন্য হয়েছিল। এই পরিষদের আলোচনাসভায়, নাট্যানুষ্ঠানে উপস্থিত থেকে তিনি প্রেরণা দিয়েছেন এবং রসগ্রহণ করেছেন সেদিন। তাই এ বছর রবীন্দ্রপরিষদকে প্রথানুক্রমিক মনীষী-তর্পণ, সাহিত্য ও সঙ্গীত-সভা ছাড়াও দুই পর্যায়ে একটি বিশেষ অনুষ্ঠানসূচী গ্রহণ করতে হয়েছে। প্রথম পর্বের যে অনুষ্ঠান গত ২৪ থেকে ২৭-এ এপ্রিল কলেজের ফিজিক্স থিয়েটারে সম্পন্ন হয়েছে, তার বিবরণ দেওয়া গেল। এই প্রসঙ্গে শ্রদ্ধেয় অধ্যাপক শ্রী তারকনাথ সেনের নাম উল্লেখযোগ্য। তিনি আমাদের এই কর্তব্যের সস্নেহ উপদেশ ও অকুণ্ঠ সাহায্য করে আসছেন।

**২৪-এ এপ্রিল** — রবীন্দ্রশতবার্ষিকী অনুষ্ঠানের উদ্বোধন করেন পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী। 'রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র' বিষয়ে আলোচনা করেন আমাদের প্রাক্তন অধ্যাপক, কবির স্নেহভাজন প্রবীণ সাহিত্য ও বিজ্ঞানসেবক চারুচন্দ্র ভট্টাচার্য্য। পরিষদের সভাপতি ডক্টর হরপ্রসাদ মিত্র পরিষদের সংক্ষিপ্ত ইতিহাস বিবৃত করেন এবং শ্রী অপূর্বকুমার চন্দ (আমাদের প্রাক্তন অধ্যক্ষ) ভাষণ দেন। ছাত্রছাত্রীরা আবৃত্তি ও রবীন্দ্রসংগীতে অংশগ্রহণ করেন।

**২৫-এ এপ্রিল** — 'রবীন্দ্রনাথের জীবনদর্শন ও রবীন্দ্রনাট্যের প্রয়োগবিধি' বিষয়ে বক্তৃতা করেন যথাক্রমে শ্রীত্রিপুরারী চক্রবর্তী ও নটসূর্য অহীন্দ্র চৌধুরী। ছাত্রছাত্রীদের গীতি-আলেখ্য পরিবেশিত হয়।

**২৬-এ এপ্রিল** — ডক্টর সুকুমার সেন (কলিঃ বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক ভাষাতত্ত্বের প্রধান অধ্যাপক) এবং ডক্টর কালিদাস নাগ যথাক্রমে 'রবীন্দ্রনাথ মানুষটি কেমন ছিলেন' ও 'রবীন্দ্রনাথ ও বর্হির্বিশ্ব' বিষয়ে আলোচনা করেন। রবীন্দ্রসংগীত পরিবেশন করেন শ্রীপ্রসাদ সেন, শ্রীমতী সুমিত্রা সেন ও অন্যান্য শিল্পীরা।

**২৭-এ এপ্রিল** — কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব আর্টসের ডীন, রবীন্দ্র পুরস্কারজয়ী লেখক ডক্টর নীহাররঞ্জন রায় 'রবীন্দ্রনাথ ও ভারতবর্ষের ঐতিহ্য' বিষয়ে দীর্ঘ আলোচনা করেন। রবীন্দ্রসংগীত পরিবেশন করেন শ্রীচিন্ময় চট্টোপাধ্যায় ও শ্রীদেবব্রত বিশ্বাস।

এই সময়ে আর্টস লাইব্রেরিতে কবির পূর্ণাবয়ব প্রতিকৃতিটি পুষ্পসজ্জিত রাখা হয়।

**৭ই আগষ্ট** — সুপ্রসিদ্ধ বক্তা শ্রীসৌমেন্দ্রনাথ ঠাকুর 'রবীন্দ্রনাথ ও আধুনিক কাল' পর্যায়ে এক মনোজ্ঞ আলোচনা করেন।

আমাদের দ্বিতীয় পর্বের অনুষ্ঠানসূচী সেপ্টেম্বর মাসে উপস্থাপিত করবার পরিকল্পনা আছে। ধারাবাহিক আলোচনা, কবি সম্মেলন, ঔপন্যাসিক সম্মেলন, সংগীতানুষ্ঠান, ছাত্র-ছাত্রীদের কবিতা ও প্রবন্ধকে অনুপ্রেরণা দান ইত্যাদি নানা ধরণের কাজের মধ্যে আমরা কবিকে অঞ্জলি দেবার ব্যবস্থা করেছি। জানি না আমাদের স্বপ্ন কতদূর সফল হবে। তবে ছাত্র-ছাত্রীদের বন্ধুদের স্মরণ রাখতে অনুরোধ করি যে, কেবলমাত্র সংগীতানুষ্ঠান বা নাট্যানুষ্ঠান করেই রবীন্দ্রনাথকে জানা যায় না। কবির জীবনদর্শন, তাঁর শিক্ষাদর্শ, তাঁর পরিশীলিত সৌন্দর্যরুচি, তাঁর মানবপ্রেম, তাঁর নির্ভয় পৌরুষ — এই সব নিয়ে যে ব্যাপ্তি, তারই আকর্ষণে আমরা জেগে উঠতে চাই। আমাদের লক্ষ্য হোক তাঁর ধ্যানকে সত্যরূপদান, তাঁর গানকে প্রাণ দিয়ে উপলব্ধি, তাঁর প্রেরণায় মানব-সমাজকে প্রতিষ্ঠিত করা।

# ডাক্তার রবীন্দ্রনাথ

*ড. দিলীপ নাহা*
*বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ*

রবীন্দ্রনাথের সর্বতোমুখী প্রতিভার সোনার কাঠির ছোঁয়া লেগে বাংলার সাহিত্যের ঘুমন্ত রাজকন্যা জেগেছে। একটি চিঠিতে একবার লিখেছেন কবি, মদগর্বিতা সুন্দরী যেমন তাঁর কোন প্রণয়ীকেই হাতছাড়া করতে চান না তেমনি তিনিও যেন সাহিত্যের কোন ধারাকেই অবহেলা করতে পারছেন না। শুধু সাহিত্য কেন শিল্প-সংস্কৃতি-বিজ্ঞানের নানা শাখায় তাঁর গভীর অনুরাগ ও আসক্তি। তাঁর সৃষ্টিশীল প্রতিভার আলো পড়েনি এমন ক্ষেত্র খুব কম। চিকিৎসাবিদ্যাও তেমনই একটি বিষয়। গভীর নিষ্ঠা ও অনুরাগের বাহুবন্ধনে এই বিষয়টিকে কবি রবীন্দ্রনাথ আপন করে নিয়েছিলেন। চিকিৎসার বিভিন্ন পদ্ধতির মধ্যে বহুপ্রচলিত অ্যালোপ্যাথিকে অগ্রাহ্য করেননি তিনি। বিভিন্ন সময়ে ঠাকুর বাড়িতে মেডিক্যাল কলেজের বড় বড় অ্যালোপ্যাথদের ডাক পড়েছে, নিজেও দেশে বা বিদেশে অর্শ ও দাঁতের চিকিৎসা করিয়েছেন। বিদেশে দাঁতের চিকিৎসার অভিজ্ঞতা খুব তিক্ত। নিজের চেম্বারে গল্প করতে করতে ডেন্টিস্ট ভদ্রলোক (আচরণ যদিও ভদ্রোচিত ছিল না) আচমকা রবীন্দ্রনাথের ওপর সাঁড়াশি আক্রমণ চালিয়ে তাঁর একটি দাঁত তুলে নেন। অনুমতি নেওয়া দূরে থাক, আগাম সতর্ক করারও প্রয়োজন বোধ করেননি সেই ফরাশি ডাক্তার। রবীন্দ্রনাথ ক্ষুব্ধ হয়ে বেরিয়ে আসেন চেম্বার থেকে। তাঁর ক্ষোভের অতিরিক্ত কারণও ছিল। যে দাঁতে সমস্যা ছিল তাকে না তুলে পাশের একটি ভালো দাঁত তুলে নিয়েছিলেন ডাক্তার। এমন ডাক্তার ও তাঁর চিকিৎসার ধরণকে ক্ষমা করা যায়?

প্রথমাবধি রবীন্দ্রনাথের অন্তরের টান হোমিওপ্যাথি ও বায়োকেমিকের প্রতি। প্রথাগত শিক্ষা না নিয়ে শুধু বই পড়ে ও অভিজ্ঞতার মধ্যে দিয়ে এই বিদ্যাকে যেভাবে তিনি আয়ত্ত করেন তা বিস্ময়কর। নিছক শখ-শৌখিনতা নয়, বিশেষ গুরুত্ব দিয়ে এই বিষয়ে পড়াশুনা করতেন। রানী চন্দ তাঁর 'গুরুদেব' গ্রন্থে লিখেছেন, যখনই সময় পেতেন হোমিওপ্যাথির মোটা মোটা বইয়ের মধ্যে ডুবে যেতেন রবীন্দ্রনাথ। নিজের কোন শারীরিক অস্বাচ্ছন্দ্য বা অসুস্থতা দেখা দিলে নিজের চিকিৎসা নিজে করতেন। নিজের হাতযশের ওপর ভালোই ভরসা ছিল। রথীন্দ্রনাথ ঠাকুর তাঁর সুবিখ্যাত 'পিতৃস্মৃতি' গ্রন্থে জানিয়েছেন, তখনকার বিখ্যাত হোমিওপ্যাথ ডাক্তাররা যেমন ডাঃ প্রতাপ মজুমদার, ডি. এন. রায় প্রমুখ "সকলেই বাবাকে সমীহ করতেন, এমন-কি হোমিওপ্যাথি চিকিৎসাবিদ্যায় তাঁদের সমকক্ষ মনে করতেন।"

রানী চন্দের বিবরণে জানা যায় — "বায়োকেমিক ওষুধ গুরুদেব পছন্দ করতেন খুব। এই ওষুধের প্রতি বিশেষ অনুরাগ ছিল তাঁর।" আবার — "গুড়ি গুড়ি সাদা সাদা পিল ভরা বায়োকেমিকের একগাদা শিশি থাকত গুরুদেবের সাথে সাথে। যেখানে যখন বসতেন বা লিখতেন শিশি সমেত ট্রে-টা পাশে থাকা চাই। আর থাকত চিকিৎসার মোটা বইখানা। যখনই সময় পেতেন মন ঢেলে বইখানি পড়তেন আর তারই ফাঁকে এক-একটা শিশি খুলে হাতের তেলোয় কতকগুলি পিল ঢেলে মুখে ফেলে দিতেন।"

কিন্তু শুধু নিজের চিকিৎসা করে কি সুখ আছে? তাই কবির প্রধান আগ্রহ অন্যের চিকিৎসায়, আর প্রবল আনন্দ সেই চিকিৎসার সফলতায়। কেউ যদি কোনো অসুখ বলে ওষুধ চাইতে আসতেন, তা হলে গুরুদেবের আনন্দের সীমা থাকতো না। অতি আগ্রহে ওষুধ দিতেন, আবার বারে বারে তাঁর কাছে লোক পাঠিয়ে খবর নিতেন রোগী কেমন আছে। প্রয়োজনে ওষুধ বদলে দিতেন। সবক্ষেত্রে রোগীর চেয়ে ডাক্তারের গরজই বেশি প্রকাশ পেত। রানী চন্দের কথা — "গুরুদেবের গানের বা কবিতার প্রশংসার চেয়ে হাজার গুণ বেশি খুশি হতেন তিনি যদি কেউ এসে বলত যে গুরুদেবের ওষুধে তার অমুক অসুখটা সেরে গেছে। গুরুদেবের সেই খুশি-ভরা মুখ দেখবার মতো ছিল।"

রবীন্দ্রনাথ এই হোমিওপ্যাথি-অনুরাগ পেয়েছেন পারিবারিক সূত্রে। ছোটবেলা থেকে দেখেছেন পরিবারে হোমিওপ্যাথি নির্ভরতা। মা সারদা দেবীর আঙুল ভেঙে দূরারোগ্য ঘা দেখা দিলে প্রথমে হোমিওপ্যাথি চিকিৎসা চলে অনেক দিন। আর্নিকা প্রয়োগ করে হাতের বেদনা কমানোর চেষ্টা করা হয়। তখনকার সুবিখ্যাত হোমিওপ্যাথি চিকিৎসক ডা. বিহারিলাল ভাদুড়ি ও ডা. সালজারও সারদা দেবীর চিকিৎসা করেন। পরে অবশ্য রোগের উপশম না হওয়ায় গৃহচিকিৎসক ছাড়াও অন্য কয়েকজন অ্যালোপ্যাথিক ডাক্তার তাঁর চিকিৎসার ভার নেন। যদিও অল্পদিনের মধ্যেই সবার সব চিকিৎসার বাইরে চিরতরে চলে যান কবি-জননী।

রবীন্দ্রনাথকে হোমিওপ্যাথির চর্চা ও চিকিৎসার আয়োজন যথেষ্ট পরিমাণে বাড়াতে হয় শিলাইদহে বাস কালে। শুধু নিজেদের প্রয়োজনে নয়, চারপাশের দরিদ্র প্রজাদের প্রয়োজনেও বটে। পদ্মার বোটে যখন ঘুরে বেড়াতেন তখন লোকালয় থেকে বাইরে অসুখে-বিসুখে ডাক্তার পাওয়া কঠিন। এক বাক্স হোমিওপ্যাথিক ওষুধ আর একটা বই নিয়ে শুরু করেন চর্চা। মাঝি-মাল্লাদের ওপর দিয়ে পরীক্ষা শুরু করেন। ফলও হয় ভালই। মীরাদেবী তাঁর স্মৃতিকথায় জানিয়েছেন — "বোটে থাকতে বাবার কাছে অনেক প্রজা হোমিওপ্যাথি ওষুধ নিতে আসত। হোমিওপ্যাথিতে বাবার বেশ হাত ছিল, যাকে যাকে ওষুধ দিতেন বেশ সেরে যেত।" পদ্মার চরে ছড়িয়ে ছিটিয়ে থাকা মুসলমান প্রজারা বিশেষত মহিলারা — যারা সচরাচর বাইরে বেরোতেন না — তারাও এমন প্রজাদরদী এই জমিদারবাবুর কাছে ওষুধ নিতে আসতেন।

ডাক্তার রবীন্দ্রনাথের পরিচয় বিস্তারিত ভাবে পাই সাহিত্যিক বনফুলের 'রবীন্দ্রস্মৃতি' গ্রন্থে। শান্তিনিকেতনে বেড়াতে গেছেন বনফুল অর্থাৎ ডা. বলাইচাঁদ মুখোপাধ্যায়। নিজে তিনি অ্যালোপ্যাথিক ডাক্তার। শান্তিনিকেতনে গিয়ে রবীন্দ্রনাথের সঙ্গে শুধু সাহিত্য নিয়ে বিতর্কে মত্ত হন নি, একজন বাধ্য রোগীর মতোই নিজের শারীরিক ব্যাধি-উপসর্গ নিয়ে আলোচনা করেছেন এবং হোমিওপ্যাথি বিদ্যা বিষয়ে কিঞ্চিৎ জ্ঞান আহরণও করেছেন। এমন রোগী পেয়ে ডাক্তার রবীন্দ্রনাথও কম উৎসাহিত নন। রোগের প্রেসক্রিপশান করেই দায়িত্ব শেষ করেন নি, নির্ধারিত ওষুধ দিয়েছেন, সঙ্গে দিয়েছেন হোমিওপ্যাথিকের বইও।

রবীন্দ্রনাথ তাঁকে জিজ্ঞাসা করেন —

"বায়োকেমিকের ওষুধ কখনও ব্যবহার করেছ?"

"না—"

রবীন্দ্রনাথ একাধিক ওষুধের গুণাগুণ নিয়ে আলোচনা করেন তাঁর সঙ্গে ও রোগের লক্ষণ বুঝে কিছু কিছু ওষুধ প্রেসক্রাইবও করেন। "কেলি ফস'-এর বাদামি রঙের শিশি দেখিয়ে বলেন, "এটা খেও। ভালো ব্রেন টনিক—"।

রবীন্দ্রনাথ বনফুলকে এও জানান যে এই ওষুধ নিয়মিত খেয়ে উপকার পাচ্ছেন তিনি। বনফুলের ডায়াবেটিস। রবীন্দ্রনাথ বলেন, "তোমার ডায়াবেটিসেরও একটা ভালো ওষুধ দিতে পারি — নেট্রম্ সাল্ফ (Natrum Sulph), যাবার সময় নিয়ে যেও —"। বনফুল বলেন, ডায়াবেটিসের থেকে বেশি কষ্ট পাচ্ছেন তিনি অর্শে। ডাক্তার রবীন্দ্রনাথ বলেন, "ওরও ভালো হোমিওপ্যাথিক ওষুধ আছে। দিয়ে দেব তোমাকে। সালফার থার্টি (Sulphur Thirty) আর নাক্স টু-হান্ড্রেড (Nux Two Hundred)। সালফার সকালে খেও, দুটোই 'স' মনে থাকবে, আর নাক্স রাত্তিরে, নক্তম্। যাওয়ার সময় তোমাকে দিয়ে দেব সব। একটা হোমিওপ্যাথিক বইও দেব।"

সেবার বিদায়কালে রবীন্দ্রনাথ বনফুলকে হোমিওপ্যাথি ও বায়োকেমিকের ওষুধগুলো দেন, আর দেন ডা. ধীরেন্দ্রচন্দ্র দাশগুপ্তের লেখা "Characteristic Materia Medica" নামে একটি হোমিওপ্যাথির বই। ওপরে লেখা —

"কল্যাণীয় বলাই, আরোগ্য দানের নূতন ভান্ডারের একটি চাবি তোমার হাতে দিলাম। ইতি — রবীন্দ্রনাথ"

নিজের স্ত্রী ও ছেলেমেয়েদের চিকিৎসার জন্য কবি বরাবর নির্ভর করতেন হোমিওপ্যাথির ওপর। স্ত্রী অসুস্থ হবার পর তাঁকে বোলপুর থেকে কলকাতায় এনে চিকিৎসার ব্যবস্থা করেন। কিন্তু কলকাতার লব্ধপ্রতিষ্ঠ অ্যালোপ্যাথ ডাক্তাররাও অসুখ ধরতে ব্যর্থ। এঁদের চিকিৎসায় কোন উপকার না হওয়ায় তখনকার বেশ কয়েক জন বড় হোমিওপ্যাথ ডাক্তার মৃণালিনী দেবীর চিকিৎসার ভার নেন। তাঁরা সকলেই রবীন্দ্রনাথের সঙ্গে পরামর্শ করে ব্যবস্থাপত্র দিতেন। কন্যা বেলা অসুস্থ হবার পর রবীন্দ্রনাথ কলকাতায় এসে থাকেন অনেকদিন। প্রত্যহ বেলাকে দেখতে যান, তাঁর সঙ্গে সারা দুপুর গল্প করেন আর সেই সঙ্গে লক্ষণ মিলিয়ে হোমিওপ্যাথি বই দেখে ওষুধ দেন। মাঝে মাঝে ওষুধ বদল করেন।

নির্মলকুমারী মহলানবিশের 'বাইশে শ্রাবণ' গ্রন্থে ডাক্তার রবীন্দ্রনাথ সম্পর্কে অনেক তথ্য পাওয়া যায়। নির্মলকুমারী একবার অসুস্থ হলে হোমিওপ্যাথির বিধান দেন রবীন্দ্রনাথ। লক্ষণ মিলিয়ে 'ক্যালকেরিয়া সালফ' খেতে বলেন। সেই ওষুধের কার্যকারিতা নিয়ে রোগী নির্মলকুমারী কিছুটা সন্দিহান। রবীন্দ্রনাথ চিঠি লিখে জানান, "তুমি জানিয়েছ Calc. Sulph. তোমার পক্ষে অকার্যকরী। এটা অশাস্ত্রীয়। Silicia-র সঙ্গে পর্যায়ক্রমে খেয়ে দেখতে পারো।"

অসুস্থ কবির সেবা করতে নির্মলকুমারী কলকাতায় এসেছেন। নির্মলকুমারী নিজেও তখন খুব অসুস্থ। একদিন কবির সেবা করছেন। হাত বুলিয়ে দিচ্ছেন পায়ে। হঠাৎ কবি চোখ মেলে তাকে বলেন, সামনের আলমারি খুলে Kali Sulph-এর শিশিটা নিয়ে আসতে। নির্মলকুমারী ভাবলেন, কবি নিজের জন্য চাইছেন ওষুধ। কবির কথা মতো শিশি থেকে ছয়টা বড়ি বের করে কবিকে খাওয়াতে গেলে কবি বলে ওঠেন, "আমি না, নিজে খাও। হাত যে একেবারে পুড়ে যাচ্ছে।"

নিজের অসুস্থতার মধ্যেও নির্মলকুমারীর হাতের স্পর্শে বুঝে নিয়েছেন সেবিকা নিজেও জ্বরে আক্রান্ত।

শিলাইদহে গরিব রোগীর অভাব ছিল না। শান্তিনিকেতনে এমন শ্রেণীর রোগী ছিল না, তবে 'শৌখীন' রোগী ছিল অনেক। ডাক্তারির প্রতি গুরুদেবের এই দুর্বলতার খবর জানতে কারো বাকি নেই। শান্তিনিকেতনে মাঝে মাঝে তাই অনেকে হঠাৎ হঠাৎ অসুস্থ হতেন — যখন তখন পেটব্যথা মাথাধরা দেখা দিত। শুধু কবিকে খুশি করার জন্য। আর আশ্চর্য, গুরুদেবের ওষুধের সঙ্গে সঙ্গে সুস্থও হতেন তাঁরা। গুরুদেব সবই বুঝতেন। তবে মনে মনে খুশিই হতেন।

রানী চন্দ কৌতুক করে জানিয়েছেন, তার স্বামীও বহুবার অসুস্থতার অভিনয় করেছেন ও ওষুধ চেয়ে খেয়েছেন। সেক্রেটারি হিসেবে অনিল চন্দের কাজের চাপ অনেক। কখনো হয়ত কোন কাজে গাফিলতি হয়েছে বা কোন কাজ শেষ করতে পারেন নি, জানেন, কপালে দুর্গতি আছে। রেহাই পাবার একমাত্র উপায় অসুস্থ সাজা। অবশেষে সর্দি কাশি বা কিছু একটা অজুহাত নিয়ে কবির কাছে গিয়ে দাঁড়িয়েছেন। গুরুদেব বকবেন কি, উল্টে সব লক্ষণ জেনে নিয়ে শিশি থেকে ঢেলে হোমিওপ্যাথিকের গুলি দিয়েছেন। মুঠোভরা সে ওষুধ মুখে ফেলে বেরিয়ে এসেছেন অনিল চন্দ। বলা বাহুল্য, ওষুধ খেয়ে 'সুস্থ' হয়ে গেছেন!

এ তো গেল মিথ্যা অসুস্থতা। কিন্তু সত্যিকার অসুস্থতার চিকিৎসা রবীন্দ্রনাথ কম করেন নি। অনেকের অনেক দূরারোগ্য ব্যাধিও সারিয়েছেন। একজনের 'St. Vitus Dance' নামে এক কঠিন ব্যাধির ওষুধ বই ঘেঁটে বের করেন, আমেরিকা থেকে ওষুধটি আনানোর ব্যবস্থা করেন। ওষুধ খেয়ে সেই কঠিন রোগ সম্পূর্ণ সেরে যায়। বিদেশ থেকে প্রসিদ্ধ কোম্পানির হোমিওপ্যাথিক ও বায়োকেমিক প্রচুর ওষুধ আনাতেন রবীন্দ্রনাথ। ঠিকানায় তাঁর নামের আগে 'ডাক্তার' লেখা থাকত। অনেকেই ভাবত রবীন্দ্রনাথ আসলে একজন ডাক্তার।

সবশেষে স্মরণ করবো পন্ডিত হেমচন্দ্র বিদ্যারত্নের কথা। শিলাইদহের জমিদারিতে পুণ্যাহ অনুষ্ঠানের কাজে এসে পন্ডিত হেমচন্দ্র বিদ্যারত্ন মশায় সেবার ভয়ানক অসুস্থ হয়ে পড়েন। বাঁচার আশা নেই। রবীন্দ্রনাথের আহ্বানেই এসেছেন তিনি, তাই রবীন্দ্রনাথ খুব চিন্তিত। ভাল ডাক্তার আনার জন্য কুমারখালিতে লোক পাঠান। আর সারা রাত লক্ষণ মিলিয়ে মিলিয়ে হোমিওপ্যাথি ওষুধ প্রয়োগ করতে থাকেন। আশ্চর্য সাড়া পাওয়া গেল হোমিওপ্যাথিতে। পন্ডিতের বিপদ কেটে যায়। রবীন্দ্রনাথের চিকিৎসাগুণে ক্রমে সম্পূর্ণ সুস্থ হয়ে উঠেন তিনি। বিদ্যারত্ন মশায় বলতেন, "রবিদাদা আমাকে যমের দক্ষিণ দ্বার হইতে ফিরাইয়া আনিয়াছেন।"

কবি রূপে স্বীকৃতি অনেক পেয়েছেন রবীন্দ্রনাথ। ডাক্তার হিসেবে এমন স্বীকৃতির মূল্যও কি কম?

# 'আমার রবীন্দ্রনাথ' : কিছু সংলাপ, কিছু প্রলাপ

*ঝিলম রায়*
*ইংরাজী বিভাগ, তৃতীয় বর্ষ*

" কেরোসিন-শিখা বলে মাটির প্রদীপে,
ভাই বলে ডাকো যদি দেব গলা টিপে।
হেনকালে গগনেতে উঠিলেন চাঁদা,
কেরোসিন বলি উঠে, এসো মোর দাদা।"

এই ছড়াটা দিয়েই রবি ঠাকুরের সাথে আমার প্রথম পরিচয়। তখন উনি বড়ো ফ্রেমে বাঁধানো ঠাকুর — আর আমি সেই ছবির দিকে চেয়ে থাকা বিস্মিত বালিকা। মনে হতো উনি এক অন্য জগতের প্রাণী ... দেবতা — যিনি গম্ভীর মুখে আমাদের জন্য ঝুড়ি ভর্তি ছড়া, গপ্পো লিখে গেছেন ... 'বীরপুরুষ', 'লুকোচুরি', 'আমাদের ছোট নদী চলে আঁকে বাঁকে'। বাড়ির তাকে তাকে সর্বত্র এই দাড়ি-দাদুর আনাগোনা। প্রতি বছর যখন পাড়ায়-পাড়ায় পঁচিশে বৈশাখ পালন করা হতো, অবাক হয়ে ভাবতাম — কি এমন করে গেছেন কবিগুরু যে সক্কলে তাঁকে পুজো করে! বুঝতে পারতাম না। মনের মধ্যে একটা ঝাপসা জায়গায় লুকিয়ে থাকতো ওই দাড়ি বুড়ো। সেই ঝাপসা আলো-আঁধারির পথেই চলতে থাকলো আমার মেলামেশা। একটু একটু করে সেই ছোট নদীর আঁকে বাঁকে বয়ে চলা — কখনও কাবুলিওয়ালার মিনি হয়ে, কখনও দুষ্টু ফটিক, কখনও অমল আর সুধা — 'খেলা ভোলা', পড়াশুনোর ফাঁকে ফাঁকে মনের মধ্যে বেজে উঠত সেই গান, "এক বাঁও মেলে না, দো বাঁও মেলে না" ... আশ্চর্য লাগত ভেবে কেমন করে এই এতো পুরোনো দিনের একজন আমার মনের এতো কথা জেনে নিলো! পড়ায় মন না বসলে, জোর করে পড়তে বসালেই মন খুঁজতো সেই বাউলকে, বলে উঠতো "মন যে আমার পালায়, তোমার একতারা পাঠশালায়, আমায় ভুলিয়ে দিতে পার? নেবে আমায় সাথে এসব পন্ডিতের-ই হাতে আমায় কেন সবাই মারো?" আবার কোন কোন দিন মন চলে যেতো মধু মাঝির সেই নৌকাখানায় নিমেষে পৌঁছে যেতাম সাত সমুদ্র তেরো নদীর পারে।

তারপর আস্তে আস্তে বড়ো হতে লাগলাম। পা দিলাম কৈশোরে। হঠাৎ করে রবিঠাকুর আবার সেই ফ্রেমে আটকে গেলেন। পড়াশুনো, সিনেমা, টেলিভিশন, হিন্দি-ইংরাজী গানের ভিড়ে রবিঠাকুর যেন কোথায় হারিয়ে গেলেন। এত আওয়াজে রবীন্দ্রসংগীতের সুর আর কানে বাজলো না — তার ছিঁড়ে গেল — মানুষটাকে না জেনে, না বুঝে 'প্রাচীন' ঠাউরে পাঠিয়ে দিলাম মনের অগোচরে। মাঝে মধ্যে তবু ভেসে আসত দু-এক কলি ..... 'পাগলা হাওয়ায়' ..... 'কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা' ..... 'আগুনের পরশমনি' ... কিন্তু নব্য আধুনিকতার জেরে তা ঝেড়ে ফেলতাম পুরনো ধূলো মনে করে। দূরে সরিয়ে তালা বন্ধ করে রাখলাম ছোটবেলার সাথীটিকে। রবিঠাকুর হয়ে রইলেন শুধু পঁচিশে বৈশাখের দেবতা।

বছর ঘুরতে লাগল। এসে দাঁড়ালাম যৌবনে। এক মন খারাপের দিনে হঠাৎ কানে ভেসে এলো সেই 'প্রাচীন' মানুষটির বলে যাওয়া : "মনেরে আজ কতো যে ভালোমন্দ যাহাই আসুক সত্যেরে লও সহজে" ... তালা গেল ভেঙে। মনে জমে থাকা কুয়াশাটা আস্তে আস্তে কাটতে লাগল — সেই ছেলেবেলার বিস্ময় আবার উঁকি দিল : "কি করে? এত বছর পরেও ... কি করে উনি এতো সহজে আমার মনটা পড়ে নিতে পারেন!" আর সেই সঙ্গে আর একটা প্রশ্ন আমায় ধাক্কা দিল : "উনি কি সত্যিই 'প্রাচীন'? নাকি আজকের দিনের লোক? কবির কি বয়স, যুগ আছে?" আস্তে আস্তে আবার একসাথে পথচলা শুরু হলো ... একে একে চারুলতা, নন্দিনীরা আমার চারপাশে মেলে ধরতে লাগল মানুষটাকে — আবারও যে পথ সকল দেশ পারায়ে উদাস হয়ে যায় হারায়ে ..... সে পথ দিয়ে কাঙাল পরাণ যেতে চাইল অচিনপুরে ... শ্রাবণের ধারার মতোই তাঁর সুর ঝরে পরতে লাগল আমার মুখের পরে, বুকের পরে। এমন সময় হাতে পেলাম আর এক অমূল্যরতন 'শেষের কবিতা' — অমিত, লাবণ্যকে ছুঁয়ে বুঝতে পারলাম রবীন্দ্রনাথ কতটা আজকের ..... কতটা আধুনিক। মিতা-বন্যার 'ঝরা বকুলের বেদনায়' আমার ফ্রেমে বাঁধানো ঠাকুরটা যেন জীবন পেল ..... ফ্রেমের বেড়া সরিয়ে আরও কাছের মনে হলো মানুষটাকে।

"আমার কাজের মাঝে মাঝে কান্না হাসির দোলা তুমি থামতে দিলে না যে ..... বুঝি আমার ব্যথার আড়ালেতে দাঁড়িয়ে থাকো, ওগো দুখজাগানিয়া" ..... ভানুদাদার রাণু আর নতুন বৌঠানের চোখ দিয়ে আস্তে আস্তে ঝাপসা চিত্রটা পরিস্কার হতে লাগল। আমার ছবির দেবতাকে আমারই মতন রক্ত মাংসের মানুষ বলে মনে হতে লাগল ..... আমার ছেলেবেলার রবিঠাকুর কেমন করে যেন আমার রবীন্দ্রনাথ হয়ে গেল ..... তাঁর লেখার মাধ্যমে আরও বেশি করে তাঁকে বুঝতে শিখছি ..... কিন্তু বিস্ময়টা থেকেই যায় ..... মনে মনে জিজ্ঞেস করি : কিসের জোরে এত দুঃখ, এত কষ্টের পরও কেউ জীবনটাকে আষ্টেপৃষ্ঠে ওরকম করে ভালবাসতে পারে? কেমন করে বলতে পারে, "মরণ রে, তুহুঁ মম শ্যাম সমান" ..... ভাবলেই চোখের সামনে ভেসে ওঠে রবীন্দ্রসদনের সামনে রাখা তাঁর মূর্তিটার কথা ..... এক পলকে যেন দেখতে পাই জীবনের এক একটা ঝড় মানুষটার ওপর আছড়ে পরছে অথচ কোনও কিছুর তোয়াক্কা না করে রবীন্দ্রনাথ দাঁড়িয়ে আছেন ..... একের পর এক দুঃখ এসে তাঁর পায়ে নত হচ্ছে অথচ তিনি অবিচলিত চিত্তে আমাদের বলছেন "দুঃখের তিমিরে যদি জ্বলে তব মঙ্গল আলোক ..... তবে তাই হোক" .....

যত বড় হচ্ছি তত যেন মনের সেই ঝাপ্সা জায়গাটা আরও স্পষ্ট হচ্ছে। আজ আর সেই ফ্রেমে বাঁধানো ছবিটার তেমন প্রয়োজন পরে না। কবিকে যেন সর্বক্ষণ আমার কাছে পাই ..... দুঃখে, সুখে আমার সাথে পাই। আজ যখন ২৫শে বৈশাখ আসে, মনের মধ্যে নিজের অজান্তেই এক অদ্ভূত শিহরণ জাগে ..... উৎসবের শিহরণ। ছবিটার দিকে তাকালে মন বলে ওঠে : "তুমি মোর আনন্দ হয়ে ছিলে সকল খেলায়, আনন্দে

তাই ভুলে ছিলেম কেটেছে দিন হেলায়" ..... শান্তিনিকেতনে পা দিলে সারা শরীরে এমন এক অদ্ভুত শিহরণ খেলে ..... ওই রাঙামাটির পথে মনে শান্তি খুঁজে পাই। আশ্চর্যভাবে আজকের দিনে যেন আরও বেশি করে প্রাসঙ্গিক লাগে তাঁকে। বিশেষ করে আজকে এই অন্ধকার সময়ে যেন আরও বেশি করে রবীন্দ্রনাথকেই আঁকড়ে ধরতে হচ্ছে আমাদের। বড় হতে হতে যখন জীবনের আদর্শগুলো অন্য আকার ধারণ করতে দেখছি .... যখন দেখছি চোখের সামনে নৈতিকতার সংজ্ঞাগুলো কেমন যেন পাল্টে যাচ্ছে তখন যেন এই মানুষটার কাছেই দ্বারস্থ হচ্ছি। সেই যে কবি বলে গিয়েছেন — "জীবন যখন শুকায়ে যায় করুণাধারায় এসো সকল মাধুরী লুকায়ে যায়, গীতসুধারসে এসো ..... বাসনা যখন বিপুল ধূলায় অন্ধ করিয়া অবোটে ভুলায়, ওহে পবিত্র, ওহে অনিদ্র, রুদ্র আলোকে এসো ....." আর আমাদের আলো বলতেও তো সেই রবীন্দ্রনাথ — কাজেই, অন্ধকারে হাতড়াতে হাতড়াতে সেই দাড়িওয়ালা মানুষটার কাছে গিয়েই বলছি : "এ জীবন পূণ্য করো দহন-দানে।" আর তিনি? হয়তো সেই অবিচলিত চিত্তেই মুচকি হেসে আমাদের বলছেন : "তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর এখনি অন্ধ, বন্ধ করো না পাখা" .....

আর আমরাও সেই কবির বাণী অনুসরণ করেই পথের কাঁটা রক্তমাখা চরণতলে একলা দলে এগিয়ে চলেছি..... জীবনের স্রোতে ভেসে চলেছি.....

" ..... শুধু যাওয়া আসা
শুধু স্রোতে ভাসা
শুধু আলো-আঁধারে
কাঁদা হাসা ..... "

## বলাকা ও ফাল্গুনী : সমন্বয়ের খোঁজে

*সুদেব বোস*
*সাম্মানিক বাংলা বিভাগ, দ্বিতীয় বর্ষ*

।। ১ ।।

রবীন্দ্রজীবনের বিবর্তনের সঙ্গে ধারাবাহিকভাবে রবীন্দ্ররচনাকে বিচার করলে কিছু বিশেষ স্তরবিভাজন প্রত্যক্ষ হয়। বেশীর ভাগ ক্ষেত্রেই এর সূচক ধরা হয় বিশেষ কোন সৃষ্টিকে। এভাবে বিভাজন হয়তো সর্বদা নির্ভুল নয় কারণ রবীন্দ্রজীবনের সামগ্রিকতার মধ্যেই ঐক্যের মূল সুরটি বর্তমান তবুও সাহিত্যিক আলোচনার জন্য কখনো কখনো তা করতে হয়। এমনই একটি কালপর্বের সূচনা আমরা লক্ষ্য করি 'বলাকা' কাব্য প্রকাশের সময় থেকে। এসময় থেকে রবীন্দ্রকাব্যের এক নতুন ধরণ নতুন ভাষা যেন সৃষ্টি হল।

আবার কখনো কখনো দুটি রচনার তুলনামূলক আলোচনা করলে সাদৃশ্যের স্থানটি আমাদের চোখে স্পষ্ট হয়ে ওঠে, কখনো অংশত কখনো সম্পূর্ণত। বলা বাহুল্য এই সাদৃশ্য পুনরাবৃত্তির প্রমাণ নয়, শিল্পীর সাধনার ঐক্যেরই ফলশ্রুতি। যেমন 'গীতাঞ্জলি'র কয়েকটি কবিতার সঙ্গে 'রাজা' নাটকটির মূল মর্মবস্তুর সাযুজ্য দেখি বা 'ভারততীর্থ' কবিতাটির সঙ্গে 'গোরা' উপন্যাসটির। তেমনই 'বলাকা' কাব্যগ্রন্থের সঙ্গে সাদৃশ্যের বা ঐক্যের সুরটি খোঁজার চেষ্টা করব এর অব্যবহিত পরে রচিত নাটক 'ফাল্গুনী'র।

।। ২ ।।

১৯১৬ এর এপ্রিল প্রকাশিত হয় 'ফাল্গুনী', মে মাসে 'বলাকা'। কিন্তু এর কবিতাগুলি ১৯১৪ থেকেই সবুজপত্রে প্রকাশিত হয়ে আসছিল। 'ফাল্গুনী'র রচনা শুরু তারপরে শান্তিনিকেতনে অভিনয়যোগ্য নাটকসৃষ্টির তাগিদে। যুক্তিনিষ্ঠ পর্যবেক্ষণে বলাকার ৪৫টি কবিতার মধ্যে আমরা বলাকার চারটি, চারটি আটটি কবিতা বেছে নিচ্ছি। এখন চারটি কবিতাতে যেন পাওয়া যায় কবির মানসিক উপলব্ধির চিত্রণ। সদাচলমান জীবনকে কবিতার ছন্দে ধরেছেন তিনি, কখনো বহমান নদী, কখনো যৌবন, কখনো বা শাজাহানের ছবিতে। এর মধ্য দিয়েই ধ্বনিত হয় চরৈবতির মন্ত্র। প্রসঙ্গত স্মরণ করতে পারি বলাকা কাব্যের উৎপত্তির কাহিনীটি — "তখন আমার প্রাণের মধ্যে একটা ব্যথা চলছিল এবং সে সময়ে পৃথিবীময় একটা ভাঙাচোরার আয়োজন চলছিল। এই কবিতাগুলি ধারাবাহিকভাবে একটার পর একটা আসছিল। হয়তো এদের পরস্পরের মধ্যে একটা অপ্রত্যক্ষ যোগ রয়েছে। এই জন্যই একে 'বলাকা' বলা হয়েছে। হংসশ্রেণীর মতোই তারা মানসলোক থেকে যাত্রা করে একটি অনির্বচনীয় ব্যাকুলতা নিয়ে কোথায় উড়ে যাচ্ছে।"

আলোচনার্থে যে কবিতাগুলি আমরা বেছে নিয়েছি সেগুলির মধ্যে প্রথমটি হল বলাকার '২' সংখ্যক কবিতাটি। 'আমরা চলি সমুখপানে। এটিকে বলাকা ও ফাল্গুনীর উভয়তঃ প্রবেশক বললে ভুল হবে না। স্থবিরত্বের প্রমাণমাত্র হয়ে টিকে থাকা নয়, জীবনরস-প্রাচুর্যে ভরপুর হলে স্বতঃস্ফূর্ত এগিয়ে চলার মন্ত্রই এতে ধ্বনিত, আর এই ধ্বনিরই প্রতিধ্বনি শুনি ফাল্গুনীতে, যখন নব যৌবনের দল বলে —

জন্ম মোদের ত্র্যহস্পর্শে
সকল অনাসৃষ্টি
ছুটি মিলন বৃহস্পতি
রইলো শনির দৃষ্টি
অযাত্রাতে নৌকো ভাসা

রাখিনে ভাই ফলের আশা
আমাদের আর নাই যে গতি
ভেসে চলাবে।

এই ক্লান্তিবিহীন চলার ধ্বনি শুনি আলোচ্য দ্বিতীয় কবিতা, ৪৪ নং কবিতাটিতে, যেখানে যৌবনের অভিযানের কথা বলেন কবি ও তার শেষে ফল হিসেবে দেখেন 'জরা'-কে খসিয়ে দিয়ে উজ্জ্বল জীবনের বহিঃপ্রকাশ —

খড়্গসম তোমর দীপ্তশিখা
ছিন্ন করুক জরার কুজ্‌ঝটিকা
জীর্ণতারই বক্ষ দুফাঁক করে
অমর পুষ্প তব
আলোক পানে লোকে লোকান্তরে
ফুটুক নিত্য নব।

বলা বাহুল্য উক্ত বক্তব্যটিই 'ফাল্গুনী' নাটকের সামগ্রিক সারমর্ম। আবার বলাকার ১৯ নং কবিতা (আমি যে বেসেছি ভাল এই জগতেরে) ও ১৩ নং কবিতা (পউষের পাতা ঝরা তপোবনে) তে 'ফাল্গুনীর'র বক্তব্য নতুন রূপে খুঁজে পাওয়া গেল। 'আমি যে বেসেছি ভাল এই জগতেরে' কবিতায় কবি প্রত্যক্ষ করলেন জীবনের শেষে অবশ্যম্ভাবী মৃত্যুকে। কিন্তু তার সঙ্গে এও বললেন —

এমন একান্ত করে চাওয়া
এও সত্য যত
এমন একান্ত ছেড়ে যাওয়া
সেই সেইমত
এ দুয়ের মাঝখানে তবু কোনোখানে আছে কোনো মিল
নহিলে নিখিল
এত বড়ো নিদারুণ প্রবঞ্চনা
হাসিমুখে এতকাল কিছুতে বহিতে পারিত না।

'পউষের পাতা ঝরা তপোবনে' কবিতার শেষাংশে কবি পুনরায় বললেন—

ঝরে পড়ে ফোটা ফুল, খ'সে পড়ে জীর্ণ পত্রভার
স্বপ্ন যায় টুটে,
ছিন্ন আশা ধূলিতলে পড়ে লুটে,
শুধু আমি যৌবন তোমার
চিরদিনকার,
ফিরে ফিরে মোর সাথে দেখা তব হবে বারম্বার
জীবনের এপার ওপার।

জীবন ও যৌবনের অবিনশ্বতার প্রতি কবির অকৃত্রিম বিশ্বাস এখানে প্রস্ফুটিত। এই কবিতাদ্বয়ের মূল তথ্য হল জীবনের অসীমতা, যা মৃত্যুর সীমার মধ্য দিয়ে বারবার নতুন করে নিতে হয়। 'রবীন্দ্রনাথ কর্তৃক বলাকার ব্যাখ্যা ও আলোচনা' প্রসঙ্গে রবীন্দ্রনাথের বক্তব্যটি অনুধাবন করলে ফাল্গুনীর সঙ্গে এর সাযুজ্যটি স্পষ্ট হবে — "মৃত্যুর ভিতর দিয়ে না গেলে সীমার পুনরুজ্জীবন (renewal) হয় না। 'ফাল্গুনী'তে আমি এই কথাই বলেছি। 'ফাল্গুনী' বলাকার সমসাময়িক। সীমাকে পদে পদে মরতে হয়, পুনঃপুনঃ প্রাণসঞ্চার না হলে সে যে জীবনমৃত হয়ে রইল।" আবার ফাল্গুনী অভিনয় সম্পর্কে একটি চিঠিতে মনোরঞ্জন ঘোষকে লিখেছেন "জরা-মৃত্যুর আক্রমণ দিনরাতই চলছে। তবু বিশ্বের চিরনবীনতা শেষ হল না। যা চিরকালই আছে তাকে যদি কালে কালে হারিয়ে না পাওয়া যায় তবে তার উপলব্ধি থাকে না —

"তোমায় নতুন করে পাবো বলে
হারাই ক্ষণে ক্ষণ
ও মোর ভালবাসার ধন"

ইতস্তত ছড়িয়ে থাকা রবীন্দ্রনাথের কয়েকটি বক্তব্যকে সংযোজক হিসেবে ব্যবহার করলে এভাবেই আমরা সমসাময়িক দুটি সাহিত্যকীর্তির মধ্যে সামঞ্জস্য খুঁজে পাই।

।। ৩ ।।

আলোচনার সুবিধার্থে এই কাব্যগ্রন্থের আরো ৪টি কবিতাকে পৃথকভাবে আলোচনা করছি। যদিও কাব্যগ্রন্থে এমন কোন স্পষ্ট বিভাজন নেই, বা বিষয়গতভাবে আলাদা নয়। কিন্তু কবিতার বাণীগুলি বিচার করলে বোঝা যায় এগুলিতে কবি বিশ্বের আর্ন্তজাতিক পরিস্থিতি ও ভাঙাগড়া নিয়ে ভাবিত। তবে শেষাংশে পৌঁছেছেন একই বিশ্বাসে যা বিধৃত আছে পূর্ববর্তী কবিতাগুলিতে। যে চারটি কবিতাকে এই সূত্রে নির্বাচন করেছি সেগুলি হল ২ (এবার যে ওই এল সর্বনেশে গো), ৪ (তোমার শঙ্খ ধূলায় পড়ে), ৫ (মত্ত সাগর দিল পাড়ি) ও ৩৭ (দূর হতে কি শুনিস মৃত্যুর গর্জন) কবিতা। প্রথম দুটি ও দ্বিতীয় দুটির পারস্পরিক আলোচনার মাধ্যমে মূলভাবটি স্পষ্ট হতে পারে।

'এবারে যে ঐ এল সর্বনেশে গো' ও 'তোমার শঙ্খ ধূলায় পড়ে' গানদুটির বিষয়বস্তু সর্বজনবিদিত। এ দুটির বিস্তৃত আলোচনায় না গিয়ে এন্ডরুজের বক্তব্য উদ্ধার করে বলতে পারি "ইউরোপের যুদ্ধের বার্তা যেন তারহীন টেলিগ্রাফে তাঁর কাছে এসে পৌঁছেছিল।" একথা বলার অর্থ প্রথম বিশ্বযুদ্ধের সূচনা হয়েছিল এর কিছুদিন পর। কিন্তু এই প্রলয় যজ্ঞের সংকেত আগেই তিনি প্রত্যক্ষ করেছিলেন। অত্যন্ত বেদনার সঙ্গে তিনি হৃদয়ঙ্গম করেন যে এই প্রলয়ের মধ্যে দিয়েই আত্মশুদ্ধি ঘটিয়ে বিশ্বের ইতিহাস নবীনত্ব লাভ করবে। তাই ২ নম্বর কবিতার ৪র্থ স্তবকে বলেছেন —

কিসের তরে চিত্ত বিকল,
ভাঙুক না তোর দ্বারের শিকল,
বাহির-পানে ছোট্‌-না সকল
দুঃখসুখের শেষ গো।
এবার যে ঐ এল সর্বনেশে গো।

অন্যদিকে ৪ নম্বর কবিতায় বলেন —

ব্যাঘাত আসুক নব নব
আঘাত খেয়ে অটল রব
বক্ষে আমার দুঃখ তব
বাজবে জয়ডঙ্ক
দেব সকল শক্তি, লব
অভয় তব শঙ্খ।

আসন্নলীলা থেকে পলায়ন না করে দৃপ্তভঙ্গীতে তাকে আত্মস্থ করে সমাজের পরিশুদ্ধি — ঘটানোর যে স্বীকার্য নিয়েছিলেন তা যেন বাস্তবায়িত হয়েছে অন্য দুটিতে। "আজ যে দহনযজ্ঞ শুরু হয়েছে তার রুদ্র আলোকে' তাঁর প্রার্থনা যেন সত্য হয়েছে —

কোন ঘাটে যে ঠেকবে এসে কে জানে তার পাতি
পথহারা কোন পথ দিয়ে সে আসবে রাতারাতি
কোন অচেনা আঙিনাতে তারি পূজার বাতি
রয়েছে পথ চেয়ে
অগৌরবার বাড়িয়ে গরব করবে আপন সাথী
বিরহী মোর নেয়ে।

ইতিহাসের বৃহৎ প্রলয়ের মধ্য দিয়ে ইতিহাস বিধাতা সাগর পার হয়ে পুরস্কারের বরমাল্য নিয়ে আসছেন। সেই মাল্য ইতিহাসের গভীর ও সার্থকভাবে উপলব্ধিকারীদের প্রাপ্য। আবার ৩৭ নং কবিতাতে বলেছেন—

"শুধু এক মনে হও পার
এ প্রলয় পারাবার
নতুন সৃষ্টির উপকূলে
নূতন বিজয় — ধ্বজা তুলে।

কবিতার শেষে কবি এই বিশ্বাসে স্থিত, যে প্রলয় বা পরিবর্তনের আগমনী অবশ্যম্ভাবী। প্রবল 'ত্যাগ, দুঃখ নিয়ে জগৎব্যাপী মানুষের যে আকাঙ্খা তা সার্থক হবে 'মৃত্যুর অন্তরে পশি' অমৃতের সন্ধান লাভ করে।

উক্ত কবিতাগুলির প্রকাশভঙ্গী ও পরিবেশের সঙ্গে ফাল্গুনীর কোন আপাত সাদৃশ্য নেই। কিন্তু মূল মর্মবাণীটি অনুধাবন করলে ঐক্যের মূল সুরটি নতুনভাবে উদ্ভাসিত হয়। ফাল্গুনীতে যে বসন্তের আহ্বান কবি করেছেন ঋতুনাট্যের মাধ্যমে তা যেমন মানবজীবনকে প্রতিকায়িত করেছে তেমনই কি মানবসভ্যতাকে করেনি? বার্ধক্যে উপনীত হবার পরও যৌবন নবতর উপলব্ধি নিয়ে প্রকাশিত হয়। আবার মানবসভ্যতার ক্ষেত্রেও বলা যায় — প্রবল প্রলয় সংঘাতের মধ্য দিয়ে পুরনো সমাজ বা ক্ষয়িষ্ণু মূল্যবোধকে ভেঙে মানব সভ্যতার জয়যাত্রা ঘটে নতুনের পথে। দুই ব্যক্তির বক্তব্যানুসারে আমরা এটিকে যাচাই করতে পারি। প্রথমতঃ রবীন্দ্রনাথ —

"ফাল্গুনীর গোড়াকার কথাটা হচ্ছে এই যে যুবকেরা বসন্ত উৎসব করতে বেরিয়েছে। কিন্তু এ উৎসব তো আমোদ করা নয়, এ তো অনায়াসে হবা জো নেই। জরার অবসাদ, মৃত্যুর ভয় লঙ্ঘন করে তবে সেই নবজীবনের আনন্দে পৌঁছনো যায়। তাই যুবকেরা বললে আনব সেই জরা বুড়োকে বেঁধে, সেই মৃত্যুকে বন্দী করে। মানুষের ইতিহাসে তো এই লীলা এই বসন্তোৎসব বারে বারে দেখতে পাই। তারা সমাজকে ঘনিয়ে ধরে, প্রথা অচল হয়ে বসে, পুরাতনের অত্যাচার নূতন প্রাণকে দলন করে নির্জীব করতে চায় — তখন মানুষ মৃত্যুর মধ্যে ঝাঁপ দিয়ে পড়ে, বিপ্লবের ভিতর দিয়ে নববসন্তের উৎসবের আয়োজন করে, সেই আয়োজনই তো যুরোপে চলছে। সেখানে নতুন যুগে বসন্তের হোলিখেলা আরম্ভ হয়েছে। মানুষের ইতিহাস আপন চিরনবীন অমর মূর্ত্তি প্রকাশ করবে বলে মৃত্যুকে তলব করেছে। মৃত্যুই তার প্রসাধনে নিযুক্ত হয়েছে।" (আত্মপরিচয়)

এই বক্তব্যকেই রবীন্দ্রনাথ বলিয়েছেন 'বাউল' এর মুখ দিয়ে 'ফাল্গুনী'-তে সে বলছে —

"যুগে যুগে মানুষ লড়াই করেছে। আজ বসন্তের হাওয়ার তারই ঢেউ।

— তারই ঢেউ?

— হ্যাঁ। যারা ঝরে অমর বসন্তের কচি পাতায় তারাই পত্র পাঠিয়েছে দিগ্‌দিগন্তে তারা রটাচ্ছে আমরা পথের বিচার করিনি। আমরা পাথেয়র হিসাব রাখিনি। আমরা ছুটে এসেছি — আমরা ফুটে বেরিয়েছি। আমরা যদি ভাবতে বসতুম তবে বসন্তের দশা কি হতো!"

এই 'লড়াই' শুধুমাত্র একক ব্যক্তির যৌবনলাভের নয়, সমগ্র জাতির পুনরুজ্জীবন লাভের বলেও ভাবা যেতে পারে, রবীন্দ্রনাথের বক্তব্যানুসারে এভাবেই আমরা 'ফাল্গুনী' ও 'বলাকা'র সমন্বয়ী তাৎপর্য খুঁজে পাই। বলাকায় যে নবীনত্বের কথা তিনি লিখেছিলেন তারই নাট্যপ্রেক্ষিতে যেন হয়ে উঠল 'ফাল্গুনী'। তিনি মূল নাটকের পূর্বে 'বৈরাগ্যসাধন' অংশটিকে জুড়ে দিয়ে মানবজীবনে যৌবনের পুনরাবির্ভাবকে সূচিত করলেন আর সমগ্র নাটকের ফাঁকে ফাঁকে বৃহত্তর বিশ্বজনীনতার সংকেত রাখলেন। এভাবেই 'বিরহী মোর নেয়ে' কে যেন খুঁজে পেলাম 'সর্দার' এর মধ্যে। এভাবেই সমন্বয়ী তাৎপর্যে লীন হয়ে কাল — 'বলাকা' ও 'ফাল্গুনী'।

গ্রন্থঋণ :

১। বলাকা — বিশ্বভারতী
২। ফাল্গুনী — র. রচনাবলী, সুলভ ৬ষ্ঠ খন্ড
৩। আত্মপরিচয় — র. রচনাবলী, সুলভ, ১৪শ খন্ড
৪। রবীন্দ্রনাট্যপ্রবাহ — প্রমথনাথ বিশী।
৫। রবিজীবনী-৭ — প্রশান্তকুমার পাল

# Tryst With Tagore

***Shritama Bose***
***English Department, 1st Year***

I have not had the opportunity of making a thorough study of Tagore. Neither do I consider myself equipped enough to explore the vicissitudes of his life and/or works in an article such as this. I shall still put down my thoughts as an initiate who studied him in translation for her Plus Two board exam.

We had studied his poem 'Flute Music' (*Banshi*) and his short story 'Punishment' (*Shaasti*). To me, they represented two different movements of the eternal cycle of life. Yet both dealt with the eternal human desire of transcendence and subsequent release. While the former was about the ethereal and elevating quality of music, the latter dealt with the less subtle device of death. Haripada and Chandara are both yearning for release- one momentary, and the other permanent. They are both victims of much torment. In consequence, their yearning does not stem from a sense of satisfaction with their lot; rather it is the aftermath of utter dissatisfaction and dejection. One finds that element of escapism which Keats has often been accused of resorting to.

I have personally been more deeply affected by the short story than by the poem. Amidst the hue and cry that women's emancipation has raised in the post-modern world, a reading of the story gives us an idea of a different grade of women's emancipation. Here Chandara emerges as a woman who is emotionally complex, her being further complicated by her stormy conjugal situation. Her love for her husband is too intense for her to bear the minutest act of betrayal on his part. Expectedly, she is shocked to the core when her husband Chidam asks her to shoulder the blame of her sister-in-law's murder. Though he assures and reassures her that she would be saved, the fuse has already been sparked off. She becomes hell-bent on dying and gaining release from the pangs of such devastating love. Her level of intellect does not allow her to comprehend the intricacies of her position. She simply feels tortured. To escape her inner angst, she is seen to be 'bending for the noose'. It is this desire for release, this hope of emancipation which endears death to her.

And herein comes in Tagore's vision. The story can now be read as a commentary on the woman's state- both in absolute terms, and with respect to society. in absolute terms, a woman -in her natural state of being- will succumb readily to the sway of her emotions. She will not make a forceful effort to suppress them. Since Chandara is a playful, flirtatious girl of nineteen, she is still close to her natural state of being. She unflinchingly follows her heart to the noose. When analysed vis-a-vis society, another dimension is added to Chandara's behaviour. It could be her kuri-caste background which spells doom for her. Her social status makes her suffer from a sense of insecurity, which gets extended to shroud her entire existence. Her estimation of herself is low, and Chidam's request only helps to worsen matters. Added to that is an unpolished mind which has not known genuine education. She is no position to think over her situation; she can only feel the pain. Most importantly, a reading of these two texts leaves us with a question. Is this world so full of despair that only a transcendental flight to another world could have some inkling of hope? And we have the entire corpus of Tagore's works and our own insides to search for the answer...

# রবীন্দ্রনাথের শিক্ষা ভাবনা

*ধ্রুবজ্যোতি চক্রবর্তী (সহ উপাচার্য, কলিকাতা বিশ্ববিদ্যালয়)*
*প্রাক্তনী, রসায়ন বিভাগ (১৯৭০-৭৩)*

আজ একবিংশ শতাব্দীর শিক্ষাঙ্গনের কেন্দ্রে দাঁড়িয়ে আমরা একটা শিক্ষা সমীক্ষা করতে আগ্রহী। দেশে শিক্ষার মান, শিক্ষন নীতি ও শিক্ষন পদ্ধতি নিয়ে প্রচুর আলোচনা, গবেষণা, উচ্চস্তরে চিন্তা ভাবনা হচ্ছে তবুও আমরা একটা নির্দ্দিষ্ট লক্ষ্যে পৌঁছতে পারিনি। দেশ সাহিত্যে, বিজ্ঞানে, সমাজবিজ্ঞানে, শিল্পে চারু ও কারুকলায় প্রচুর উন্নতি করেছে। কারিগরী বিদ্যায়, চিকিৎসা বিদ্যায়, মহাকাশ বিজ্ঞানেও দেশ পিছিয়ে নেই। দেশে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের সংখ্যাও কম নয়। খুব সাধারণ পরিবারের, কৃষক, শ্রমিক পরিবারের ছেলে মেয়েরাও বাধা বিপত্তি তুচ্ছ করে উচ্চশিক্ষায় এগিয়ে আসছে। তবু এও আমাদের স্বীকার করতে হবে যে সাক্ষরতার সংখ্যা আমাদের দেশে গর্ব করার মত নয়। এখনও অশিক্ষার অন্ধকারে বিশাল জনগোষ্ঠী দেশে চিন্তার কারণ। অশিক্ষা এক মারাত্মক ব্যাধি। এই ব্যাধি থেকে মুক্তি পাওয়ার জন্য সরকারী বেসরকারী সমস্ত উদ্যোগই অত্যাবশ্যক। সর্বজনীন শিক্ষা দেশের উন্নয়নের লক্ষ্য হওয়া দরকার।

শিক্ষা সম্বন্ধে রবীন্দ্রনাথের চিন্তা ভাবনা এই প্রসঙ্গে আমরা স্মরণ করি। কয়েক দশক আগে রবীন্দ্রনাথ তাঁর শিক্ষা সম্বন্ধীয় প্রবন্ধে বলেছেন — দেশের উচ্চবিত্তের মানুষ সর্বজনীন শিক্ষার বিরোধিতা করেছিলেন — তাঁদের বক্তব্য নিম্ন শ্রেণীর লোকেরা লেখাপড়া শিখলে আর দাস দাসী পাওয়া যাবে না। চাষীরা লাঙল কাঁধে মাঠে নামবে না। রবীন্দ্রনাথ এও বলেছিলেন মাতৃভাষাই শিক্ষার বাহন হওয়া উচিত। কারণ বিদেশী ভাষা সর্বসাধারণের বিদ্যাচর্চার পক্ষে সহজসাধ্য নয়।

দেশে শিক্ষার প্রসারের ব্যাপারে রবীন্দ্রনাথ অনেক মূল্যবান প্রবন্ধ রচনা করেছিলেন। এর মধ্যে ছাত্রদের উদ্দেশ্যে তিনি যে প্রবন্ধ রচনা করেছিলেন সেগুলির দিকে আমরা দৃষ্টিপাত করতে চেষ্টা করবো।

দেশের তরুণ সমাজ, ছাত্ররা কীভাবে পূর্ণতা লাভ করবে এই ছিল তাঁর চিন্তা। তিনি বলেছিলেন — "ছাত্ররা গড়িয়া উঠিতেছে ভাবের আলোকে, রসের বর্ষনে তাদের প্রাণ কোরকের গোপন মর্মস্থলে বিকাশ বেদনা কাজ করিতেছে। প্রকাশ তাদের মধ্যে থামিয়া যায় নাই। তাদের মধ্যে পরিপূর্ণতার ব্যঞ্জনা। সদ্‌গুরু ইহাদের শ্রদ্ধা করেন। ক্ষমার সহিত ইহাদের অপরাধ মার্জনা করেন।" ইহাদের মধ্যে তিনি পূর্ণ মনুষ্যত্বের সম্ভাবনা দেখেছিলেন। তিনি এও বলেছিলেন, যে গুরু নিজের বিদ্যাপদ বা জাত্যাভিমানের জন্য এদের অবজ্ঞা করেন তিনি গুরু পদের অযোগ্য এদের শ্রদ্ধা তিনি আশা করতে পারেন না। গুরুদের শাসনতন্ত্র তিনি একেবারেই মেনে নিতে পারতেন না। তাঁর বিচারে যারা বয়সে কাঁচা, জ্ঞানে অর্বাচীন, ক্ষমতায় দুর্বলকেও সহজেই শ্রদ্ধা করতে পারেন, যাঁরা জানেন "শক্তস্য ভূষণং ক্ষমা", যাঁরা ছাত্রকে মিত্রবৎ মনে করেন তাঁরাই ছাত্রদের ভার নেবার অধিকারী। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন ছাত্ররা যদি গুরুর কাছ থেকে একটু স্নেহ পায় তাহলে তারা তার কাছে হৃদয় উৎসর্গ করে দিয়ে বাঁচে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে রবীন্দ্রনাথ পৌরহিত্য করার জন্য আমন্ত্রিত হয়েছিলেন, সেখানে তদানীন্তন ভাইস চ্যান্সেলর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়-এর অনুরোধে তিনি ছাত্রদের উদ্দেশ্যে বাংলায় ভাষণ দেন। ব্রিটিশ আমলে এদেশে এ ছিল বিরল ঘটনা। রবীন্দ্রনাথ বাংলায় ভাষণ দিতে পেরে গর্ব অনুভব করেছিলেন। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন মাতৃভাষায় আত্মপ্রকাশ করাই শ্রেয়। তবে তিনি বিশ্বাস করতেন উচ্চমানের বিজ্ঞানচর্চার জন্য, এবং ব্যবহারিক জীবনে কাজের জন্য ইংরাজী ভাষা অপরিহার্য।

ছাত্রদের উদ্দেশ্যে তিনি বলেন আনন্দ ও গর্ব বহন করে তিনি এই সভায় উপস্থিত হয়েছেন। কিশোর বয়সে অভিভাবকদের নির্দেশে তিনি প্রেসিডেন্সি কলেজের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্তি হয়েছিলেন। প্রথম দিনেই কলেজের ছাত্ররা তাঁকে দেখে উচ্ছ্বসিত হয়ে পরিহাস করে উঠল। তিনি বুঝতে পারলেন তাঁর বাঙালী বেশভূষা দেখে এইসব সাহেবি পোষাক পরা ছেলেরা উপহাস করেছিল। তিনি দ্বিতীয় দিন আর প্রেসিডেন্সি কলেজে যাননি।

মাতৃভাষায় কাব্য সাধনা করে তিনি বিশ্বের দরবারে সর্ব্বোচ্চ সম্মান পেয়েছিলেন। এ তাঁর দেশের গর্ব। তাঁরও গর্ব। কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা ভাষাকে যে মর্যাদা দিয়েছে তার জন্য তিনি সম্মানিত বোধ করছেন। আর যে শৌর্যবান পুরুষ দেশের এই সৌভাগ্যের সূচনা করে গেছেন সেই আশুতোষ মুখোপাধ্যায়কে তিনি সম্মান জানান। য়ুরোপীয় সভ্যতা ধন সঞ্চয় ও শক্তি আবিস্কারের ব্যাপারে দ্রুত গতিতে অগ্রসর হচ্ছে। সমস্ত বিশ্বকে সে দেখাচ্ছে নতুন যুগের বিচিত্র রূপ। আমাদের দেশের তরুণ সমাজকে সেই প্রগতির সঙ্গে গতি মেলাতে হবে।

সেই সময় ঔপনিবেশিক শাসন ব্যবস্থায় দেশের সমাজ ব্যবস্থা, শিক্ষা ব্যবস্থা বিদেশী শাসনের আইনে স্বাধীন চিন্তা বা কর্মের সুযোগ পেত না। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন শিক্ষা ব্যবস্থায় স্বাধীনতা না পেলে সম্পূর্ণতা পাওয়া সম্ভব নয়। বিদেশী চালচলন রীতিনীতি আমাদের জাতীয় জীবনের প্রতিকূল। স্বদেশী পরিকাঠামো ও স্বদেশী ভাবধারা আমাদের শিক্ষা ব্যবস্থাকে পরিস্ফুট করবে এবং ছাত্রসমাজ যথা সম্ভব নিজের শক্তি প্রয়োগ ও বুদ্ধির কতৃত্ব অনুভব করে সার্থকতা লাভ করবে। স্বাধীনতা না পেলে তাদের ধ্যান ধারণা দুর্বল হয়ে যাবে এবং উদ্ভাবন শক্তির বিকাশ ঘটবে না। সাহিত্য, ইতিহাস, সমাজতত্ত্ব প্রভৃতি বিষয়ে ছাত্ররা তাদের বীক্ষণ শক্তি ও মনন শক্তির ব্যবহারে স্বাধীনতা পেলে তারা নিজের দেশকে, সমাজকে যথার্থভাবে চিনতে পারবে। আমাদের দেশের নিম্নশ্রেণীর প্রতিবেশীদের জীবন সম্বন্ধে অনুসন্ধান প্রক্রিয়া ছাত্রদের ঔৎসুক্য বাড়িয়ে দিয়ে শিক্ষার ক্ষেত্র প্রসারিত করতে সাহায্য করবে। রবীন্দ্রনাথের চিন্তার বৈশিষ্ট্য ছিল উচ্চ শ্রেণীকে আরও উচ্চে তোলা নয়, যারা নীচে আছে তাদের ওপরে তুলতে সাহায্য করা।

রবীন্দ্রনাথ ছাত্রদের মনে করিয়ে দিচ্ছেন দেশ মাতৃকার জন্য অনেক সঙ্গীত রচনা হয়েছে। অনেক কবিতা লেখা হয়েছে, কিন্তু আমাদের ঘরের পাশেই, ''যে ভারতমাতা ম্যালেরিয়া জীর্ণ, প্লীহারোগীকে কোলে লইয়া হতাশ দৃষ্টিতে চাহিয়া আছেন ইহা দেখাই যথার্থ দেখা।'' কবি নিজের তারুণ্যের অনুভূতির কথা স্মরণ করে বলেন এই সব ছাত্রদের অন্তরের সূক্ষ্ম তন্ত্রীতে উদার ছন্দে আত্ম নিবেদনের প্রেরণা অনুরণিত হয়। স্বদেশের হীনতায় তাদের হৃদয় সংকুচিত হয়, স্বদেশের অভাব অগৌরব দুরীভূত করার জন্য তারা সমস্ত বাধা বিঘ্ন তুচ্ছ করে ঝাঁপিয়ে পড়তে প্রস্তুত। এদের উদ্দেশ্যে তিনি লিখেছেন —

''যেখানে ডাক পড়ে, জীবন মরণ ঝড়ে / আমরা প্রস্তুত / আমরা চঞ্চল আমরা অদ্ভুত / আমরা নতুন যৌবনের দূত।''

রবীন্দ্রনাথ সারস্বত বর্গের নামে এই তরুণ সমাজকে আহ্বান করে বলেছেন নিজের শক্তি সম্বল করে, ত্যাগের পথে, ভোগের পথে নয়, কর্মের পথে, দেশ মাতৃকায় সেবায় আত্মনিবেদন প্রয়োজন। এখানে দিনের পর দিন বিনা পুরস্কারে খ্যাতি বিহীন কর্মে স্বদেশ প্রেমকে সার্থক করাই লক্ষ্য হউক। তিনি আবার বলেছেন তাঁর এই আহ্বান যদি ছাত্র সমাজের মনে স্থান না পায় তিনি ক্ষুব্ধ হবেন না। তিনি বিশ্বাস রাখেন একদিন নবজাগরণ হবে। দেশ মাতৃকার তরুণ সমাজ এগিয়ে আসবে।

আজ আমাদের শিক্ষাঙ্গনে এক অস্থিরতার ছবি আমাদের হতাশ করে। ছাত্রদের মধ্যে অসহিষ্ণুতা, অসংযম, অবিশ্বাস, শিক্ষাক্ষেত্রে বিশৃঙ্খলা সৃষ্টি, উচ্ছৃঙ্খলতা আমাদের ভাবিয়ে তোলে। আমরা বিশ্বাস করি এই বিভ্রান্তি স্থায়ী হবে না। রবীন্দ্রনাথ বলেছিলেন, মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ। আমরা অবশ্যই এই কথা মনে রাখবো।

# রবীন্দ্রনাথ : দুই প্রজন্মের যোগসূত্র


*ড. মৈত্রী ভট্টাচার্য্য*

***অধ্যাপক, প্রাক্তনী, পদার্থবিদ্যা, (১৯৭৮-৮১) জৈব রসায়ন বিভাগ, কলিকাতা বিশ্ববিদ্যালয়***


'নব আনন্দে জাগো' — নতুন স্বতঃই বরণীয়, শৈশবে নতুন বইয়ের আঘ্রাণটুকু বুক ভরে নিয়েই তো জীবন-উপলব্ধির আস্বাদন — নতুন প্রজন্মকে তাই যত দেখি, ততই বাঁচার আকুতি বেড়ে যায়। আমরা একদিন যে ঐতিহ্যময় কলেজের প্রাঙ্গনে হেঁটেছি, চলেছি — আর, যারা সেই শিক্ষাঙ্গনে ফুল ফোটায়, অথবা, যারা প্রথাগত শিক্ষার আঙিনায় প্রবেশ করার সুযোগ থেকে বঞ্চিত, তাদের সৃজনী মনের স্বপ্ন অজানা দেওয়ালে ছবি আঁকে — তাদের সবার মাঝে প্রতিদিন নতুন করে জীবনকে আবিষ্কার করি। আমার অনুভূতি আমাকে জানিয়ে দেয়, নতুন প্রজন্ম পরিবেশের জন্য আরও বেশী উপযোগী, ওদের প্রতিভা, ওদের যোগ্যতা, ওদের হৃদয়বৃত্তি আমাকে রোমাঞ্চিত করে। দুই হাজার দশ সালে 'মিলাই' এর সন্ধ্যায় যখন সদ্য কৈশোর উত্তীর্ণ হাজার দেড়ের তরুণ প্রাণ ব্যান্ডের গানে উদ্বেল, ওদের শরীরী ভাষায় তখন প্রাণের মূর্চ্ছনা, ওদের প্রাণের জোয়ার আমায় আপ্লুত করে — হারিয়ে যাই সেই সত্তর-আশির দশকে। সেইসব নানা রঙের দিনগুলি ছিল সংস্কৃতি-অপসংস্কৃতির বির্তকে সমাকীর্ণ — সেদিন যৌবনের আবেগ ধ্বনিত হত অচিন্ত্যকুমার সেনগুপ্তের হাত ধরে — জীবন সেদিন ছিল 'নেইরাজ্যের আর নৈরাজ্যের বাসিন্দা' — সেদিন ছিল টানাটানি করে 'The Conquest of Happiness' পড়ার দিন।

তারপর জল অনেক গড়িয়েছে, সেই অস্থিরতার বেড়াজাল ঘেরা বাংলার অবগুণ্ঠন সরে গিয়েছে, বিশ্বায়নের রোদ্দুরে তার দেহেও উত্তাপের ছোঁয়াচ লেগেছে, পাড়ার ছোট মুদির দোকান সরে গিয়ে ঝাঁ চক্চকে শপিং মল এসেছে, মহীনের ঘোড়াগুলির ছটফটানি পরিপূর্ণতার জন্য পথ খুঁজছে Indian Ocean এর ব্যপ্তিতে, বাংলারই ছেলের মগজের স্বাক্ষরে ওয়েবক্যাম্ পৃথিবীকে পৌঁছে দিয়েছে দশ ফুট বাই দশ ফুট ঘরের টেবিলে। ১৯৮০ সালের শুরু থেকে ২০১০ সালের শেষ পর্য্যন্ত তিরিশ বছর সময়ের নিরবিচ্ছিন্ন এই বর্ণালীটাকে বিশ্লেষণ করতে গিয়ে বারেবারে হোঁচট খাই — ১৯৫০ থেকে ১৯৮০ এই তিরিশ বছর কিন্তু জীবনচর্যাকে এমনভাবে ধুয়েমুছে বদলে দেয়নি — এখনও জানিনা, ২০১০ থেকে ২০৪০ সাল মানব সভ্যতাকে কোথায় পৌঁছে দেবে — সামাজিক অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে আবহাওয়া পরিবর্তনের নতুন সংকেত কিভাবে জীবনকে প্রভাবিত করবে!

সময়ের সঙ্গে সঙ্গে মনন বদলায়, পরিবর্তিত হয় কৃষ্টি-সংস্কৃতি, তবু কোথায় যেন কিছু অবিচ্ছিন্ন অনুভূতির স্রোত নানা প্রজন্মকে বিনি সুতোর মালায় গেঁথে রাখে — তাইতো জীবন প্রবাহের ধারাবাহিকতা রক্ষিত হয়। মানবতাবাদের অবিচ্ছিন্ন অন্বেষণ নিঃসন্দেহে প্রজন্মান্তরের ব্যবধান হ্রাস করে, আর বিশ্বমানবতাবাদের যিনি পূজারী সেই রবীন্দ্রনাথ ঠাকুর আমাদের ভিন্ন প্রজন্মের মাঝে হয়ে ওঠেন সংযোজনী সূত্র। সার্ধশতবর্ষে তাঁকে হৃদয়ের প্রণতি জানাতে গিয়ে নবপ্রজন্মের কণ্ঠে শুনি — ''বাঁধ ভেঙে দাও, বাঁধ ভেঙে দাও' — বাঁধভাঙা জোয়ারের জলের মতই তারুণ্যের উচ্ছ্বাস আর প্রাণের কলতানে আমায় আবিষ্ট করে — আবার অনুভব করি, রবীন্দ্রনাথ ছিলেন, আছেন, থাকবেন। বাংলাদেশে কবি সাহিত্যিক অগণ্য, মানবতাবাদী, দার্শনিক শিল্পী সত্তাও কিছু কম নয় — বিভিন্ন প্রজন্মের সময় সারণী বেয়ে তাদের আসা যাওয়ার পথ, কিন্তু রবীন্দ্রনাথের মত করে অতীত-বর্তমান-ভবিষ্যতের বন্ধন রচনা করতে

আর কেউই সার্থক হননি। 'আমি রূপে তোমায় ভোলাবো না' অথবা 'ভেঙে মোর ঘরের চাবি'-র মত গান আজও ঠাকুর্দা-মা আর নাতনীতে একই সঙ্গে বিহ্বল করে রাখে। রবীন্দ্রনাথ এই সার্থকতায় উত্তীর্ণ হয়েছেন, তার কারণ — নিজের সময় থেকে একশ বছর এগিয়ে ছিল তার পথচলা — তাই আজও তিনি বড় বেশী করেই প্রাসঙ্গিক। আজও আমাদের সুখে-দুঃখে-প্রেমে-বিরহে-জয়ে-পরাজয়ে বারেবারে ফিরে যাই তাঁর কাছে, সেই মানুষটির কাছে আমাদের প্রাপ্তি সীমাহীন।

আমাদের আধুনিক জীবনকে ঘিরে রেখেছে বিজ্ঞানের বৃত্ত, কিন্তু ভাবতেও বিস্ময় লাগে, সময়কে অতিক্রম করার সাধনায় 'বিশ্বপরিচয়' এ পরিবেশিত বিজ্ঞানের তত্ত্ব কবিমানসে আলোড়ন তুলেছিল। কবির সাতাত্তর বছর বয়সে প্রথম প্রকাশিত এই বইটি তিনি বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুকে সমর্পণ করেছিলেন। বইটির প্রারম্ভে কবি লিখেছেন, জ্যোর্তিবিজ্ঞান ও প্রাণবিজ্ঞান তাকে চিরদিন আকৃষ্ট করেছিল। স্যার রবার্ট বল এর জ্যোর্তিবিজ্ঞান এবং অ্যালডাস্ হাক্সলি'র প্রাণবিজ্ঞানের প্রবন্ধ তাকে আনন্দ দিয়েছিল। সারাজীবন ধরে তাঁর এই আগ্রহ আর কৌতূহলকে লালন করে নানা জায়গা থেকে সংগৃহীত প্রমত্তা তিনি উজাড় করে দিয়েছেন 'বিশ্বপরিচয়ে' — লক্ষ্য ছিল ছাত্র ও জনসাধারণের বিজ্ঞানশিক্ষা। সুদূর ১৯৩৮ খ্রীষ্টাব্দে লেখা এই বইটিতে শিক্ষক রবীন্দ্রনাথের যে চিত্র আমরা পাই, তা নিঃসন্দেহে কবির জীবনে নতুন মাত্রা যোগ করে। আমি এই প্রবন্ধে আধুনিক বিজ্ঞানের নিরিখে বিশ্বকবির দু-একটা উদ্ধৃতি শুধু উল্লেখ করবো। রাদারফোর্ড এর পরমাণু মডেল ব্যাখ্যা করতে গিয়ে রবীন্দ্রনাথ বলেছেন — "ইলেকট্রন যদি একটানা পথে চলত তাহলে ক্রমে তার শক্তি ক্ষয় হয়ে ক্রমে পথ খাটো করে সে গিয়ে পড়ত কেন্দ্রবস্তুর উপরে। পরমাণুর সর্বনাশ ঘটত। ..... ইলেকট্রন তেজ বিকীর্ণ করে কেবল যখন সে বাইরের পথ থেকে ভিতরের পথে আর্বিভূত হয়। যতক্ষণ একই কক্ষে চলতে থাকে ততক্ষণ তার শক্তি বিকিরণ বন্ধ।" — নীলস্ বোহ্র এর কোয়ান্টাম তত্ত্বের এমন মুখবন্ধ আর কোথায় পাওয়া যাবে?

ভাবতেও অবাক লাগে, কবিগুরু সাহিত্য আর দর্শনের পাশাপাশি বিজ্ঞানকে তার সহজাত প্রতিভায় আত্মস্থ করেছিলেন। 'শেষের কবিতা'য় অমিত রায়ের বাক্‌চাতুর্যে পদার্থবিজ্ঞান বারেবারে দ্যুতিময় হয়েছে। মনে পড়ে যোগমায়ার উদ্দেশ্যে অমিতের উক্তি — "মাসীমা, আমার মনের স্বকীয় একটা স্পেসিফিক গ্র্যাভিটি আছে, তারই গুণে আমার হৃদয়ের ভারী কথাগুলোও মুখে খুব হালকা হয়ে ভেসে ওঠে, তাই বলে তার ওজন কমে না।" — আর্কিমিডিসের তত্ত্বকে এমন প্রাঞ্জল ভাষায় লেখা যেতে পারে, তা তো জানাই ছিল না! অথবা, যেখানে অতি সহজে তিনি Relativitic Mechanics উদ্‌ঘাটিত করেন — "নামের দূরত্ব ঠিক করতে গেলে মেপে দেখতে হয়, শব্দটা কানের সদর থেকে মনের অন্দরে পৌঁছতে কতক্ষণ লাগে। বেগ দ্রুত করতে গেলে বস্তু কমাতে হবে, অমিতবাবুর বাবুটা বাদ দিন।" আবার আইনস্টাইনের স্থান-কালের সংশ্লেষকে উদ্দেশ্য করেই তিনি 'ঐকতান' এ লিখেছেন, —

"সবচেয়ে দুর্গম যে মানুষ আপন অন্তরালে<br>
তার কোনো পরিমাপ নেই বাহিরের দেশে কালে।"

— এইজন্যই রবীন্দ্রনাথ আজও বড় বেশী আমাদের প্রাণের কাছে, একশত বছর ধরে তাঁর লেখা আজও আমাদের নতুন করে ভাবায়!

আর এক রবীন্দ্রনাথকে খুঁজে পাওয়া যায়, তাঁর মহামানবতত্ত্বে। তাঁর এই মানবদেবতার পূজায় কোথাও মন্দির নেই, মসজিদ নেই, গীর্জা নেই, আছে কেবল হিউম্যানিটির পূজা। সম্প্রতি প্রথিতযশা এক ব্যক্তিত্ব "মনের মানুষ" চলচ্চিত্র তৈরী করে জাতীয় পুরস্কার পেয়েছেন — নতুন করে বৃহত্তর মানবধর্ম নিয়ে আলোচনা শুরু হয়েছে। এই প্রসঙ্গে স্মরণীয়, ১৯৩৩ সালে বিশ্বকবি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আশুতোষ মুখোপাধ্যায়ের পরলোকগতা কন্যার স্মৃতিতে আয়োজিত কমলা স্মৃতি বক্তৃতা দেন, তার বক্তব্যের শিরোনাম ছিল "মানুষের ধর্ম" — সেই বক্তৃতায় তিনি বলেছিলেন, উপনিষদের ঋষি কবিদের চিন্তার সঙ্গে লালনের মত বাউলদের চিন্তার সমতার কথা। তাঁর জীবনদেবতা ও বাউলদের 'মনের মানুষ' তাঁর মনে গভীর স্থান পেয়েছিল। বাউলদের দর্শন, তাদের মনের মানুষের সাধনা তাঁর নানা বক্তৃতায় স্থান পেয়েছিল। এমনকি ১৯৩০ সালে অক্সফোর্ড শহরে Hibbert স্মৃতি বক্তৃতা "Religion of Man"-এ তিনি গগন হরকরার "আমি কোথায় পাবো তারে / আমার মনের মানুষ যে রে—" গানটির উল্লেখ করেছেন। বাউলরা যেমন আপন অন্তরে গোপন-বাসী মনের মানুষকে খুঁজে বেড়াচ্ছেন, বিশ্বকবির রচনায়ও তেমনি প্রকাশিত জীবনদেবতাকে খুঁজে পাওয়ার আকুলতা।

রবীন্দ্রনাথের সমস্ত লেখার মূল কথা হল, নিজেকে খোঁজা — আত্মানুসন্ধান। আধুনিক জীবনের সংকট থেকে ত্রাণ পাওয়ারও এক বড় উপায় হল নিজেকে আবিস্কার করা। আজকে পৃথিবীর যে দৈনন্দিন গতি, ন্যায়-অন্যায়ের যে সূচক জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত — তারই সঙ্গে বিলীন হয়ে আছে নিজেকে চেনার সংকেত। কবি পেরেছিলেন — জীবনের সাফল্যে সমান্তরালে অসংখ্য আঘাতের সহাবস্থান তাঁকে নিজেকে চিনতে আর জানতে সাহায্য করেছিল, তাই অমন স্পর্ধায় করে বলতে পেরেছিলেন —

"তখন কে বলে গো সেই প্রভাতে নেই আমি।<br>
সকল খেলায় করবে খেলা এই আমি ....."

যে প্রজন্ম ব্যবধান ও প্রজন্মান্তরের সূত্র খুঁজতে গিয়ে রবীন্দ্রনাথকে অবলম্বন করেছিলাম, আবার ফিরে আসি সেখানে — কবির মানবতাবাদ এর তত্ত্ব প্রজন্মের পর প্রজন্মকে আকৃষ্ট করবে। সংগীতের রূপরেখার পরিবর্তন হবে, তবু তারুণ্যের আবেগ-উদ্দীপনা-একাত্মতার কোনো পরিবর্তন হবে না — হিংসায় উন্মত্ত পৃথ্বী, নিত্য নিঠুর দ্বন্দ্ব "মুছে যাবে, ঘুচে যাবে, ঘোর কুটিল পন্থ তার, লোভ জটিল বন্ধ" — বেঁচে থাকবে জীবনের জয়গান। আমরা যারা একদিন জীবনের স্বপ্ন এঁকেছি বেকার ল্যাবটোরিতে, ডিরোজিও বিল্ডিং এর করিডরে অথবা মেইন বিল্ডিং-এর সেই মহিমান্বিত সোপানশ্রেণীর নক্‌শায়, তারা নস্টালজিক মেদুরতায় আচ্ছন্ন হয়ে তখনও বলবো —

"আবার যদি ইচ্ছা কর, আবার আসি ফিরে ....."

# আমার রবীন্দ্রনাথ

*মালিনী ভট্টাচার্য*

*সভানেত্রী মহিলা কমিশন, প্রাক্তনী, ইংরেজী বিভাগ (১৯৬১-৬২)*

তাঁর সঙ্গে কবে আমার প্রথম পরিচয় তা আমি ভালো করে মনেই করতে পারি না। তবে বোধহয় তা অক্ষর পরিচয়ের আগেই। কারণ 'সহজপাঠে'র 'আমাদের ছোটো নদী' মা-বাবার মুখে শুনে শুনেই আমার শেখা। মুখে মুখে যখন তা আধো আধো ভাষায় বলতে পারি, তখনও বই এর পাতার ওপর আঙুল দাগিয়ে অক্ষরগুলো পড়ছি বলে আমার মনে পড়ে না। তবে সেই নিরক্ষর অবস্থাতেই নন্দলাল বসুর সাদা কালো উডকাটের ছবি প্রত্যেকটি ছড়ার সঙ্গে এক হয়ে অন্তরাত্মায় জড়িয়ে গেছে। পরে জেনেছি ছবির জগতে এগুলি এক ধরণের অসাধারণ এক্সপেরিমেন্ট, সেসময়েও অবশ্য সাদা কালোর রেখা জালের মধ্য থেকে পরিচিত প্রতিমার উঠে আসা এবং কথার সঙ্গে যুক্ত হয়ে যাওয়া শিশুমনে যে অলৌকিক চমক লাগাত, তা মনে আছে।

'সহজপাঠ' প্রথম ভাগ বর্ণপরিচয় হিসাবে কতোটা মানানসই তা নিয়ে বির্তক আছে। তবে আমাদের ছোটোবেলায় কোনো একটি বিশেষ বর্ণপরিচয়ের বই থেকে আমরা যে অক্ষর চিনতে শিখিনি, তা আমার স্পষ্টই মনে পড়ে। বিদ্যাসাগর মশায়ের 'বর্ণপরিচয়' চোখে দেখেছি অনেক পরে। যোগীন সরকারের 'হাসিখুশি', 'হাসিরাশি' ছাড়াও আরো কিছু ছবিওলা বর্ণপরিচয়ের বই হাতের কাছে চোখের সামনে অস্থায়ীভাবে ঘুরে বেড়াত, সেগুলির অস্তিত্ব হয়তো আজ সম্পূর্ণই মুছে গেছে। কোন্‌টা থেকে ঠিক অক্ষর পড়তে শিখলাম তা বলতে পারব না। তবে 'সহজপাঠ' প্রথম ভাগ এবং তার পরে দ্বিতীয় ও তৃতীয় ভাগ বাংলা পড়তে শেখার পাশে পাশে নন্দলাল বসুর ছবিতে ঘরের পাশ দিয়ে যাওয়া গ্রামের রাস্তার মতো ঘুরে ঘুরে ফিরে এসেছে। তার মধ্য দিয়েই কানে বেজেছে বাংলা ভাষার মৌলিক সংগীত, এমনই তার প্রভাব যে ষাট বছর বাদে আজও 'সহজপাঠ' প্রথম ভাগের গদ্যাংশের লাইনগুলি পর্যন্ত আমার কানে গুঞ্জনধ্বনি রেখে যায়।

আমাদের বাড়িতে সেসময়ে দুটি নড়বড়ে কাঠের শেলফে বই রাখা মত। মনে পড়ে তার মধ্যে বসুমতী সাহিত্য মন্দিরের প্রকাশনায় বঙ্কিমচন্দ্রের উপন্যাসের দুটি খন্ড ছাড়াও ছিল নরেন্দ্র দেব কৃত ওমর খৈয়ামের সচিত্র অনুবাদ, ওয়াল্টার স্কটের 'আইভ্যান হো' এবং বিপ্রদাস মুখোপাধ্যায়ের বিপুলায়তন নীল সাটিনে বাঁধাই করা 'পাকপ্রণালী'। এসমস্ত বই এর বেশ কয়েকটিই ছিল আমার মায়ের বিয়েতে পাওয়া উপহার, কারণ তখন বিয়েতে বই উপহার দেবার প্রথা খুবই চালু ছিল। কালো রেক্সিনে বাঁধাই রবীন্দ্রনাথের 'বিচিত্রিতা'-র একটি সুদৃশ্য সংস্করণও সেইসঙ্গে ছিল। যার ছবিগুলি গগনেন্দ্রনাথের আঁকা। বাংলা হরফ পড়তে শেখার পর থেকে এসব বই এর রাজ্যে আমার অবাধ বিচরণ বোঝা না-বোঝার তোয়াক্কা না করেই। কিন্তু ওই বুক-শেলফের সবচেয়ে গর্বের জায়গাটি ছিল মেরুণ রেক্সিনের শক্ত মলাট-দেওয়া রবীন্দ্রনাথের পাশ-ফেরানো মুখের ছাপ-মারা বিশ্বভারতীর রবীন্দ্র রচনাবলীর তেরোটি খণ্ডের জন্য সংরক্ষিত। হ্যাঁ, সেসময়ে ঐ রচনাবলী ত্রয়োদশ খণ্ড পর্যন্তই প্রকাশিত হয়েছিল। আর ঐ তেরোটি খণ্ড ছিল নববিবাহিতা আমার মাকে দেওয়া তাঁর শ্বশুরমশাই অর্থাৎ আমার পিতামহের বহুমূল্য স্নেহোপহার। ঐ সংস্করণের প্রতিটি খণ্ডেই তখন কবিতা, নাটক, উপন্যাস, প্রবন্ধের একটা সংকলন থাকত। বইগুলি প্রথম দিকে আমার বুভুক্ষু বিচরণের আওতায় বাইরেই ছিল। বিশ্বভারতীর স্বতন্ত্র প্রকাশিত পাতলা মলাটের 'শিশু'ই ছিল সেসময়ে আমার কচি দুই হাতের উপযোগী।

কিন্তু আমার ঠাকুরদাদা আমাকে তাঁর কোলে বসিয়ে সেই রেক্সিন বাঁধাই দামী রবীন্দ্র-রচনাবলীর সপ্তম খণ্ড থেকে 'কথা ও কাহিনী'র একটি দুটি করে কবিতা পড়ে শোনাতে শুরু করলেন। 'অনাথপিণ্ড' নামটির মানে না বুঝলেও তার ধ্বনি 'অম্বুদ নিনাদে'-র মতো আমার শৈশবসুপ্তির মধ্যে হানা দিয়েছিল।

সদ্য মেলিতেছে তরুণ তপন<br>
আলস্যে অরুণ সহাস্যলোচন<br>
শ্রাবস্তী পুরীর গগন-লগন-প্রাসাদে .....

শুনে মনে হতো আমাদের ছোট্টো বাড়ির উল্টোদিকে প্রাচীর-ঘেরা প্রাসাদটিই শ্রাবস্তীপুরীর সেই সৌধ যার মাথার ওপর দিয়ে ভোরের রাঙা আলো উঁকি দেয়, আর আমাদের গলিটিই সেই পথ যেখান দিয়ে অনাথপিণ্ড ঘুমন্ত নাগরিকদের ঘুম ভাঙিয়ে চলেছেন। এর পরে 'বলাকা' থেকে 'সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা'-ও আমি ঠাকুরদাদার কণ্ঠেই শুনেছি মনে পড়ে। এর মধ্য দিয়েই আস্তে আস্তে দুরবর্তী ঐ তেরোটি খন্ডের ওপর আমার দখল জারি হয়ে গেল। যে কোনো কারণেই হোক, এই সংস্করণটি থেকে আমার পড়া রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস 'বউঠাকুরাণীর হাট', যা ছিল এই রচনাবলীর প্রথম খন্ডেই। তাৎপর্য বুঝি বা না বুঝি, সবচেয়ে মনের মধ্যে দাগ কেটেছিল বর্ষার অন্ধকার দিনের সেই বর্ণনা, যেখানে যুবরাজ উদয়াদিত্য ঘরে বসে অনুভব করছেন তাঁর মৃত পত্নীর সর্বব্যাপী অনুপস্থিতি। লোকে শুনলে অবাক হবে 'ছেলেবেলা'র ঢের আগেই আমি পড়ে ফেলেছি 'জীবনস্মৃতি', যা নাকি 'বউঠাকুরাণীর হাটে'র মতোই সাধু ভাষায় লেখা। কিন্তু ভিতরে যে সরসতার ভাণ্ডার রয়েছে তার খোঁজ পাবার পর সাধু ক্রিয়াপদের বেড়াকে আর বেড়া বলেই মনে হয়নি।

এখনকার ছেলেমেয়েদের বিশ্বাস করা মুশকিল হবে, ক্লাস ফাইভের আগে আমি স্কুলেই ভর্তি হইনি। আমাদের বাংলা পাঠ্যপুস্তক ছিল 'পাঠপ্রচয়' বলে একটি বই, যার অন্যতম পাঠ্য ছিল রবীন্দ্রনাথের 'যজ্ঞেশ্বরের যজ্ঞ' গল্পটি। কন্যাদায়গ্রস্ত পিতার বিড়ম্বনা বোঝার বয়স সেটা ছিল না, তাও আবার গল্পটি সেই সাধুভাষায় লেখা। কিন্তু ততোদিনে রবীন্দ্রনাথের সাধুভাষার রস আমি পেয়ে গেছি। যজ্ঞেশ্বরের ঘর থেকে চঞ্চলা লক্ষ্মী উধাও হলেন, 'কিন্তু মেয়েটির মুখে নিজের শ্রী রাখিয়া গেলেন', এই আলংকারিক উক্তির অর্থ নিয়ে তাই ভাবতে হয়নি। বরের নাম হিসাবে 'বিভূতি' আমার একটুও পছন্দ ছিল না, আমি ভাবতাম ও নাম শুধু বয়স্কদেরই হয়। কিন্তু সেই বিভূতি যখন বিয়ে উপলক্ষ্যে দরিদ্র

কন্যাপক্ষকে নাকাল করার প্রতিবাদ করে গোয়ালাদের নির্দেশ দেয় বরযাত্রীরা কেউ কাদার মধ্যে ছানা ফেলে দিলে সেই ছানাই আবার তাদের পাতে তুলে দিতে, তখন এই ঘটনার মজাটা বিশেষভাবে মনকে আকৃষ্ট করেছিল। 'ছানা যথাস্থানে পৌঁছিতে লাগিল' এই সংক্ষিপ্ত শেষ লাইনটি প্রথম পড়ার সময়েই আমাকে চমকে দেয়।

শান্তিনিকেতনে আমার প্রথম যাওয়া ১৯৫০ সালের আশ্বিন মাসে, রবীন্দ্রনাথের মৃত্যুর ন'বছর পরে। তখনও বোধহয় ততোটা পরিবর্তন হয়নি তাঁর সময়ের শান্তিনিকেতন-এর। আমরা থাকতাম শ্রীনিকেতনের ফুটবল মাঠের গা ঘেঁষে বিশাল বটগাছের কোলে একটি দোতলা মাটির বাড়িতে। সন্ধ্যাবেলায় গৌরপ্রাঙ্গণে 'তাসের দেশ' নাটকটির অভিনয় দেখে জ্যোৎস্না-ধোয়া মাঠের ভিতর দিয়ে পায়ে হেঁটে বাড়ি ফেরার কথা এখনও মনে আছে। আমরা যাঁর বাড়িতে ছিলাম, তিনি ঐ নাটকে অভিনয় করেছিলেন ছক্কা বা পঞ্জার ভূমিকায়। নাটকটি তার আগে আমি পড়িনি, মনে হয় রবীন্দ্রনাথ জীবিত থাকতে যেভাবে অভিনয় হত, সেই ধারাটিই তখনও পর্যন্ত অক্ষুণ্ণ ছিল এবং সেই আঙ্গিকের অভিনয়ই আমি দেখেছিলাম। তাই আমার স্মৃতিতে এটা আবার তাঁকে স্পর্শ করার আরেক রকম অভিজ্ঞতা — আগে-দেখা মঞ্চাভিনয়ের আলোতে নাটকটি পড়ার অভিজ্ঞতা। কিন্তু সব থেকে বেশি করে যে স্মৃতি রয়ে গেছে, তা হল 'এলেম নতুন দেশে' গানটির সঙ্গে দলবদ্ধ নাচ, আজও ঐ গানটি শুনলে সেই নাচের ছন্দোবদ্ধ গতিই আমার চোখে ভাসে। তার আগে শোবার ঘরের খাটের ছত্রিতে শাড়ির পর্দা টাঙিয়ে পাড়ার বাচ্চাদের জুটিয়ে 'পূজারিণী'র অভিনয় করেছি। কিন্তু 'তাসের দেশ' দেখার মধ্য দিয়ে যেন মঞ্চাভিনয়ের ধারণার একটা নিঃশব্দ উত্তরণ ঘটে আমার মনে।

খুব সম্ভবত ১৯৫৪ সালে প্রায় কাকতলীয় ভাবেই জুটে যায় 'বহুরূপী'র 'রক্তকরবী' দেখার সুযোগ। আমার মনে পড়ে 'বহুরূপী' নাট্যগোষ্ঠী থেকেই কেউ একজন বাড়িতে এসে তিনটি পাস দিয়ে গিয়েছিলেন। তখন আমার বয়স এগারো। যা দেখতে যাচ্ছি সেটাকে যে সেসময়ে খোদার ওপর খোদকারি বলেই গণ্য করা হত, এবং শম্ভু মিত্রের পরিচালনায় রবীন্দ্রনাথ 'যথাযথ'ভাবে কতোটা আছেন তা নিয়ে যে কট্টরবাদীরা প্রশ্ন তুলেছিলেন তার কিছুই তখন জানতাম না। কিন্তু নিউ এম্পায়ার প্রেক্ষাগৃহের অন্ধকারে বসে বিস্ফারিত চোখে দেখেছিলাম কালো জালে ঘেরা যক্ষপুরীর বন্ধ সিংহদ্বার, যাই বাইরে ধাপের ওপর বসা নন্দিনীকে বেশ ছোটো দেখায়। বুকের মধ্যে ঢেউ তুলেছিল অদৃশ্য রাজার স্পষ্ট গম্ভীর উচ্চারণ, 'রাজার এঁটো'-দের টলায়মান মিছিল দেখে কাঠ হয়ে গিয়েছিলাম। নাটকটি সম্বন্ধে কোনো প্রাক্-ধারণা নিয়ে যাইনি, তাই মুগ্ধতার কোনো পরিসীমা ছিল না। এভাবে দেখেছিলাম বলেই হয়তো পরে বুঝেছি যে রবীন্দ্রনাথের 'রক্তকরবী'র সঙ্গে 'বহুরূপী'র 'রক্তকরবী'র তফাৎ থাকলেই বা কী! তাঁর রচিত জিনিষকে যে নানাভাবে পাঠ করা যায়, নানা অর্থের মাত্রা যে তার থেকে বার করে আনা যায়, সেও তো তাঁরই কৃতিত্ব। তাঁর থেকে সরে আসতে হলেও তাঁর পাঠ বা textকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। এই জন্যই উৎপল দত্তের 'অচলায়তন' কখনও দেখতে পাইনি বলে মনে ক্ষোভ থেকে গেছে। ক'বছর আগে সুমন মুখোপাধ্যায়ের পরিচালনায় 'ফাল্গুনী'র প্রথমাংশটি দেখে মনে হয়েছে এ নাটক এখন করলে ঠিক এভাবেই করা উচিত। আবার তারই পরিচালিত 'বিসর্জনে' রবীন্দ্রনাথের text কেবল ওপর ওপর গ্রহণ করা কারণেই হয়তো তা তেমনভাবে মনে দাগ কাটতে পারেনি।

রবীন্দ্রনাথের গানের সঙ্গেও আমার পরিচয় আমার জীবনের নিরক্ষরতার যুগ থেকেই। আমার মা-বাবা, আমার পিসি এঁরা সকলেই সুকণ্ঠের অধিকারীই শুধু ছিলেন না, কোনো উপলক্ষ্য ছাড়াই নানা কাজের মধ্যে নিজের মনে গুণগুণ করতে শুনেছি তাঁদের। তার জন্য 'গীতবিতানে'র সাহায্য লাগত না। তাই এখন কোনো গাইয়ে 'গীতবিতান' ছাড়া গান গাইতে পারেন না শুনলে বেশ অবাকই লাগে। রবীন্দ্রনাথের গানে কথায় যে ভূমিকা, তাতে গানটি যে শিখেছে সে কথা ভুলে যাবে, এমনটা আবার হয় নাকি? মা মধ্যে মধ্যে হারমোনিয়াম নিয়ে আমাদের দু'একটি রবীন্দ্রসংগীত তুলিয়েছেন। যেমন, 'কূল থেকে মোর গানের তরী' গানটি। কিন্তু তাঁর কাজের চাপের দরুণ কখনোই এ শিক্ষা নিয়মিত হতে পারেনি। তেমনি, বাবার কণ্ঠের গুনগুনানি থেকে আত্মসাৎ করেছি 'ওগো আমার চির অচেনা পরদেশী', আর পিসিমার কাছ থেকে 'এরে ভিখারী সাজায়ে কী রঙ্গ তুমি করিলে'। এভাবে গান শেখার সুবিধা এই যে, এ শেখার কোনো দায় নেই। গান করা ও গান শোনা এক্ষেত্রে দুই-ই নিছক ভালো লাগার ব্যাপার। তালিম ছাড়া গাইতেই কোনো সংকোচের প্রশ্ন নেই! তাই বছর দশেক আগে পঁচিশে বৈশাখের সকালে আমার প্রাক্তন ছাত্রী মিলি যখন এসে বলে, 'আপনাদের সঙ্গে রবীন্দ্রজয়ন্তী করতে এলাম', তখন নিজেদের বসার ঘরে কোনো প্রস্তুতি ছাড়াই রবীন্দ্রনাথের গান এবং রবীন্দ্রনাথের কবিতা গল্প-পাঠের আসর বসিয়ে দিতে পারি নিজেরা নিজেরাই। আর কাউকে ডাকতে হয় না।

সে সময়ে রবিবারের দুপুরবেলায় রবীন্দ্রসংগীতের অনুরোধের আসর হত আকাশবাণীতে। টেলিভিশন-পূর্ব সেই যুগ তো আকাশবাণীরই যুগ। পাড়ায় যে ক'টি বাড়িতে রেডিও ছিল, সব ক'টিতেই অনুরোধের আসর বাজত সাপ্তাহিক ছুটির দিনটিতে। আর প্রায় প্রতি রবিবারই অনুষ্ঠানটি শেষ হত 'নৃত্যের তালে তালে, হে নটরাজ' অথবা 'কৃষ্ণকলি আমি তারেই বলি' সুচিত্রা মিত্রের কণ্ঠে এই দুটি গানের একটি দিয়ে। আমাদের প্রজন্মের অশেষ সৌভাগ্য যে একই সঙ্গে রাজেশ্বরী দত্ত, সুচিত্রা মিত্র, কণিকা বন্দ্যোপাধ্যায়, দেবব্রত বিশ্বাসের মতো রবীন্দ্রসঙ্গীত সাধকেরা আমাদের জন্য গান করে গেছেন, যে দেবব্রত বিশ্বাস ষাটের দশকের গোড়ায় প্রেসিডেন্সি কলেজের বেকার ল্যাবরেটরিতে এসে সামান্য ৬১ টাকার বিনিময়ে গানের পর গান গেয়ে গেছেন, যে পৌষমেলায় ভোরের বৈতালিক শেষ হবার পরে আম্রকুঞ্জের পাশ দিয়ে যাবার সময়ে সুচিত্রা মিত্রকে দেখেছি গাছতলায় বসে খোলা গলায় 'এদিন আজি কোন্ ঘরে গো খুলে দিল দ্বার' গাইতে। তবে আমার আরো ব্যক্তিগত ছোটোবেলার স্মৃতি রয়েছে আজ প্রায়-বিস্মৃত মূলত অতুলপ্রসাদের গানের গায়িকা মঞ্জু গুপ্তকে নিয়ে। তিনি আমাদের প্রতিবেশী ছিলেন। তাঁর মেয়ের সঙ্গে আমরা খেলা করতে কখনও কখনও তাঁদের বাড়িতে যেতাম। একবার তিনি আমাদের সবাইকে ডেকে হারমোনিয়াম নিয়ে আমাদের গান শেখাতে শুরু করেছিলেন। দু-তিনদিনের বেশি চলেনি এই প্রশিক্ষণ, কিন্তু 'আমরা বেঁধেছি কাশের গুচ্ছ' গানটি তাঁর কাছেই শিখেছিলাম মনে পড়ে। এখনও ঐ গানটি শুনলে তাঁর সেই অতি মধুর কণ্ঠস্বর কানে বাজে।

W. B. Yeats এর একটি কবিতায় কবি বলেন, 'Myself I must remake'। রবীন্দ্রনাথ যে তাঁর জীবনে কতোবার নিজের পুনর্নির্মাণ করেছেন, তার

শেষ নেই। তার ফলে একটি ছোটো সীমানার মধ্যে তাঁকে ঢুকিয়ে, একটি দুটি উদ্ধৃতির পাঠ থেকে তাঁকে বোঝার চেষ্টা বৃথা। একই বিষয় নিয়ে তিনি যে নানা সময়ে নানা কথা বলেছেন, কোথাও কোথাও তাঁর কথার মধ্যে যে সত্যিকারের অন্তর্বিরোধ পাওয়া যায় এটা পুরোনো কথা। তার একটা কারণ এই যে আমরা অনেক সময়ে রবীন্দ্র-রচনাকে উত্তরাধিকার সূত্রে-প্রাপ্ত বহুমূল্য সেই প্রাচীন জামেওয়ারের মতো ব্যবহার করতে চাই, যার পুরোটাকে কাজে লাগাতে পারছি না বলে নিজেদের খুশিমতো টুকরো টুকরো কেটে যে যার কাজ চালিয়ে দিই। এতো রকমের উদ্ধৃতি অবহেলায় তিনি ছড়িয়ে ছিটিয়ে গেছেন, যে তার যে কোনোটা যে কেউ যে কোনো তাৎক্ষণিক প্রয়োজনে লাগাতে পারে। কিন্তু একজন লেখককে বুঝতে হলে তো আবার তাঁর সমগ্র সাহিত্যচর্চাকেই একটা বিস্তৃতির অংশ হিসাবে না দেখলে চলে না। শুধু তাই নয়, যে কোনো লেখকই থাকেন নিজের সময়ের এবং পরবর্তী অন্য সব লেখকের মধ্যে বিস্তৃত।

আমাদের প্রজন্মের যখন দরকার হয়েছিল নিজেদের পুনর্নির্মাণ করার এবং রবীন্দ্রনাথের আওতা থেকে দূরে সরে যাওয়ার, তখন আমরা তা করেছি। এ কাজ করেছেন আমাদের পূর্বসূরীরাও। কবিদের মতো সাধারণ মানুষদেরও নিজেদের ভেঙে গড়ার প্রয়োজন পড়ে। অস্তিত্ব যাতে প্লাবিত হয়ে আছে তার থেকে কিছুটা দূরে সরে দাঁড়াতে হয়। আর সত্যি কথা বলতে কী, আমরা তো রবীন্দ্রনাথের একক প্রভাবের ছত্রছায়ায় বড়ো হইনি। তখনও তো ছিল অন্যরকমের গান, অন্যরকমের নাটক ও উপন্যাস, ছিল জনপ্রিয় সিনেমা, ছিল আরো অনেক রকমের সাংস্কৃতিক আদানপ্রদানের ধারা এবং বাগ্‌ভঙ্গি। এমন কী, রবীন্দ্রনাথের নিজের জীবৎকালেরও কোনো একটা পর্বকে কি আলাদা করে বলা যায় যে এসময়ে তিনিই ছিলেন সর্বেসর্বা? প্রথমদিকে যেমন সুরেশচন্দ্র সমাজপতিরা ছিলেন, পরের দিকেও তো তেমনি তৈরি হয়েছে 'রবীন্দ্রোত্তর' আধুনিক সাহিত্যের প্রজন্ম। এঁদের প্রভাবের একটা পরিসরও তো নিশ্চয়ই ছিল। সত্তার মধ্যে রবীন্দ্রনাথ জড়িয়ে ছিলেন বলে তো চিনতে বাধা ঘটেনি জীবনানন্দ - সুধীন দত্ত - সমর সেনকে, 'পরশুরাম' রাজশেখর বসু বা মাণিক বন্দ্যোপাধ্যায়ের গদ্যে মুগ্ধ হওয়া তো আটকায়নি। আর আমার তো মনে হয় রবীন্দ্রনাথের সঙ্গে নিকট পরিচয় ঘটেছিল বলেই এঁদেরও কদর বোঝাটা সহজ হয়েছিল।

রবীন্দ্রনাথের খুঁত ধরতে গিয়ে সঙ্গত-অসঙ্গত অনেক প্রশ্নই অনেকে তুলেছেন। তাঁর বন্দনায় দরিদ্র খেটে-খাওয়া মানুষের কথা তেমনভাবে আসেনি এই অভিযোগ যেমন রয়েছে (কবিতার ক্ষেত্রে নিজের এই 'ত্রুটি' তিনি নিজেও তো স্বীকার করেছেন), তেমনি সশস্ত্র স্বাধীনতা আন্দোলনের নায়কদের প্রতি 'চার অধ্যায়' উপন্যাসে তিনি সুবিচার করেননি বলেও সমালোচিত হয়েছেন। জাতীয়তাবাদী আন্দোলনের মধ্যে মুসলিম সমাজকে, বিশেষত দরিদ্র মুসলিম কৃষককে একটেরে করে রাখার প্রবণতার তাঁর মতো কড়া সমালোচনা আর কেউই করেননি, তবু এও সত্য যে তাঁর সৃজনশীল সাহিত্যে মুসলিম চরিত্র আমরা তেমন দেখতে পাই না। এই নালিশও অনেকে করেছেন যে রবীন্দ্রনাথের ভক্তেরা যখন তাঁকেই একটি প্রতিষ্ঠানে পরিণত করার চেষ্টা করেছেন তখন তাতে তিনি কোনো আপত্তি করেননি, হয়তো প্রশ্রয়ই দিয়েছেন। এসব প্রশ্ন ওঠার প্রয়োজন আছে, তা নিয়ে আলোচনা তর্কবিতর্কেরও সুযোগ পড়েই রয়েছে। একটি জ্যান্ত ভাষার জ্যান্ত সাহিত্যে এরকম হওয়াটাই স্বাভাবিক। রবীন্দ্রনাথের রচনার ওপর বিশ্বভারতীর কপিরাইটের কাল যখন শেষ হল, তখন অনেকে বলেছিলেন, বাঁচা গেল, রবীন্দ্রনাথের লেখা ও রবীন্দ্রচর্চা এখন অনেক বেশি ব্যাপ্তি লাভ করবে। দুশ্চিন্তার বিষয় এটাই যে, তা হয়নি। রবীন্দ্রনাথের টুকরো যে যার মতো ব্যবহার করা হয়তো কিছুটা বেড়েছে। আসলে, নয়া উদারতন্ত্রের যুগে শিক্ষিত বাঙালির বাংলা ভাষার প্রতি বিদ্বেষ এতোটাই বৃদ্ধি পেয়েছে যে 'বো' ভাষার মতো বাংলা ভাষাও একদিন লুপ্ত হয়ে যাবে কী না সেই প্রশ্ন দেখা দিয়েছে। অনেক আঞ্চলিক ভাষারই এই অবস্থা হবে যদি এই প্রবণতা চলে। আর বাংলা ভাষা না থাকলে রবীন্দ্রনাথও তো মহাফেজখানার বিষয়ে পরিণত হবেন। ততোদিন আমাকে বেঁচে থাকতে হবে না এটুকুই ভরসা।

## মুক্তি-পথিক রবীন্দ্রনাথ

*জয়ন্তী ভট্টাচার্য*
*প্রাক্তনী, বাংলা বিভাগ*

১৯৬৫ সালের প্রেসিডেন্সি কলেজের বাংলা বিভাগ। প্রথম ক্লাসেই বিভাগীয় প্রধান হরপ্রসাদ মিত্র শোনোলেন 'উর্বশী' কবিতার রূপান্তর — 'মা নও, মেয়ে নও, বোনও নয় — সুন্দরী ভারী, নন্দনে বাড়ী'। অধ্যাপক ভবতোষ দত্তের ছন্দের ক্লাসে আবার সব উদাহরণেই বিশুদ্ধ রবীন্দ্রনাথ। বোর্ডে শূন্যস্থান পূরণ করতে একজনকে ডাকলে পাল্লা দিয়ে আগেই আশে-পাশে আবৃত্তি শুরু হয়ে যায়। শেষে স্যর রেগে বললেন, 'বই থেকে চলবে না, সব উদাহরণ মেলাতে হবে মন থেকে।'

অধ্যাপক ভূদেব চৌধুরীর 'বলাকা' ক্লাসে একেবারে অন্য মেজাজ। বের্গসঁর দর্শনের আলোচনায় টাট্‌কা কলেজে ওঠার স্বাদ — আবেগের বাষ্পে গলা বুঁজে আসে। তবে সবচেয়ে উচ্ছ্বসিত হয়েছিলাম যেদিন ইংরেজী ক্লাসে 'লেডী অফ্ ক্যালট্' পড়াতে পড়াতে এ. কে. এম. স্যর হঠাৎ 'গীতবিতান' থেকে বলে উঠলেন ঃ

'বিরস দিন বিরল কাজ, প্রবল বিদ্রোহে
এসেছ প্রেম এসেছ আজ কী মহা সমারোহে।'

সব পড়াশুনায় রবীন্দ্রনাথকে মিলিয়ে নিয়ে আনন্দ পাওয়ার সেই তো সবে শুরু।

রবীন্দ্রনাথের কাছে শিক্ষার সঙ্গে অঙ্গাঙ্গী জড়িয়ে ছিল আত্মপ্রকাশের আনন্দ। ছেলেবেলা থেকে সেই আনন্দের আকাশ তাঁকে মনের ভেতর ডাক পাঠিয়েছে — নিয়মে বাঁধা স্কুলজীবন তাই তাঁর কাছে জেলখানা মনে হয়েছে।

অথচ কলকাতার সবচেয়ে ঐতিহ্যপূর্ণ শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে ঠাকুরবাড়ীর তিনপুরুষের যোগাযোগ। হিন্দু কলেজের সঙ্গে শুরু থেকেই দ্বারকানাথ ঠাকুর যুক্ত ছিলেন। পিতা দেবেন্দ্রনাথ ও দুই কাকা এবং কবির চার দাদাও এই কলেজেরই (১৮৫৫ থেকে নাম হয় প্রেসিডেন্সি কলেজ) ছাত্র। মেজদাদা সত্যেন্দ্রনাথ প্রেসিডেন্সিতে পড়া শেষ করেই বিলেতে যান এবং আই. সি. এস. পরীক্ষা পাশ করে এসে প্রথম ভারতীয় হিসেবে কাজে যোগ দেন। কিন্তু রবীন্দ্রনাথ ছিলেন ছেলেবেলা থেকেই স্কুল পালানো ছেলে। শিশুবয়সে ভৃত্যের হাতে আঁকা লক্ষণরেখার গন্ডীতে বন্দী হয়ে থাকার স্মৃতিই হয়তো কবিকে সারাজীবন মুক্তির পিপাসায় ব্যাকুল রেখেছে। বিদ্যালয়ের ঘন্টা বাঁধা সময়ে অনুভূতিহীন শিক্ষকরা এই নির্বাক ছাত্রটির মনকে ছুঁতে পারেননি — অথচ শিক্ষার প্রতি তাঁর আগ্রহ ছিল আন্তরিক, আর সাহিত্যের প্রতি আকর্ষণ ছিল সহজাত। স্কুলে না যাবার ছুতো পেলেই মায়ের ঘরের রামায়ণটি নিয়ে আনন্দে সারা দুপুর কাটিয়ে দিয়েছেন। আর বারান্দার রেলিং নিয়ে ছাত্র শাসনের খেলাই পরিণত বয়সে শান্তিনিকেতনে প্রকৃতির স্নেহের কোলে আশ্রম-বিদ্যালয় স্থাপন করে স্বাভাবিক আনন্দের পরিবেশে ছাত্রদের গড়ে তোলার প্রেরণা দিয়েছে। শিশুমনের অলৌকিক আস্বাদনে 'বর্ণপরিচয়ের' গদ্যপাঠ 'জল পড়ে পাতা নড়ে' রূপান্তরে আদি কবির প্রথম কবিতা হয়ে মনে গেঁথে গেছে।

কবির বয়সে বড়ো ভাগ্নে জ্যোতিঃপ্রকাশ সেই শিশু মামাটির ভেতরে কি জানি কী দেখে একদিন অক্ষরগুণে পয়ার ছন্দে পদ্য মেলাতে শিখিয়ে দিলেন। জীবনব্যাপী কাব্যচর্চার সেই শুরু।

১৮৭৩ সালের ৬ই ফেব্রুয়ারী রবীন্দ্রনাথের উপনয়ন হল। ব্রাহ্মসমাজের দীক্ষাগুরু অযোধ্যানাথ পাকড়াশীর কাছে আগে থেকেই গায়ত্রী মন্ত্রের অর্থ ও শুদ্ধ উচ্চারণ শিখে নিতে হয়েছিল। অনুষ্ঠানের সময়ে তাই মন সহজে একাগ্র হল, আশ্চর্য এক শান্তির অনুভূতিতে ভরে উঠল।

অনুষ্ঠানের পালা শেষ হবার পরে দেবেন্দ্রনাথের সঙ্গে শান্তিনিকেতন হয়ে হিমালয় যাত্রা। ঘরের কোণ ছেড়ে অবারিত প্রান্তর আর পাহাড়ের কোলে ইচ্ছেমতো ঘুরে বেড়িয়ে কবি-চেতনায় সেই প্রথম মুক্তির স্বাদ জাগল। সেই সঙ্গে উপনিষদের ব্রহ্ম মন্ত্রের প্রথম আস্বাদে অসীম এক বৃহতের অনুভূতি অস্তিত্বের সঙ্গে জড়িয়ে গেল। এ দুটি ভাবনা আজীবন তাঁর অন্তচেতনার বিকাশে গভীরভাবে কাজ করেছে।

দেবেন্দ্রনাথ তাঁর বিশাল পরিবারের ভীড়ে এই সবচেয়ে ছোটো ছেলেটির নিজের মধ্যে গুটিয়ে থাকা নির্জন স্বভাবকে বিশ্বপ্রকৃতির শুশ্রূষায় টেনে এনে তাকে বাইরের জগতের ডাকে সাড়া দিতে শেখালেন। নিজের সঙ্গে নানা বিষয়ের পড়াশোনা আর ছোট ছোট দায়িত্বে জড়িয়ে দিয়ে সংসারের স্বাভাবিক ছন্দের সঙ্গে চলার পথ দেখালেন। সংসার ও সাধনাকে মিলিয়ে চলার এই শিক্ষাই রবীন্দ্রনাথকে তাঁর নিজস্ব ব্যক্তিত্বে ফুটিয়ে তুলেছে। দেবেন্দ্রনাথ তাঁর জীবনব্যাপী সাধনার থেকে নির্জন প্রকৃতির ধ্যানে চেতনার মুক্তির যে পথ পেয়েছিলেন, এই যাত্রায় কবির অন্তরে তারই উত্তরাধিকার অর্পণ করে গেলেন।

কবির ভাবশিষ্য অজিতকুমার এর তাৎপর্য বোঝাতে গিয়ে বলেছেন, "এ সাধনার পথ ধ্যানের পথ। ধ্যান মানে একটি নিবিড় অধ্যাত্ম-নিবিষ্টতা, জ্ঞানের বিষয়ের মধ্যে একটি সব চৈতন্য-ডোবানো তন্ময়তা।" ধ্যান শব্দের অর্থ, একান্তমনে কোনো বিষয় ধারণা বা চিন্তা করতে করতে তার সঙ্গে একাত্ম হয়ে যাওয়া। এর ফলে মনে যে আনন্দের স্বাদ জাগে তারই প্রকাশ সঙ্গীতে, সাহিত্যে, শিল্পে, শিক্ষায় — অর্থাৎ নিজেকে প্রকাশ করার সব কটি মাধ্যমে।

হিমালয়ের একান্ত পরিবেশে মহর্ষির ধ্যানমগ্ন মূর্তি দেখেই রবীন্দ্রনাথ প্রত্যক্ষ করলেন সেই পরম অনুভূতির আনন্দ — যা শত শিক্ষকের উপদেশেও অনুভব করা যায় না। জোড়াসাঁকো বাড়ীর ভীড়ের বাইরে হিমালয়ের উদার প্রেক্ষিতে এসে কবি তাঁর পিতৃদেবের সাধনার সত্যটি সেই বালক বয়সেই মনের ভেতর ধরে নিতে পেরেছিলেন — তারপরে তাঁর সারাটি জীবন যেন একটি পর একটি পাপড়ি মেলে সেই সত্যকে সহস্রদলে ফুটিয়ে তোলার চলচ্ছবি।

হিমালয় থেকে প্রসারিত চৈতন্যের যে দীক্ষা সঙ্গে নিয়ে এলেন, তা তাঁকে আরো বেশী অর্ন্তমগ্ন করে তুলেছে। সেই বয়সে বড়োদের বইয়ের আলমারীতে হাত দেওয়া বারণ ছিল। মাত্র দু বছরের বড়ো নতুন বৌঠান কাদম্বরী দেবীকে পড়ে শোনাবার অছিলায় তিনি দাদাদের আলমারী থেকে যথেচ্ছ বই নিয়ে পড়তেন। কবির মতে সেকালের বাংলা কবিতায় বিহারীলালই প্রথম সোজাসুজি নিজের কথা বলেছিলেন। বৌঠানও ছিলেন বিহারীলালের ভক্ত। তাঁর সঙ্গে পাঠ ও আলোচনায় কিশোর কবির প্রতিভাও পরিস্ফুট হয়ে উঠেছিল — এ তিনি নিজেই বলেছেন।

এর মধ্যে বেশ কয়েকটি স্কুল বদল হয়ে গেছে। কবির বয়স তখন পনেরো পেরিয়েছে। এই সময়ের একটি স্মৃতির ছবি ষাট বছরেরও বেশী সময় পরে তিনি স্পষ্ট তুলে ধরেছেন। ১৯৩৭ সালের ১৭ই ফেব্রুয়ারী কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান হয়েছিল প্রেসিডেন্সী কলেজের প্রাঙ্গনে। সেখানে ভাষণ দিতে গিয়ে রবীন্দ্রনাথ বলেছিলেন, "কিশোর বয়সে অভিভাবকদের নির্দেশমতো একদিন সসংকোচে প্রবেশ করেছিলুম বহিরঙ্গ ছাত্ররূপে। ... সেই একদিন আর দ্বিতীয় দিনে পৌছল না। আকারে প্রকারে সমস্ত ক্লাসের সঙ্গে আমার এমন কিছু ছন্দের ব্যত্যয় ছিল যাতে আমাকে দেখামাত্র পরিহাস উঠলো উচ্ছ্বসিত হয়ে। বুঝলুম, মন্ডলীর বাহির থেকে অসামঞ্জস্য নিয়ে এসেছি। পরের দিন থেকেই অনধিকার প্রবেশের দুঃসাহসিকতা থেকে বিরত হয়েছিলুম।"

১৮৭৬ সালের নতুন শিক্ষাবর্ষ শুরু হলে সম্ভবতঃ এ ঘটনা ঘটে। ১৮৭৬-এর ৩১শে জানুয়ারী 'মরকত-কুঞ্জে' 'কলেজ-রিইউনিয়নে' রবীন্দ্রনাথ জ্যোতিরিন্দ্রনাথের জনপ্রিয় 'সরোজিনী' নাটক থেকে নিজের লেখা 'জ্বল্ জ্বল্ চিতা দ্বিগুণ দ্বিগুণ' গীতাংশটি আবৃত্তি করে শ্রোতাদের মুগ্ধ করেন। 'বেঙ্গলী' কাগজে তার প্রশংসাও বেরিয়েছিল। তার আগের বছরেও হিন্দুমেলার প্রাঙ্গনে কবির 'হিন্দুমেলার উপহার' কবিতা পাঠ প্রশংসিত হয়। সে খবরও 'ইন্ডিয়ান ডেইলি নিউজ' পত্রিকায়

বেরিয়েছিল। পনেরো বছরের কিশোর রবীন্দ্রনাথ ঠাকুরবাড়ীর অভিজাত রূপ এবং স্বভাবের বিরল সৌকুমার্য নিয়ে কিছুতেই দৃষ্টি এড়িয়ে যেতে পারতেন না। সেকালের উল্লেখযোগ্য প্রায় সবকটি স্কুলে কয়েক বছরের মধ্যে যেভাবে দ্রুতগতিতে তিনি প্রবেশ ও প্রস্থান করেছেন, সেকথা ছাত্রমহলে অবশ্যই আলোড়িত হয়েছে। আবার একই সঙ্গে ছড়িয়েছে তাঁর কবিতা ও গানের সুখ্যাতি। কাজেই প্রেসিডেন্সি কলেজের ক্লাসে তাঁকে দেখে চিনে নেওয়া, নবাগত সহপাঠীকে খানিকটা 'সেলিব্রিটি' হিসেবে কিছুটা সম্ভ্রম, কিছু ঈর্ষার চোখে দেখাও অসম্ভব নয়। ক্লাশে থাকলে এই দূরত্ব হয়তো আপনা থেকেই কমে আসতো। সেটা এই বয়সের ধর্ম। আবার কবির স্পর্শকাতর মনে যে আঘাত লেগেছে তা-ও ওই বয়সেরই ধর্ম।

১৯১৬ সালের শুরুটা প্রেসিডেন্সী কলেজের গভীর দুর্যোগের কাল। অধ্যাপক এডওয়ার্ড ওটেনের সঙ্গে সংঘাতের ফলে সুভাষচন্দ্র ও আরো দু'জন ছাত্র বহিষ্কৃত হন। রবীন্দ্রনাথের দরদী কলমে লেখা হল 'ছাত্রশাসন তন্ত্র'। শিক্ষার সঙ্গে শাসনকে এক করেছেন যে শিক্ষকরা, রবীন্দ্রনাথকে তাঁরাই বিদ্যালয় বিমুখ করেন। আঠারো বছর বয়সে লন্ডনে 'ইউনিভার্সিটি কলেজে' অধ্যাপক হেনরী মার্লির কাছে ইংরেজী সাহিত্য পড়তে গিয়ে কবি পেয়েছেন আদর্শ শিক্ষককে — ছাত্রকে আত্মসম্মান অর্জনের শিক্ষা দেন তিনি। ছাত্র-শিক্ষকের পারস্পরিক সম্পর্কের সেটিই মূল সূত্র। সহমর্মিতা দিয়ে ছাত্রদের গড়ে তোলাই শিক্ষকের কর্তব্য। তাহলে সেই ছাত্রই আবার শিক্ষক হয়ে ছাত্র গড়তে পারবে।

১৯১৫-১৬ সালে বলাকার কবিতাগুলি লেখা হচ্ছে। বইয়ের প্রথম চারটি কবিতাকে এই ঘটনার সঙ্গে মিলিয়ে পড়লে অধিকতর অর্থবহ হবে —

" সংঘাতে তোর উঠবে ওরা রেগে,
শয়ন ছেড়ে আসবে ছুটে বেগে
সেই সুযোগে ঘুমের থেকে জেগে
লাগবে লড়াই মিথ্যা এবং সাঁচায়। "

যৌবন রবীন্দ্রনাথের কাছে চিরদিন মুক্তির বাণী নিয়ে এসেছে। 'ফাল্গুনী' নাটকে সে বৃদ্ধের ছদ্মবেশ ছিঁড়ে যৌবনের মুক্তির রূপে আসে। আর অচলায়তনে দেখি বাঁধা নিয়ম, মন্ত্র-তন্ত্র আর দৈব-বিশ্বাসের প্রাচীর ভেঙে খোলা আকাশের দিকে ক্রমাগত এগোনোই মুক্তির উদ্দেশ্য।

শান্তিনিকেতনের বিদ্যালয়ে শিক্ষার মুক্তি প্রসঙ্গে একটা মজার কথা বলি। একই ছাত্র যোগ্যতা অনুসারে এক-এক বিষয়ে এক-এক ক্লাসে পড়ত। বাংলা ইংরেজী এক ক্লাসে আর অঙ্কে নীচের ক্লাসের ছাত্র সংখ্যায় বেশী ছিল। কবি যেমন ছেলেবেলা থেকে নানারকম বই পড়ে নিজের মত করে বুঝে নিতে শিখেছিলেন, ছাত্রদেরও সেই স্বাধীনতা দেওয়া তাঁর লক্ষ্য ছিল। জন্মসূত্রেই চিন্তাকে দেশকালের গন্ডী ছাড়িয়ে ব্যাপ্ত করার যে প্রবণতা তাঁর ছিল, তার ফলেই বিদ্যালয় ক্রমশঃ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় রূপে গড়ে ওঠে। সারা পৃথিবীর ছাত্র-ছাত্রী-অধ্যাপকরা এসে খোলামনে, মুক্তির আনন্দে বিদ্যাচর্চার আবহকে গড়ে তুলেছিলেন রবীন্দ্রনাথকে কেন্দ্র করে।

১৯২৭ সালে পূজার ছুটির পরে প্রেসিডেন্সি কলেজে গড়ে উঠল 'রবীন্দ্র পরিষদ'। ভারতীয় দর্শনের অধ্যাপক সুরেন্দ্রনাথ দাশগুপ্ত ছিলেন এর প্রধান রূপকার, আর প্রথম সম্পাদক হুমায়ুন কবীর। প্রথম দিন থেকেই ফিজিক্সের দু'নম্বর লেক্চার-থিয়েটারে পরিষদের সভা বসেছে — আমরাও সেই ঘরের গ্যালারীতে বসেই সেকালের বিখ্যাত কবি, গায়ক, অধ্যাপকদের কবিতা, গান, আবৃত্তি ও আলোচনা শুনেছি। ধারাবাহিকভাবে রবীন্দ্রসাহিত্যের আলোচনা করে কবির রচনার মধ্যে তাঁর জীবনদর্শনের ধারাকে অনুসন্ধান করাই ছিল পরিষদের উদ্দেশ্য। এইভাবে দর্শনের তত্ত্বকে অনুসরণ করে সাহিত্যের সত্যকে খোঁজার চেষ্টাকে পরিহাস করে সুরেন্দ্রনাথকে কবি চিঠিতে লিখেছেন, "তুমি তত্ত্বজ্ঞানী, মুক্তিতত্ত্ব নিয়ে তোমার ব্যবসায়। আমি কবি, আমার সমস্ত পুঁজিপাটী ঐ বন্ধনতত্ত্বের মধ্যেই আট্‌কে আছে।"

আসলে কবির মতে মুক্তি আর বন্ধন হচ্ছে একই সত্যের দুটি দিক। বন্ধন থেকে মুক্ত হয়ে সেই বিশেষ মুক্তির ধারণায় আট্‌কে পড়া-ও তো বন্ধন। তাই তাকে-ও অতিক্রম করে আরো এগিয়ে যেতে হবে। মুক্তি যখন বন্ধন হয়ে দাঁড়ায় তখন আবার নতুন মুক্তির খোঁজে এগিয়ে যাওয়া — এই চলার ঝোঁকে কিন্তু পথভ্রষ্ট হলে চলবে না। রবীন্দ্রনাথ মুক্তি চেয়েছেন, কিন্তু সত্য ও সুন্দরের বোধ থেকে কখনো ভ্রষ্ট হননি। সত্যের অনুভবে ও সৌন্দর্যের উদ্ভাসনে স্বভাবের ছোটো দিকগুলি অতিক্রম করে যাওয়াই ছিল তাঁর দৃষ্টিতে মুক্তির তাৎপর্য। উদ্ধৃত চিঠিতে অধ্যাপককে পরিহাসের আড়াল দিয়ে কবি এ কথাই বলেছেন। 'তুমি' আর 'আমি' আসলে তত্ত্বের দুটি দিক — দুই-এ মিলেই পরিপূর্ণ রূপটি গড়ে ওঠে।

১৯৩৭ সালে প্রমথেশ বড়ুয়া (প্রমথেশ ছিলেন ১৯২৪-এ প্রেসিডেন্সীর ছাত্র) 'মুক্তি' ছবিতে কবির 'দিনের শেষে ঘুমের দেশে' কবিতাটি পঙ্কজকুমার মল্লিকের দেওয়া সুরে গাওয়াতে চান। আর্জি নিয়ে পঙ্কজবাবু গেলেন কবির কাছে — প্রথমেই তাঁকে ছোট করে গল্পটি শোনালেন। পঙ্কজবাবু লিখছেন, শুনে মনে হল তাঁর ভাল লেগেছে। স্ক্রিপ্টের প্রথমেই ছিল নায়ক একের পর এক দরজা খুলে এগিয়ে চলেছে। রবীন্দ্রনাথ সেটা শুনে বললেন, "প্রথমেই দ্বার মুক্ত। লোকটি বোধহয় মুক্তি চাইছে কিছু থেকে।"

ছবির নাম বড়ুয়া সাহেব তখনো ঠিক করেননি। রবীন্দ্রনাথের কথা ওঁকে বলাতে বড়ুয়া সাহেব লাফিয়ে উঠেছিলেন। বলেছিলেন, এই তো নাম পেয়ে গেছি। ছবি নাম হবে "মুক্তি"।

আজও আমাদের জীবনে নানাদিকে মুক্তির দরজা খুলে দেবার প্রেরণা তিনি। মুক্তির পথিক রবীন্দ্রনাথ আমাদেরই মনে তাই মুক্তির প্রতীক।

# আজকের রবীন্দ্রনাথ : পরিগ্রহণের নানা মাত্রা

*ঋতম মুখোপাধ্যায়*
*প্রাক্তনী, বাংলা বিভাগ*

'পরিগ্রহণ' শব্দটির মধ্যে নিহিত রয়েছে গ্রহণ এবং স্বীকরণের ভাব। একুশ শতকের দ্বিতীয় দশকের প্রত্যূষপ্রহরে আমাদের বিদ্যায়তনিক চর্চা ও জীবনচর্যার বিচিত্র অনুষঙ্গে রবীন্দ্রনাথ কেমনভাবে জড়িয়ে আছেন, তা আজ খুঁজে দেখা ভীষণ জরুরি। বিশেষত তাঁর জন্মের সার্ধশতবর্ষের এই পার্বণময়তার মধ্যে সাহিত্য-সংস্কৃতির বিস্তীর্ণ পরিসর আর ব্যক্তি-মানসের অনিবার্যতায় রবীন্দ্রায়ণের গরজ কি নিছক ঐতিহ্যগত অভ্যেসে পর্যবসিত হয়ে যায়নি? নাকি 'তুমি কত বেশে নিমেষে নিতুই নব' এভাবে আমরা তাঁকে দেখতে চাই আজও? আর তাই 'পরিগ্রহণ' শব্দটি অমোঘ হয়ে ওঠে তার বহুমাত্রিক অর্থের দ্যুতি নিয়ে। যে দ্যুতিতে 'গানের ও পারে' ডেইলিসোপ থেকে রাজনৈতিক অস্থিরতার নিরিখে রবীন্দ্র-কবিতা 'বীরপুরুষ' বা নাটক 'রক্তকরবী'-র মঞ্চায়ন আমাদের আলোড়িত করে। রাজনৈতিক বক্তৃতা, বিজ্ঞাপনের ভাষা কিংবা সেরা পণ্য হওয়ার জন্য তাঁকে নিয়ে নানা সাহিত্য ও সাংস্কৃতিক চর্চা চলতে থাকে। এইসব নানা পথ বেয়ে রবীন্দ্রনাথ যেন হয়ে ওঠেন সেই ওপেন টেক্সট, যাঁকে উদ্দেশ্য করে অবিনির্মাণবাদী পাঠক বলে উঠতেই পারেনঃ প্রতিটি পাঠক্রিয়াই আগামী পাঠের মুখবন্ধ।

**খাঁচায় রুধি দিবে দ্বার**

রবীন্দ্রনাথ নিজে অচলায়তন গড়ে তোলার বিরুদ্ধে বারবার সরব হয়েছেন। প্রাণ, প্রেম আর মুক্তির মন্ত্র উচ্চারিত হয়েছে তাঁর সাহিত্যে। অথচ তাঁকে ঘিরে গড়ে উঠেছে অচলায়তন বারবার। বিশ্বভারতী মিউজিক বোর্ডের তর্জনী সংকেতে ব্রাত্য হয়েছেন দেবব্রত বিশ্বাস কিংবা পীযূষকান্তি সরকার। রক্ষণাবেক্ষণের বদলে অভিভাবকত্বের অবাঞ্ছিত প্রতাপ প্রকাশিত হয়েছে। তাঁর গান বাঙালির প্রাণের সম্পদ, রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ সৃষ্টি। তিনি নিজেও রাণী চন্দকে বলেছিলেন ঃ 'তবে সবচেয়ে স্থায়ী হবে আমার গান। বিশেষ করে বাঙালিরা, শোকে-দুঃখে, সুখে-আনন্দে আমার গান না গেয়ে তাদের উপায় নেই। যুগে যুগে এই গান তাদের গাইতে হবেই'। সেই গান কোনো ঘরানায় কৃত্রিম ভাবে আবদ্ধ হয়ে যাওয়া নয়, অর্থ আর সুরের বিবাহে যথাযথভাবে আমাদের শ্রবণে পৌঁছানোই যে কাম্য, সেকথা তিনি জানতেন। নির্দিষ্ট স্বরলিপি সেই কারণেই করে দিয়ে যাওয়া।

অতএব পরীক্ষা-নিরীক্ষার অবকাশ রয়েই যায়। তাঁর গানের পংক্তিকে ছিঁড়ে যখন নচিকেতা গেয়ে ওঠেন 'যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে নাকি একলা চলতে হয়' কিংবা সাম্প্রতিক সিনেমার গানে শোনা যায় 'তুমি আর আমি একাকার হয়ে একাকার হয়ে মিশেছি আলোকবৃত্তে / মম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে ...' — *এসবই রবীন্দ্রনাথকে নিজস্ব মুদ্রায়* ব্যবহার। এ নিয়ে 'গেল গেল' রব ওঠার কারণ তো নেই! 'গানের ও পারে' মেগাসিরিয়ালের গোরা-কে নিয়েও তো 'সোনার তরী'-র রক্ষণপন্থীদের চিন্তার শেষ নেই দেখা যাচ্ছে। ব্যাপারটা কতকটা এইরকমই। সীমিত বন্ধন ভালো, কিন্তু তা যেন 'তাদের দেশ' না হয়ে দাঁড়ায়। আসলে স্বাধীনতার নামে যথেচ্ছাচারের বিরোধী সকলেই। কিন্তু সেই স্বেচ্ছাচার-কে তার নিজের মতো বিকশিত হতে দিতে হবে। শেষাবধি 'রবার যেটা সেটাই রবে'। গান ছেড়ে যদি নাটক ও চলচ্চিত্র-কে ধরি, দেখবো ২০১০ সাল 'আনিলিমিটেড টেগোর' (তথ্যঋণ ঃ দি টেলিগ্রাফ ঃ ১২-১২-২০১০)। বিসর্জন, রক্তকরবী, বৈকুণ্ঠের খাতা, বীরপুরুষ, চার অধ্যায়, শেষের কবিতা, গোরা, ঘরে বাইরে, অবগুণ্ঠিতা — কি নেই তালিকায়। তাঁর নাটক, গল্প-উপন্যাসের নাট্যরূপ বা কবিতাকেও নাটকীয় রূপ দান সবই চলেছে। সাম্প্রতিক সামাজিক-রাজনৈতিক প্রেক্ষিতে তাঁকে ব্যবহারই শুধু নয়, যুগোপযোগী পালটে নেওয়ার চেষ্টাও রয়েছে। সত্যজিৎ রায়, ঋত্বিক ঘটক বা শম্ভু মিত্র এখন ইতিহাস। একালের প্রচেষ্টাও যে স্বাস্থ্যকর, সন্দেহ নেই। কিন্তু নিছক রবীন্দ্রানুরাগ নাকি বাজারের সেরা পণ্য রবীন্দ্রনাথ, সেটাও আরেক প্রশ্ন। যেটাই হোক, রবীন্দ্রনাথ-কে প্রয়োজন হচ্ছে আজকের মানুষের। ভুল-ত্রুটি, অসঙ্গতি এসব সত্ত্বেও 'সাহিত্যের সেরা সময়', 'পর্দায় বই পড়া' বা 'গল্পগুচ্ছ' — বেশ উপভোগ্য সিরিয়াল। রাজা সেন করেছেন 'ল্যাবরেটরি' সিনেমা, সাফল্য পাননি যদিও তেমন।

**নব নব রূপে এসো**

সাম্প্রতিক 'আনন্দবাজার পত্রিকা'-র শারদ সংখ্যায় (২০১০) বিভাস রায়চৌধুরী তাঁর উপন্যাসের নাম রেখেছেন 'বাইশে শ্রাবণ'। রবীন্দ্রনাথের জীবনের অন্তিম মুহূর্তগুলিকে নির্মলাকুমারী মহলানবীশ, প্রতিমা দেবীর সাক্ষ্য এবং অন্যান্য প্রামাণ্য তথ্যসহ একটি আধুনিক জীবনকাহিনীর সঙ্গে জুড়ে তাঁর এই মৌলিক প্রচেষ্টা। এর আগে আমরা পড়েছিলাম বুদ্ধদেব বসুর 'তিথিডোর' কিংবা সুনীল গঙ্গোপাধ্যায়ের 'রাণু ও ভানু'। রবীন্দ্রনাথের পংক্তিকে কথাসাহিত্যের নামকরণে ব্যবহারের প্রচেষ্টা তো বহুদিনের। সাম্প্রতিক কালে রয়েছে 'তুমি অশেষ করেছ', 'তিমির বিদার', 'বিজন ঘরে', 'প্রবাসী পাখি', 'এত রক্ত কেন', 'অহংকার, হে আমার' ইত্যাদি। এই শিরোনামাঙ্কিত উপন্যাসগুলো মোটেই কিন্তু রাবীন্দ্রিক নয়, যথেষ্ট সমকালীন। কবিতায় রবীন্দ্র-পংক্তির পুনর্বিন্যাস সমর সেন বা বিষ্ণু দে-র কবিতায় অসংখ্য পাওয়া যাবে। উত্তরজাতকরা প্রায় সকলেই সে পথে গিয়েছিলেন। আমরা নয়ের দশকের কবিদের বেশ কিছু টুকরো পঙ্‌ক্তি তুলে দেখাতে চাই চাপল্য আর গভীরতায় তাঁদের রবীন্দ্র-অনুভবের স্বাতন্ত্র্য :

ক) শহর হাসছে রাশি রাশি রাঙা ঠোঁটে
হাসিরা বলছে - কীরে কতদিন দেরি?
ভ্রমরে ভ্রমরে মৃদু গুঞ্জন ওঠে
কুসুমে ঢাকা পড়ে ক্যাডবেরি!
(শিবাশিস মুখোপাধ্যায়)

খ) গীতবিতানের খামে গোঁজা আছে মুখছেঁড়া খাম
ডাক দিয়েছ কোন্ সকালে, সাক্ষী শুধু হারমোনিয়াম।
(মন্দাক্রান্তা সেন)

গ) ঢপের আকাশ সূর্য তারা হাওয়ার তখন কি আস্কারা ...
অসীম কালের যে হিল্লোলে তোমার বাবা দরজা খোলে
দেখেই আমার প্রাণ উবে যায় রঞ্জিনী।
(শ্রীজাত)

ঘ) গাজনের বাজনা বাজা
আটকাতে পারবে না রাজা
নন্দিনীকে পাবেই রঞ্জন।
(বিনায়ক বন্দ্যোপাধ্যায়)

টীকা নিষ্প্রয়োজন। প্রতিটি কবিতাই গীতিকবিতা। কখনো প্রেমের হাহাকার, কোথাও রোম্যান্টিক চাপল্য কখনো এক অপ্রতিরোধ্য ভালোবাসার প্রত্যয়। এবং সর্বত্রই রবীন্দ্র-অনুষঙ্গ।

**নবীনের বহি নিমন্ত্রণ**

সাহিত্য-সমালোচনার ধরনে বদল ঘটেছে একুশ শতকে। নিছক রসবাদী বিচার নয় তাত্ত্বিকের চোখেও রবীন্দ্রসাহিত্যের পুনর্পাঠ হয়ে চলেছে। স্ট্রাকচারালিজম, পোস্টকলোনিয়ালিজম, গে কিংবা ফেমিনিস্ট — বিচিত্র পশ্চিমী ঘরানায় তাঁর সাহিত্যকে পুনর্লিখন করা হচ্ছে। নিত্যনতুন অনুবাদে পঠিত হচ্ছেন তিনি। অনুবাদক হিসেবে খ্যাতি পাচ্ছেন উইলিয়াম রাদিচে কিংবা ফাদার দ্যতিয়েন। একুশ শতকে শঙ্খ ঘোষ, অলোকরঞ্জন দাশগুপ্ত, শরৎকুমার মুখোপাধ্যায়, সুধেন্দু মল্লিক, সুনীল গঙ্গোপাধ্যায়, তরুণ সান্যাল, উত্তম দাশ, জয় গোস্বামী — এর মতো কবিরা তাঁদের চোখে রবীন্দ্রনাথের সার্ধ-শতবর্ষের প্রাসঙ্গিকতা বিচার করছেন, তেমনি অধ্যাপক উজ্জ্বলকুমার মজুমদার, পরেশচন্দ্র মজুমদার, পবিত্র সরকার, বিমলকুমার মুখোপাধ্যায়, বীতশোক ভট্টাচার্য, তপোব্রত ঘোষ, তরুণ মুখোপাধ্যায়, আনন্দ ঘোষ হাজরা প্রমুখ এই সময়ের রবীন্দ্রনাথকে নানা ভাবে ব্যাখ্যা করছেন। কারো কলমে উকিলের মতো তথ্যবিন্যাস ও অকাট্য যুক্তিজাল, কেউ রসবাদী, কারো দৃষ্টি তুলনামূলক আর কেউ বা তাত্ত্বিক। লিট্‌ল ম্যাগাজিনের প্রায় সমস্ত সম্পাদকই রবীন্দ্রনাথকে নিয়ে একাধিক সংখ্যা করে তাঁদের সাংস্কৃতিক দায়িত্ব পালন করছেন।

নতুন সমালোচক আর কবিরাও এই সার্ধশতজন্মোৎসবে ব্রাত্য নন। কবিতায়, প্রবন্ধে বা ব্যক্তিগত গদ্যে তাঁরা রবীন্দ্রনাথ নিয়ে মেতেছেন। যদিও সেই লেখনী সর্বদা ইতিবাচক নয়। কেউ কেউ একালে রবীন্দ্রনাথ অপ্রাসঙ্গিক কতখানি, তা যুক্তি সহকারে বুঝিয়েছেন। খারাপ লাগতেই পারে যে-কোনো সচেতন পাঠকের। কিন্তু সেও তো একরকম নেতিবাচক স্মরণ!

তাহলে অনন্ত একথা বলা যায়, পূজার ছলে তাঁকে ভুলে থাকছে না এই একুশ শতকের শূন্য দশক এবং দু'হাজার এগারো। কিন্তু সেই রবীন্দ্রচর্চা কতখানি অন্তরঙ্গ আর কতখানি রবিঠাকুর তাঁদের জীবনচর্যায় মিলেছেন, তা নিয়ে বির্তকের অবকাশ থেকে যায় যদিও!

**নিত্য দেওয়া ফুরায় না যে**

মিথ-পুরাণ আর ধ্রুপদী মহাকাব্যের মতো রবীন্দ্রনাথও যেন এক অসীম আকর হয়ে উঠেছেন আজ। সেই কবে বিষ্ণু দে তাঁকে 'আধুনিকতার আর্কেটাইপ' বলেছিলেন। তাঁর জীবন ও সাহিত্য-কে ভেঙে-গড়ে নিত্য-নতুন নির্মাণের ক্রিয়া চলেছে নিরন্তর। রঞ্জন বন্দ্যোপাধ্যায়ের 'আদরের উপবাস', নিত্যপ্রিয় ঘোষের 'স্নেহের ভিখারী' কিংবা রণজিৎ গুহের 'কবির নাম ও সর্বনাম' যেমন গদ্যের সীমানায় সেই নতুন আলো দেখাচ্ছে। বীরেন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'সংলাপে সংলাপে রবীন্দ্রনাথ' সেই নবনির্মাণের আরেকটি দৃষ্টান্ত।

এপার বাংলার রাজনৈতিক ক্ষেত্রেও নেতা-নেত্রীদের মুখে উঠে আসছেন রবীন্দ্রনাথ 'আঘাত সে যে পরশ তব সেই তো পুরস্কার' বা 'যদি তোর ডাক কেউ না আসে তবে একলা চলো রে'। ভারত-চিনের কূটনৈতিক সম্পর্ক দৃঢ় করতে বিদেশমন্ত্রকের সবচেয়ে বড় 'ব্র্যান্ড' রবীন্দ্রনাথের আন্তর্জাতিক মন ও উদারপন্থী জাতীয়তাবাদ। (দ্র. আনন্দবাজার পত্রিকা / ১৫-০১-২০১১)

কোয়ান্টম তত্ত্বের সাম্প্রতিক চর্চায় রবীন্দ্রনাথ-আইনস্টাইনের বিখ্যাত সাক্ষাৎকারকে স্মরণ করে বিজ্ঞানী বিকাশ সিংহ তাঁর 'আমারই চেতনার রঙে পান্না হলো সবুজ' উচ্চারণে খুঁজে পাচ্ছেন এক দূরদর্শী বিজ্ঞান সচেতন মনকে। (ঐ / ১৩-০১-২০১১)

একালের ইকোলজি ও সবুজ-বিপ্লবের প্রসঙ্গেও উঠে আসছে রবীন্দ্রনাথের ভাবনা, গান, 'বনবাণী' কাব্য। অলোকরঞ্জন স্মরণ করান এই রবীন্দ্রপঙ্ক্তি: 'এই যে ধরণী চেয়ে বসে আছে ইহার মাধুরী বাড়াও হে।'

**আপন প্রাণের ধন**

প্রতিদিন সকালে যখন ৯১.১ ফ্রেন্ডস এফ.এম.-এ 'রবির কর' শুনি আর শেষ হলেই রেডিওর নব ঘুরিয়ে দিলে ৯২.৭ বিগ.এফ.এম-এ বাজে 'রবি ঠাকুরের গান' — আমি পুনর্নব হয়ে উঠি। ওরই মাঝখানে হঠাৎ শুনি অশেষ মিষ্টান্ন ভান্ডারের বিজ্ঞাপনী গানে ব্যবহৃত হন রবীন্দ্রনাথঃ আমারে তুমি অশেষ করেছো এমনই লীলা তব ...। আর এই রবীন্দ্র-ব্যবসা চলে ক্রমাগত। আধুনিক বা হিন্দি ফিল্মি গানে বিখ্যাত শিল্পীদের দিয়ে রবীন্দ্রগানের অ্যালবাম প্রকাশ শ্রদ্ধার পাশাপাশি বাজার ধরার তাগিদ একালে অনেক বেশি। বিভিন্ন টেলি সিরিয়ালে কপিরাইটমুক্ত রবীন্দ্রগানের প্রাসঙ্গিক বা অপ্রাসঙ্গিকভাবে ব্যবহার অনেকটাই যে পণ্য হিসেবে তাঁকে ব্যবহার, সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই। তা বলে ঋতুপর্ণ ঘোষের 'গানের ও পারে'-তে রাজা ও রক্তকরবীকে পুপে-গোরা জীবনের সঙ্গে মিলিয়ে নেওয়া কিংবা 'চোখের বালি' বা 'নৌকাডুবি' পরিচালনা সেই শ্রেণীভুক্ত নয়, কখনোই। অর্পণা সেন 'পারমিতার একদিন' বা তরুণ মজুমদার 'আলো'-তে — রবীন্দ্রগানকে চমৎকারভাবে ব্যবহার করেছেন। নিছক রবীন্দ্রব্যবসার বিরুদ্ধে আমাদের সচেতন করেছিলেন বিষ্ণু দে। উত্তরাধিকার ভেঙে তিনি আনন্দ ভৈরবী আনতে চেয়েছিলেন আমাদের প্রাণে। তা কি হয়েছে পুরোপুরি? বোধহয় এই নেট শাসিত সময়ে তা সম্ভব নয়। তবু বিনামূল্যে দ্রষ্টব্য বৈদ্যুতিন রবীন্দ্র-রচনাবলী প্রকাশ করে ভাষা প্রযুক্তি গবেষণা পরিষদ আশা জাগায়।

আজকের রবীন্দ্রনাথের পরিগ্রহণ আমাদের নান্দনিক সংস্কার শুধু নয়, শিক্ষিক মানুষের অনিবার্যতা। সে যেভাবেই তিনি দেখুন না কেন। 'তৃতীয় অঙ্ক, অতএব' জীবনানন্দের পঙক্তিকে শিরোভূষণ করা এই আত্মজৈবনিক নাটকের শেষে অসুস্থ নট ও নাট্যকার সৌমিত্র চট্টোপাধ্যায় আবৃত্তি করেন রবীন্দ্রনাথের সেই মন্ত্রোপম পঙ্ক্তি :

রূপনারাণের কূলে
জেগে উঠিলাম
জানিলাম এ জগৎ
স্বপ্ন নয়।
রক্তের অক্ষরে দেখিলাম
আপনার রূপ,
চিনিলাম আপনারে
আঘাতে আঘাতে
বেদনায়, বেদনায়,
সত্য যে কঠিন
কঠিনেরে ভালোবাসিলাম,
সে কখনো করে না বঞ্চনা।
আমৃত্যু দুঃখের তপস্যা এ জীবন,
সত্যের দারুণ মূল্য লাভ করিবারে,
মৃত্যুতে সকল দেনা শোধ করে দিতে।

'শেষ লেখা' কাব্যের এই একাদশ সংখ্যক কবিতাই আমার, আমাদের এবং সকল প্রজন্মের কাছে এক শাশ্বত উপলব্ধি। মৃত্যুঞ্জয়ী যে অনুভবে আমরা সঞ্জীবিত থাকি। কোনো অতিলৌকিক মহামানবের প্রত্যাশা নয়, মানুষের ভিতর সেই মহত্ত্বকে জাগানোর স্বপ্ন দেখি। তাই 'পরম লগন'-এর জন্য কাতর প্রেমিক রবীন্দ্রনাথকে শুধু নয়, রিয়ালিস্ট রবীন্দ্রনাথকে এই রক্তাক্ত, সন্ত্রস্ত, প্রতারণাময়, ঈর্ষাকাতর সময়ে আমার সঙ্গী করতে চাই। তিমির বিদার উদার অভ্যুদয়ের আশায় আপন মনে গেয়ে উঠি ঃ

এসো অপরাজিত বাণী, অসত্য হানি —
অপহৃত শঙ্কা, অপগত সংশয়।
(গীতবিতান ঃ পূজা ৩৭৫)

রবীন্দ্রনাথ এই সময়েও আমাদের বিজয় বৈজয়ন্তী — 'অন্ধকারের আপন প্রাণের ধন'।।

## রবীন্দ্রনাথের নাটকে গান

***শাখী ঘোষ***
***প্রাক্তনী, বাংলা বিভাগ***

"গান লিখতে যেমন আমার নিবিড় আনন্দ হয় এমন আর কিছুতেই হয় না। এমন নেশায় ধরে যে, তখন গুরুতর কাজের গুরুত্ব একেবারে চলে যায়, বড়ো বড়ো দায়িত্বের ভারাকর্ষণটা হঠাৎ লোপ পায়, বাইরের দাবীগুলোকে মন একধার থেকে নামঞ্জুর করে দেয়।"

'পশ্চিম যাত্রীর ডায়েরি' থেকে উদ্ধৃত রবীন্দ্রনাথ ঠাকুরের এই উদ্ধৃতিটি তাঁর সঙ্গীতপিপাসু মনের পরিচয়বাহী, আর 'গীতাঞ্জলি', 'গীতালি', 'গীতিমাল্য' গ্রন্থগুলো কবির সেই মনের পরিপূর্ণ ও ভাস্বর প্রকাশ। তিনি বুঝেছিলেন, বাক্য যা বলতে পারে না, গান তা-ই বলে। তিনি জেনেছিলেন সংগীতের মাধ্যমে হৃদয় একেবারে অব্যবহিতভাবে নিজেকে প্রকাশ করে। তাই, কবির কাছে গান বিশ্বসঙ্গীতের রূপে, বিশ্বাত্মার অংশ, অনির্বাণ সত্যের দিশারী ও ভূমা। এই গানের মধ্যে দিয়েই কবি পেয়ে যান তাঁর প্রার্থিত পরম ও প্রিয়তমাকে।

সংগীত রবীন্দ্রনাথ ঠাকুরের সমগ্র জীবন জুড়ে, সত্তা জুড়ে বিরাজমান ছিল। তিনি তাঁর জীবদ্দশায় ২২৩২টি গান রচনা করেন। মাত্র কুড়ি বছর বয়সে বেথুন সোসাইটির আমন্ত্রণে মেডিকেল কলেজ হলে তিনি পাঠ করেন তাঁর সংগীত বিষয়ক প্রথম প্রবন্ধ 'সংগীত বড় ভার', এর পূর্বেই তিনি রচনা করেছিলেন গীতিনাট্য 'বাল্মীকি প্রতিভা'। লক্ষ্য করলে দেখা যায় যে, রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম পাঁচটি কাব্যগ্রন্থের নামের সাথেই 'সংগীত' শব্দটি ও সংগীত জগতের অনুষঙ্গ দাঁড়িয়ে আছে — "সন্ধ্যাসংগীত", "প্রভাতসংগীত", "ছবি ও গান", "কড়ি ও কোমল", "ভানুসিংহ ঠাকুরের পদাবলী"। এই সকল নামকরণ কবির অবচেতনে থাকা সংগীত প্রীতিকেই প্রমাণ করে।

এই সংগীতপ্রীতি থেকেই রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর নাটকে বহু গানের সংযোজন ঘটিয়েছেন। কখনো পরিস্থিতির ব্যাখ্যায়, কখনো বিষয়ের উপস্থাপনায়, আবার কখনো বা চরিত্রের আন্তরস্বরূপে উপলব্ধিতে সংগীতকে অন্যতম প্রধান উপাদান হিসাবে ব্যবহার করেছেন। নাটকে গানের ব্যবহার প্রাচ্য ও পাশ্চাত্য উভয় জাতীয় নাটকেই স্বীকৃত। আচার্য ভরত তাঁর নাট্যশাস্ত্রে বলেছেন —

" নাট্যবেদং ততশ্চাত্রে চর্তুবেদাঙ্গসম্ভবম্
জগ্রাহ পাঠ্যং ঋগ্বেদাৎ সামেভ্যোগীতমেব চ
যর্জুর্বেদাদভিনয়ান্ রসানার্থবনাদপি। "

অর্থাৎ, ঋকবেদ থেকে পাঠ্য, সামবেদ থেকে গীত, যর্জুবেদ থেকে অভিনয় এবং অর্থববেদ থেকে অভিনয় — এই চারটি উপাদানের সমন্বয়ে নাটক সৃষ্টি হয়েছে। এছাড়াও, তিনি গানের সন্নিবেশকে 'নাটকের প্রথম কার্য' বলে উল্লেখ করেছেন —

" গীতেষু যত্নঃ প্রথমং তু কার্য
শয্যাহি নাটস্য বদান্তি গীতম্।। "

অ্যারিস্টটলও গান বা 'মেলোজ'কে টোস্পড়ির ষড়ঙ্গের মধ্যে অন্যতম বলেছেন। আবার দেখি অধ্যাপক R. G. Moulton তাঁর 'The Ancient Classical Drama' বইতে নাটকের সংজ্ঞা দিতে গিয়ে বলেন — "নাটক হল গান ও সংলাপের দ্বন্দ্বে সংলাপের ক্রমশঃ প্রাধান্য লাভের ইতিহাস।"

সংস্কৃত নাটকে এবং পাশ্চাত্য নাটকেও আমরা গানের ব্যবহার লক্ষ্য

করি। কালিদাস তাঁর 'অভিজ্ঞান শকুন্তলম' নাটকে পঞ্চমাঙ্কের সূচনায় হংসপাদিকার নেপথ্য গীতের ব্যবহার করেছেন —

" অহিণবমহুলোহভাবিদো তহ পরিচুম্বঅ চূঅমন্ডদারিম্।
কমলসদিমেন্তামিনিব্দো মাহুঅর বিস্মরিদোসিনং কহং।। "

শেক্সপীয়রের নাটকেও আমরা গানের ব্যবহার লক্ষ্য করি। তিনি শুধু লঘুরসের কমেডিগুলোতে নয়, ভাবসমুন্নিত ট্রাজেজিগুলোতেও গানের ব্যবহার করেছেন। কখনো পরিবেশ বর্ণনায় —

**"Love's Labour's Lost"** নাটকে শীত ও বসন্তের দ্বৈত সঙ্গীতে, কখনো চরিত্র চিত্রণে —

**'Twelfth Night'** নাটকে অরসিনোর প্রেম বোঝাতে ব্যবহৃত বেদনাভরা গান — **"Come away, come away, death ....."**, কখনো তীব্র আবেগের প্রকাশে —

**"Measure for measure"** নাটকে পরিত্যাক্তা মারিয়ানাকে সান্ত্বনা দেওয়ার উদ্দেশ্যে একটি বালকের কণ্ঠে গীত গান — **"Take, o, take those lips away ....."**

আবার কখনো ভাবী ঘটনার ইঙ্গিত দিতে তিনি গানের ব্যবহার করেছেন। **"Othello"** নাটকে দেসদিমোনার গান শুনে আমরা নিঃসন্দিগ্ধ হয়ে যাই যে, ওথেলো নিজেকে হত্যা করতে দৃঢ়সংকল্প।

প্রাচ্য ও পাশ্চাত্য নাটকে গানের ব্যবহারের পাশাপাশি আমরা দেখি বাংলা নাটকেও গানের বহুল ব্যবহার। সূচনা পর্বের বাংলা নাটকে গানের ব্যবহার ছিল অনেক বেশি। তার অন্যতম প্রধান কারণ ছিল, দেশীয় যাত্রার অনুসৃতি। তৎকালীন নাটকে গানের প্রয়োগ ছিল বহুমুখী। মধুসূদন দত্ত, গিরিশ ঘোষ, দ্বিজেন্দ্রলাল রায়, ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ প্রমুখ নাট্যকাররা নানা প্রসঙ্গে গানের ব্যবহার করেছেন। মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' নাটকে "তারে না হেরে আঁখি ঝুরে" গানটিতে নায়িকা চরিত্রের নব অনুরাগ প্রকাশিত। আবার, 'পদ্মাবতী' নাটকে — "মধুর বসন্ত আগমনে মধুপ গুঞ্জরে সঘনে" গানটি বসন্তের আবির্ভাবের বার্তা শুনিয়েছে।

দ্বিজেন্দ্রলাল রায় তাঁর ঐতিহাসিক নাটকগুলোতে যেসকল গান ব্যবহার করেছেন, তার মূল উদ্দেশ্য দেশপ্রেমের জাগরণ। তার গানগুলোর মধ্যে দিয়ে কখনো প্রকাশ পেয়েছে দেশের অতীত ঐতিহ্যের গৌরবস্মৃতি, কখনো দেশের বর্তমান দৈন্যের জন্য বেদনা, আবার কখনো দেশের সুন্দর ভবিষ্যতের আশা। 'প্রতাপসিংহ' নাটক ও 'মেবার পতন' নাটকে এই জাতীয় গানের ব্যবহার দেখা যায়। পাশাপাশি, তিনি কৌতুক পরিবেশন এবং সমাজচিত্রণ অঙ্কনেও গানের ব্যবহার করেছেন —

" আমরা বিলাতি ধরণে হাসি
আমরা ফরাসী ধরণে কাসি
আমরা পা ফাঁক করিয়া সিগারেট খেতে
বড়ই ভালোবাসি। ... " (প্রায়শ্চিত্ত)

গিরিশচন্দ্র ঘোষের নাটকে ব্যবহৃত গানগুলো মূলতঃ ভক্তিরসাত্মক, যেমন, 'পান্ডবগৌরব' নাটকে তিনি একটি শ্যামাসঙ্গীত ব্যবহার করেছেন—

" হের হের মনোমোহিনী
কে বলে রে কালো মেয়ে ... "

আবার, কখনো ঘটনার তীব্রতা সঞ্চারের উদ্দেশ্যে বা জনপ্রমোদের উদ্দেশ্যেও তিনি গানের ব্যবহার করেছেন। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরও তাঁর প্রসহনগুলোতে গানের ব্যবহার করেছেন জনপ্রমোদ ও সমাজচিত্রণের উদ্দেশ্যে। তাঁর 'হঠাৎ নবাব' এর একটি গান — "সবে মিলি এস ভাই সুরা করি পান।"

বাংলা নাট্যসঙ্গীতের এই পূর্বতন ঐতিহ্য রবীন্দ্রনাথ ঠাকুরকে বিশেষভাবে প্রভাবিত করেছিল। তাঁর কৈশোর পর্বে বাংলাদেশে যাত্রার এবং তাঁর সঙ্গে যাত্রা ও পাঁচালি — ৩টার মিশ্রণে সৃষ্ট একপ্রকার সংগীতবহুল গীতাভিনয়ের জনপ্রিয়তা তিনি প্রত্যক্ষ করেছিলেন। জানা যায় যে, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের ঐতিহাসিক নাটকের সংগীত রচনার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুর বিশেষ সহযোগিতা করতেন। অর্থাৎ একদিকে যাত্রার প্রভাব, অপরদিকে পারিবারিক প্রভাব ও ব্যক্তিগত সংগীতপ্রিয়তা রবীন্দ্রনাথ ঠাকুরকে প্রবুদ্ধ করেছিল তাঁর নাটকে গানের ব্যবহারের ক্ষেত্রে। স্বাভাবিকভাবে বিলাত প্রত্যাগত রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর নাট্যজীবন শুরু করেছিলেন সংগীতময় নাট্যরচনা দ্বারা।

রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রথম জীবনের রচনা 'ভগ্নহৃদয়'তে গানের ব্যবহার শুরু করেন। ১৮৮১ খ্রীষ্টাব্দে এটি 'গীতিকাব্য' নামে প্রকাশিত হলেও এটি আসলে নাট্যকাব্য। কাদম্বরী দেবীকে উৎসর্গীকৃত এই গ্রন্থে তাঁর প্রথম জীবনের কিছু সঙ্গীত রয়েছে। গানগুলো সবই প্রণয়গীতি — "কতদিন একসাথে ছিনু', 'কাছে তার যাই যদি', 'যে ভালবাসুক, সে ভালবাসুক' প্রভৃতি। এরপর ১২৮৭ বঙ্গাব্দে প্রকাশিত হয় গীতিনাট্য 'বাল্মীকি প্রতিভা'। যেহেতু, এটি গীতিনাট্য, তাই সংলাপ এখানে সুরের সাহায্যে আবৃত্ত হয়েছে। তবে এর কিছু কিছু সংলাপাংশ ঈষৎ স্বয়ংসম্পূর্ণ কাব্যগীতের মর্যাদা লাভ করেছে।

১২৯১ বঙ্গাব্দে প্রকাশিত 'প্রকৃতির প্রতিশোধ' নাটক থেকে রবীন্দ্রনাথ ঠাকুর নাটকে স্বতঃপ্রভাবে গানের সংযোজন আরম্ভ করলেন। এই নাটকের অধিকাংশ গান পরিস্থিতি ও চরিত্রের মনোভাব প্রকাশের সহায়ক। গানগুলোর কথা ও সুর প্রাচীন বাংলা কাব্যসংগীতের মতো। এই নাটকে নাট্যকার কৃষকদের মনের আনন্দ প্রকাশ করতে 'হেরে গো প্রভাত হল, সুযি ওঠে, ফুল ফুটেছে বনে' গানটি ব্যবহার করেছেন। আবার, গুহাচারী সন্ন্যাসীর মধ্যে লোকালয় যে অমৃত আনন্দ ছড়িয়ে দেয়, তারই প্রকাশ পথচারীদের কণ্ঠে ধ্বনিত এই গান — "মরি লো মরি, আমায় বাঁশিতে ঢেকেছে কে"।

১২৯৬ বঙ্গাব্দে প্রকাশিত 'রাজা ও রাণী' নাটকে গান থাকলেও, গানগুলোর সেরূপে তাৎপর্যপূর্ণ বা স্বতঃস্রোতবাহী প্রয়োগ ছিল না। পরবর্তীকালে রবীন্দ্রনাথ ঠাকুর যখন এই নাটকের পরিমার্জনা ঘটান ও 'তপতী' নাটকটি (১৩৩৮ বঙ্গাব্দ) প্রকাশ করেন, তখন 'তপতী' নাটকে গানই হয়ে উঠেছিল মুখ্য। 'তপতী'র গানগুলোর মধ্যে দিয়ে কবি নাটকের মূল বক্তব্যকে পরিস্ফুট করেছেন। একদিকে 'সর্ব খর্বতারে দহে তব ক্রোধদাহ' উদ্দীপনগীতটির পাশাপাশি নাট্যকার বিপাশার কণ্ঠে 'মন যে বলে চিত্রি চিনি'র মতো প্রণয়সংগীতও ব্যবহার করেছেন।

১২৯৭ বঙ্গাব্দে প্রকাশিত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের পরবর্তী নাটক 'বিসর্জন', এই নাটকে গানের অবকাশ কম থাকলেও রবীন্দ্রনাথ ঠাকুর নাটকে ৫টি গান ব্যবহার করেছেন। অপর্ণার কণ্ঠে গীত 'আমি একেলা চলেছি এভবে' গানটি অপর্ণার পাশাপাশি গোবিন্দমাণিক্যের মানসিক পরিস্থিতিকে দ্যোতিত করে। আবার জয়সিংহের 'আমারে কে নিবি ভাই সঁপিতে চাই' গানটির মধ্যে দিয়ে নাট্যকার জয়সিংহের পরিণতির আগাম সূচনা দিতে চেয়েছেন।

রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রথম প্রহসন 'গোড়ায় গলদ' (১২৯৯ বঙ্গাব্দ) এর শেষ ছত্রে একটিমাত্র সমবেত সঙ্গীত ব্যবহার করেন — 'যার অদৃষ্টে যেমন জুটুক তোমরা সবাই ভালো'। এই গানটি হাসির গান রচনায় নাট্যকারের কৃতিত্ব প্রমাণ করে। পরবর্তীকালে নাট্যকার যখন এই নাটকটির পরিমার্জিত রূপ 'শেষরক্ষা' (১৩৩৪ বঙ্গাব্দ) প্রকাশ করেন, তখন তিনি তাতে ৯টি গানের প্রয়োগ করেছেন। নাটকটি 'গোড়ায় গলদ' এর তুলনায় উৎকৃষ্ট। এখানে, কমলমণির কণ্ঠে গীত 'ডাকিল মোরে জাগার সাথী' গানটি বিনোদবিহারীর প্রতি তার মুগ্ধতার প্রকাশ। আবার, ইন্দুর কণ্ঠে গীত 'হায় রে ওয়ে যায় না' সংগীতটি প্রেমের রহস্যময় আপনচারিতারই প্রকাশ।

১৩১৫ বঙ্গাব্দে 'শারদোৎসব' নাটকটি প্রকাশের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের নাট্যভাবনার এক নতুন দিক উন্মোচিত হল। এই নাটকের গানগুলো নাট্য ঘটনার সঙ্গে ওতোপ্রোতভাবে সংযুক্ত, চরিত্রের মর্মমূল থেকে উৎসারিত। এই নাটকে নাট্যকার বালকদের কণ্ঠে ১টি, ঠাকুরদাদা ও বালকদের সমবেত কণ্ঠে ২টি, ঠাকুরদাদার একক কণ্ঠে ১টি, সন্ন্যাসীর কণ্ঠে ৩টি ও বন্দনাকারীদের কণ্ঠে ১টি গান প্রযুক্ত করেছেন। বেতাসিনীর তীরে ঠাকুরদাদা ও বালকদের কণ্ঠে গীত 'আজ ধানের খেতে রৌদ্রছায়ায়' গানটি শারদ উৎসবের আগমনী বার্তা ধ্বনিত করেছে। আবার, ঠাকুরদাদার কণ্ঠে গীত 'আনন্দেরই সাগর হতে' গানটি উৎসবের গভীরে দশদিক প্রতিফলিত করে।

১৩১৬ বঙ্গাব্দে প্রকাশিত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের 'বউ ঠাকুরানীর হাট' উপন্যাসের নাট্যরূপ 'প্রায়শ্চিত্ত'। এটি পরবর্তীকালে পুর্নলিখিত হয়ে ১৩৩৬ বঙ্গাব্দে 'পরিত্রাণ' নামে প্রকাশিত হয়। 'প্রায়শ্চিত্ত' নাটকে মোট ২৪টি গান আছে। মূল উপন্যাসে ব্যবহৃত কিছু কিছু গান নাট্যকার এই নাটকে বজায় রেখেছেন। এই নাটকের অন্যতম উল্লেখযোগ্য চরিত্র ধনঞ্জয় বৈরাগী, যার কণ্ঠে সুর সরস্বতীর বাস, তাঁর কণ্ঠে গীত সংগীতগুলো সহিষ্ণুতা ও অহিংস প্রতিরোধের প্রকাশক, 'আমারে পাড়ায় পাড়ায় খেপিয়ে বেড়ায় কোন খেপা সে', 'আমাকে যে বাঁধবে ধরে' গানটুকু তার এই মানসিকতারই প্রতিফলন।

গীতাঞ্জলি পর্বে রচিত 'রাজা' নাটকটি মূলতঃ সংগীতমুখ্য নাটক। ১৩১৭ বঙ্গাব্দে প্রকাশিত এই গানটিতে রবীন্দ্রনাথ ঠাকুর মোট ২৬টি গান ব্যবহার করেছেন, এর মধ্যে সুরন্দমার কণ্ঠে ৮টি, রাজার ২টি, সুদর্শনার ১টি, ঠাকুরদাদা ও অনুচরবৃন্দের ১১টি, বাউল ও পাগলের ৩টি এবং বালকের কণ্ঠে ১টি গান নাট্যকার সংযোজন করেছেন। এই নাটকে ব্যবহৃত গানগুলো বিশেষ অর্থে সাংকেতিক। সুরঙ্গমার 'অন্ধকারের মাঝে আমায় ধরেছ', ঠাকুরদাদার 'আমরা সবাই রাজা' নাটকের মূল ভাবগ্রন্থিটিকে আমাদের সামনে তুলে ধরে। এই নাটকের পরিমার্জিত রূপ 'অরূপরতন' নাট্যকার প্রকাশ করেন ১৩২৬ বঙ্গাব্দে। উভয় নাটকের তত্ত্বগত কোনো পরিবর্তন না থাকলেও সংগীতের ক্ষেত্রে পরিবর্তন লক্ষ্য করা যায়। এই নাটকে নাট্যকার কয়েকটি গান সংযোজন করেছেন। এর মধ্যে প্রস্তাবনা গান 'চোখ যে ওদের ছুটে চলে গো' এবং নাটকের শেষে গীত 'অরূপবীনা রূপের আড়ালে লুকিয়ে বাজে', সংগীতদ্বয় নাটকের মূল বিষয়ের প্রকাশক।

১৩১৮ বঙ্গাব্দে প্রকাশিত 'অচলায়তন' রবীন্দ্রনাথ ঠাকুরের রূপক নাট্য। এই নাটকের ২৩টি গানের মধ্যে ১২টি গানই নাটকের অন্যতম চরিত্র পঞ্চকের কণ্ঠে গীত, নাটকের সূচনাতে পঞ্চকের কণ্ঠে গীত 'তুমি ডাক দিয়েছ কোন সকালে' গানটিতে নাটকের মূল সুরটি ফুটে উঠেছে। 'ওরে আমার মন মেতেছে', 'আর নহে আর নয়' গানগুলোতে সংশয়হীন চিত্তের উল্লাসকেই নাট্যকার তুলে ধরতে চেয়েছেন।

১৩২৯ বঙ্গাব্দে প্রকাশিত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের অপর নাটক 'মুক্তধারা'। একই ছন্দে সংঘটিত এই নাটকটির অধিকাংশ গান ধনঞ্জয় বৈরাগীর। ধনঞ্জয় চরিত্রটি নাটকে শিবতরাইয়ের লাঞ্ছিত মানুষদের হয়ে প্রতিবাদ জানিয়েছে। 'আমি মারের সাগর পাড়ি দেব' গানটি তার নির্ভীক হৃদয়ের প্রকাশ। লক্ষণীয়, এই নাটকে ভৈরবপন্থীদের গান দুটি 'পেয় ভৈরব জয় শংকর' আসলে একটি অখন্ড গান। মুক্তধারার যন্ত্রবাঁধ ভাঙার পরই তারা সম্পূর্ণ গানটি গেয়েছে।

রবীন্দ্রনাথ ঠাকুরের অপর নাটক 'ফাল্গুনী' প্রকাশিত হয় ১৩২১ বঙ্গাব্দে। এই নাটকে নাট্যকার সর্বমোট ৩০টি গান ব্যবহার করেছেন। নাটকের প্রত্যেক ছন্দের সাথে একটি পৃথক গীতিভূমিকা আছে। কেউ কেউ একে বলেছে প্রোলোগ। এগুলো আসলে কয়েকটি প্রাকৃত বস্তু বা তত্ত্বের গীতিভূমিকা, যেমন — প্রত্যাগত যৌবনের গান, ফুলন্ত গাছের গান ইত্যাদি। এই নাটকের গান নাটকীয়তাকে গ্রহণ করেই তত্ত্বকে ব্যাখ্যা করেছে। যুবকদলের গাওয়া 'ওরে ভাই ফাগুন লেগেছে' গানটি নবযৌবনের প্রতীক, আবার বাউলের কণ্ঠে গীত 'হবে জয় হবে জয়' গানটি সত্যের জয়ধ্বনি ঘোষণা করে। ফাল্গুনীর মতো এত বেশীসংখ্যক গান নাট্যকারের আর কোনো নাটকে নেই। অথচ সংগীত এই নাটকে ক্লান্ত করে না, পরিবর্তে নাটকের অভ্যন্তরের দ্বার উন্মোচন করে।

এরপর, ১৩৩৩ বঙ্গাব্দে প্রকাশিত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের অন্যতম নাটক 'রক্তকরবী'। পরিবেশ সংগীত বাদ দিয়ে এ নাটকে মোট গানের সংখ্যা ৭টি। এই নাটকের অধিকাংশ সংগীতই বিশুর কণ্ঠে গীত। 'তোর প্রাণের রস তো শুকিয়ে গেল ও রে' গানটি যক্ষপুরীর নিরানন্দ গহ্বরে কমপিষ্ট, মৃত্যুপথযাত্রী মানুষগুলোর আর্তনাদ মাত্র। এই নাটকের প্রধানা চরিত্র নন্দিনী যক্ষপুরীর অন্ধকারে হঠাৎ আসা আলোর মত। বিশু তাঁর স্বরূপ তুলে ধরতে গেয়েছে 'মোর স্বপনতরীর কে তুই মেয়ে' গানটি। আবার নন্দিনীর কণ্ঠে গীত 'ভালোবাসি, ভালোবাসি' গানটি নাটকের অন্তরালে বয়ে আসা ভালোবাসার সুরটিকেই প্রকাশ করেছে।

১৯২৬ খ্রীষ্টাব্দে রবীন্দ্রনাথ ঠাকুরের অপর নাটক 'শোধবোধ' গ্রন্থাকারে প্রকাশিত হয়। 'কমফল' ছোটগল্পের নাট্যরূপ এই নাটকটি আসলে একটি সামাজিক কমেডি। এই নাটকে মোট ৩টি গান ব্যবহৃত হয়েছে

— 'সে আমার গোপন কথা', 'বেদনায় ভরে গিয়েছে পেয়ালা', 'এবার উজাড় কর লহ হে আমার'। তিনটি গানই নায়িকা নলিনীর কণ্ঠে গীত হয়েছে। গানগুলো নায়িকা হৃদয়ের গোপন বেদনা প্রকাশে সার্থক ভূমিকা বহন করেছে।

রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর অন্যান্য নাটক 'গৃহপ্রবেশ' (১৩৩২ বঙ্গাব্দ), 'বাঁশরি' (১৩৪০ বঙ্গাব্দ) — এতেও সংগীতের ব্যবহার করেছেন। 'গৃহপ্রবেশ'-এ তিনি ৯টি এবং 'বাঁশরি'তে ৫টি গান যুক্ত করেছেন। 'গৃহপ্রবেশ' নাটকে হিমির কণ্ঠে গীত ৮টি গানের মাধ্যমে নাট্যকার যতীনের অবসন্ন হৃদয়পট উদ্ভাসিত করেছেন। 'বাঁশরি' নাটকে সুষমার কণ্ঠে গীত 'না চাহিলে যারে পাওয়া যায়' গানটির মধ্যে দিয়ে প্রকাশ পেয়েছে আর্দশ প্রেমের উপলব্ধি। রবীন্দ্রনাথ ঠাকুরের এই নাটকদ্বয় তত্ত্ব অপেক্ষা অনেকাংশে ঘটনানির্ভর। তাই নাট্যকার এখানে যে কয়টি গান ব্যবহার করেছেন, তা মূল উদ্দেশ্য চরিত্রের অর্ন্তজগতের উদঘাটন।

রবীন্দ্রনাথ ঠাকুর বিরচিত সকল নাটকগুলো লক্ষ্য করলে দেখা যায়, তাঁর প্রথম দিকের নাটকগুলোতে গানের সংখ্যা ছিলো অনেক বেশী। 'প্রায়শ্চিত্ত', 'রাজা', 'অচলায়তন' ও 'ফাল্গুনী' নাটকে তিনি যথাক্রমে ২৪টি, ২৬টি, ২৩টি, ৩০টি গান ব্যবহার করেছেন। আবার, 'মুক্তধারা', পরবর্তী নাটকগুলোতে গানের সংখ্যা ছিল কম। 'শোধবোধ' নাটকে ৩টি, 'বাঁশরি'তে ৫টি, 'রক্তকরবী'তে ৮টি, 'গৃহপ্রবেশ', 'শেষরক্ষা' ও 'তপতী'তে ৯টি করে গান ব্যবহার করেছেন। আবার দেখি নাটকের পরিমার্জনা ও অভিনয়ের ক্ষেত্রেও তিনি সংখ্যার রদবদল ঘটিয়েছেন। ১৯১২ খ্রীষ্টাব্দে প্রকাশিত 'অচলায়তন' নাটকে গানের সংখ্যা ছিল ২৩টি। আবার এরই পরিমার্জিত রূপ 'গুরু'তে গানের সংখ্যা ছিল ৭টি। একই ঘটনা দেখি 'রাজা' ও 'অরূপরতন' নাটকের ক্ষেত্রে। 'রাজা' নাটকে গানের সংখ্যা ছিল ২৬টি আর 'অরূপরতন'-এ গানের সংখ্যা ছিল ৩৯টি। নাট্যাভিনয়ের ক্ষেত্রেও গানের সংখ্যার রদবদল রবীন্দ্রনাথের নাটকে বিশেষভাবে লক্ষ্য করা যায়। যে 'ডাকঘর' নাটকে একটিও গান নেই, সেই নাটকটি ১৯১৭ খ্রীষ্টাব্দে 'বিচিত্রা'য় অভিনীত হবার সময়, নাট্যকার তাতে ৫টি গান যোগ করেন। 'রক্তকরবী' নাটকটিও এর ব্যতিক্রম নয়। 'রক্তকরবী'র মুদ্রিত পাঠে গানের সংখ্যা ৮, কিন্তু ১৯৩৪ খ্রীষ্টাব্দে 'দি টেগোর ড্রামাটিক' গ্রুপের পরিচালনায় যখন এটি অভিনীত হয়, তখন এতে ৭টি গান ছিল। মুদ্রিত পাঠের 'তোর প্রাণের রস তো শুকিয়ে গেল' ও 'ভালোবাসি, ভালোবাসি' গানটির উল্লেখ ছিল না। পরিবর্তে ধ্বজপূজাদের কণ্ঠে ছিল একটি নতুন গান — 'ফুল দেখি লাগিল আশ / আর ভোমরা যাব তোমার পাশ।'

রবীন্দ্রনাথ ঠাকুরের নাটকে গানের এরূপ গ্রহণ বর্জন পাঠক মনে তথা দর্শক চিত্তে সংশয় জাগায়। কখনো মনে হয়, কবির গান হয়তো সর্বদা নাট্যবিষয়ের আন্তরস্বরূপ উদঘাটনে বা মনের পরিবাহী হয়ে ওঠেনি বা চরিত্রের বিকাশ ও বিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেননি। প্রখ্যাত কবি ও সমালোচক শঙ্খ ঘোষ তাঁর 'কালের মাত্রা ও রবীন্দ্র নাটক' গ্রন্থে এ বিষয়ে আলোকপাত করেছেন। তিনি বলেছেন পেশাদার রঙ্গালয়ের প্রত্যক্ষ প্রভাব রবীন্দ্রনাথ ঠাকুরের উপর ছিল না। কিন্তু জনপ্রমোদের ভাবনা তাঁকে বাধ্য করেছিল প্রয়োজনাতিরিক্ত গীত নাটকে সংযোজনে।

এ প্রসঙ্গে শঙ্খ ঘোষ গগনেন্দ্রনাথকে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের একটি চিঠিও উদ্ধৃত করেছেন — "..... চোখ এবং কান দুইয়েরই একেবারে পেট ভরিয়ে তুলতে হবে। ..... বুঝিয়ে দেওয়ার চেয়ে মজিয়ে দেওয়াটাই দরকার।"

কিন্তু রবীন্দ্রনাথ ঠাকুর এই চিন্তাভাবনা থেকে যে অচিরেই সরে এসেছিলেন, তার প্রমাণ তাঁর 'মুক্তধারা' পরবর্তী নাটকগুলো। সেখানে গানের সংখ্যা অনেক যে কমে এসেছিল, তা আগেই বলেছি। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর তত্ত্বমূলক নাটকগুলোতে গানের অতি সুপ্রাসঙ্গিক, সংহত প্রয়োগ করেছেন। চরিত্রের অন্তররূপ উদঘাটনে, পরিস্থিতির ব্যাখ্যায় তিনি সংগীত প্রয়োগে পারঙ্গমতা দেখিয়েছেন। তিনি চেয়েছিলেন, তাঁর নিজের আদর্শ, চিন্তা, ভাবনাকে নাটকের মধ্যে দিয়ে প্রকাশ করতে। আর তার উপকরণ হিসাবে তিনি চয়ন করেছিলেন সংগীতকে। ঠাকুরদাদা, ধনঞ্জয় বৈরাগী, বিন্দু প্রভৃতি নাট্যচরিত্রগুলোর সংগীতের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর নিজস্ব জীবনাদর্শকে পৌঁছে দিতে চেয়েছিলেন জনমানসের কাছে। তাই নাটকের সংস্করণে বা অভিনয়ক্ষেত্রে গানের সংখ্যার যতই পরিবর্তন ঘটুক না কেন, রবীন্দ্রনাথের নাটকে গান কখনো বহিরঙ্গ উপাদান হয়ে থেকে যায়নি, তা হয়ে উঠেছে নিতান্তই আভ্যন্তরীণ, প্রাসঙ্গিক ও আবশ্যিক।

আলোচনার সমাপ্তিতে বলতে চাই, শুধু নাটকে নয়, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর সাহিত্য সৃষ্টির বিভিন্ন ক্ষেত্রে তুলে এনেছেন সংগীত জগতের নানা অনুষঙ্গ। 'চতুরঙ্গ' উপন্যাসে দামিনীর প্রেম উদ্বেল হয়ে উঠেছিল লীলানন্দ স্বামীর গান শুনে —

" দেখা তোমায় হোক বা না হোক
তাহার লাগি করব না শোক,
ক্ষণেক তুমি দাঁড়াও, তোমার
চরণ ঢাকি এলোমেলো। "

আবার 'যোগাযোগ' উপন্যাসেও কুমুদিনীকে গাইতে শুনি ভূপালী রাগে প্রণয়রাঙা গান। সংগীত রবীন্দ্রনাথের সমগ্র সত্তা জুড়ে বিরাজমান ছিল। কোনো ক্ষেত্রেই তিনি তাকে অস্বীকার করতে পারেননি। পরিণত বয়সে এসে সংগীতের মাঝেই তিনি মুক্তির সন্ধান করেছিলেন —

" মুক্তি যে আমারে তাই
সংগীতের মাঝে দেয় সাড়া। "

*গ্রন্থতালিকা :*


১) প্রশান্তকুমার পাল — রবিজীবনী

২) রমেন্দ্রনারায়ণ নাগ — রবীন্দ্র নাটকে গানের ভূমিকা

৩) শঙ্খ ঘোষ — কালের মাত্রা ও রবীন্দ্রনাটক

৪) শম্ভু মিত্র — নাটক রক্তকরবী

৫) শ্রুতিনাথ চক্রবর্তী — রক্তকরবী : গানের ভিতর দিয়ে

৬) সরোজ বন্দ্যোপাধ্যায় — আগুন এবং অন্ধকারের নাট্য রবীন্দ্রনাথ

৭) সিতাংসু রায় — সংগীত চিন্তায় রবীন্দ্রনাথ

# রবীন্দ্রসংগীতে স্বাধীন সুরবিহার : স্বত্বোত্তর দাদাগিরি নাকি ঐতিহ্যের অপব্যাখ্যা

*সৌরভ গঙ্গোপাধ্যায়*
*প্রাক্তনী বাংলা বিভাগ*

"গান পরের কণ্ঠ নির্ভর করে। যে মানুষ রচনা করে, সে তাকে জন্ম দেয় মাত্র, যে মানুষ গায় সেই তাকে হয় বাঁচায়, নয় মারে।" — রবীন্দ্রনাথ ঠাকুর (সংগীতচিন্তা)।

২০০২ সালের আনন্দ পুরস্কার প্রদান অনুষ্ঠান উপলক্ষে কলকাতার গ্র্যান্ড হোটেলের বলরুমে কয়েকটি গানের পরিবেশন এবং তার অল্পদিন পরে "অজানা খনির নূতন মণি" নামের ১২টি রবীন্দ্রসংগীতের একটি ক্যাসেটের প্রকাশ ছিল সম্ভবত রবীন্দ্র-স্বত্ব অতিক্রান্ত হওয়ার পরবর্তী পর্যায়ের সবচেয়ে বিতর্কিত ঘটনা। রবীন্দ্রসংগীতের এ-হেন পরিবেশনে সেদিন বিশেষজ্ঞজনেরা অনেকে লজ্জিত, অনেকে স্তম্ভিত, অনেকে বা ব্যথিত হয়েছিলেন। আমরা শুনে নেব কয়েকটি ভাষ্য —

"রবীন্দ্রসংগীতের এমন অসংলগ্ন বিভ্রান্ত রূপ কিছুতেই মেনে নিতে পারছি না। হতে পারে, 'লাল গানে নীল সুর হাসি হাসি গন্ধ।" — সুভাষ চৌধুরী।

"স্বত্ব তিরোহিত হওয়ার সঙ্গে জড়িয়ে ছিল যে শঙ্কা, অথবা যা কখনোই হবে না বলে নিশ্চিত প্রত্যয় ছিল অনেকের, তাই ঘটল এই ক্যাসেটে।" — আলপনা রায়।

"হিন্দুস্থানি গানের সুরধর্মী সর্বস্বতার কাছে আর একবার লুণ্ঠিত হল রবীন্দ্রনাথের গানের বাক্‌প্রতিমা।" — অলক রায়চৌধুরী।

আর এইসব মন্তব্যের পরিপ্রেক্ষিতে শিল্পী নিজে বললেন — "কে কি বলল, কে রবীন্দ্র স্বরলিপি অনুসরণ করে গাইনি বলে গাল পাড়ল, কী ধৃষ্টতা বলল, তাতে আমার কিছু যায় আসে না। তাদের কথা আমি গ্রাহ্যের মধ্যেই আনি না।"

এমনতর ঔদ্ধত্য যে স্বত্বোত্তর পর্বে নিতান্তই অনিবারণীয়, সে কথা বলাই বাহুল্য। আর এই জাতীয় বিকৃতি, দীর্ঘদিনের প্রথাচিহ্নিত পথ থেকে সরে এসে অন্যতর কোনো গায়নশৈলীমন্ডিত করে রবীন্দ্রসংগীতের নিরীক্ষামূলক উপস্থাপন ও তাকে ঘিরে বির্তক এই সময়ে অনেক ক্ষেত্রেই ছোট-বড়ো নানা মাত্রায় ঘটেছে, ঘটছে। কিন্তু এগুলি আমাদের আলোচ্য নয়। আমরা আমাদের আলোচনার অভিমুখে স্থাপন করতে চাই গায়িকা আলপনা রায়ের পূর্বোক্ত ভাষ্যটি "স্বত্ব তিরোহিত হওয়ার সঙ্গে জড়িয়ে ছিল যে শঙ্কা ..... তাই ঘটল এই ক্যাসেটে।"

কী ছিল আশঙ্কা? আর কীই বা ঘটল এ ক্যাসেটে? এই ক্যাসেট থেকে একটি দৃষ্টান্ত দেব। "ও কেন ভালোবাসা জানাতে আসে।" এ গান বাইশ বছরের যুবক রবীন্দ্রনাথের রচনা। রাগ - পিলু, তাল - খেমটা। এটি "কৌন পরদেশ" বলে একটি হিন্দি গান ভেঙে তৈরি। আলোচ্য ক্যাসেটে রবীন্দ্রসংগীতটি গীত হয়েছে এই ভাবে — মূল রবীন্দ্র দত্ত সুরের কাঠামোটা বজায় রেখে তার উপর ঠুমরির চাল আরোপ করেছেন গায়ক। প্রথমেই "ওলো সজনী" কথাটিকে নিয়ে সুরের বিস্তার করা হয়েছে রাগ রূপটি ফুটিয়ে তোলার উদ্দেশ্যে। তারপরে মূল গান। সেখানেও প্রায় প্রতি কথাতেই মূল সুরের উপর ছোটো ছোটো অলংকরণ, মীড়, আন্দোলন ইত্যাদি নিয়ে ওস্তাদি গায়নের ধারাটি বর্তমান। অর্থাৎ শুধু যে রবীন্দ্র দত্ত মূল সুরটি এখানে বিপর্যস্ত তা নয়, গায়কিটাও একেবারেই আলাদা। এখানে বলে রাখা প্রয়োজন যে 'গায়কি' আর 'ঢং' কিন্তু এক নয়। রবীন্দ্রসংগীত গায়িকা সুচিত্রা মিত্র এ দুয়ের তফাত নির্দেশ করে বলেছেন —

"গায়কী কথাটির সঙ্গে 'ঐতিহ্য' কথাটির একটা ঘনিষ্ঠ সম্পর্ক আছে। বহুদিন ধরে একটি বিশিষ্ট গায়নরীতির ফলে সঙ্গীতের যে রূপ ও রীতিটি পরিস্ফুট ও প্রতিষ্ঠিত — তা-ই হল 'গায়কী'। ... ঢং বস্তুটা সম্পূর্ণ ব্যক্তিগত।"

তাহলে প্রশ্ন হল, "অজানা খনির নূতন মণি"-র মতন কাজ — একে কি বলব? স্বত্বোত্তর দাদাগিরি? কারণ রবীন্দ্র স্বত্ব উঠে যাবার পরে এই জাতীয় গায়ন, যা কিনা মূলস্রোতের তথাকথিত 'রাবীন্দ্রিক' রীতি থেকেই একেবারেই আলাদা, তার উপর "বিশ্বভারতী সংগীত সমিতি" নামক দ্বারীর দরবার তো আর একেবারেই খাটবে না। রবীন্দ্রনাথ নিজেই বলে গিয়েছিলেন —

"দ্বারী নেই, শুধু দোহাই আছে, এমন অবস্থায় দস্যুকে ঠেকাতে কে পারে?"

শুধু দোহাই দিয়ে যে দস্যু ঠেকানো যায় না, তার প্রমাণ পূর্বোক্ত নিরীক্ষামূলক অ্যালবামটির গায়কের দম্ভোক্তি যা আমরা আগেই উল্লেখ করেছি। আলপনা রায় সম্ভবত একেই আশঙ্কা বলে চিহ্নিত করতে চেয়েছিলেন। স্বত্ব তিরোহিত হবার ফলে এই আশঙ্কা ফলবতী হবার পথটা আর এতটুকুও বন্ধুর রইলো না।

কিন্তু ইতিহাস বলে, রবীন্দ্রসংগীতে স্বাধীন সুরবিহার চিহ্নিত ওস্তাদি ঢঙের এই গায়নরীতিরও একটা ঐতিহ্য আছে। রবীন্দ্রনাথ নিজে এই রীতিকে কতটা পছন্দের চোখে দেখেছিলেন, সেটা তর্কসাপেক্ষ প্রসঙ্গ (পরে আলোচ্য)। কিন্তু এ কথাটা সত্য যে রবীন্দ্রনাথের জীবিতকালেই শাস্ত্রীয় কলারতদের কণ্ঠে তাঁর গানের এই জাতীয় Improvised রূপ জন্ম নিতে শুরু করেছিল। এই Improvisor-দের তালিকায় পড়বেন রাধিকাপ্রসাদ গোস্বামী, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় প্রমুখ। পরবর্তীতে জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী, রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়রাও এই পথেরই পথিক ছিলেন। সুতরাং দেখা যাচ্ছে

হয়তো সাধারণের অগোচরে খুবই অর্ন্তলীন একটা প্রবাহ, কিন্তু তবু তা প্রাণবান। এই রীতিকে রাবীন্দ্রিক বলা যাবে না নিশ্চয়ই। কারণ রবীন্দ্রনাথের নিজস্ব গায়কী বা গায়নদীপ ছিল একেবারেই এ পথের বিপরীতে। এ বিষয়ে রবীন্দ্রসংগীতাচার্য শান্তিদেব ঘোষের সাক্ষ্য —

"তিনি নিজে গাইবার সময় কোনো কোনো হিন্দীভাঙা বাংলা গানে সামান্য সুরবিস্তার করেছেন বটে কিন্তু যাকে বলে আসল তান, সেরকমের কোনো সুরের অলংকারে কোনো গান গাইতে শুনি নি। জটিল ছন্দের বাঁটতান বা কেবল 'আ' শব্দ উচ্চারণের দ্বারা আরোহণ, অবরোহণ যুক্ত কোনোপ্রকার তান বাংলা গানে ব্যবহার করতেন না। টিমালয়ের হিন্দীভাঙা বাংলা গানেই সুরবিস্তার করতেন, কিন্তু সে বিস্তার ছিল অতি সামান্য। কিন্তু শেখাবার সময় সেই গানই সুর বিস্তার সহ কাউকে শেখাতে দেখি নি। আমি নিজেও কখনো শিখি নি। দিনেন্দ্রনাথের কাছে গান শিখেছি, অন্যদের গান শেখাতে দেখেছি, কিন্তু তিনি নিজে তানের দ্বারা সুরবিস্তারের গান শিখিয়েছেন বা নিজে গেয়েছেন এমন কখনো শুনি নি। দিনেন্দ্রনাথকে গুরুদেব নিজে তান বিস্তার যোগে গান শিখিয়েছেন তা মনে পড়ে না। নানারূপ সুরের বিস্তার ও 'তান' সমেত গুরুদেবকে নিজের গানে সুর যোজনা করতে দেখিনি। তাই শেখাবার বেলায় তার প্রয়োগ দেখা যেত না। কেবল নিজে গাইবার সময় কখনো কখনো খেয়াল অঙ্গের হিন্দীভাঙা বিশেষ কয়েকটি বাংলা গানের সুরবিস্তার করেছেন। তাঁর ধ্রুপদ ভাঙা বাংলা গানগুলিতে কোনোদিনই দুগুণ, চৌগুণ বা ছন্দযুক্ত বাঁটতান ব্যবহার করতে শুনি নি।

আগের দিনের খ্যাতনামা গুণীরা গুরুদেবের গানে যা করেছেন তা সম্পূর্ণ তাঁদেরই ইচ্ছামতো তাঁরা করেছেন। সংগীতাচার্য রাধিকাবাবুর দ্বারা গীত গুরুদেবের হিন্দীভাঙা দুটি বাংলা গানের রেকর্ড আছে। সে গান দুটি গুরুদেবের মুখেও বহুবার শুনেছি। কিন্তু রাধিকাবাবুর গাওয়া তানালংকার বহলতার অনুরূপ কোনো পরিচয় গুরুদেবের কণ্ঠে একবারও শুনি নি। তাঁর গাইবার ঢং ছিল সম্পূর্ণ ভিন্ন রকমের।"

বিষ্ণুপুর ঘরানার রাধিকা গোস্বামী "স্বপন যদি ভাঙ্গিলে" আর "বিমল আনন্দে জাগো রে" — এই দুটি খেয়ালাঙ্গ রবীন্দ্রসংগীত রেকর্ড করেছিলেন। অবশ্যই নিজস্ব চালে স্বাধীন সুরবিহার যোগে। গান দুটিকে রবীন্দ্রসংগীত না বলে বাংলা খেয়াল বলাই শ্রেয়। কারণ এদের ভাবে-অবয়বে খেয়ালের চিহ্ন যতখানি রবীন্দ্রসংগীতের চিহ্ন তার এক তৃতীয়াংশও বর্তমান নয়। অনেকের মতে অবশ্য, এই রেকর্ডের (P2173) পিছনে রবীন্দ্রনাথেরই আগ্রহ ছিল সক্রিয়। রবীন্দ্রনাথ নাকি এই রেকর্ডটি নিজে চালিয়ে শুনতে ভালবাসতেন। 'গোঁসাইজি'র এই গান নাকি তাঁর এতই প্রিয় ছিল যে বছরের পর বছর মাঘোৎসবে তাঁকে দিয়ে এইভাবে নিজের গান কবি গাওয়াতেন। রবীন্দ্রনাথের সঙ্গে রাধিকা গোস্বামীর সম্পর্কের নিবিড়তার কথা ঐতিহাসিক সত্য। কিন্তু শান্তিদেব ঘোষের সাক্ষ্য মাথায় রাখলে গবেষকদের পূর্বোক্ত ধারণাটি মেনে নেওয়া কঠিন। এমনকী নিজের গানকে রবীন্দ্রনাথের রায় এবং ছাপানো স্বরলিপির সাহায্যে সেই অপরিবর্তনীয়তাকে সর্বতোভাবে রক্ষা করবার তাঁর আঁতুড় প্রয়াসের দৃষ্টান্তও এই জাতীয় বক্তব্যের বিপক্ষেই যায়। তবে এইসব তর্ককে পাশে ফেলে একটি ঐতিহাসিক তথ্যের অভিমুখে আমরা তাকাতেই পারি। রাধিকা গোস্বামীর রেকর্ডটি প্রকাশ পেয়েছিলো ১৯১৫ সালে। রবীন্দ্রনাথ তখনও স্বত্ত্বাধিকার আইনের আশ্রয়েই যান নি। অর্থাৎ এই রেকর্ডের প্রকাশ তাঁর অনুমোদন সাপেক্ষ ছিল না। যখন থেকে কবি তাঁর সৃষ্টিকে কপিরাইট দিয়ে রক্ষা করবার সিদ্ধান্ত কায়েম করলেন, তখন থেকে (১৯২৬) তাঁর মৃত্যু পর্যন্ত (১৯৪১) তাঁর অনুমোদন স্বাক্ষরিত হয়ে এই জাতীয় স্বাধীন সুরবিহার চিহ্নিত একটিও রের্কড প্রকাশিত হয়নি। এমনকি জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামীর কণ্ঠে এইভাবে "অল্প লইয়া থাকি" গানটির রেকর্ড প্রকাশ করতে দিতে রবীন্দ্রনাথ কেন এবং কতখানি নারাজ ছিলেন সেও আমরা জানি। কিন্তু কোনো এক অজ্ঞাত কারণে ১৩৮৭ বঙ্গাব্দে বিদ্যাধর বেঙ্কটেশ ওয়াঝহওয়ার রাধিকা গোস্বামীর রেকর্ড অনুসরণে "স্বপন যদি" গানটির স্বরলিপি প্রস্তুত করেন এবং ১৩৯৮ বঙ্গাব্দে সেটি স্বরবিতান গ্রন্থমালার ত্রিষষ্টিতম খন্ডের অন্তর্ভুক্ত হয়। বিশ্বভারতী জানাচ্ছেন —

"গানটির প্রথম অন্তরায় অনুরূপ সুরের দ্বিতীয় অন্তরা, 'খুলি মোর গৃহদ্বার ... ভবনে' উক্ত গ্রামাফোন রেকর্ডে গীত হয় নাই, উহার স্বরলিপি প্রথম অন্তরা অনুসারে সন্নিবিষ্ট।"

রবীন্দ্রনাথের অধিকাংশ গানেই যদিও দুটি অন্তরার মধ্যে সুরগত সাদৃশ্য প্রভূত পরিমাণে লক্ষ্য করা যায়, তবু ছোটোখাটো বৈসাদৃশ্যের পরিমাণও নিতান্ত উপেক্ষণীয় নয়। কাজেই একটি অন্তরার সুর অন্যটিতে চালিয়ে দেওয়ার বিপদ অনেক। অনেক ক্ষেত্রে সুর ঠিকমতো জানার উপায় না থাকলে এছাড়া গতি থাকে না ঠিকই। যদিও তারও নৈতিকতা নিয়ে প্রশ্ন উঠতে পারে। কিন্তু আপাতত সে প্রশ্নে না গিয়ে এটুকুই আমাদের জিজ্ঞাস্য হতে পারে যে এ গানের সুরটি জানার অন্য কোনোই পথ কী ছিল না? রাধিকা গোস্বামী গানটি আদ্যন্তই তালে গেয়েছিলেন। কিন্তু স্বরলিপির পিছনে নির্দেশ রইল — "সম্পূর্ণ গানটি ঢালাওভাবে গাহিবারও রীতি আছে।" কী করে জানা গেল রীতি আছে? তাছাড়া রেকর্ডে যে প্রভূত সুরবিস্তার করা রয়েছে, স্বরলিপিতে প্রায় তার সবটাই বর্জ্জিত। কেন? একটি রেকর্ডকে যদি প্রামাণ্য বলে গণ্য করি, তাহলে তার পুরোটাই হুবহু রক্ষা করা উচিত। তার উপর সম্পাদনা করা হল কোন যুক্তিতে এবং কিসের আদর্শে? এই গানটি প্রসঙ্গে আচার্য শৈলজারঞ্জন মজুমদার জানাচ্ছেন —

"ওই তানগুলো অবশ্যই বাদ দিতে হবে। তা ছাড়া, কজনেরই বা ক্ষমতা আছে ওই সব জটিল তান গলায় তোলার! তবে ওই গানের 'গান' অংশটুকু যেভাবে গোঁসাইজী গেয়েছেন সেটাই হলো 'মডেল'। আমি মোহরকে ও অন্যান্যদের ওই 'মডেল' ধরেই শিখিয়েছি। ..... আমার যতদূর জানা আছে, এ গানের কোনো স্বরলিপি নেই।"

শৈলজারঞ্জনের উক্তি থেকে মনে হয় যে এ গান তিনি স্বয়ং রবীন্দ্রনাথের কাছে শেখেন নি। কিন্তু কেউই কী শেখেন নি? শান্তিদেব ঘোষের বক্তব্য থেকে স্পষ্ট বোঝা যায় যে এ গানের গীতরূপ তাঁর জানা ছিল স্বয়ং

রবীন্দ্রনাথের কণ্ঠ থেকেই। শৈলজারঞ্জন কণিকা বন্দ্যোপাধ্যায়কে ঠিক কী শিখিয়েছিলেন আমরা জানি না। কিন্তু ১৯৭৫ সালে 7EPE 3086-এই রেকর্ডে কণিকা কণ্ঠে এই গানের যে রূপ ধরা আছে তার সঙ্গে মুদ্রিত স্বরলিপি এবং রাধিকা গোস্বামীর রেকর্ড কোনোটিরই হুবহু সাদৃশ্য নেই। কণিকা গানটি আগাগোড়া ঢালাওভাবে গেয়েছেন। রাধিকা গোস্বামীর গানটি 'মডেল' হলে তো তালে হওয়া উচিত ছিল। তাছাড়া রাধিকা গোস্বামীর গলায় এ গানের 'গান' অংশটির সুরও যে বিকৃত, Diverated নয় তা কে বলবে? কাজেই কিসের জোরে তা মডেল হল? সুচিত্রা মিত্রের কণ্ঠে এই গান একাধিকবার শোনবার সৌভাগ্য বর্তমান প্রবন্ধ লেখকের হয়েছে। তিনিও ঢালাওভাবেই গাইতেন। কিন্তু তাঁর গলায় সুর আবার একটু অন্যরকম। মূল কাঠামোটা যদিও সবারই এক। শান্তিনিকেতন থেকে পাস করা সমসাময়িক এই দুই গায়িকা কোথা থেকে পেলেন এর সুর? নিশ্চয়ই শান্তিনিকেতনের কেউ না কেউ এ গান জানতেন। তাহলে? রেকর্ড থেকে স্বরলিপি তখনই হয় যখন রের্কডটি হয় স্বয়ং কবির কণ্ঠের। অথবা পূর্বতন কোনো প্রামান্য স্বরলিপি না থাকলেও কবির সাক্ষাৎ সান্নিধ্য ধন্য বিশেষজ্ঞজনেরা সুর না জানলে কবির অনুমোদন স্বাক্ষরিত রেকর্ড থেকেও স্বরলিপি হতে পারে। এক্ষেত্রে তো কোনোটাই নয়। তবে?

সুতরাং দেখা যাচ্ছে, আলপনা রায়ের কথামতো স্বত্ব তিরোহিত হবার ফলে Derivation হয়তো পায়ের তলায় শক্ত জমি পেল, কিন্তু এর অন্তঃসলিলা চলন শুরু হয়েছিল অনেক দিন আগেই। রবীন্দ্রনাথের মৃত্যুর পরে পরেই ১৯৪২ সালে জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী "বিমল আনন্দে জাগ রে" রেকর্ড করেন তাঁর নিজস্ব প্রথায়। এই প্রথায় তাঁর গাওয়া গান কিন্তু রবীন্দ্রনাথ নিজে প্রকাশ হতে দেন নি। কিন্তু কোনো অজানা হস্তের অঙ্গুলি-চালনে ৪২ সালের রেকর্ডটি ছাড় পেয়ে যায়। এটি যে গায়কির গুণে শুধু একটি বাংলা খেয়ালে পরিণত হয়েছে তা নয়, ওস্তাদি চালেপ প্রভাবে স্বাভাবিক বাংলা উচ্চারণও বজায় থাকে নি এর কথায়। অথচ রবীন্দ্রসংগীতে উচ্চারণের বিশুদ্ধতা নিয়ে আমাদের সতর্কতা তো প্রায় বাতিকের পর্যায়ে উন্নীত। "গোপ(অ)ন" কথাটির "গোপ(ও)ন" উচ্চারণ করা ছাত্রকে শিক্ষকের হাতে চড় খেতে দেখার অভিজ্ঞতাও আছে বর্তমান লেখকের। সুতরাং এ-গান রাবীন্দ্রিক তো নয়ই, "রবীন্দ্রসংগীত"ও একে বলা যায় কিনা তা নিয়ে প্রশ্ন আছে। গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়ের পুত্র রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় তাঁর একক কণ্ঠে "জাগে নাথ জোছনা রাতে" গানের রেকর্ডে গোড়ায় সামান্য সুরালাপ করলেও মূল রবীন্দ্র-দত্ত সুরকে মোটামুটি অক্ষতই রেখেছেন। কিন্তু তাঁর তত্ত্বাবধানে হওয়া "এ পরবাসে রবে কে", "কে বসিলে আজি", "পিপাসা হায়", "এ মোহ আবরণ" ইত্যাদি গান প্রভূত সুরবিস্তার সহযোগেই রেকর্ডে গীত হয়েছে। প্রায় বিকল্প সুর তৈরি হয়েছে সে সব ক্ষেত্রে মালতী ঘোষাল, রাজেশ্বরী দত্তদের গলায়। আর এসবই হয়েছে রবীন্দ্রনাথের তিরোধানের পর। রাজেশ্বরী দত্ত ছিলেন শান্তিনিকেতনেরই ছাত্রী। ফলে এই জাতীয় গায়নে দিনে দিনেই শান্তিনিকেতন তথা বিশ্বভারতীর সিলমোহর দৃঢ় থেকে দৃঢ়তর হয়েছে। অথচ স্বয়ং রবীন্দ্রনাথের ছাত্রী অমিয়া ঠাকুরের কণ্ঠে "এ পরবাসে" গানের রেকর্ড আমাদের চিনিয়ে দেয় এ গানের রাবীন্দ্রিক গীতরীতি কেমন হওয়া উচিত। এই প্রসঙ্গে উঠে আসবে গীতা ঘটক, রণো গুহঠাকুরতাদের মতো রবীন্দ্রসংগীতের একান্ত শিল্পীদের নামও। গীতা ঘটকের গলায় "কী ধ্বনি বাজে"-র রেকর্ডে রয়েছে স্বরলিপি বহির্ভূত কিছু অসামান্য সুরবিস্তার যা তাঁর সুরঋদ্ধ কণ্ঠের অনুপম হীরকদ্যুতিতে আজ কিংবদন্তীর স্তরে উন্নীত। এই গানটি রবীন্দ্রনাথ অমিয়া ঠাকুরের কণ্ঠে শোনা একটি গান ভেঙে বাঁধেন। অমিয়া দেবীকে সামনে বসিয়েই প্রফুল্লকুমার দাস এর স্বরলিপি প্রস্তুত করেছিলেন। সুতরাং গীতা ঘটকের কণ্ঠে এই সুরবিস্তারকেও স্বাধীন সুরবিস্তারই বলব। রণো গুহঠাকুরতার ক্ষেত্রেও একই কথা। এঁদের সঙ্গে কিন্তু ওস্তাদি রীতির সুরবিস্তারের অনেক ফারাক আছে। এঁদের কণ্ঠে সম্ভবত রাবীন্দ্রিক চেতনার অঙ্কুশই সুরবিস্তারের উদ্দাম লাগামছাড়া হতে দেয় নি। সীমিত তানালাপ গানের রাবীন্দ্রিক চরিত্রকে কোথাও ভ্রষ্ট করে নি। তবু 'Derivation' তো 'Derivation'-ই।

একটা সময় ছিল, যখন শাস্ত্রীয় গানের কলাবতদের মধ্যে রবীন্দ্রসংগীতে কাট করবার প্রবণতাও ছিল প্রবল। সত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায় রবীন্দ্রসংগীতে কাট করতেন। সেই চল ক্রমে লুপ্ত হয়ে গেছে। কিন্তু তানালাপের প্রবণতাটা রয়েই গিয়েছিল। রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কথা আগেই বলেছি। তস্য শিষ্য নিমাইচাঁদ বড়াল তান করতেন। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও তাঁর কন্যা বিন্ধ্যবাসিনী দেবীর নামও এই তালিকায় যুক্ত হবে। মনে রাখতে হবে এই সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কিন্তু একইসঙ্গে ছিলেন বহু রবীন্দ্রসংগীতের প্রামাণ্য স্বরলিপিকার। এবং এ ব্যাপারে তিনি ছিলেন রবীন্দ্রনাথের এতটাই আস্থাভাজন যে কিছু গান যেগুলির স্বরলিপি স্বয়ং দিনেন্দ্রনাথ ঠাকুর করেছিলেন, সুরেন্দ্রনাথকে দিয়েও সেগুলির স্বরলিপি কবি প্রস্তুত করান।

এইভাবে এক শ্রেণীর গায়ক যারা নিজেদের গায়নে রাবীন্দ্রিকতায় একাত্ম নন, তাদের কণ্ঠে রবীন্দ্রসংগীত স্বাধীন সুরবিহার যোগে গীত হবার ধারাটা বজায় রইল। কিন্তু রবীন্দ্রসংগীতের মূল প্রবাহে এই জাতীয় গায়ন আগেও ছিল না, পরেও রইলো না, মাঝখানের দু'একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া। আর একটা সময় বিশ্বভারতী সংগীত সমিতির দাপটে পূর্বোক্ত বিকল্প গায়ন ধারাটি ধ্বনিমুদ্রিকায় প্রচার পেতে না পেরে ক্রমেই ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে গেল। ইদানীং অবশ্য স্বত্বোত্তর যথেচ্ছারের সুযোগে আবার কিছু নিরীক্ষা দেখা যাচ্ছে, যার উল্লেখ প্রবন্ধের গোড়ায় করেছি। প্রশ্ন হল, কেন এমন হল? এর একটা কারণ সম্ভবত এটাই যে এইভাবে তানালাপ তথা সুরের স্বাধীন বিস্তার যোগে গান পরিবেশন করতে গেলে যতখানি সাংগীতিক শিক্ষার দৃঢ়তা প্রয়োজন, অধিকাংশ প্রথাগত তালিমপ্রাপ্ত রবীন্দ্রসংগীত গাইয়েরই তা নেই। আমাদের দেশে রবীন্দ্রসংগীতের শিক্ষাক্রমে সাহিত্যবোধ, কাব্যভাবনা, রবীন্দ্র-দশন, যতি-বিন্যাস ইত্যাদি বড়ো বড়ো বিষয়গুলির উপর যত জোর দেওয়া হয়, সুর-সাধনা কিম্বা কণ্ঠ-মার্জনার উপর ততটা নয়। রবীন্দ্রসংগীত

হাতি-ঘোড়া আর যাই হোক্, মূলে যে গান — এই সত্যটা আমরা প্রায়ই বিস্মৃত হই। রবীন্দ্রসংগীতের কাব্যমূল্য তার সাংগীতিক মূল্যকে প্রায়শই আড়াল করে দাঁড়ায়। ব্যতিক্রম অবশ্যই আছে। কিন্তু সংখ্যাগরিষ্ঠ গাইয়ের ক্ষেত্রে এটাই সত্য।

তবে, এর চেয়েও বড়ো কারণ যেটি সেটি হল রবীন্দ্রনাথের নিজস্ব গায়ন-দীক্ষা যা পরবর্তীতে শান্তিনিকেতনের সূত্রে নানা আকারে সর্বত্র অনুসৃত। শান্তিদেব ঘোষের সাক্ষ্য থেকে আমরা জানতে পারি যে কবি নিজে অনেক সময়ই তান দিয়ে আপন মনে নিজের গান গাইতেন, কিন্তু শেখাতেন না। রবীন্দ্রনাথ নিজে বলেছেন —

"অনেক বাংলা গান আছে, যা হিন্দুস্থানি কায়দাতেই তৈরি, তানের অলঙ্কারের জন্য তার দাবী আছে। আমি এ রকম শ্রেণীর অনেক গান রচনা করেছি। সেগুলিকে আমি নিজের মনে কত সময়ে তান দিয়ে গাই।"

তাহলে রবীন্দ্রনাথ নিজেই যেখানে স্বীকার করছেন যে তাঁর গানের ভান্ডারে থাকা এক জাতীয় গানে তানের দাবী আছে, সেখানে তিনি নিজের গানয় দীক্ষায় কেন তাকে প্রশ্রয় দিলেন না? কেন তাঁর অনুমোদন নিয়ে প্রকাশ পেল না এই জাতীয় গায়নমন্ডিত একটিও রবীন্দ্রসংগীত? হলে তো রবীন্দ্রসংগীতের Derivated গায়নে কবির অনুমতি নিয়ে আর কোনোই সংশয় থাকত না।

এই প্রশ্নে যাবার আগে দেখে নেব, 'তান' বলতে ঠিক কী বোঝায়? আধুনিক যুগে আমরা যাকে 'তান' বলি আমাদের দেশের প্রাচীন সংগীত সাধনায় 'তান' বলতে তা বোঝাও না। ১৩ শতাব্দীতে লেখা শারঙ্গদেবের 'সঙ্গীতরত্নাকর' গ্রন্থে বলা আছে —

"গ্রামমূর্হনাক্রম তানাঃ" এবং — "একস্বরাদিতানানাং"।

পরিস্কার বোঝা যাচ্ছে যে 'তান' বলতে এখানে একটি স্বরের ব্যাপ্তিকেই বোঝানো হচ্ছে। মূর্হনাযুক্ত স্বরসমষ্টির নাম হচ্ছে গ্রাম। ৯ শতাব্দীর "বৃহদেশী" গ্রন্থেও আছে "ষোড়শী", "রাজসূয়" প্রভৃতি তানের উল্লেখ। এখানেও তানের অর্থ "মূর্হনায় ব্যাপ্তি"। খেয়ালের যুগে ১৭ খৃষ্টাব্দে অহোবল প্রণীত "সঙ্গীত পারিজাত" গ্রন্থে আছে —

"তানাঃ স্যু মূর্চ্ছনাঃ শুদ্ধাঃ ষাড়বৌড়ুবিতি কৃত্যাঃ মূর্ছনাঃ কূটতানাং স্যুঃ। অসম্পূর্ণাশ্চ সম্পূর্ণা ব্যুৎ ক্রমোচ্চারিতশ্চ বাঃ।"

এখানেও শুদ্ধ মূর্চ্ছনা ও অশুদ্ধ মূর্চ্ছনার বিচারে "শুদ্ধতান" ও "কূটতান" এর কথা আছে কিন্তু মূল গান ক্রিয়ার সঙ্গে তান ব্যবহারের নির্দেশ নেই। আরো পরবর্তী যুগের 'অভিনব রাগমঞ্জরী" গ্রন্থে তান সম্পর্কে যা বলা হয়েছে, তা আরও প্রণিধান যোগ্য —

"যেন বিস্তার্যতে রাগঃ স তানঃ কথ্যতে বুধৈঃ, শুদ্ধ কূট বিভেদন দ্বিবিধান্তে সমীরিতাঃ।"

অর্থাৎ রাগের বিস্তার যার দ্বারা ঘটে তাই হল তান। সৌম্যেন্দ্রনাথ ঠাকুর তাঁর "রবীন্দ্রসঙ্গীতে তানের স্থান" প্রবন্ধে লিখছেন —

"এই বিস্তার কিন্তু স্বরের বাঁধা হকের মধ্যে নয়। ষড়গ্রামের ষাড়ব (হয়স্বরযুক্ত) কিংবা ঔড়ব (পঞ্চম স্বরযুক্ত), যে তানই হোক না কেন, স্বরগুলির পর্যায় ঠিক রেখে যে তান তাকেই "শুদ্ধতান" বলা হয়েছে, তার অন্যথা হলে তাকে 'কূটতান' বলে নিন্দা করা হয়েছে। এর থেকেই বোঝা যাচ্ছে যে তানের সীমা এতোই নির্দিষ্ট, তার বিস্তার এতোই নিয়ন্ত্রিত যে তানে সৃষ্টির মৌলিকত্ব দেখাবার অবকাশ খুবই অল্প, নেই বললেই চলে। যে অবকাশটুকু আছে সেটা সৃষ্টির নয়, কারিগরির।"

এ প্রসঙ্গে রবীন্দ্রনাথের নিজের উপলব্ধি ছিল এইরকম —

"তান যতদূর যাক না, গানটাকে অস্বীকার করতে পারে না, যে গানের সঙ্গে তার যোগ থাকে, সেই যোগটিকে সে ফিরে দেখিয়ে দেয়। গান থেকে তানটি যখন হঠাৎ ছুটে চলে গেল, তখন মনে হয়, সে বুঝি বিক্ষিপ্ত হয়ে চলে গেল। কিন্তু তার যাওয়া কেবল মূল গানটিতে আবার ফিরে আসবার জন্যই এবং সেই ফিরে আসা, — রসটিকে নিবিড় করার জন্য।"

এখানে বলা ভালো, রবীন্দ্রসংগীতে 'তান' বা সুবিস্তার যে একেবারেই নেই তা নয়। "স্বপ্নে আমার মনে হল", "লাবণ্যে পূর্ণ প্রাণ", "এ পরবাসে"-র মতন গানে তানের ব্যবহার আছে। কিন্তু তা গানের সুরের মূল কাঠামোর মধ্যেই রচয়িতা কর্তৃক নির্দিষ্ট। গায়কের স্বাধীন কারিকুরির কোনো জায়গা নেই। আসলে আমাদের দেশের প্রথায় গান যখন শ্রোতার দরবারে পরিবেশিত হয় তখন পরিবেশক একই সঙ্গে শিল্পী ও গায়ক দুই-ই। কারণ উপস্থাপকার সেই বিশেষ মুহূর্তেই তাঁর কণ্ঠে গানটি নতুন রূপ লাভ করে যা পূর্বতন পরিবেশনের থেকে আলাদা। কিন্তু রবীন্দ্রসংগীতে ললিতকলার নীতি মতেই "শিল্পী" একজনই — তিনি রবীন্দ্রনাথ। তাঁর গানের বাণী-সুর সবই তাঁর নির্দিষ্ট। গায়ক, যিনি সে গানকে কণ্ঠে ধারণ করছেন, তিনি উপস্থাপক মাত্র। এই দিক থেকে রবীন্দ্রনাথের গান অনেকাংশেই পাশ্চাত্য সংগীতের সমধর্মী। ১৮০২-১৮০৪ — এই পর্বে বিটোফেনের এরোয়িকা সিম্ফনির জন্ম। সেই সময় তিনি শিল্পী। কিন্তু ১৮০৫-এ এর মঞ্চোপস্থাপনার সময় তিনি শুধুই পরিচালক। তখন তার বদলে ওয়েরার কি আর কেউ থাকলেও কোনো বাত্যয় ঘটত না।

রবীন্দ্রনাথ সম্ভবত সারাজীবনই দোটনায় ভুগেছেন, তাঁর গানে গায়ককে স্বাধীন সুরবিস্তার করতে দেবার অধিকারের প্রশ্নে। দিলীপকুমার রায়ের সঙ্গে তাঁর বিখ্যাত তর্কের কথা আমরা জানি। রবীন্দ্রনাথ বলেছিলেন —

"শেষ কথা সুরবিহার সম্বন্ধে। ..... এতে যে গুণী ছাড়া পায় তাও মানি। আমার অনেক গান আছে যাতে গুণী এ রকম ছাড়া পেতে পারেন অনেকখানি। আমার আপত্তি এখানে মূলনীতি নিয়ে নয়, তার প্রয়োগ নিয়ে। ..... তোমার স্বকীয় ঢঙে 'হে ক্ষণিকের অতিথি' গাইলে যেভাবে, আমার সুরের গঠনভঙ্গি রেখে এক্সপ্রেশনের যে স্বাধীনতা তুমি নিলে, তাতে আমি সত্যিই খুশি হয়েছি।"

এক্সপ্রেশনের স্বাধীনতা এক, আর সুর বিহারের স্বাধীনতা আর এক। সে তর্ক এখন থাক। কিন্তু রবীন্দ্রনাথ সত্যিই খুশি হয়েছিলেন কী? সাহানা

দেবীকে লেখা চিঠিতে তাঁর কথা —

"..... 'হে ক্ষণিকের অতিথি' সেদিন মন্টু গেয়েছিল — সুরের মধ্যে কোনও পরিবর্তন ঘটায়নি। তার মধ্যে ও যে ধাক্কা লাগিয়েছিল সেটাতে গানের ভাবের চাইতে ভঙ্গি প্রবল হয়ে উঠেছিল। দেখলুম শ্রোতাদের ভালো লাগল। গানের প্রকাশ সম্বন্ধে গায়কের ব্যক্তিগত স্বাধীনতা অগত্যা মানতেই হবে। ....."

— এই 'অগত্যা' শব্দটিই তো বুঝিয়ে দিচ্ছে নিরুপায় রচয়িতার হতাশাকে। "গীতালি"-র শিল্পীদের উদ্দেশ্যে তাঁর "সানুনয় অনুরোধ" ছিল —

"তোমাদের গান যেন আমার গানের কাছাকাছি হয়।"

এই কাঙ্খিত গায়ন কবি খুঁজে পেয়েছিলেন সাহানা (ঝুনু)-র গানে —

"যে গানে যতখানি আমি আছি ততখানি ঝুনুও আছে — এই মিলনের দ্বারা যে পূর্ণতা ঘটে সেটার জন্য রচয়িতার সাগ্রহ প্রতীক্ষা আছে।"

রবীন্দ্রসংগীতের নিবেদনে এমন মিলন কদাচিৎই ঘটে। তাহারা ধূর্জ্জটি প্রসাদের মতো মর্মাত সমঝদারই বা কজন পেয়েছিলেন রবীন্দ্রনাথ? দিলীপকুমারের পরম সুহৃদ ধূর্জ্জটি প্রসাদের দেরি হয় নি রবীন্দ্রসংগীতের মূল প্রকৃতিকে চিনতে —

"সংগীতে সুরের মিশ্রণ এবং বৈচিত্র্যের সাহায্যে গুরুভারকে লঘু না করে, সহজে বহন করানো — এই হল রবীন্দ্রনাথের একটি কৃতিত্ব।"

রবীন্দ্রসংগীতে গায়কের স্বাধীন সুরবিস্তারের ক্ষেত্রটা কেন সংকীর্ণ তা ধরতে পেরেছিলেন বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডের এই প্রিয় শিষ্য —

"বাংলাভাষায় লেখা গানে তানের সুযোগ কম। ততটুকু তান সম্ভব যতটুকু Breath Group এর শেষে অর্থের ইঙ্গিতে এবং ছন্দোবৈচিত্র্যে পাওয়া যায়। তার বেশি তান দিলে রাগিণীর বিকাশ হয়তো হবে, কিন্তু ভাষা, ছন্দ, অর্থ ও সুরের ভারসাম্য নষ্ট হবে — অর্থাৎ সংগীত হবে না।"

রবীন্দ্রনাথেরও জানা ছিল —

"বাঙালি ভাগ্যদোষে কুকাব্য লিখতে পারে, কিন্তু অকাব্য লিখতে কিছুতেই তার কলম সরবে না।" তাই —

"বাংলা গানে হিন্দুস্থানী সংগীতের মতো অবাধ তানালাপের স্বাধীনতা দিলে তার বিশেষত্ব নষ্ট হয়ে যাবার সম্ভাবনা আছে।"

তাছাড়া 'অধিকার ভেদ' বলেও তো একটা কথা আছে। রবীন্দ্রনাথ নিজেই 'গড়পড়তা' গায়ক আর 'প্রতিভাবান' গায়কের মধ্যে পার্থক্য করেছিলেন দিলীপকুমারের সঙ্গে আলোচনায়। গানের গতি যে অনেকখানি তরল তা যেমন কবি মানতেন, আমরাও মানি। কিন্তু অযোগ্যের হাতে ভার পড়লে তার চেহারা কতটা ভীতিপ্রদ হয় তার নমুনা রবীন্দ্রনাথও দেখেছিলেন। এই সেদিন আমরাও দেখেছি জনৈক কুমারজিতের মধ্যে। গায়ক যতবড়ই প্রতিভাবান হন না কেন, রবীন্দ্রনাথের প্রতিভার পাশে যে তিনি 'গড়পড়তা' এটা আমরা সবাই মানি। আর তাছাড়া তাঁর অনুপস্থিতিতে তাঁর গানে Improvisation এর 'অধিকার' বা 'প্রতিভা' কার এবং কতখানি সে বিচারের চূড়ান্ত ভার কি আমাদের কারো হতে পারে? রবীন্দ্রনাথ নিজেও হয়তো তা জানতেন। কারণ "রচনা যে করে" "রচিত পদার্থের" দায় একমাত্র তাঁরই। তাই নিজের জীবদ্দশাতেই প্রতিভাবান, গড়পড়তা নির্বিশেষে সকল শ্রেণীর গায়কের জন্যই তিনি অনুজ্ঞা রেখেছিলেন —

"আমার গান আমার মতন করে গেয়ো।"

এই মন্তব্যটিই চিহ্নিত করে দেয় রবীন্দ্রসংগীতের গায়কিকে। 'Improvisation' এর তাগিদে স্বাধীন সুরবিহার করে যারা এ গানের এক স্বতন্ত্র গীতরীতিকে দিনে দিনে জন্ম দিতে চেয়েছেন, তাঁদের উদ্দেশ্যে রবীন্দ্রনাথের কথাই উদ্ধারযোগ্য —

"পরের গানের উন্নতি সাধনে প্রতিভার অপব্যয় না করে নিজের গানের রচনায় মন দিলে তাঁরা ধন্য হতে পারেন। সংসারে যদি উপদ্রব করতেই হয় তবে হিটলার প্রভৃতির ন্যায় নিজের নামের জোরে করাই ভালো।"

স্বত্ব রইলো কি গেলো সেটা কথা নয়। গায়কি এমনি একটা জিনিস যা কোনো বিশেষ ধারার গানের মূল প্রকৃতিকে চিনতে সাহায্য করে। সেই গীতরীতি যা কি না স্বয়ং রবীন্দ্রনাথের কণ্ঠ থেকে নিঃসৃত হয়ে দিনেন্দ্রনাথ ও পরবর্ত্তী যুগের শান্তিনিকেতনের গীতপ্রবাহের অন্য ভাণ্ডারিদের এবং তাঁদের শিষ্য প্রশিষ্যদের সূত্রে গুরু-শিষ্য পরম্পরায় কণ্ঠ থেকে কণ্ঠে আজ এক ক্লাসিক রূপ নিয়েছে তাকে চ্যালেঞ্জ ছুঁড়ে দেওয়া তো স্রষ্টাকেই অসম্মান! সদ্য প্রয়াত রবীন্দ্রসংগীত সম্রাজ্ঞী সুচিত্রা মিত্র একবার বলেছিলেন —

"ব্যক্তিত্বের পার্থক্যের জন্য বিভিন্ন শিল্পীর গাইবার ঢং বদলাতে পারে, কিন্তু 'গায়কী' বদলায় না। বদলানো উচিত নয়। অর্থাৎ ধ্রুপদের গায়কী বদলে তাকে খেয়াল বানানো অথবা রবীন্দ্রসঙ্গীতের গায়কী বদলে তাকে ঠুংরি বানানো — এ অপরাধের ক্ষমা নেই। তা সে যত বড় পণ্ডিতই করুন না কেন।"

যৌবনের উদ্দামতায় দিলীপকুমার কবির সঙ্গে তর্কে নেমেছিলেন। তাঁকে বশও করেছিলেন। কিন্তু শেষ অবধি নিজের ভুল বুঝতে তিনিও ব্যর্থ হন নি। বিগত শতকের '৬' এর দশকে এ নিয়ে শ্রীযুক্ত অমিতাভ ঘোষকে দেওয়া তাঁর সাক্ষাৎকারে তিনি বলেছিলেন —

"সেদিন আমি ভুল করেছিলাম স্রষ্টার স্বাধীনতা স্বীকার না করে। সেই কারণে 'হে ক্ষণিকের অতিথি' সুরবিহার সহযোগে আর কখনও কোথাও গাই নি — কবিবর নিজে সে অধিকার আমাকে দিয়ে গেলেও।"

তবু, এত কিছুর পরেও কেউ কেউ থাকেন, যারা বুঝেও বোঝেন না। তেমনই একজন শ্রদ্ধেয় শ্রীযুক্ত অমিয়রঞ্জন বন্দ্যোপাধ্যায়। তাঁর উচ্চাঙ্গ সঙ্গীতে রবীন্দ্রনাথ প্রবন্ধে তিনি স্পষ্টই জানাচ্ছেন —

"খেয়াল বলতে শুধু চার লাইনের গানকেই বোঝায় না। খেয়ালের মধ্যে আছে তান ও বিস্তার অর্থাৎ সুরের বিবিধ বিন্যাস। অমুক শিল্পী খেয়াল

গান গেয়ে শোনালেন, তার মানে এই নয় যে তিনি শুধু চার লাইনের গান শোনালেন। তাঁকে চার লাইন গানের অতিরিক্ত আরো কিছু করতে হয়েছে। সেই আরো কিছুর প্রয়োজন আছে রবীন্দ্রনাথের খেয়াল গানে।"

অমিয়বাবু বুঝতেই পারেন নি যে রবীন্দ্রনাথের খেয়ালাঙ্গের গান রচনার পিছনে বাংলা খেয়াল বানানোর কোনোই প্রণোদনা ছিল না। রবীন্দ্রনাথ কোনোদিনও জয়জয়ন্তী কিম্বা কানাড়া কি বেহাগের অন্ধ দস্যুবৃত্তিতে ব্রতী হন নি। দিলীপকুমার রায়কে স্পষ্টই জানিয়েছিলেন —

"আমি যে গান তৈরি করেছি তার ধারার সঙ্গে হিন্দুস্থানী সংগীতের ধারার একটা মূলগত প্রভেদ আছে — এ কথাটা কেন তুমি স্বীকার করতে চাও না? তুমি কেন স্বীকার করবে না যে, হিন্দুস্থানী সংগীতে সুর মুক্ত পুরুষ ভাবে আপনার মহিমা প্রকাশ করে, কথাকে শরিক বলে মানতে সে যে নারাজ — বাংলায় সুর কথাকে খোঁজে, চিরকুমারব্রত তার নয়, সে যুগলমিলনের পক্ষপাতী।"

এই কারণেই তো গুরুর কাছে কালো কালো কম্বল চাওয়া অকিঞ্চিৎকর গান যখন রূপ পায় ঈশ্বরের প্রেম সুধারসে মেতে ওঠার গানে, তখন সেই অর্ন্তকার রূপান্তরকে তান কর্তব্যের প্রশ্নে ধরতে চাওয়া বাতুলতা। ২০০২ এর "আনন্দ সন্ধ্যা"-য় গ্র্যান্ড হোটেলের বলরুমে গায়ক যখন "চরণতলে কোটিশশী" কথাটিকে বারবার ভেঙে ভেঙে নানা ভঙ্গিতে পরিবেশন করেন তখন রাগরূপের পরিস্ফুটনে উৎকৃষ্ট এক "বেহাগ" জন্ম নেয় ঠিকই, কিন্তু নষ্ট হয় "রবীন্দ্রনাথের গান।"

দিলীপকুমার রায় রবীন্দ্রনাথকে সাবধান করেছিলেন —

"ট্র্যাজিডি তো জগতে আছেই, শিল্পেও আছে, সুতরাং তাকে মেনে নেওয়া ছাড়া উপায়ও নেই। ..... বাজে শিল্পীর দ্বারা আপনার গানের Caricature রোধ করতে পারবেন না।"

রবীন্দ্রনাথ তাঁর গানে পক্ষবিস্তারের স্বাধীনতা দিতে চেয়েছিলেন মুষ্টিমেয় "শিল্পী-গায়ককে"। এটাই সম্ভবত কাল হয়েছিল। ঐতিহ্যের অপব্যাখ্যা তো একেই বলে। তাঁর কথাকে চাল করে তাঁরই গানকে ধ্বংস করতে ব্রতী হয়েছিলেন কোনো কোনো উত্তরসাধক। তাঁরা ভুলেছিলেন যে রবীন্দ্রনাথ এমন কথাও বলেছিলেন —

"আর্টে প্রগলভতার চেয়ে মিতভাষ, বাহুল্যের চেয়ে সারল্য শ্রেষ্ঠ।"

আর এই সবের জাত আটকানোর শেষ দোহাই ১৯২৬ এর কপিরাইট যখন ২০০১-এ উঠে গেল, তখন তো "আমরা সবাই রাজা"। কোনো নিষেধ, কোনো অনুজ্ঞাকেই গায়করা তখন আর "গ্রাহ্যের মধ্যেই" আনেন না।

তবে কেউই কি শুনতে পাননি কবির কণ্ঠস্বরকে, সত্য শিল্পীকে তাঁর সৃষ্টিকার্যে আহ্বান জানানো প্রচ্ছন্ন ইঙ্গিত? হ্যাঁ, পেয়েছিলেন। তাঁদেরই কেউ কেউ হলেন শুভা মুদগল, ভীমসেন যোশী। রবীন্দ্রনাথের প্রতি অবনত শ্রদ্ধায় তাঁরা তাঁর গান কণ্ঠে ধারণ করেছেন, নিজস্ব Improvisation-কে সঙ্গী করেই। কিন্তু তাতে ব্যাহত হয়নি রবীন্দ্রসংগীতের চারিত্র্য ধর্ম। কারণটা পন্ডিত যোশীর নিজের কথাতেই তুলে দিলাম —

"গুরুদেবের গান। দরবারি কানাড়া। তাই শিখতে আমায় আলাদা করে তালিম নিতে হয়েছিল।"

আজ যারা রবীন্দ্রসংগীতকে "দশ আঙুল দিয়ে" স্পর্শ করবার নামে ছিনিমিনি খেলতে লেগেছেন, রবীন্দ্রনাথেরই একটি কথা তাঁদের উদ্দেশ্যে বলে আমার বক্তব্য শেষ করব —

"আধুনিক যুগের শ্রদ্ধাহীন স্পর্ধা দ্বারা এই তপস্যাকে মন থেকে প্রত্যাখ্যান কোরো না — একে স্বীকার করে নাও।"

*আকরপঞ্জী :*


১) তোমায় নতুন করে পাব বলে — অমিতাভ ঘোষ

২) রবীন্দ্রসংগীত — শান্তিদেব ঘোষ

৩) মনে রেখো — সুচিত্রা মিত্র

৪) রবীন্দ্রসংগীত চিন্তা — শৈলজারঞ্জন মজুমদার

৫) প্রাণের গানের ভাষা — অমিতেশ সরকার

৬) গান হতে গানে — সুধীর চক্রবর্তী

৭) রবীন্দ্রনাথের গান — সৌম্যেন্দ্রনাথ ঠাকুর

৮) সংগীতচিন্তা — রবীন্দ্রনাথ ঠাকুর

৯) কথা ও সুর — ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়

১০) রবীন্দ্রনাথের গান — প্রবীর গুহঠাকুরতা

# একটি সংলাপিকা

***সুদর্শন রায়চৌধুরী***
***মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী, পঃ বঃ সরকার***

- আপনার সময়কার কলেজ ম্যাগাজিন নিয়ে কোন স্মৃতি মনে পড়ে ?

আজকাল যে সব মনোহারি কলেজ ম্যাগাজিন হচ্ছে, সেরকম কলেজ ম্যাগাজিন আগে হত না। তবে, আমাদের সময়ও যে সব লেখা হত সেগুলো সংগ্রহে রাখার মতো। আমার দাদারা একটা সময় প্রেসিডেন্সিতে পড়ত। কলেজের প্রাক্তনীদের লেখা এখন যেমন নেওয়া হয়, তখনও ম্যাগাজিনে প্রাক্তনীদের স্থান দেওয়া হত। সালটা হল ৬২-৬৬, সে সময়ের প্রাচীন-নবীন দ্বন্দ্ব আমাদের লেখাতেও ছাপ ফেলেছিল। আমাদের সময় অসীম (চট্টোপাধ্যায়) ছিল প্রকাশনা বিভাগের সম্পাদক।

- রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষে, আপনার এই মহান ব্যক্তিত্বের ওপর দৃষ্টিভঙ্গি কি?

আমাদের সৌভাগ্য যে আমরা রবীন্দ্রনাথকে এত কাছে থেকে পেয়েছি একজন বাংলাবাসী হিসাবে। আমাদের ব্যক্তিগত সামগ্রিক ও সামাজিক জীবনে তিনি গভীরভাবে দাগ কেটে গেছেন। আমাদের জীবনের প্রত্যেকটি অংশে রয়েছে তার ছোঁয়া। মাঝে যেন মনে হয়েছিল রবীন্দ্রচর্চায় ভাঁটা পড়ে, তবে সময় যত এগিয়েছে তত তিনি ফিরে এসেছেন। রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষে দাঁড়িয়ে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় UGC এর সহায়তায় এবং বর্তমান বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের উদ্যোগে রবীন্দ্রগবেষেণা কেন্দ্র গঠন করার চেষ্টা করতে পারে।

- কলেজ প্রাক্তনী হিসেবে সে সময়ের কিছু স্মৃতি যদি বলেন।

প্রথমে সেন্ট জেভিয়ার্স কলেজে ভর্তি হতে যাই। সেটাও একটি নামকরা কলেজ। কিন্তু তখোনকার ঐ পশ্চিমী পরিবেশ প্রথম থেকেই আমায় তেমন টানেনি। তারপর প্রেসিডেন্সিতে এসে যেটা আমাকে সবচেয়ে কাছে টানে সেটা হল এখানকার পরিবেশ, যেখানে ধনী ও গরীবের পার্থক্য কখনো চোখে পড়েনি, যা গুরুত্বপূর্ণ তা হল মেধার প্রাধান্য।

ছাত্র শিক্ষক প্রত্যেকের মধ্যেই আন্তরিক সম্পর্ক মনকে নাড়া দিয়ে যায়। অনেকদিন হয়ে গেল এখনও পুরোনো বন্ধু কিছু রয়েছে যাদের সাথে আমার নিয়মিত যোগাযোগ আছে।। আমি, অসীম (চট্টোপাধ্যায়), ধৃতিমান ..... আমাদের এখনও যোগাযোগ আছে। ৬২-র চীন-ভারত যুদ্ধের ঘটনাটিতে কমুনিষ্ট বিরোধী জিগির তোলর চেষ্টা এবং তার বিরুদ্ধে আমাদের অর্থাৎ বামপন্থী ছাত্র-ছাত্রীদের সটান দাঁড়িয়ে থাকার কথা এখনও মনে পড়ে। তবে যতই রাজনীতি থাকুক, ছাত্রদের সাথে শিক্ষকদের সম্পর্ক সবসময়েই ভালো, এমনকি স্টাফেদের সাথেও।

- ছাত্র বহিস্কারকে কেন্দ্র করে যে আন্দোলন ঘটেছিলো সে সম্পর্কে কিছু যদি বলেন?

১৯৬৬-তে বি.এ. পাশ করবার পর অসীম (চট্টোপাধ্যায়), অশোক সেনগুপ্ত এবং আমাকে কলেজ কর্তৃপক্ষ এম.এ. পড়বার ফর্ম দিতে সরাসরি অস্বীকার করে। আমাদের অপরাধ হোল কলেজের শান্তিপূর্ণ পরিবেশ রক্ষার ক্ষেত্রে আমরা নাকি বিপজ্জনক। এর আসল অর্থ বামপন্থী আদর্শের সাথে আমাদের যোগাযোগ এবং ইডেন ইন্দু হোস্টেলের কর্তৃপক্ষের কিছু অনাচারের বিরুদ্ধে আমাদের ছাত্র আন্দোলন। আমাদের ফর্ম না দেওয়ার প্রতিবাদে সেই মুহূর্তে ছাত্ররা বিক্ষোভে এগিয়ে আসে। পরের দিন থেকেই ধর্মঘট শুরু হয়। অন্য কলেজের ছাত্র-ছাত্রীরাও এই ধর্মঘটে যুক্ত ছিল। তদানিন্তন বি.পি.এস.-এর নেতৃত্বে এই আন্দোলন আরও সম্প্রসারিত হয় পশ্চিমবাংলার তদানিন্তন ছাত্র সমাজের মধ্যে। ছাত্রদের সমর্থনে সমাজের অন্য মানুষও এগিয়ে এসেছিলেন। ছাত্র জীবনের এই আন্দোলন আমার জীবনে দাগ কেটে গেছে।

- প্রেসিডেন্সি কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর, আপনার দৃষ্টিভঙ্গি কি ?

প্রেসিডেন্সির উন্নতি করতে হলে সবাইকে সাথে নিয়ে এগোতে হবে। অতীতের অভিজ্ঞতা থেকে প্রেসিডেন্সিকে শিক্ষা নিতে হবে। গবেষণাক্ষেত্রে সবচেয়ে কৃতি ছাত্র/ছাত্রীরাই এই কলেজে আসে। তবে সব কলেজেই কমবেশী ভালো ছাত্র-ছাত্রী থাকে। Credit Transfer, Semestar পদ্ধতি, উন্নত গবেষণা — এই বিষয়গুলির ওপরে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, যা কলকাতা বিশ্ববিদ্যালয়ের আওতায় থেকে কিছু কাঠামোগত কারণে সম্ভবপর হয়ে ওঠে নাই। কলেজের 'Routine' পদ্ধতি, যাতে গবেষণা বিষয়ে বাধা হয়ে না ওঠে সে বিষয়ে আরও গভীরভাবে চিন্তার দরকার।

- বিশ্ববিদ্যালয় হিসাবে প্রেসিডেন্সি কোন পথে অগ্রসর হবে? কি কি পরিবর্তন দেখতে চান এই কলেজটিতে?

একটি Full Scale University হওয়া সময়সাপেক্ষ। সামনে চেনা ও অচেনা প্রতিবন্ধকতা আসতে পারে। নিজেকেই বেছে নিতে হবে সে University হিসাবে কি কি পরিবর্তন দেখতে চায় এবং মনে করি, নিজক্ষেত্রে সম্পন্ন প্রাক্তনীরা এ বিষয়ে সাহায্য করতে এগিয়ে আসবেন। প্রেসিডেন্সি, যাহা বিশ্ববিদ্যালয় হিসেবে হয়ে উঠতে পারে সমগ্র পশ্চিমবঙ্গের গর্ব।

- বর্তমান অবস্থায় উচ্চশিক্ষাক্ষেত্রটি কোন কোন সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে?

চেষ্টা চলছে রাজ্যের হাত থেকে শিক্ষা ব্যবস্থাকে সরিয়ে কেন্দ্রের আওতায় আনার। বিশ্বায়নের প্রভাবে সবকিছুকে একঢালা করে দেবার প্রচেষ্টা, ঠিক যেন তাসের দেশের মতন। আমরা এটা মেনে নিতে পারি না এবং এর প্রতিবাদ জানাই। শিক্ষাকে Corporate Sector-এর হাতে তুলে দেওয়া ভুল। শিক্ষা যদি *Corporatise* হয়ে যায় তা হলে বিশাল অংশের গরীব ছাত্র-ছাত্রী এবং গ্রাম থেকে আসা ছাত্র-ছাত্রীরা শিক্ষা থেকে বঞ্চিত হবে।

- উচ্চশিক্ষামন্ত্রী হিসাবে আপনি শিক্ষাক্ষেত্রে কি কি পরিবর্তন আনতে চান?

চলমান পদ্ধতিতে এগোলে চলবে না। নিত্যনতুন পদ্ধতি গ্রহণ করতে হবে। Private tution নষ্ট করছে Quality Education-কে, এটা শিক্ষাকে নিম্নমুখী করে তুলছে। কোন শিক্ষা সংস্থাই এতটা ক্ষতিকর নয়, যতটা ক্ষতি Private tution-এর অভ্যাস করতে পারে।

*( সুদর্শন রায়চৌধুরী প্রেসিডেন্সি কলেজের একজন প্রাক্তনী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ সাক্ষাৎকারটি নিয়েছেন সৌমি মুখার্জী, সম্পাদক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, তৃতীয় বর্ষ। )*

# Meeting Prof. Suranjan Das

*Vice Chancellor, University of Calcutta.*
*Department of History, 1971-74*

**1. Presidency has just been transformed into a unitary university status, what do you feel about that?**

Well, I am happy. I studied at Presidency. I have very fond memories of my College days, and I am indeed glad that this transformation has at last taken place. I have a very high regard for the academic strength of Presidency. With the new status, Presidency must rise to further heights. But I also think a structural reorganization of Presidency requires to be undertaken in terms of recruitment of teachers and development of other infrastructure facilities. Until now, Presidency was mainly geared for undergraduate teaching, though it did offer some Post Graduate courses with complete academic autonomy. I am sure under the leadership of your esteemed Vice Chancellor, Presidency will fulfill the society's rising expectations.

**2. Please, share with us some fond memories of your college days.**

I studied in South Point High School and frankly, I remain relatively more attached to my school. However, at Presidency I had the opportunity to be taught by some of the finest teachers that Bengal had during that time. They gave us personal care and attention, and encouraged us to think critically and independently. I later studied in Oxford, but my initiation to the world of History came from my Presidency teachers. At Presidency we also learnt a lot outside the classroom. The library exposed us to the world of knowledge, and Mr. Probodh Biswas and Mr. Subodh Biswas in the library were of great help in our scholastic pursuits. Most important, Presidency enabled us to interact with the brightest minds of Bengal of our generation. All our friends from Presidency are well placed today; interaction with them helps me to shape my thoughts even today.

**3. Tell us something about the college magazine at that time?**

I remember we were excited when it came out. It reflected, and I am sure it still reflects, the academic mind of the College.
(The magazine was not published between the years 1969-72. It was resumed in 1973.)

**4. What has been your perception of Rabindranath Tagore?**

I see Tagore as a holistic personality. He was much more than a littérateur. He was a philosopher, a musician and a thinker with strong insights on how independent India should be. When we interpret Tagore today, we have to see him from this perspective. India is facing multiple developmental challenges, especially in the context of globalization. We can certainly fall back upon Tagore's vision of nation-building to confront the crisis. His ideas about relationship between agriculture and industry, or about national culture and education, or about how to interact with the outside world, have great relevance for the present day.

**5. How do you think the youth today perceives the "legend"?**

The youth needs to know much more about Tagore. In our childhood when we were first exposed to literature, we read Rabindranath Tagore, Bankim Chandra, Sarat Chandra, Premchand, Sukanto Bhattacharya or Satyajit Ray. However, kids today tend to be first exposed to Batman, Spiderman or Superman. Not surprisingly, a T.V. Channel revealed how a considerable section of the youth it interviewed could not tell for which work Rabindranath Tagore received the Nobel Prize, or in which year he received the Prize. This is certainly unfortunate. The fault, however, lies not with the youth, but with their parents, the education system and their teachers.

**6. You mention the faulty education system, what changes do you think should be made?**

I shall focus on higher education. As I see it, the fundamental challenge for our higher education is to strike a balance between quantitative expansion and qualitative improvement, of course, in tune with equity and justice. Our Gross Enrolment Ratio in higher education is about 11%, which needs to be at least doubled in the coming years to make India a knowledge-based society. But a quantitative growth is not enough. The qualitative change in the teaching learning process is also much required. At the same time, expansion of higher education should be in consonance with inclusive growth. The second challenge is the threat of privatisation and

commercialisation of higher education. I am not against private-public partnership in higher education, but this should not degenerate into commercialisation. The third challenge is to have a balanced development of conventional subjects and those in the emerging areas. A decade ago there was in the West an undue stress on applied sciences, neglecting basic sciences and social sciences. It is only now, the West has realized that it was a wrong move. Sadly, we are yet to take this lesson. Finally, there needs to be a linkage between school education and higher education in our country. That is not happening. We cannot enrich higher education without a scientific development of primary and secondary schooling.

**7. Students from Presidency sometimes fear before coming to University of Calcutta, what do you feel about that?**

In my student days, I very often found a contradictory relationship between Presidency and non-Presidency students in the Calcutta University. The Presidency students tended to betray an elitism, which naturally did not go down well with non-Presidency students. Sometimes teachers unknowingly made things difficult. I remember that on my first day as a post-graduate student in Calcutta University, one of our teachers asked in the class who were from Presidency, which instantly drew a line between the students of the class. I understand that such things no longer happen, and the divide between Presidency and non-Presidency is less sharp now.

As far as Calcutta University is concerned, there is a wrong media message about it, and I request students of Presidency not to fall a victim to it. If the standard of Calcutta University is declining then you cannot explain why it features in the list of top nine Universities chosen by the UGC as "Centres for Excellence". The University has one of the largest number of departments enjoying the UGC's DRS, DSA and CAS status. We have a Centre for Excellence in Nano-technology. Last year the University established the Institute of Foreign Policy Studies with the support of the Ministry of External Affairs, Government of India. I don't think there is any other university in the country which has a similar Institute. A recent India Today-Nielsen survey has ranked our University the first amongst all State Universities and the fourth amongst all Central and State Universities of the country taken together. The University has been also re-accredited by the NAAC with the highest 'A' Grade.

It is, however, unfortunate that allegations are often made that the undergraduate examination scripts of CU are not evaluated properly, and consequently the students from Presidency suffer. We have a transparent review system. If there is any error on the part of the examiner it gets corrected in the review process. If a student remains dissatisfied even after the review process is completed, a practice is in vogue whereby the scripts can be shown to any subject teacher nominated by the Principal of the College from which the concerned students had appeared in the examination. I am sure you will agree that this process ensures maximum possible transparency. Many Presidency students have taken advantage of this process. I do not recall any instance when a teacher from Presidency has not accepted the evaluation of the scripts in the post-review stage. Besides, the Presidency students have been performing consistently well both in CU undergraduate and post-graduate examination.

I also feel pained when I am told that there is a conflict of interest between Presidency and Calcutta University. The relationship between Presidency and Calcutta University is historical and symbiotic. The progress of Presidency, even in the context of its changed status, benefits CU, and vice-versa. I do feel that in the interest of the advancement of higher education in West Bengal, we need not think merely in terms of the excellence of one University. But we should think in terms of partnerships of excellence.

**8. Your expectations from the upcoming magazine.**

I hope the magazine will reflect the multiple voices of the College. Indian democracy can be strengthened only if the pluralistic tradition in our national culture is sustained. A distinguished alumnus of the College has aptly spoken of the 'Argumentative Indian' and the Presidency Magazine, which bears a rich legacy of excellence, needs to enrich this 'argumentative' tradition. I am sure that the coming issue of the magazine will fulfill this expectation. I also hope that Presidency students will realize that their education is highly subsidized by the society, and they have a duty to repay their debt to the society to the best of their abilities, wherever they remain and in whichever profession they join.

*By Soumi Mukherjee, Editor*
*and*
*Shritama Bose, English Department, 1st Year*

# The Street Foods of Kolkata

***Indira Chakraborty***

*Ph.D., D.Sc. FICAN (USA), FIC, FIMSA, FIWA, FIPHA*

*Chief Advisor, CCDU, Public Health Engineering Department, Govt. of West Bengal*

*Member, Food Safety and Standards Authority, Govt. of India*

*Former Addl. DGHS, Director and Dean, All India Institute of Hygiene and Public Health, Govt. of India*

*Former Director, Chittaranjan National Cancer Institute, Govt. of India*

*Former Regional Director, South Asia, MI, IDRC, Canada*

*Department of Physiology 1965-68*

The city of Kolkata takes pride on many things. The culture, the art, the poetry, the music and the human values of people, are all a way of life. Right from childhood, the Calcuttans, not just the Bengalis, grow into a life style which gives them a mindset which is different from that of many other cities and towns of this nature.

I specially did not mention another very strong socio cultural aspect of the city which is its Food. While the Bengalis take great pride in their cuisine which has a strong tradition being handed over from one generation to another, the city itself is a boiling point of many types of foods of many cultures, many traditions, many religions and many tastes. The Food and the Books are possibly the two strongest cultural heritages of the city that it has groomed along with its art, music and dance forms.

Talking about the Food cultures of the city the first and foremost that comes into our minds are the street foods of Kolkata. The Street Foods of Kolkata covers all tastes and has a remarkable variety and overcomes all prejudices. It has wide variety, fabulous taste and right from very rich to very poor it caters to everybody's taste and needs.

Street Foods are ready to eat foods and beverages prepared and/or sold by vendors in streets and other similar public places. Street Foods are delicious, varied, convenient, affordable and nutritious. Street Food Vending is on the rise because of demand for low cost food and shortage of regular establishments serving such foods.

We had done several studies on Street Foods of Kolkata and observed that the city has more than 200 varieties of street foods available. The customers vary from the very rich to the very poor. For some people it is just a variety in taste, (a popular outing and recreation to have some traditional foods which are difficult to prepare at home), while for some others it may be a matter for necessity, either because they are for away from the homes or for the low cost, even at today's high prices.

However, the matter of hygiene, cleanliness and environmental pollution are constantly linked to the safety of Street Foods. While the positive points are that the street foods are always sold fresh, have minimal or no preservatives added and often provide a very balanced nutrient content, it does have certain negative implication. The reasons for this are its low cost (for which they may compromise with the quality of the ingredients and raw materials); it is sold in an open environment and in crowded public places (for which pollutants like dirt, dust, microbial contamination may occur); and insecurity (as they are often not legalized and are open to anti social elements).

We had, therefore, suggested a comprehensive model whereby Street Foods which are so popular and have such easy accessibility would also be safe and hygienic as far as possible. For this to happen, not only the vendors should be made aware and feel responsible for the food that they are selling but the customers also need to look safety factors when they buy street foods and also help in keeping the area clean. The authorities like the Municipal Corporation and the Police need to have a positive attitude and help in proper placement and management of street food vendors, so that they do not interfere with the cleanliness, hygiene, pedestrian movement, traffic as well as security issues of the city.

Based on this concept, certain very popular food items were chosen like the Biriyani, Dahi Vada, Dosa, Idly Bada, Chowmin, Momo, Egg Toast, Sandwitch, Ghugni, Futchka, Bhelpuri, Puri Sabji, Singara, Kochuri, Pao Bhagi, Mossla Muri, Alu-kabli, Sweets, Chatu sarbat, Fruit chat, Lossi, Bel sarbat, Fruit juices, Sarbat, Coolfi, Moghlai Parota, Tanduri rooti, Chilla, Rice meal etc. The vendors were trained and motivated and a list was prepared to indicate the names and operation places of these vendors, so that people could get relatively safe food from these places.

It was heartening to see that not only the vendors were very keen to participate in the whole process to serve food of better quality but also shared a feeling of pride and importance for becoming a partner in making the city's most popular cuisine more acceptable. They were also quite supportive in following the basic rules and regulations to keep the food clean without any enhancement of cost.

It is, therefore, an appeal to our young generation and specially the student community to help support this process to make the Street Foods cleaner and more hygienic which reflects the wonderful cultural heritage of the city. We have to admit that no other food can give us a balanced diet of about 1000 calories in merely ten rupees in these days of fiery prices.

# সে ছিল এক দিন

***অঞ্জন বন্দ্যোপাধ্যায়***

***বাংলা বিভাগ, ১৯৮৪-১৯৮৭, সাংবাদিক, ২৪ ঘন্টা***

একটু আগে পরে হতেই পারে, কিন্তু কেন জানি না, বারবার মনে হয়, প্রথম যেদিনটায় প্রেসিডেন্সি কলেজে ঢুকি, সেদিনটা একটা হেমন্তের দিন ছিল। বিকেল নামছে, অদ্ভুত মায়াবী রং নিয়ে রোদ এসে পড়ছে পোর্টিকোতে, যেন এক আবাহনপর্বে প্রস্তুত ওই নানান পোস্টারে খুশি পোর্টিকো, এমন একটা সময় গিয়ে পৌঁছেছিলাম। জানতে পারছি না তখনও, অনেক ধারণা অনেক দর্শন অনেক চিন্তা পাল্টে যাবে আমার এখন থেকে, পাল্টে যাব আমি, পাল্টে দেবে এই কলেজ। যে সব সম্পর্কে ঋণস্বীকার করলে ছোট হয়ে যেতে হয়, প্রেসিডেন্সির সঙ্গে আমার সেই সম্পর্ক। অথবা ভুল বললাম, সম্পর্কের কথা বললে তো ভিন্ন একটা সত্তার কথার স্বীকার করে নিতে হয়, প্রেসিডেন্সি আমার অস্তিত্ব থেকে কোথাও কি ভিন্ন?

অতএব, প্রেসিডেন্সি আমার অস্তিত্ব। আমার দুর্দান্ত আঠারো উনিশ কুড়ি বয়সটা সস্নেহে লালন করেছিল যে, কত যুগ ধরে আমারই মতো অসংখ্য তরুণের সব ভেঙে নিজের নিয়মে চলার স্পর্ধাকে ঈষৎ প্রশ্রয় দিয়ে এসেছে যে, আর তারপর, এই যে বিরাট জীবন, তাকে চেনার রাস্তাটা খুঁজে দিয়েছে যে, তার নাম প্রেসিডেন্সি। আমি ঢুকেছিলাম এক হয়ে, বেরোলাম যে, সে অন্য কেউ।

কে সে, যে ঢুকেছিল প্যারীচরণ সরকার স্ট্রীটের ছোট গেট দিয়ে প্রেসিডেন্সি কলেজে? মফস্বলের ছেলে, যদিও গত আট বছর নরেন্দ্রপুরে পড়ার কল্যাণে মেধা আর ধী আর কিছু নাগরিকতার সঙ্গে পরিচিত, তবু গোপনে কলকাতা চিনে নেওয়ার চেষ্টা করছে, ছুটন্ত ট্রামে আর চলন্ত বাসে উঠে পড়ার অভ্যাসে লালিত হচ্ছে নাগরিক হয়ে ওঠার গোপন প্রয়াস। আর অন্যদিকে এই সব নাগরিক পরিপার্শ্বকে নস্যাৎ করছে সে, অদ্ভুত উপায়ে, কেননা সে মনে করছে, খাবলা উঠে যাওয়া প্যান্ট আর যে কোনও রঙের জামা আর সেফটিপিনে আটকানো হাওয়াই চটি পরে এই অবিমৃষ্যকারী বর্তমান আর বিলাসসর্বস্ব নাগরিকতাকে যথাসম্ভব অপমান করা গেল। না জানে সে বর্তমান সম্পর্কে, কারণ সে ভাসছে, না জানে সে বিলাস, কারণ বাবার পাঠানো অতিরিক্ত খরচ মেটানো যাচ্ছে না দেখে টিউশন নির্ভর হচ্ছে, আর নাগরিকতা কী, দশজনের দশ তত্ত্ব শুনে বিভ্রান্ত সে, সবকিছুকে নস্যাৎ করতে শিখল। ওটেন সাহেবের সিঁড়ি দেখে সবাই যখন প্রাথমিক বিস্ময়ে ব্যস্ত থাকবে তখন তাকে বালখিল্য বলে বর্ণনা করবে সেই তরুণ। আর সবাই চলে গেলে একা তাকিয়ে থাকবে ওই বিশালতার সামনে, ওই ইতিহাসের সামনে, শ্রদ্ধা জানাবে না, ছিঃ ওটা তার ধর্ম নয়, তবু সম্পৃক্ত হবে ওই সিঁড়ির সঙ্গে, খিলানগুলোর সঙ্গে, নতুন বন্ধুদের সঙ্গে। বন্ধু হচ্ছে তার, বিকেলগুলো মায়াবী লাগছে, ভালোও লাগছে, তবু বিদ্রোহ জাগছে মনের মধ্যে, মনে হচ্ছে এযাবৎ যা কিছু হয়ে এসেছে, মেনে নিচ্ছে সবাই, দাঁড়ি টানা দরকার। অস্থির লাগে তার, অনেক কিছু তাকে টানছে, টানছে দেশ, গ্রাম, মানুষ এবং বন্ধুও।

কনফিউসড? বিভ্রান্ত লাগছে, না? বিভ্রান্ত ছিলাম আমি, বিভ্রান্ত ছিল আমার বয়স, আমার সময়। কারণ রোমান্টিসজম আর দিক নির্দিষ্ট সময়ের সন্ধিক্ষণের সাক্ষী আমরা, বাহক আমরা। ঈষৎ রোমান্টিক, এই প্রেসিডেন্সি থেকেই গ্রামে গ্রামে গেছে ছেলেমেয়েরা কয়েক বছর আগেও। কিছু তো হল না, আমরা বরং ভবিষ্যতের দিকে তাকাই, কিন্তু সেটাও কি যথাযথ, এই প্রশ্নময় সন্ধিক্ষণের সন্তান আমরা।

এই সন্তান ক্লাসে ঢুকল। এবং নির্দিষ্ট সময়ের দু মিনিট পরে ঢোকাকেই তার নিয়ম করে নিল। হাতে খাতা বই না নিয়ে একেবারে পেছনে গিয়ে বসবে, দিনগত পাপক্ষয় সম্পূর্ণ করার জন্য। চমৎকার, ঈষৎ রোমান্টিক, চলতেও পারত এভাবেই, যদি না এ কে জি তাঁর জলদ গম্ভীর কণ্ঠে লাশকাটা ঘরের সেই অদ্ভুত মুদ্রাদোষে দোষী সুখী বিবাহিত মানুষটির মৃত্যুবরণের কাহিনী না শোনাতেন কিংবা সন্দীপকে নয় নিখিলেশকে নায়ক হিসেবে না চেনাতেন। রবীন্দ্রনাথ আর জীবনানন্দকে আটপৌরে, সুখী, স্বচ্ছন্দ, সতত বিচরমান নাগরিক মানসের ঊর্দ্ধে উঠে অন্য এক চেতনার আলোয় চেনালেন এ কে জি, অরুণ কুমার ঘোষ। আমি দু মিনিট আগে ক্লাসে ঢুকতে শুরু করলাম আর কোথাও একটা কনস্ট্রাকটিভ কিছুর দিশা পেলাম। অনির্দেশ্য সমুদ্রে এক নাবিক দিশার ইঙ্গিত পেল এই প্রথম।

দিশা আসছে অন্যতর দিক থেকেও। ভবিষ্যৎ ভাবনা নির্দিষ্ট নেই কিছু এটা যেমন ঠিক, আবার শৈবালদামের মতোও দেখতে ইচ্ছে করছে না নিজেকে। গাঢ় বন্ধুতায় হাত রেখে ছোঁওয়ার চেষ্টা শুরু হচ্ছে জীবনকে, প্রমোদের ক্যানটিনের যূথবদ্ধতা থেকে বেরিয়ে আলাদা হয়ে যাওয়ার প্রবণতা বাড়ছে, জীবনানন্দ-বোদলেয়র-রিলকে-কামু-কুরোসোওয়া-সত্যজিৎ-গ্যদার-ঋত্বিকের আদিগন্ত প্রান্তর খুলে যাচ্ছে সামনে, অনেক সংঘাত, অনেক তর্ক, অনেক গল্পে প্রাসাদের দরজা খুলে যাচ্ছে একটার পর একটা। দিন শেষ হয়ে সন্ধে নামলে মনখারাপ হতে শুরু করছে এবার, বছর ঘুরে আরও একটা বছর এলে মনখারাপ বাড়তে শুরু করছে আরও। প্রেসিডেন্সির দিন শেষ হয়ে আসছে। যে কলেজের প্রতিটা সিঁড়ির ধাপ, প্রতি মোড়, প্রতিটা মানুষ আমার বর্তমান তাদের সঙ্গে সম্পর্ক অতীত হয়ে যাবে? মধ্যরাতে হিন্দু হস্টেলের যুবক আমরা ফুটপাথ বদল করি, অন্য পার থেকে দেখি আমার কলেজকে, দূরের হয়ে যাওয়ার সম্ভাবনা তো দেখি না!

দেখতে পাই না এখনও! এখনও যদি কলেজ স্ট্রীট দিয়ে যাই কখনও, দাঁড়াবার অবকাশ পাই, মেন গেটের উল্টোদিক থেকে দেখি আমার কলেজকে, দেখতে পাই নতুন প্রজন্মের ছেলেমেয়েদের, শাসন করছে কলকাতাকে, চোখ একটু ঝাপসা হয়ে আসে, আর ওই ঝাপসা দৃষ্টিতে মিলে যায় অনেক মানুষ, অনেক ছবি, অনেকগুলো বছর। দেখতে পাই কোথাও দূরে নেই আমি। ওই যে হেসে কলেজে ঢুকছে এক তরুণ, ওই তো আমি, ওই যে বেরিয়ে আসছে অন্যজন, সেও তো আমিই। সব এক হয়ে গিয়েছে। জনি নেই, হয়তো আরও অনেকেই নেই, প্রিয়-অপ্রিয়ে মিলিয়ে তবু একটা কিছু থেকে যাচ্ছেই আমাদের সবার মধ্যে, যারা প্রেসিডেন্সিতে আছি, যারা প্রেসিডেন্সিতে ছিলাম, সবার মধ্যেই প্রেসিডেন্সির সত্তা ছড়িয়ে যাচ্ছে। এক চাঁদ যেমন হাজারটা পুকুরে হাজারটা চাঁদ হয়ে প্রকাশিত হয়, এক প্রেসিডেন্সি তেমনই হাজার হাজার আরও হাজার আমাদের মধ্যে ফুটে থাকছে।

প্রেসিডেন্সি আমার, আমাদের অস্তিত্ব।

# A Dream Comes True

*Prof. Amitava Chatterjee*
*Professor & Head of the Department, Economics*

From the early seventies, a large number of outstanding teachers headed by the legendary Prof. Dipak Banerjee of Presidency College were arguing convincingly in favour of autonomy to Presidency College. The college was a very special institution of learning, quite a catogory of its own and unparallel in India. Its alumini were in important teaching and research functions in leading western universities and were doing the reputation of the college proud. The Government, however, refused to recognize the special status of this college and grant it any kind or autonomy. Hence the college was staddled under two masters – The State Govt. and Calcutta University. Whenever a teacher performed really well, the spectre of transfer loomed by to the despair and frustration of his students.

The eighties went by and all the supporters of autonomy for the institution were called "Elitists". Often there was a lot of disappointment at anomalous results received from Calcutta University. This was reflected by the results of the Review Examination, where there was significant increases in marks.

The nineties and early 2000 were very similar and little was achieved. The students became more and more vocal in their demand for autonomy. Ultimately the Govt. appointed a seven member committee to probe into the issue of granting autonomy to Presidency College. Most of the members of the committee were ex-students of Presidency College itself. The committee recommended partial autonomy to the college and Financial Management Committee was formed. Little was achieved in terms of results.

In the meanwhile there was a lot of discussion and the department of the college submitted resolutions to the College Principal for university status to the college. The college already had 18 U.G. and 14 P.G. departments and had almost become a university. The Governing Body of the college, its highest body, deliberated on the matter and finally submitted its resolutions to the Principal, who in turn, forwarded it to the Higher Education Dept. of the State Govt. The recommendation was for unitary university status for Presidency Collge.

Finally an Act was passed and Presidency College became Presidency University by Gazette Notification dated 7/7/2010. The dream of so many students, professor and several workers of the college had come true at last. The first V. C. joined as the University's first employee on 1.11.2010. A one hundred and ninety three years old heritage institution had finally been converted to a unitary university. There are lots of expectation about the new university. Whether the expectations of so many people will be fulfilled or not lies in the womb of the future.

Long live Presidency University ! May it obtain ever increasing heights in the future. May it produce great scholars and several workers and above all citizens with a deeper sense of social commitment. Our college was the cradle to the Great Bengal Renaissance. May it obtain further glory.

# From The Diary of A Teacher

*Anik Chatterjee*
*Associate Professor, Department of Political Science*

When the New Delhi office of the USIEF (United States India Educational Foundation) informed me in February 2010 that I was selected for the Fulbright-Nehru Visiting Lecturer Fellowship for 2010-11, my initial reaction was one of joy immersed in silence. I felt happy, yet nervous; I must live up to the standards of a Fulbrighter. It is after all, one of the most prestigious fellowships in the world! I opted to teach a course on South Asian Politics in the Fall Semester at the University of Virginia. It must be mentioned at this point that Fulbright scholarships and fellowships are offered for various programmes: doctoral, post-doctoral, teaching, leadership, environmental etc, and different individuals can opt for different programmes applicable to her / him. The length and duration of these programmes are different from one another. There has been a slight change in the nomenclature as well. The earlier 'Fulbright' is now called the 'Fulbright-Nehru' Programme in India because the Government of India is now an equal partner in the programme, and contributing fifty per cent of the scholarship and fellowship fund with a view to encouraging more people from India to avail of the good educational opportunities in American universities. But till date, the selection of candidates is fully monitored by the USIEF with a rigorous screening of the applications and interviews (different boards for different programmes) of the shortlisted candidates in New Delhi.

I reached University of Virginia, Charlottesville on September 02, 2010, and settled in my allotted faculty housing. Charlottesville would be my home for the next four months. This picturesque little city with "Blue Ridge" Mountains all around has been chosen as "one of the best places to live in America" several times. It is only two and half hour's drive from Washington D.C., the nation's capital, yet it is far from the din and bustle of the capital city. Virginia, famous for its history and culture, tobacco, and vineyards is one of the most scenic states in the east coast of the U.S.A. The University of Virginia, adorably called the UVA by everybody, ranks 25th among all American universities, which is a substantial achievement. As a Fulbright-Nehru visiting professor, I was attached to the Center for South Asian Studies (CSAS), where I would be teaching a course on South Asian politics during the Fall Semester.

Courses for semesters are announced much in advance in the USA to enable students to choose among several courses. In fact my communication with the UVA started in July 2009 when I first applied for the Fulbright programme, and I offered my course to the Director of the CSAS at that time. I opted for joint teaching (a common practice in many U.S. universities) with a fellow American colleague with similar interests. The course was meant for undergraduate students, and there were many takers, more than thirty, for the course. Later I found in the class that students came from almost all parts of the world. Unlike in India, most of the American universities offer undergraduate, graduate and research programmes, and renowned professors, including Nobel Laureates, take keen interest in undergraduate classes because they find in them fresh and inquisitive minds eager to learn. Here, I found similarity in mindset with our former teachers in Presidency College, traditionally known for its excellence in undergraduate teaching. During our student days in the college, several renowned teachers in different departments, some of them already Internationally acclaimed, used to take very keen interest in undergraduate classes. Now, when Presidency College has become a University, a progressive step considering the demands of time, we must be careful about upholding the standards of the UG classes, along with PG classes and research activities. The task is difficult and needs dedication and commitment. I had to take graduate 'seminars' at the UVA, and a few other American universities on invitation, but I must acknowledge that I got maximum satisfaction in my undergraduate class there.

To get back to my American sojourn, students in our class were evaluated in four ways: (i) participation in the class – 15 per cent of the final grade; (ii) presentation in class – 15 per cent. Here, students form into teams of up to three people and give presentations in class for not more than ten minutes. They also write up their presentations into 4-6 pages and hand it over to the teacher before presentation. The presentation and paper account for 15 per cent of the final grade; (iii) two take-home open book essays, each consisting of four to six pages. Each essay accounts for 15 per cent of the final grade; and (iv) at the end of the semester, students are given the option of either writing a research paper of approximately 15-25 pages in length or writing a take-home final examination. This part amounts to 40 per cent of the final grade. As I was told by my American colleague, this pattern is more or less followed for many UG courses in different areas for different semesters. Books and Articles are referred for each course, and students are advised and encouraged to read these, and discuss issues contained in these, in the class, in their presentations, and in their final essays or examination. As a consequence, an 'analytic' mind is developed from the UG level. Reading Articles written by renowned scholars in leading international journals, analysing these Articles in the class in front of the professor; and writing research papers of considerable length, - all at the UG level, - indeed help to prepare a sharp, focussed and analytic mind from the very beginning. In comparison, here we mainly refer books, and students try to mug up portions of the book (not the whole one) relevant for their written examinations only. We in our system, seldom encourage class participation and presentations, and allocate marks for these. As a result, our students probably fail to develop that 'analytic' mind. The fault lies with us, the teachers, and our system.

I believe that our students have the best talent in the world. My interactions with students in universities in different parts of the world led me to this proposition. But due to our exam-heavy system, our talented students seldom get the opportunity to develop that 'analytic' mind which would be increasingly in demand in the world in an age of globalization. A 'First Class' holder would be of little benefit to the society if she / he is unable to think and analyse society, politics, history, literature, or science. Let us hope that the new Presidency University would be able to produce such analytic and inquisitive minds, and not dumb and unintelligent toppers.

# সৈয়দ মুস্তাফা সিরাজ ও একটি অজানা প্রসঙ্গ

*স্বপনকুমার দে*
*অধ্যাপক, বাংলা বিভাগ*

সাহিত্যিক সৈয়দ মুস্তাফা সিরাজের সঙ্গে আমার পরিচয় হয়েছিল ১৯৮৬ সালের জুলাই মাসে। খুবই ভদ্র ও পন্ডিত মানুষ। 'ভদ্র' কথাটা লিখলাম এ জন্যে যে তাঁর সুন্দর ব্যবহার অভিভূত করেছিল আমাকে। অনেকটা সময় পার হয়ে গিয়েছে তবু ভুলিনি সে কথা। একবার কবি শঙ্খ ঘোষকে বলেছিলাম মুস্তাফা সিরাজের ভদ্রতার কথা। জানতাম না যে শঙ্খবাবুরও ওই অভিজ্ঞতা ছিল। .....

অনেক লেখকের সঙ্গে আমার পরিচয় হয়েছিল কিন্তু সৈয়দ মুস্তাফা সিরাজের মতো এমন পণ্ডিত মানুষ কমই দেখেছি। ১৯৮৭ সালের মে মাসে 'ঐতিহাসিক উপন্যাস' সম্বন্ধে তাঁর একটি সাক্ষাৎকার নিয়েছিলাম। সাক্ষাৎকারটি কয়েক বছর পরে 'আজকের সাহিত্য' পত্রিকায় প্রকাশিত (ফেব্রুয়ারি, ১৯৯৫) হয়েছিল।

যে সময়ে আমি তাঁর সাক্ষাৎকার নিতে গিয়েছিলাম সে সময়ে তিনি একটু অসুস্থ ছিলেন। আমি বললাম, "আজ থাক, আমি অন্যদিন আসব।" তখন তিনি বললেন, "তা কী করে হয়, আপনি কষ্ট করে এসেছেন, চলুন আমার ঘরে যাই, ওখানেই কথা বলব।" আমরা বারান্দা থেকে ঘরে এলাম। দেখলাম ছোটো একটা ঘর। একদিকে একটা ডিভান রয়েছে, অন্যদিকে লেখার টেবিল। পাশে এক বুককেসে কিছু ইংরেজি বই। ..... অন্যমনস্ক হয়ে ভাবছি এই ঘরে বসেই তিনি কত গল্প-উপন্যাস লিখেছেন। ..... সে সময়ে আমি জানিনা 'অলীক মানুষ' (১৯৮৮) উপন্যাস এখানেই বসে লিখবেন। ..... তাঁর সঙ্গে কথা বলার সময় লক্ষ করি কী অগাধ পড়াশুনো এ বিষয়ে। তিনি একটি মাত্র ঐতিহাসিক উপন্যাস ('আসমানতারা') লিখেছিলেন অথচ বিষয়টি সম্পর্কে কী গভীর জ্ঞান! .....

কী যে ভালো লেগেছিল সেদিনটা! এখন লিখতে বসে সেসব অনুভূতির কথা মনে পড়ছে। মনে পড়ছে তিনি বলেছিলেন সঠিকভাবে উপন্যাসে ইতিহাস ব্যবহারের কথা। উপন্যাসকার যে সময়ের ইতিহাস উপন্যাসে ব্যবহার করছেন সেই সময়টা সম্পর্কে — সেই সময় সম্পর্কে বললেও ভুল হবে, সেই সময়ের সমাজ, আর্থ-সামাজিক অবস্থা, সমাজের নানা শ্রেণীর পরস্পর সম্পর্ক এই সমস্ত কিছু সম্বন্ধে সচেতন থাকা নিশ্চয়ই প্রয়োজন। এটা অবশ্য তত্ত্বগত কথা। ..... ইতিহাসকে আজকে ঠিক যেভাবে দেখা হচ্ছে ..... এই যেমন Sub-altern Studies-এর দৃষ্টিকোণ থেকে। আরো নানাভাবে দেখা হচ্ছে .... বিভিন্ন Methodology-এর মধ্যে দিয়ে দেখা হচ্ছে। ইতিহাস যে রাজা-রাজড়ার কাহিনী নয় — তার ভেতরে বা তার তলাতে Inner Realitiesগুলো হলো আর্থ-সামাজিক উপাদান — বহু ঘটনা কাজ করে — সেগুলো নিশ্চয়ই সত্যিকার ঐতিহাসিক উপন্যাসের ক্ষেত্রে বা আদর্শ উপন্যাসের ক্ষেত্রে প্রয়োজন। আজ অবধি বাংলায় সেরকম উপন্যাস দেখা যায়নি। ..... আরো মনে পড়ছে আমেরিকান উপন্যাসকার ও প্রবন্ধকার Gore Vidal (1925 – )-এর লেখা 'Julian' (1964) উপন্যাসটির কথা তিনি বারবার উচ্চারণ করেছিলেন। এটি একটি ঐতিহাসিক উপন্যাস। 'Julian' উপন্যাসে সমকালীন Hellenism-এর পুনরুভ্যুত্থান ঘটেছিল Julian-এর মধ্যে — কেন ঘটেছিল — তার একটা চমৎকার ব্যাখ্যা পাওয়া যায়। তিনি সেখানে কিন্তু উপন্যাসটি লিখতে ইতিহাসের সমস্ত Records দেখেছেন এবং তৎকালীন সমস্ত ধর্মগুলি সম্বন্ধে Research করেছেন, এবং তবেই উপন্যাসটি লিখেছেন।

সে যাই হোক, ১৯৮৬ সালের জুন মাসে সৈয়দ মুস্তাফা সিরাজকে প্রথম একটা চিঠি লিখি তাঁর জন্মতারিখ লিখে পাঠাবার জন্যে। উত্তরে তিনি লিখেছিলেন —

২৭. ৬. ৮৬

প্রীতিভাজনেষু,

আমার জন্ম সন ১৯৩০। জন্ম : গ্রাম-মুর্শিদাবাদ, জেলা-খোশবাসপুর, কান্দী মহাকুমা।

প্রীতি ও শুভেচ্ছা রইল। ইতি —

সৈয়দ মুস্তাফা সিরাজ

এরপর তাঁকে আর একটা চিঠি লিখি তাঁর লেখা ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে জানতে চেয়ে। সেই চিঠির উত্তরও এলো খুব তাড়াতাড়ি।

৬. ৭. ৮৬

সুচরিতেষু,

আপনার চিঠির জন্যে ধন্যবাদ। একটিই ঐতিহাসিক উপন্যাস লিখেছিলাম। সেটির নাম 'আসমানতারা' (রাজা গণেশের রাজত্বকাল তার পরিপ্রেক্ষিতে)। প্রথম প্রকাশিত হয়েছিল বাংলা ১৩৭৩ সালের মাঘ মাসে। প্রকাশক : নিরীক্ষা প্রকাশনী। এটি পুনর্মুদ্রিত হয় ইংরেজি ১৯৭৩ সাল নাগাদ। প্রকাশক : রামায়ণী প্রকাশ ভবন C/o স্যাঙ্গুইন পাবলিশার্স কনসার্ন, ৩, রমানাথ মজুমদার স্ট্রীট, কলকাতা-৯। সম্ভবত বইটি এখনও পাওয়া যায় সেখানে। গিয়ে খোঁজ নিতে পারেন। শুভেচ্ছা জানাই। ইতি —

সৈয়দ মুস্তাফা সিরাজ

'আসমানতারা' উপন্যাসটি ওখানে খোঁজ করেছিলাম কিনা এখন আর মনে পড়ছে না। তবে লেখক তাঁর কপিটাই আমাকে পড়তে দিয়েছিলেন।

ইতিহাস ও ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আমার জিজ্ঞাসার অন্ত নেই। ..... তথ্যের সন্ধান করতে গিয়ে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা 'গন্না বেগম' (১৩৭২) উপন্যাসটির কথা জানতে পারি। ইতিহাসে উপেক্ষিতা গন্না বেগমের কাহিনী পড়ে 'সাহিত্য ও সংস্কৃতি' (শারদীয়া সংখ্যা, ১৪০২) পত্রিকায় বইটি সম্পর্কে একটা প্রবন্ধ লিখি। প্রবন্ধ লিখতে গিয়ে একটা শব্দ নিয়ে গোলমাল বাধে। শব্দটি হলো — 'মুঘল'। তারাশঙ্কর ব্যবহার করেছেন 'মুঘল'। ইতিহাসের বইতেও দেখা যায় 'মুঘল' বা 'মোঘল'। কিন্তু শব্দটি আসলে 'মুঘল' বা 'মোঘল' কি? এ সম্পর্কে সৈয়দ মুস্তাফা সিরাজ একটি চিঠিতে আমাকে জানিয়েছিলেন—

৪. ৩. ৯৫

প্রীতিভাজনেষু,

আপনার চিঠি পেয়েছি। জবাবি কার্ডে আপনার জ্ঞাতব্য বিষয়টি সম্পর্কে মোটামুটিভাবে আলোচনার স্থান সংকুলান হবে না ভেবে ইনল্যান্ড লেটারে লিখছি।

'মুগল' শব্দটির উৎসে আছে প্রেটো-আলতাই-তুর্কি ভাষাগোষ্ঠীর 'মোঙ্' (রোমক লিপিতে Mong) শব্দ, যার অর্থ : সাহসী। মধ্য এশিয়ার দুর্ধর্ষ জনগোষ্ঠীগুলিকে জিঙ্গিজ (চেঙ্গিজ) খান ঐক্যবদ্ধ করেন এবং জিঙ্গিজের Clan-কেই বলা হতো 'মোঙাল'। এই শব্দটি রোমকে লিপ্যন্তরে দাঁড়ায় Mongol এবং পরবর্তীকালে য়ুরোপীয় উচ্চারণ বিভ্রাটে শব্দটির রূপ দাঁড়িয়েছিল মঙ্গোল। যা থেকে আধুনিক মঙ্গোলিয়া, মঙ্গোলয়েড ইত্যাদি শব্দ উদ্ভূত।

আধুনিক উজবেকিস্তানের অধিবাসী ছিলেন বাবর। তাঁর Clan-এর নাম ছিল চাগ্‌তাই। বাবরের মা ছিলেন জিঙ্গিজ খানের বংশধর। সেই সূত্রে বাবর এবং চাগ্‌তাইরা 'মোঙোল' নামে অভিহিত হন। বিশেষ করে বাবর নিজেকে 'মোঙোল'-গৌরবের দাবিদার করেন। এঁরা ছিলেন তুর্কিভাষী। মধ্য-এশিয়ার তুর্কিভাষী সব জনগোষ্ঠী, এমন কি জিঙ্গিজের পৌত্র শয়বান খান ইসলাম ধর্মগ্রহণ করেন। এর আগে তুর্কি ভাষা লেখা হতো রুনি (Runic) লিপিতে। ইসলাম ধর্মগ্রহণের পর তুর্কিভাষীরা আরবি লিপিতে তুর্কি (তুরুকি) ভাষা লেখা শুরু করেছিলেন। এর ফলে 'মোঙোল' শব্দটি আরবি লিপিতে দাঁড়ায় 'মুগল'।

আরবিতে 'ও' ধ্বনি নেই এবং তাই এই বর্ণটিও নেই। 'ঙ' তো নেই-ই। অন্যভাষার 'ও' আরবি লিপিতে 'উ' হয়ে যায়। এছাড়া আরবিতে একটিমাত্র 'গ' আছে, যার বর্ণনাম 'গাইন' এবং এই 'গ' ধ্বনির উচ্চারণ গলার খুব ভেতর দিকে। এই 'গ' Epiglottic explosive sound. সেই কারণে রোমকে লিপ্যন্তরে এটি gh লেখা হয়। কিন্তু এটি কদাচ 'ঘ' ধ্বনি নয়। যেমন রোমকে লেখা হয় Afghanistan, Ghiasuddin, Ghani ইত্যাদি এবং বাংলায় লেখা হয় (ঠিকই লেখা হয়) আফগানিস্তান, গিয়াসুদ্দিন, গণি। তাই রোমকে লেখা Mughal বাংলায় হবে মুগল। যাঁরা 'মুঘল' লেখেন, তাঁরা অহেতুক পণ্ডিতি করতে গিয়ে হাস্যকর মূঢ়তার পরিচয় দেন। আপনি লক্ষ করবেন ইংরেজিতে শব্দের গোড়ায় gh থাকলে তার উচ্চারণ 'গ'।

এবার 'মোগল' প্রসঙ্গে বলি।

'মোঙোল' বাবর এবং তাঁর বাহিনী এদেশে অনুপ্রবেশের পর মৌখিক ভাষার (Oral language) স্বাভাবিকীকরণ প্রক্রিয়ায় (Process of naturalisation) 'মোগল' হয়ে ওঠে। অন্যদিকে তুর্কিভাষায় আরবি লিপিরূপ 'মোগল'-ই কিন্তু গ্রন্থ-দলিল-দস্তাবেজে প্রচলিত তো ছিলই। যাই হোক, ভারতীয় ভাষাগুলিতে 'মোগল' কয়েকশো বছর ধরে প্রয়োগসিদ্ধ। কাজেই চালু তথা প্রয়োগসিদ্ধ 'মোগল'-ই লেখা উচিত।

অন্য একটি চালু ও প্রয়োগসিদ্ধ শব্দ লক্ষ করুন : 'পাঠান'। এই শব্দটি পুশ্‌তুভাষী 'পাখ্‌তান্'-এরই বিকৃত (Corrupted) উচ্চারণ। অর্থাৎ, 'পাখ্‌তান' হয়ে গেছে 'পাঠান'। পুশ্‌তু, পারসিক, আরবিতে 'ঠ' ধ্বনি নেই এবং তাই অনুরূপ বর্ণই নেই।

বরাবর আমরা 'মোগল-পাঠান' লিখে আসছি। হঠাৎ অধুনা 'মুঘল'-এর উপদ্রব! অনেকে দেখছি বাবরের Clan-কে রোমক লিপি অনুসরণ করতে গিয়ে 'চাগ্‌তাই'-এর বদলে 'চাঘ্‌তাই' লিখছেন। কেউ কেউ দেখছি 'চুঘ্‌তাই'-ও লিখছেন। রোমকে শব্দটির লিপিরূপ Chughtai এবং gh আরবি হরফের 'গাইন' বর্ণ, যার উচ্চারণ পূর্বোক্ত Epiglottic explosive sound.

প্রসঙ্গত উল্লেখ্য, মধ্য এশিয়ার যাযাবর তুর্কিভাষীরাই প্রাক্তন আনাতোলিয়া বা আধুনিক তুরস্কে যেমন কেন্দ্রীভূত হয়েছিল, তেমনই Proto-Altai-Turki Language group-এর একটি শাখায় যারা কথা বলত, তারা আধুনিক মঙ্গোলিয়ায় কেন্দ্রীভূত হয়েছে। মঙ্গোলিয়ার অধিবাসীরা নিজেদের জিঙ্গিজ খানের Clan বলে দাবি করেন। জিঙ্গিজ তাঁদেরও Legendary hero! অন্যদিকে একসময় লালচিনও জিঙ্গিজ খানকে 'জাতীয় বীর' করে তুলেছিল। ইতিহাস নিয়ে এই মজাটা সর্বত্র সর্বকালে ঘটে আসছে। প্রামাণ্য সূত্র থেকে জিঙ্গিজ খানের সরাসরি পুরুষানুক্রমে বংশধরদের নাম বাবরের সমকাল পর্যন্ত উল্লেখ করছি : জিঙ্গিজ — হুলাও ওরফে জুজি — শায়বান — বুলাগত্রান — তাগতাই — আইয়াবা — কুলাদ উগালাতান — ইলাতি — দাউলাত (বাংলায় লেখা হয় দৌলত) — আকুল খাইয়ির (খয়ের) — বুদাক্ সুলতান — শায়বানি। সবাই খান পদাধিকারী। ('খান' সুপ্রাচীন তুর্কি শব্দ। আদি অর্থ প্রভু বা মনিব (Lord)। কোথাও রাজকুমার অর্থেও চালু ছিল। মধ্যযুগে পদবিটি সর্বত্র ভদ্রলোক শ্রেণী গ্রহণ করেন। খানে খানে ছয়লাপ!) এই শায়বানি খান ছিলেন বাবরের ভগ্নীপতি এবং একজন উজবেক সর্দার। বাবরও ছিলেন আসলে একজন উজবেক। কিন্তু শ্যালক-ভগ্নীপতি উভয়ের Clan-এ মোগল জিঙ্গিজ খানের Clan-এর রক্তধারা প্রবাহিত ছিল, এটা ঐতিহাসিক সত্য।

ভাষাকে ঐতিহাসিক পরিপ্রেক্ষিতে ব্যাতিরেকে বোঝা যায় না। তাই একটু বাগাড়ম্বর হয়ে গেল। অনুগ্রহ করে জ্ঞান দিচ্ছি ভাববেন না। লক্ষ করবেন মিশরের বারবার (Berber) জনগোষ্ঠীর মানুষ, ধর্মে খ্রিষ্টান, রাষ্ট্রপুঞ্জের মহাসচিব ড. বুত্রোম (বুত্রোম নয়) গালিকে বাংলায় 'ঘালি' লেখা হয়। গালির মাতৃভাষা আরবি। তাই রোমকে তিনি Ghali হয়েছেন Ghani-র মতোই। অধিক বাহুল্য। নমস্কারান্তে —

সৈয়দ মুস্তাফা সিরাজ

আমার একটি লেখায় এই চিঠির কিছু অংশ ব্যবহার করবার অনুমতি চেয়ে সৈয়দ মুস্তাফা সিরাজকে চিঠি লিখি। তার উত্তরে তিনি লিখলেন —

১৩. ৫. ৯৭

প্রীতিভাজনেষু,

অস্বাস্থ্য এবং শারদীয় লেখার ব্যস্ততায় আপনাকে চিঠি লেখা হয়ে ওঠেনি। আশা করি, এ জন্যে কিছু মনে করবেন না। 'মুগল' বিষয়ে আপনাকে কী লিখেছিলাম মনে নেই। তাই অনুগ্রহ করে যদি সেই চিঠির প্রতিলিপি পাঠান, ভালো হয়। আজকাল স্মৃতিশক্তিও কমে যাচ্ছে। যাই হোক, ওই বিষয়ে আরও কিছু তথ্য পরে জেনেছি। কাজেই বিষয়টি নতুন করে ব্যাখ্যা করতে চাই। প্রীতি ও শুভেচ্ছা জানবেন। ইতি —

সৈয়দ মুস্তাফা সিরাজ

চিঠির প্রতিলিপি পাঠানোর পরেও অনেকদিন তাঁর কোনো চিঠি আসছে না দেখে একটু খারাপ লাগছিল। ..... চিঠি পেয়ে জানলাম অসুস্থতার কারণে লিখতে দেরি হয়েছে। যাই হোক, চিঠিটা এখানে দিলাম —

১. ৮. ৯৭

প্রীতিভাজনেষু,

আপনার চিঠির জবাব দিতে খুবই দেরি হলো। অসুস্থতা, তারপর শারদীয় পত্র-পত্রিকার লেখার চাপে মাথা তুলতে পারিনি। আপনি আমার চিঠিটা প্রকাশ করতে পারেন। জোর দিয়ে বলছি, ভারতীয় ভাষায়, বিশেষ করে বাংলায় 'মোগল' লিখলে তুর্কি (তুরুকি) শব্দেরই প্রতিধ্বনি অর্থাৎ উচ্চারণ আসে। আরবি লিপিতে 'ও' ধ্বনি (Sound) নেই এবং বর্ণও নেই। তাই অন্যভাষার 'ও' লিখতে 'উ' (উয়াউ বর্ণ) লেখা হয়। যেমন আরবি লিপিতে 'গোরা' লিখতে হলে 'গাইন' বর্ণের পর 'উয়াউ' বর্ণ লেখা হবে। তার হুবহু রোমক লিপিরূপ 'GHU' এবং অজ্ঞ লোকেরা 'ঘু' পড়বেন। অর্থাৎ শব্দটি দাঁড়াবে 'GHURA'! আরবরা পড়বে 'গুরা' অবিশ্যি তাদের মধ্যে যাঁরা অন্যভাষা জানেন, তাঁরা 'গোরা' পড়বেন। 'উয়াও' (ভারতে এই বর্ণের উচ্চারণ Corrupted অউ/অও) দেখতে মোটা ইংরেজি কমা চিহ্নের মতো : ',' এবং 'মোগল'-এর আরবি বর্ণরূপ হলো : সিম (ম), উয়াউ (উ), গাইন (গ) এবং লাম (ল)। আরবি ডান থেকে বামে লেখা হয়। ইতি —

সৈয়দ মুস্তাফা সিরাজ

এরপরও কি কোনো সাহিত্যিক বা ইতিহাস লেখক 'মুঘল' বা 'মোঘল' শব্দ ব্যবহার করবেন?

# সম্পর্কে স্পেস্
## বিগত পঞ্চাশ বছরের শহর বাংলায় সম্পর্কের হেরফের

*প্রশান্ত রায়*
***Emeritus Professor of Political Science***

সময়-এর প্রসঙ্গ আনলেই পরিবর্তনের কথা মনে আসে। কিন্তু আমাদের অভিজ্ঞতা ধারাবাহিকতার কথাও তো বলে। আসলে পরিবর্তিত-অপরিবর্তিত, এই ভেদজ্ঞান অস্পষ্ট ও অস্থির। চিরাচরিত কে দেখতে দেখতে হঠাৎ মনে হয় এতোদিন কেন এই পরিবর্তন চোখে ধরা পড়েনি। তেমনি পরিবর্তনের অন্তরালে চিরাচরিতের চিহ্ন দেখে চমকে উঠি। এটা ঠিকই যে অনেক পরিবর্তন, অন্তত তার শুরুটা, আমাদের অজ্ঞাতে হয়। খুব আগ্রহ ও বোধ শক্তি না থাকলে, পরিবর্তনের প্রক্রিয়াটিও নজর এড়িয়ে যায়। একটা পরিবর্তন যখন বেশ স্থিতু হয়ে যায়, তখন আমরা টের পাই। তখন অনাগ্রহী মনও তা স্বীকার করা সমীচীন মনে করে। যা ছিল তা উপযোগিতা হারিয়েছে, এই বিশ্বাসের শুরু, পরিবর্তনকে আমাদের কাছে গ্রাহ্য করে। তলায় তলায় একটা লাভ-লোকসানের হিসেবও যেন থাকে। তবে এর মানে নয় যে সবাই তার ব্যক্তি জীবনে তা গ্রহণ করে। আসলে, পরিবর্তন-অপরিবর্তন একটাই জীবন প্রবাহের অংশ, দুয়েরই শুরু-শেষের কোনো পথচিহ্ন হয় না।

সংস্কৃতির পরিবর্তন বুঝতে পারা আরেকটু কঠিন। কারণ, আচরণে বহিঃপ্রকাশ থাকলেও, সংস্কৃতির অন্তকরণ ধ্যানধারণা, দৃষ্টিভঙ্গী, বিশ্বাস ও মূল্যবোধ দিয়ে গঠিত। এদের অবস্থান মানুষের মনে। এগুলি শুধু অনুভব করা যায়, অভিজ্ঞতায় এদের সম্বন্ধে খানিকটা নিশ্চিন্ত ধারণা হয়। অন্তত আমরা তাই ভাবি। সে ভাবনায় ভুল ছিল, পরে অনেক সময় মনে হয়। প্রকৃতি ও বস্তু জগতের নির্দিষ্ট জ্ঞান, যা অনেকাংশেই যন্ত্র-মাধ্যমে সংগৃহীত, তা তুলনামূলকভাবে সহজলভ্য। বিজ্ঞানীরা ভুল করেন। উন্নত পরীক্ষা-নিরীক্ষায় তার শুদ্ধি হয়। বিজ্ঞানেও বির্তক আছে, কিন্তু তা সাময়িক। সহমত গড়ে ওঠে পর্যবেক্ষণ-পরীক্ষা-নিরীক্ষা-জনিত সম-অভিজ্ঞতার ভিত্তিতে। সংস্কৃতির অনুসন্ধান তুলনামূলক ভাবে অনেক জটিল। কারণ, সংস্কৃতির স্থান মানুষের মনে। মানুষ তার যৌথ জীবনের প্রয়োজনে সংস্কৃতির জন্ম দেয়। সংস্কৃতির রূপান্তরের একই ব্যাখ্যা। এ কথা অবশ্যই সত্য যে ব্যক্তি-মন সমসাময়িক ধ্যানধারণা, দৃষ্টিভঙ্গী, বিশ্বাস ও মূল্যবোধের চিহ্ন বহন করে। এই যুক্তিতে স্থান-অবস্থান-সময়-কালের চৌহদ্দিতে সব মানুষের মনই আকারে ও অন্তকরণে সমতুল। তাই জরিপযোগ্য, সেই নিরীখে সহজবোধ্য। তবুও মানুষে-মানুষে একই বিশ্বাসের বা আচরণের ব্যঞ্জনার সূক্ষ্ম তারতম্য থাকে। তা সহজবোধ্য নয়। ব্যক্তির ব্যক্তিসত্ত্বা সেখানেই। মুক্ত হৃদয়ের মানুষ, যিনি কূপমণ্ডুক নন, তিনিই এই ব্যঞ্জনার বৈশিষ্ঠ্য অনুভব করতে পারেন। এ কথা বলে রাখা জরুরী যে সংস্কৃতির প্রাতিষ্ঠানিক আধারও আছে। ব্যক্তি মন ও আচরণের ওপর সেই প্রতিষ্ঠানের ক্ষমতা অপরিসীম ও সামগ্রিক। বিদ্রোহী মন ও আচরণ সচরাচর দেখা যায় না। শাস্তির ভয় বা পুরস্কারের প্রলোভন বেশীর ভাগ মানুষকে বেশীর ভাগ সময় অনুগত করে রাখে। তবুও প্রতিষ্ঠান নির্ধারিত গন্ডীর ভেতরে থেকে অনেকেই নিজস্ব পরিসর খুঁজে নেন। যাঁদের আত্মপ্রত্যয় কম, তাঁরা প্রাত্যাহিক জীবনের চালাকি দিয়ে ভিন্নতর আচরণের সুযোগ করে নেন। সাহসী ও বেপরোয়া মানুষেরা প্রশ্ন তোলেন, বিকল্প ধ্যান-ধারণা পোষণের ও আচরণের মুক্তির জন্যে সহমত তৈরী করেন। সফল হলে, সাংস্কৃতিক প্রতিষ্ঠানের পরিবর্তন শুরু হয়। প্রথম প্রক্রিয়াটি চট করে নজরে আসে

না। সজ্ঞানে বা অনিচ্ছায়, হয়তো বা গোপনে হয়। একটা প্রান্তিকতা আছে। একই ব্যক্তি অনবরত ব্যতিক্রমী আচরণ করেন না। অনেকে কখন কখন করেন। তাদের অজান্তে কোনো এক মুহুর্তে কিছু সমতুল ইতস্তত, বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন বিকল্প ভাবনা আর ব্যতিক্রমী আচরণের ভেতর যোগসূত্র প্রতিষ্ঠিত হয়ে যায়। বিকল্পের জগৎটা দৃশ্যমান হয়। এ সব বুঝতে গেলে অনুভবের প্রয়োজন, কারণ বিকল্পের কামনা তো মানুষের মনেই শুরু হয়। তাই নিয়ে টানা-পোড়েন, এগিয়ে চলা, থমকে যাওয়া — সবই মনের ভেতরের ঘটনা।

পরিবর্তনের রসায়ন বোঝা সহজ নয়, বিশেষত যদি মানুষের সম্পর্কের পরিবর্তন আমাদের অনুধাবনের বিষয়বস্তু হয়। আর যদি, নর-নারীর সম্পর্কে পরিবর্তনের প্রসঙ্গ ওঠে তবে তা বোঝা আরো কঠিন। কারণ, প্রথাগত ধারার বাইরে সম্পর্কের ওপর নজরদারী অনেক বেশী। তাই পরিবর্তনের ইচ্ছা ও বিকল্প আচরণ, দু-ই গোপন থাকে, অন্তত শুরুতে। প্রচলিত আচরণের অন্তরাল জরুরী সুরক্ষা যোগায়। তবে শহর জীবনে ব্যক্তি স্বাধীনতা বেশী। এক এলাকার মানুষ একে অপরকে ঘনিষ্ঠ ভাবে চেনেন না, জানেন না। অপরের জীবনে নাক না গলানোই রীতি। কে কি করছে তার ওপর হয়তো নজর আছে, কিন্তু অনুশাসন নেই। তাই বিকল্প ও বিতর্কিত আচার-আচরণ লুকিয়ে রাখার ততো ব্যস্ততা নেই। ভিন্নতার সহনশীলতাও বেশী।

সাধারণ সূত্রাকারে এই সব কথা বলার উদ্দেশ্য সহজবোধ্য ঃ বাংলার শহর-জীবন সম্পর্কের হেরফের নিয়ে কিছু সর্তক অনুমান করা যেতে পারে মাত্র। নানা মাত্রার মধ্যবিত্ত ও উচ্চবিত্ত গোষ্ঠীর জীবনযাপন ভাবনা ও ধারার দিকে চোখ রেখেই তা করা হচ্ছে। নিজেদের কথা লেখা একটু সহজ, তাই। এর বাইরে তো চোখ চলে না। তবে নানা জন-সমাজের ইতিহাসে দেখা গেছে যে শহর পরিবর্তনের পথীকৃত, আর, উচ্চশ্রেণীর জীবনধারা অন্যেরা আকাঙ্খা করে, অনুকরণ করে। শুধু সময়ের অপেক্ষা।

বিবাহিত ও অবিবাহিত সম্পর্কে পরস্পরকে কিছু স্বাধীনতা দেওয়া, সমকালীন ভাষায় 'স্পেস' দেওয়া, চল হয়েছে। 'স্পেস' শব্দটির আমাদের ব্যবহার পশ্চিমি ব্যক্তিস্বাতন্ত্রবাদী সংস্কৃতির দৃষ্টিকোণ থেকে আমাদের সামাজিক পরিবর্তন দেখাও ও ঘটানোর আরেকটি উদাহরণ। বাংলাভাষায় শব্দটির অনেক অর্থ ঃ ত্রিমাত্রিক অবাধ পরিসর, স্থান, স্থানের ও সময়ের ব্যবধান, অবকাশ, লেখা শব্দের মধ্যে ফাঁক। মানবিক সর্ম্পকের শিথিল বিন্যাসের ধারণা, এই পরোক্ষ উপমাতে উপস্থাপিত। 'কেরানির জাতি' বাঙালীর স্পেস শব্দটির সঙ্গে প্রথম পরিচয় টাইপ-রাইটিং শেখার সময়। ইদানীং কালে, মোবাইল ফোনে এস-এম-এসের সূত্র ধরে। দু-এর সঙ্গেই রচনার যোগ আছে। স্কুলে বিজ্ঞানের মাষ্টারমশাই টরিসেল্লির ভ্যাকুয়ামের কথা বলতেন। বোঝাতেন কেন লোহর রেল লাইনে মাঝে মাঝে ফাঁক থাকে, যাতে অধিক ঘর্ষণে, অধিক উত্তাপে লাইন যেন বেঁকে না যায়। স্পেস অখন্ডতার নিরাপত্তা। আমাদের অবাধ পরিসর বা মহাশূণ্যের ধারণা হলো সোভিয়েত স্পুটনিক কেন্দ্র করে। তার আগে পড়ুয়াদের মহাশূণ্যের পরিচয় বাংলায় লেখা কল্পবিজ্ঞানের মাধ্যমে। বিশ শতকের গোড়ায় লেখা জগদানন্দ রায় এর *শুক্রভ্রমণ*, রাজেন্দ্রলাল আচার্যের অনুবাদে জুলে ভের্নের *জার্নি টু দ্য মুন*, এর ভালো উদাহরণ। শহুরে বাঙালী আধুনিকতার সঙ্গে ঘর করছে বেশ কিছু দিন। তখন থেকেই আমরা সম্পর্কে 'অবাধ পরিসর' — এই অর্থেই স্পেস শব্দের ব্যবহার করি। অবাধ পরিসরের চাহিদা সব সম্পর্ক থেকে মুক্তির জন্য নয়। ভিন্ন স্বাদ, ভিন্ন ধাঁচের সম্পর্কের জায়গার জন্যে স্পেসের চাহিদা।

নিজের মতো নিজের সম্পর্ক বজায় রাখা, তৈরী করার নিঃসঙ্কোচ সুযোগ পাওয়া, স্পেস ভোগ করার অর্থ। বিবাহিত নারীর উদাহরণ নিলে, সেই সম্পর্ক নিঃসঙ্গ বাবা, জড়বুদ্ধি ভাই, বিবাহ-পূর্ব জীবনের বন্ধু-বান্ধব, জীবিকা সূত্রে হওয়া সম্পর্ক — অনেক ধরণের মানুষকে নিয়েই হয়। শুধু মানুষের সঙ্গে নয়, সম্পর্ক কোন প্রতিষ্ঠান বা কোন আন্দোলনের সঙ্গেও হয়। অন্তরঙ্গতার রূপান্তরের সঙ্গে সঙ্গে স্পেসের পরিসর বাড়ছে। স্পেসের ব্যাপ্তি অন্তরঙ্গতার পূর্বাবস্থা দুর্ব্বল করছে। পিতৃতান্ত্রিক সমাজে পুরুষরাই নানা স্বাধীনতা ভোগ করে আসছে বলে, এই স্পেসের দাবীদার প্রধানতঃ মেয়েরাই। পরিবার ও পারিবারিক দায়-দায়িত্বের দম-বন্ধ করা অবস্থা থেকে অন্তত সাময়িক মুক্তি পাবার অধিকার ন্যায্যতা পেয়েছে। নষ্টনীড়ের আশঙ্কা আর অনেককে আটকে রাখে না, যদিও এ রকম মানুষের সংখ্যা কম। অবশ্য দ্বিতীয় সম্পর্কের তাগিদে বিবাহ বিচ্ছেদের পরিসংখ্যা বৃদ্ধির ইঙ্গিত দিচ্ছে। তবে সমাজ পিতৃতান্ত্রিক হলেও পুরুষ মানুষ সব সময় চূড়ান্ত স্বাধীনতা ভোগ করেছে, এই কথা ঠিক নয়। কোন কোন নারীর দাপটের কথা অজানা নয়। তাই পুরুষেরাও স্পেস চায়। আসলে চার দেওয়ালের মধ্যে নারী না পুরুষ কে শেষমেষ শক্তিশালী তা বলা কঠিন। নারী অবদমিত, এই কথা কোনো নারী বললে, তার লজ্জার কারণ নেই। এটাই তার স্পেসের দাবির নৈতিক ভিত্তিরূপে পরিণত হয়। কিন্তু কোন পুরুষ মানুষ নারীর হাতে তার নিগ্রহ হওয়ার কথা কোন মুখে বলবে? বললে তার পুরুষত্বে টান পড়বে। পিতৃতন্ত্রে পুরুষের দায়-দায়িত্ব অনেক, সে শুধু অধিকারের সুখ-সুবিধা ভোগ করে না। সেই কারণেও পুরুষ স্পেস চায়।

কি দিলে বা কি পেলে, স্পেস দেওয়া হল বা পাওয়া হল, তার মাপকাঠি একান্ত ব্যক্তিগত নয়। একটা অঘোষিত অথচ অনেকের জানা চালু মাপকাঠি উঠে এসেছে (ফোন এলে অন্যজনের সেখান থেকে সরে যাওয়া, অন্যের চিঠি খুলে না পড়া, অপরের ব্যাঙ্কের পাশ-বই না দেখা, কোথায় যাচ্ছো সে প্রশ্ন না করা)। এই অনেকেরা অবশ্যই তাঁরা যাঁরা স্পেসের কথা ভাবেন। মাপকাঠির জানাজানি হয় খানিকটা আলাপ-আলোচনায়, পরনিন্দা-পরচর্চ্চায়। অথবা সাহসী সিনেমা-থিয়েটার-গল্প-উপন্যাসে। প্রজন্মান্তরে মাপের পরিবর্তন হয়। তার গায়ে গায়ে অনেক কিছু প্রথমে সমঝোতায় আসে, তারপর পরিবর্তিত হয় : গৃহস্থালীর সময়ভাগ (তিন দিনের রান্না এক দিনে করে রাখা / প্রতি সন্ধ্যায় বাবা ছেড়ে যাওয়া মা'র সঙ্গে সময় কাটিয়ে আসা), অর্থ ব্যয় (বহুদিনের সখ, প্রতিমাসে একটা করে ক্যাসেট কেনার বা মেয়েদের পত্রিকা / অফিস ফেরতা পাড়ার সান্ধ্য স্কুলে গরীব ছেলে-মেয়েদের বিনা পয়সায় পড়িয়ে আসা, বা তাদের বই-পত্র কিনে দেওয়া), বাড়ীতে স্থানের ব্যবহার (শুলে যে দেওয়ালে চোখ পড়ে সেখানে স্বামী, স্ত্রী বা আত্মীয় পরিজন ছাড়া

অন্য কোন পছন্দের / কামনার সুদর্শন পুরুষ বা নারীর ছবি / বা যে, দেওয়ালে চোখ পড়বেই সেখানে চিত্তপ্রসাদের আঁকা দুর্ভিক্ষের ছবি)। একটা মাপের স্পেসে অভ্যস্থ হয়ে গেলে, আমাদের অন্য মাপের স্পেসের প্রয়োজন হয়।

স্পেস দেওয়া-নেওয়াতে সম্পর্কের বি-নির্মাণ ও পুনর্বিন্যাসের প্রক্রিয়া চলে। দুয়েরই পরতে পরতে চলে ভয় ও ভরসার খেলা ঃ দরাজ হাতে স্পেস দিয়ে আপনজনকে হারানোর ভয়, স্পেস দেওয়ার কার্পণ্য করেও একই ভয়। স্পেস দিয়ে স্পেস পাওয়ার ভরসা, প্রতিদানে সমতুল স্পেস না পাওয়ার ভয়। কোনটা স্পেস দেওয়ার ছল, কোনটা আসল, তাই নিয়ে নিরন্তর ধন্দ। স্বাধীনতারও চাপ আছে। এরিখ ফ্রমের কথায় *ফিয়ার ওফ্ ফ্রীডম*। আবার স্পেস পেয়ে কি করব, ঠিক করব না ভুল করব, এই অনিশ্চয়তা কষ্ট দেয়। স্বাধীনতা থেকে মুক্তি পাওয়ার ইচ্ছা হয়। এরিখ ফ্রমের বিকল্প কথায় *এস্কেপ ফ্রম্ ফ্রীডম*। তবু একটু নিজেরটা নিজের মতো করার স্বাধীনতার জন্য কাকুতি-মিনতি, রাগারাগি, যুক্তি-অ-যুক্তির যুদ্ধ — সব কিছুই চলে। অবশেষে একটা স্পেসের বিন্যাস রীতিসিদ্ধ হয়ে ওঠে। ক্রমে একটি বিন্যাস ব্যাপ্তি-প্রাপ্ত হয়। প্রাপ্তবয়স্ক নারী-পুরুষের সম্পর্কে স্পেসের দাবী দিয়ে যে প্রক্রিয়া শুরু হয়েছিল, তা এখন সমলিঙ্গের মানুষের সম্পর্কে, বন্ধুদের ভেতর সম্পর্কে, প্রাপ্তবয়স্ক ও শিশুদের সম্পর্কের ক্ষেত্রে কম-বেশী সত্যি। যে কোনো একটি বিন্যাস চালু থাকে যতদিন তা সময়োপযোগি ও পর্য্যাপ্ত বলে মানুষ মনে করে। অনুশাসনে বাঁধা প্রচলিত সম্পর্কের ফাঁকে ফাঁকে ভারমুক্ত নতুন সম্পর্কের আশায় নতুন মানুষের সঙ্গে ভাব করে দেখি তাতেও সম্পর্কের নিয়ম-নীতির জুলুম। তখন মোহভঙ্গ হয়। আবার নতুন বিন্যাসের সন্ধান শুরু হয়।

সম্পর্কে স্পেসের সন্ধান নানা কারণে। যেমন, শরীর বা মনের তৃপ্তির তাগিদে। পাপবোধ, অন্যায়বোধ, সঙ্কোচ, লজ্জা থেকে চাওয়ার মুক্তি ঘটছে। আগেকার উত্তর কলকাতার রেস্তঁরায় পর্দা দেওয়া কেবিনের আর প্রয়োজন নেই। সকলের ব্যবহারের স্থান অবজ্ঞার আড়ালে সহজেই একান্ত ব্যক্তিগত হয়ে যায়। অন্য মাত্রার উদাহরণও আছে, 'শেষের কবিতায়'। 'যে ভালোবাসা ব্যপ্তভাবে আকাশে মুক্ত থাকে, অন্তরের মধ্যে সে দেয় সঙ্গ, যে ভালোবাসা বিশেষভাবে প্রতিদিনের সব-কিছুতে যুক্ত হয়ে থাকে, সংসারে সে দেয় আসঙ্গ। দুটোই আমি চাই।' বা, 'কেতকীর সঙ্গে আমার সম্বন্ধ ভালোবাসারই, কিন্তু সে যেন ঘড়ায়-তোলা জল — প্রতিদিন তুলবো, প্রতিদিন ব্যবহার করব। আর লাবণ্যর সঙ্গে আমার যে ভালোবাসা সে রইল দিঘি, সে ঘরে আনবার নয় আমার মন তাতে সাঁতার দেবে।'

শুধু ব্যক্তির অতৃপ্তি স্পেসের নিরন্তর সন্ধানের কারণ নয়। ব্যক্তি সম্পর্কে স্পেসের আয়োজন শুধু আধুনিক ও উত্তর আধুনিক সমাজের বৈশিষ্ঠ, সে ধারণাও ভুল। সর্ব কালের সামাজিক কাঠামোতেই স্পেসের স্থান আছে : সামাজিক প্রয়োজন নৈকট্য, আবার সেই কারণেই দূরত্ব। ঠিক যে রকম লেখার ক্ষেত্রে স্পেসের ভূমিকা : আপাতভাবে দুটি অক্ষরের মধ্যে স্বল্প দূরত্ব সৃষ্টি করে। কিন্তু তা অর্থের বন্ধনী দুর্বল করে না, বরঞ্চ মাত্রা যুক্ত করে। ঘনিষ্ঠতা ও এড়িয়ে থাকা, দু-ই ব্যক্তির নির্দ্দিষ্ট ভূমিকা অনুযায়ী সমাজ নির্দ্দেশিত। প্রাক-আধুনিক সমাজে, এমন একটি প্রচলিত নিয়ম-রাজ্যে ব্যক্তি জন্মায় ও জীবন যাপন করে যেখানে ব্যক্তিগত পছন্দের কোনো স্থান থাকে না। সেই তুলনায় আধুনিক ও উত্তর-আধুনিক সমাজে স্পেসের চাহিদা ব্যক্তিগত। তবে ব্যক্তির স্পেস চাওয়া সম্ভব করেছে কিছু নৈর্ব্যক্তিক পরিবর্তন : গণতন্ত্র ও পুঁজিবাদী বাজারের রীতিনীতি, নাগরিক জীবন ও ব্যক্তির সামাজিক চল, সর্বসাধারণের জন্য প্রাতিষ্ঠানিক আয়োজনের (যেমন, আইনের অনুশাসন) ধর্ম্মের থেকে মুক্তি ও ব্যক্তিস্বাতন্ত্রবাদী সংস্কৃতি — ব্যক্তি-সম্পর্কে ও নানা প্রতিষ্ঠানের ভেতর সম্পর্কে স্পেসের দাবীকে সম্ভব করেছে, ন্যায্যতাও দিয়েছে। 'ঘনিষ্ঠতার অসহ্য বন্ধন আছে', 'আলগা সম্পর্কে ব্যক্তি সত্তা অক্ষুন্ন থাকে' — এই ধরণের ভাবনা, সম্পর্কের এক নতুন ডিসকোর্সের উদ্ভবের ইঙ্গিত আমরা পাচ্ছি। তবে আধুনিক ও উত্তর-আধুনিক সমাজে সবাই সমান ভাবে স্পেসের সুযোগ পায়, এই কথা ভাবা ভুল।

এই অবধি পড়ে, অনেকেই বলবেন শহর বাংলার কথা কোথায় বলা হল। পঞ্চাশ বছরের শহর বাংলায় সম্পর্কের হেরফেরের উল্লেখ নেই। কোনো পরিসংখ্যান নেই, কোনো সমীক্ষার উল্লেখ নেই। শহর বাংলার সম্পর্কে স্পেসের দ্বিধাহীন নিখুঁত ছবি আঁকা হয় নি। তাঁদের মন্তব্য যথার্থ। ঠিকই, লেখাটা আন্দাজে হয়েছে। আপাত তত্ত্ব কথায় যা লেখা হয়েছে, তা একটা সম্ভাব্য চিত্র মাত্র। তবে প্রাপ্তবয়স্ক পাঠকেরা কেউ কি নিজের জীবন বা কোন পরিচিত জীবন থেকে স্পেস চাওয়া-পাওয়ার পরিবর্তনের কোন উদাহরণ কি পাচ্ছেন না, যা দিয়ে সহজেই শূন্যস্থান পূর্ণ করা যায়? স্পেস নিয়ে লেখায় স্পেস রাখা তো ভাল।

# CM beats Mamata to Presidency

OUR BUREAU

**Calcutta, March 19: Buddhadeb Bhattacharjee today rammed through the bill that offers freedom to Presidency College from government control, robbing Mamata Banerjee of a possible chance to carry out the reform herself.**

The government tabled the Presidency University Bill, 2009, in the Assembly, ignoring the Opposition demand that it be sent for further scrutiny. The House passed the bill, which will enable the college to become a unitary university.

The Opposition did not attend the second half of the session in protest against the passage of the bill, and the chief minister's comments yesterday on Trinamul legislature party leader Partha Chatterjee and the Congress.

A CPM leader said: "The Opposition did not want us to get the credit for Presidency's upgrade from a college to a university. A section of our party also had reservations.... But Buddhada was firm in his stand and the party supported him."

Accused in the past of dithering on key administrative decisions, the Bhattacharjee government this time acted with rare determination. Ironically, the encouragement had come from Mamata, who had asked at The Telegraph-Calcutta Club debate last November why the CPM had not granted autonomy to Presidency.

The passage of the bill today means the government has completed in just over four months what it could not accomplish in more than 30 years.

Three successive chief ministers — Siddhartha Shankar Ray, Jyoti Basu and then Bhattacharjee — had been presented with proposals for autonomy, first mooted in the college magazine in an unsigned article in 1972. It was an



Bhattacharjee, Mamata

open secret, though, that the author was Dipak Banerjee, a much-respected economics professor. But bureaucratic dilly-dallying during the Congress regime and then the CPM's eagerness to control educational institutions came in the way.

Although Bhattacharjee himself was in favour of granting autonomy, until Mamata's provocation he had not worked up the courage to shove his wish down an unwilling party's throat.

It is possible that the party, facing the threat of being unseated in elections a year from now, realised it might altogether miss the bus if the bill was not passed now, leaving Mamata with the opportunity to grab the credit.

As the news of the passage of the bill reached the college, Soumi Mukherjee, a second-year political science student, said: "There are so many things we stand to gain from this. Presidency will not only regain its past glory but also move forward from there."

The autonomy advocates, however, wanted to wait before raising a toast.

"What one has to look out for is the choice of the first vice-chancellor and the body that the government has to nominate to run the university till the council is formed," said Sukanta Chaudhuri, a professor of English at Jadavpur University who had left Presidency College.

Some people fear that the provisions of the bill will help the CPM include registered graduates, who are primarily political appointees, in the Court, one of the main decision-making bodies at the proposed university.

Chaudhuri raised another question. "Where to get 200-300 competent teachers?" But still he saw "hope" for Presidency.

Trinamul and Congress leaders vowed to continue with their opposition and met governor M.K. Narayanan, urging him to return the bill.

"We have requested the governor to send back the bill to facilitate further discussions," said Partha Chatterjee after meeting Narayanan.

Bhattacharjee, too, saw the governor later in the day.

■ See Page 7

# Assembly clears Presidency varsity bill

## Oppn Walks Out, Asks Governor To Stall Move

TIMES NEWS NETWORK

**Kolkata:** Presidency College will now be a university. Fighting the stranglehold of political hegemony that prefers loyalty to excellence, the state's premier seat of learning finally has a chance to write its own history.

The assembly passed the Presidency University bill on Friday amid an opposition walkout. Celebrations erupted on the 193-year-old campus. Red *abir* covered the hallowed grounds, banners were strung up (one of them 60 feet long) and the naysayers found themselves outnumbered and out-shouted.

Presidency College — arguably one of the best in the country, with an alumni list that reads like the who's who of modern India — certainly has the potential for excellence as a university. But the journey from idea to action has been quite a rough one.

Backed by a Presidency alumnus — chief minister Buddhadeb Bhattacharjee himself — the proposal faced stiff opposition from within CPM and the faculty. A section of the ruling Left is afraid of losing its stranglehold over the college. In 33 years of uninterrupted rule, the Left Front government refused to accept that Presidency was a cut above the rest. Granting university status to the same college is a complete turnaround.

A large section of Presidency

Sudipto Das




A banner celebrates Presidency College's new status

teachers, affiliated to CPM, feared losing their hegemony and strongly opposed the move. Gradually, however, the ranks of the dissenters got smaller and smaller.

On Friday, only 10 Presidency teachers joined a protest march by the CPM-backed Government College Teachers' Association. The opposition ran to governor M K Narayanan to stall the bill. The CM followed soon after to explain why the bill should be passed, showing the determination of the government to fight it out.

The CM's combative attitude rubbed off on higher education minister Sudarsan Raychaudhuri. In the assembly, when CPM MLA Srutinath Praharaj asked the minister to give priority to existing Presidency teachers when recruitments are made for the university, the minister refused. "Those teaching at Presidency were not appointed to teach there alone. There is a selection procedure and I see no reason why the present Presidency faculty should be given priority," Raychaudhuri said.

▶'Autonomy won't do', P 2



# Fruits of a long, hard struggle



[illegible]

"The upgrade means a lot to me. I had floated the proposal for the first time in 1995 when I was the principal. The demand for an autonomous college was on since 1977. The Bhabatosh Dutta and the Ashok Mitra commissions had suggested that this college should run independently and not be fettered under the control of Calcutta University

[illegible]

We had pushed the cause of the university for decades and now we are not even being included in talks. The university tag has come, but there are several loopholes that need to be looked into if the college really has to be upgraded to a university

[illegible]

This would not have happened without the help of chief minister Buddhadeb Bhattacharjee

[illegible]

The process of change has merely been initiated. Let us wait and see how the changes are actually worked out. For instance, infrastructure needs to be augmented. But it remains to be seen how fast or efficiently it is done

[illegible]

We have 14 [illegible] departments that were already enjoying autonomous status and [illegible] it won't be difficult for them to switch over to university. However, in case of the UG departments, we'll have to frame new syllabi, boards of studies, exam norms, etc. Only then will we be able to upgrade our UG departments to the university level. I doubt if we will be able to complete this [illegible] admission season this year"

[illegible]



*Rajrupa Gupta*
*Stastics, 1st Year*



*Rajarshi Biswas*
*Political Science*
*1st Year*



*Hindol Ghatak*
*Geology, 1st Year*



*Sayantan Biswas*
*Ex-student*



*Ankita Das*
*Political Science*
*3rd Year*



*Dolna Roy*
*History, 2nd Year*



*Situ Ghosh*
*Ex Student*
*Botany*



*Priya Das*
*History, 1st Year*

# সাক্ষাৎকার

***( প্রেসিডেন্সি কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত হওয়ার পর, শিক্ষাকর্মীদের সঙ্গে সাধারণ ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকারের কিছু মুহূর্ত )***



**নির্মল সিং ঃ** ৪০ বছর ধরে এই কলেজে কাজ করছি। এখানে কাজ করে যতটা আনন্দ পেয়েছি তা আর কোথাও পাব বলে মনে হয় না। এখানে কাজ করি বলে, গর্ব বোধ হয়। ইউনিভার্সিটি হয়ে গেল এই প্রিয় কলেজটি। ইউনিভার্সিটি হিসেবে প্রেসিডেন্সী সফল হবে বলে আশা করি।



**নারায়ণ ঘোষ ঃ** ১০ বছর ধরে কাজ করছি। চাকরির অনুভূতি ভাষায় প্রকাশ করা যায় না। আমরা স্টাফেরা সকলেই মিলেমিশে কাজ করি। এখন অবশ্য প্রিন্সিপালের জায়গায় ভি.সি. এসেছেন। ইউনিভার্সিটি কেমন হবে জানি না। আগে স্টাফেদের আয়োজনে কলেজে অনুষ্ঠান হতো, এখন সেটা আর হয় না, খারাপ লাগে। এখানে কাজ করার অনুভূতিই আলাদা। ভি.সি. থেকে সুইপার — প্রত্যেকেই এই অনন্য অনুভূতির শরিক। এত গুরুজন — এর সঙ্গে থাকতে পারি — এরচেয়ে গর্বের আর কি হতে পারে! ছাত্রদের হয়ে ওদের কাজ করে দিতে খুব আনন্দ হয়।



**উত্তম সামন্ত ঃ** এখানে চাকরিতে এসে, প্রথমদিকে ভেবেছিলাম কারও সহযোগিতা পাবো না, হল তার উল্টো। এই কলেজের এটাই হয়তো বৈশিষ্ট্য। কথা কাটাকাটি মাঝে মাঝে যে হয় না তা নয়। কখনও কলেজে দেরি করে আসিনি। ছাত্রদের সাথে বন্ধুর মতো সম্পর্ক হয়ে গেছে।



**নিতাই দে ঃ** ১৯৯৫ থেকে কলেজে আছি। রসায়ন বিভাগে ১২ বছর ছিলাম। ১৬ বছর ধরে কলেজে দেখছি স্টাফদের মধ্যে মনোমালিন্য হলেও পরে ঠিক হয়ে যায়। VC-কে খুব কড়া মনে হচ্ছে। VC আসবার আগে আসতে হয়, কাজের চাপে দেরী হয়ে যায় বাড়ি ফিরতে।



**কেশব রায় ঃ** খুবই ভালো অভিজ্ঞতা এই কলেজে। আশা করি বিশ্ববিদ্যালয় হয়ে যাওয়ার পর এই প্রতিষ্ঠান আরও উন্নত হবে। আমার অবসরের সময় চলে এল। হয়তো আমি এই উন্নতি দেখে যেতে পারব না। ২৪ বছর ধরে কাজ করেছি এখানে — এখন সময় গুণছি শেষের। কলেজ হিসেবে প্রেসিডেন্সি খুবই ভাল।



**গণেশ ঠাকুর ঃ** প্রেসিডেন্সি যখন কলেজ ছিল, তখনও ভালো ছিল, এখন ইউনিভার্সিটি, এখনও ভালো। ১৩-১৪ বছর ধরে কাজ করছি। কাজ করার অভিজ্ঞতা অসাধারণ। নতুন VC হিসেবে যিনি এসেছেন, তাঁর ব্যবহার খুবই ভালো।



**সমরনাথ শূর ঃ** ১৭ বছর ধরে এই কলেজে আছি। আমার জীবনের সবচেয়ে ভালো সময়গুলো এই কলেজেই কাটিয়েছি। এই কলেজে ছাত্র-শিক্ষকদের মধ্যে সুসম্পর্ক বরাবর-ই চোখে পড়ে। আগে Non Teaching Staff-দের একটি অনুষ্ঠান হত। খুবই খারাপ লাগে সেই অনুষ্ঠানটি এখন বন্ধ হয়ে গেছে। অন্যান্য Government কলেজের Staff-রা অন্যান্য জায়গায় ততটা সম্মান পায় না, যতটা আমরা পাই। এটাও একটা কারণ যার জন্য আমরা এখান থেকে যেতে চাই না।



**শিলারাণী ঘোষ ঃ** এই কলেজের সবাই ভালো। 90তে এই কলেজে কাজ শুরু করি। ভূগোল বিভাগে কাজ করতে ভালই লাগে। অন্য বিভাগে যাওয়ার প্রস্তাব এসেছে, যাইনি। কারণ, এই জায়গাটা আমার সংসারের মতো। শিক্ষকদের সঙ্গে আমার সম্পর্ক আত্মীয়তায় পৌঁছে গেছে। ছাত্রদের সাথেও একই রকম। যখন 97-এ আমার Operaton হয়, আমি Medical-এ ভর্তি, অসুস্থ, অজ্ঞান, ডঃ আশিস সরকার একদিন আমার মাথায় হাত দিয়ে বললেন, "চিন্তা নেই, আমরা তোমার পাশে আছি।" কাজ করার জায়গায় এমন বিশ্বাস পেলে কার না ভালো লাগে!



**পান্নু দা (সন্তোষ সিং) ঃ** ১৩ বছর ধরে এই কলেজে আছি। যতজন অধ্যক্ষ এসেছেন সবাই আমাকে খুব পছন্দ করতেন। নতুন VC ও খুব ভালো। অভিভাবকের মতো আচরণ করেন। ওনার কাছ থেকে মাতৃসম ব্যবহার পেয়েছি। ছাত্র-ছাত্রীদের সঙ্গেও আমার খুব ভালো সম্পর্ক। ছাত্র-শিক্ষকদের মধ্যে সুন্দর সম্পর্ক আগে যেমন ছিল, এখনও তেমন-ই আছে। প্রেসিডেন্সিকে ইউনিভার্সিটি করে তোলার পেছনে ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, ছাত্রসংসদ, অশিক্ষক কর্মচারী — সবার যে অক্লান্ত চেষ্টা আর সহযোগিতা

সেটা তো আগামী দিনের ছাত্রছাত্রীদের মধ্যে ছড়িয়ে দিতে হবেই। আমরা অশিক্ষক কর্মচারীদের মধ্যে সুন্দর ভালোবাসার সম্পর্ক গড়ে তুলতে পেরেছি। আমরা কৃতজ্ঞ সঞ্জীববাবু, অমিতাভ বাবু-দের কাছে — এই কলেজটিকে সুন্দর থেকে সুন্দরতর করে তোলার জন্য।



**সবিতাব্রত পাল :** ৩ বছর ধরে কলেজে আছি। Inter College Sports Meet-এ অসামান্য ফলাফল আমাদের গর্বিত করেছে। মোনালিসা মুখার্জী (ইতিহাস বিভাগ) Table Tennis-এ আমাদের কলেজের প্রতিনিধিত্ব করেছে। অর্থনীতি বিভাগের একজন ছাত্র Asian Chess Championship-এ সুযোগ পেয়েছে।



**মৃণাল সেনগুপ্ত :** ৮৯ সাল থেকে এই প্রতিষ্ঠানে আছি। ২২ বছর হয়ে গেল। বর্তমানে কলেজ, ইউনিভার্সিটিতে উন্নীত হলেও, সর্বাঙ্গীন পরিকাঠামোর জন্য হয়তো আরও ২-৩ বছর সময় লাগবে। তবে, সঞ্জীববাবু, অমিতাভ বাবু ও অন্যান্য শিক্ষক-শিক্ষিকাদের সাথে সম্পর্ক নতুন VC-র সাথে অনেক ভালো। এতদিন ধরে চাকরি করেও এতটুকু একঘেয়েমি আসেনি. এখনও কাজ করতে ভালো লাগে।



**জয়দেব দাস :** ২১ বছর ধরে এই কলেজে আছি। ছাত্র সংসদ-এর সঙ্গে একটা সময় আমাদের সম্পর্ক খুব ভালো ছিল। মাঝে কিছু বছর সেই সম্পর্কে ব্যাঘাত ঘটে। কিন্তু এখন সেই সম্পর্ক আবার গড়ে উঠেছে। ছাত্র-ছাত্রীদেরও উচিত নন-টিচিং স্টাফদের সঙ্গে সম্পর্ক আরো ভাল রাখা। আমার এই কলেজে কাজ করতে খুব ভালো লাগে এবং আমি এখানে কাজ করে খুব সন্তুষ্ট।



**মৃণাল কান্তি দাস :** ১৯৯৪ সাল থেকে এই কলেজে থাকতে পেরে আমি গর্বিত। ছাত্র-ছাত্রী, শিক্ষক সবাই অসাধারণ সহযোগিতা করেছে। অসাধারণ পরিবেশ এই প্রতিষ্ঠানের। অনেক কর্মচারী ভালো জায়গায় সুযোগ পেয়েও এই প্রতিষ্ঠান ছেড়ে যায়নি। প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি কামনা করি।



**তারকনাথ প্রসাদ :** ১৯৭৮ সাল থেকে এই কলেজের পরিবেশের সাথে নিজেকে অভিযোজিত করেছি। ৩২ বছর ধরে অনেক রাজনৈতিক উত্থান পতন দেখলাম। আমার মতে, শিক্ষাপ্রতিষ্ঠানে এগুলো উচিত নয়। শিক্ষাক্ষেত্রে দিকে দিকে ছাত্রছাত্রীরা আমাদের কলেজকে গর্বিত করেছে।



**অলোক কুমার দে :** ২০ বছর ধরে প্রতিষ্ঠানে আছি। কলেজ এখন ইউনিভার্সিটিতে উত্তীর্ণ হয়েছে। এই পরিস্থিতিতে ভালো মন্দ দুই ধরনের অভিজ্ঞতাই রয়েছে। তবে অশিক্ষক কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজন। নতুন VC যিনি এসেছেন, তিনি প্রত্যেকের বক্তব্য মন দিয়ে শোনেন। বর্তমানে কলেজ ও ইউনিভার্সিটির পদ্ধতিগত পরিবর্তনের জন্য ওনার কাজ করতে কিছু অসুবিধা হচ্ছে। তবে সবাই মিলেমিশে কাজ করলে আমরা এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে পারব। কাজের চাপ বাড়তি হলেও সবাই মিলেমিশে খুশি হয়ে কাজ করি।



**হনুমান প্রসাদ ধুরিয়া :** প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় হয়ে আমাদের খুব ভাল হয়েছে। কাজগুলো খুব ভালোভাবে আমরা করতে পারছি। আরও অনেক নতুন অধ্যাপক-অধ্যাপিকা আসবেন। অন্যান্য সমস্ত শিক্ষক-শিক্ষিকা, কর্মী, ছাত্র-ছাত্রী সবার সাথেই সম্পর্ক খুবই ভালো। আমরা আশা রাখছি যে নতুন শিক্ষক-শিক্ষিকারাও সেই এরকম ভালো হন।



**মইনুল হক :** আমি এই কলেজে বহুদিন ধরে আছি। এই কলেজের কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা আনন্দ সহকারে কাজ করেন। প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয় হিসেবে ভবিষ্যতে আরো উচ্চ শিখরে পৌঁছবে। কিন্তু আমি, এ প্রসঙ্গে আরো কিছু বলতে চাই যে, এ বিশ্ববিদ্যালয়ের বেশির ভাগ কর্মচারী সহযোগিতা সহকারে কাজ করেন না। আশা করা যায় কর্মচারীদের সংখ্যা ভবিষ্যতে বৃদ্ধি পাক, এবং একসাথে মিলে এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কাজে সহযোগিতা করুক।

# Sad, But True .........

***Ankur Ghosh***
***Physics Honours, 2nd Year***

Sometimes, it seems quite pathetic to digest the present sports scenario of our nation, comparing the others aspects. India, the land of 1.2 billion people are not able to get their names enlisted in top-ten olympic nations, which is quite expected from such a nation of diversity. It is quite shocking to see the celebration across the nation when a single gold medal is won at Olympic. It seems as if we got more than we deserve; whereas countries like Cuba, Kazakshtan or Indonesia are motivating much better track record than us. Its quite shameful, being the 142nd ranking Football nation of the world. These are not new problems but newly deteriorated sports scenario. It is years old but has not drawn attention of authorities and remained neglected as if games and sports are of no importance. One of the main reason behind such repititive failure in athletics and sports is its non-popularity among huge masses of people. Very few people posses interest in games like archery, hockey, squash. According to me, cricket is mainly responsible for divesting people's interest from other games, not because of its beauty but of its business favourable format. Being a commonwealth nation, cricket has always remained the most popular game in India and unfortunately it is one of the factors which checked India's sport advancement. There has been a lot of scandals related to the game of cricket but day by day it has become one of the most profitable business and pulled many multinational companies to invest huge capital on this game inspite of decline in its global popularity. It is a fact that day by day the cricketing world is getting shorters but still it is doing wonderful business in India. It has become quite easy to come under the lime-light and to become a popular celebrity being a cricketer, whereas maximum people could not be able to spot out many national football players or national level athelete. Being a respected and top-seeded nation it is a quite justified demand that our country must grab a healthy position in various games and sports. For this we need developed infrastructure, training facilities and capital investment. Many talented players and atheletes could not compete due to lack of enough capital. Different game officials and management personalities should focus on the development of country's prestige in various games and sports inspite of indulging themselves into pool of corruption or scandals. Recent scandals by organising committee of XIX Commonwealth games have again presented a multilated image of Indian games and sports in front of the world. People must think of their own country's image before thinking of pocket. Some of the richest people of the world live in this country, and they must think about the matters and take some important steps to change this scenario. Time has come to think about the matter seriously by finding the root causes of such failure and to take adequate steps to make amends. I must specify the recent success of Indians like, Saina Nehwal, Somdev Dev Burman, Sharath Kamal, Vishwanathn Anand, Sushil Kumar and many more. They can be the origin of new era of Indian sports and games advancement. India have already dominated the world in many fields like science, economics, literatures, politics, films etc. who knows, may be this time India would become a new name in the world of Atheletics, games and sports. We are really tried of cheering other nation in Football World Cup, its not too hard to dream of cheering our country. We must jointly take this as a revision so as to add more feathers in India's crown.

# The Wooden Horse

*Prarthito Bandopadhay*
*History, 1st Year*

I once knew of a house, just round the corner. And I knew the boy who lived there. When we were little kids growing up, we used to be friends. I loved to go over to his place, and play with his wooden rocking horse.

But it was not just any wooden horse, it was a magic horse. Everytime we sat upon our steed, he took us away flying through the sky.

We became knights in shining armour, with drawn blades glittering in the evanescent light of the rainbows. We battled dragons, slew bandits and rescued princesses or sometimes just strolled through the mystical lands of Neverwas.

Ah ... ! How well do I remember those sunlit days filled with rolling green hills and silent woods dapled in shadows.

And how•well I remember the horse ! The body was painted white and his were a fiery red and black. His ears were bordered with green and his maine was auburn.

রিক্তা ফুলগুলো তার বিছানায় রেখে নিচে নেমে দরজা খুললো। দরজার বাইরে আগন্তুক যিনি দাঁড়িয়ে তাকে ঠিক চিনতে পারল না রিক্তা। পরণে আধময়লা শার্ট, ট্রাউজার্স, চুলগুলো কাঁচাপাকা, উসকোখুসকো, মুখে দশ-পনেরো দিনের বাসী গোঁফ দাড়ি। রিক্তা বলল — কাকে চাই?

ভদ্রলোক মুচকি হেসে বললেন — যাকে চাই সে তো আমার সামনে দাঁড়িয়ে আছে। কেমন আছিস রিতু?

— আরে, এই নামটা তো একজনই ডাকতো। যেন কত সুপ্রাচীন আদিম গুহার অন্দর মহল থেকে ধ্বনি-প্রতিধ্বনি হয়ে ছড়িয়ে পড়লো — "রিতু - এটা কোমল নি", "এটা এভাবে গা-নি-", "না না ঠিক হচ্ছে না আবার গা- 'আ', "রিতু, আজ তোকে ভক্তিগীতি শেখাবো", "না না রংদা একটা আধুনিক প্রেমের গান - 'সেই যে এক বৈশাখে দেখা হল দুজনার' ওটা শেখাও না"।

— "রং দা, তুমি? এতদিন পর মনে পড়লো রিতুকে? কেমন আছো গো? মাসীমা ভাল আছেন, আরে এমা বাইরেই দাঁড় করিয়ে রেখে — এস এস ভিতরে এসো। এবার বলো — কেমন আছো? বুল্টিদি ভালো আছে? বিয়ে করেছো নিশ্চয়ই?"

— রঙ্গন বললো - "এতগুলো প্রশ্ন। দাঁড়া পরপর তোর উত্তর দিতে হবে। উফ্ রিতু তুই আগের মতোই খলবল করে কান ঝালাপালা করে দিস। ঠিক সেই দশ বছর আগের কুড়ি বছরের মেয়েটাই আছিস, একটুও বদলাস নি।"

— রিক্তা বললো - "দশ বছর হয়ে গেল না? আচ্ছা রং দা বুল্টিদিকে আনলে না কেন? আমার ঠিকানাই বা পেলে কোথায়? তোমরা এখনও পুরনো দাসপাড়াতেই আছো?"

রং চুপ করে একটু দূরের একটা শালিখ পাখিকে দেখছিল। তারপর মুখ না ফিরিয়েই বললো — "বুল্টির আর আমার গল্পটা অসম্পূর্ণই রয়ে গেছে রে রিতু। জীবনে যা যা হিসাব করে রেখেছিলাম তার কিছুই তো মিললো না। কত স্বপ্ন দেখেছিলাম তোকে আমার বাড়ির বৌ করে নিয়ে আসবো। সে সব কিছুই তো হল না। অবশ্য তোর ভালই হয়েছে। তুই আমাদের সাথে খুশীতে থাকতে পারতিস না। রন্তু ঠিকই করেছে।"

রিক্তা হঠাৎ ফুঁসে উঠল, "রং দা - প্লিজ, ঐ নামটা নিও না। ঐ নামটাকে আমি ঘেন্না করি। আমার জীবনের অভিশপ্ত অধ্যায় ছিল ওটা। আমার প্রতিটা চোখের জলের হিসাব তাকে দিতেই হবে।"

— "রিক্তা চুপ করো। যে নেই তাকে ওভাবে বলো না।"

— "না, আমি তো কোনদিনই কিছু বলিনি। কিছু বলবোও না, তা তোমার বুল্টিদির কি হলো? তুমিও কি ওর মতো—"

— "না রে না। আসলে রন্তুর ওরকম হওয়ার পর বুল্টির বাবাই আর রাজী হল না আমাদের বিয়ে দিতে। উনি ভেবেছিলেন ব্যাপারটা আমাদের বংশগত। হয়তো আমারও রন্তুর মতো একই সমস্যা রয়েছে। বুল্টি মা মরা ওঁর একমাত্র মেয়ে। আমি বাবা হলে আমিও হয়তো একই কাজ করতাম। বুল্টি অবশ্য খুব জেদ করেছিল। আমিই বুঝিয়ে সুঝিয়ে ওকে আমার জীবন থেকে অনেক দূরে পাঠিয়ে দিলাম।"

— "রন্তু, রন্তু তুমি কেমন আছো রন্তু? আমার কথা মনে পড়ে আর তোমার? তোমার রিতুকে কত স্বপ্ন দেখিয়েছিলে তুমি। কত কথা - কত গান - কত মান অভিমান - খুনসুটি - মনে পড়ে তোমার?"

( বারো বছর আগে )

— "তুই আবার চুপি চুপি বার করেছিলস পাতাটা, আমি যেই বাইরে গেছি - না না পড়িস না প্লিজ, দে বলছি, দে না মালা, উফ্ আর দৌড়তে পারছি না। দে বলছি।"

— "আজ শুধু ইচ্ছে করে<br>
দু'চোখ ভরে দেখতে তোমায়, স্পর্শ করতে তোমাকে,<br>
এই মেঘলা মেঘলা রাতে -<br>
ঝড়ের সাথে উড়ে যাবো আমি তোমার কাছে -<br>
তোমার সেই উষ্ণ বুকের মাঝে,<br>
রাখবে তুমি দু'হাত দিয়ে ঢেকে - শুধু তোমার করে।"

বাঃ দারুণ লিখেছিস তো কবিতাটা। দাঁড়া ক্লাসের সবাইকে শোনাই - সবাই শোনো - রিক্তা একটা দারুণ প্রেমের কবিতা লিখেছে কাল, কালবৈশাখীর রাতে।"

— "মালা - না - পড়বি না - দে - আবার পালাচ্ছিস। দাঁড়া আমি আসছি। যা পড়ে গেল তো পাতাটা।"

মালার হাত ফসকে কবিতার পাতা কলেজের গ্রাউন্ডে পড়ে গেল দোতলার জানালা থেকে। রিক্তা দৌড়ে ক্লাসের বাইরে। হাঁপাতে হাঁপাতে মাঠে এসে দেখলো একটা খুব সুন্দর দেখতে ছেলে তার কবিতাটা খুব মন দিয়ে পড়ছে।

— "আচ্ছা অভদ্র লোক তো আপনি - জানেন না কারও প্রাইভেট জিনিস তাকে না জানিয়ে নিতে নেই। দিন ওটা আমাকে।"

ছেলেটা সুন্দর মতো একটা হাসি হেসে বললো, "ও, এটা আপনার? আমি ভাবলাম কালকের মেঘ রাজারা বুঝি বৃষ্টি দিয়ে কিছু শব্দ ভিজিয়ে আমায় ওপর থেকে পাঠালো।"

— "দিন ওটা"। বলে রিক্তা পাতাটা নিয়ে ছদ্ম রাগ দেখিয়ে গট্ গট্ করে চলে গেল।

রবিবার রংদার কাছে গান শিখতে গিয়ে আবার দেখলো ছেলেটাকে, রংদার বাড়ির বারান্দায় দাঁড়িয়ে মন দিয়ে ছবি আঁকছে সে। মন্ত্রমুগ্ধের মতো রিক্তা উঁকি মেরে দেখলো তার তুলির আঁচড়ে ফুটে উঠেছে এক কালবৈশাখীর মুখভার করা মেঘলা বিকেল।

— "রং দা, ওটা কে গো? তোমার বারান্দায় দাঁড়িয়ে?"

— "ওটা তো রন্তু - রন্তীম - আমার একমাত্র ভাই। ও আসলে আই. আই. টি., কানপুর থেকে ইঞ্জিনীয়ারিং পড়ছে। খুব ভাল ছেলে - আমার গর্ব ও। ভাল ছবিও আঁকে। যা না গিয়ে দেখ। এই ছুটিতে চারদিন হল এসেছে। মাসখানেক থাকবে।"

সেই রন্তুর সাথে আলাপ। তারপর কোথা দিয়ে যে কি হয়ে গেল - কখন দু'জন দু'জনের সাথে এত ঘনিষ্ঠ হয়ে পড়লো, এত ভালবেসে ফেলল - দু'জনেই জানে না। শুধু শুধু চুপি চুপি ফোন আর স্বপ্ন দেখা। লাল-নীল-হলুদ স্বপ্নরা রাঙিয়ে দিয়ে যায় দু'জনকে। সেই ঝড়ে মন সাজতে সাজতে বলে - এই তো এতদিন যার অপেক্ষায় ছিলাম, এই তো সে। প্রেমের বন্যায় ভেসে যায় দু'টি মন। বানের চোরাস্রোতের তালে তালে তলিয়ে যায় হৃদয়। ভিজে যায় যত শুষ্ক মরুভূমি ছিল। ফল্গুধারার মতো এভাবেই তো যুগ যুগ ধরে ভালবাসার বন্ধনে বিদ্ধ হয়েছে কত শত হৃদয়। সময় এগিয়ে চলে, ঝড়ের বৃষ্টি ভিজিয়ে চলে রিক্তাকে। তার দু'চোখে নতুন স্বপ্ন - নতুন পৃথিবী - নতুন জীবন। দেখতে দেখতে চলে যায় চার বছর।

আজ রিক্তার খুব আনন্দের দিন। আজ রন্তু তার দাদা-মাকে নিয়ে রিক্তার বাড়ি আসবে, বিয়ের ব্যাপারে কথা বলতে। বিকেল চারটে থেকেই রিক্তার আর ধৈর্য্য থাকছে না। ক'দিন রন্তুর সাথে কথা হয়নি। আজকাল অফিসে খুব কাজের চাপ থাকে রন্তুর, ঠিক সময় দিতে পারে না সে রিক্তাকে। মাঝে মাঝে রিক্তার খুব রাগ হয়। কিন্তু সে ও বোঝে এখন তো তারা আর কলেজে ওড়া প্রজাপতি নয়, অনেক দায়িত্ব এসে গিয়েছে রন্তুর ওপর।

— "ও-মা, তোমার হল? ওরা যে এবার এসে পড়বে।" কিচেন থেকে রিক্তার মা সাড়া দেন। "আরে বাবা - হয়ে এসেছে রে, আর দশ মিনিট। তোর বাবাকে বল সামনের দোকান থেকে মিষ্টি নিয়ে আসতে। তুই রেডি হয়ে নে।"

কিন্তু পাঁচটায় আসার কথা ছিল সাতটা বাজতে চললো এখনো তো ওরা এল না। বাবা-মা ভীষণ রেগে গেছেন। রিক্তার পছন্দ করা ছেলে বলেই বাবা-মা ওদের বাড়ীর লোকের সাথে কথা না বলেই সব আয়োজন করেছেন। কিন্তু এ তো রীতিমতো অপমান।

রিক্তা ফোন করেই যাচ্ছে রন্তুকে কিন্তু ফোনটা সেই তিনঘন্টা থেকে সুইচ অফ্ বলছে। রিক্তা কিছুই বুঝতে পারছে না। এই তো চারদিন আগেও সব ঠিক ছিল। কোনো ঝগড়াও তো হয়নি। আর রন্তু যথেষ্ট দায়িত্বশীল ছেলে, তবে হলোটা কি?

দু'দিন পরে আর থাকতে না পেরে রিক্তা রং-এর বাড়ি গেল। রন্তুকে তার ঘরেই পাওয়া গেল।

— "কি ব্যাপারটা কি? তোমার কোনো পাত্তা নেই যে?" রিক্তা ঝড়ের মতো ফুঁসতে লাগলো।

রন্তু রিক্তার দিকে একবার তাকালো, তারপর মুখটা নীচু করে ধীরে ধীরে বললো — "রিতু, আমায় ভুলে যাও। আমি পারবো না তোমার দায়িত্ব নিতে। আমি তোমায় কোনদিন সুখে রাখতে পারবো না। আমার আর তোমাকে ভাল লাগে না। তুমি প্লিজ আমায় আমার মতো থাকতে দাও। পারলে অন্য কাউকে খুঁজে নাও। পারলে আমায় ক্ষমা কোরো। আমার জীবনে অন্য কেউ এসেছে। যা হয়েছে - সব ভুলে যাও, যা ছিল - সব ভুলে যাও। তুমি ভাল থাকবে, আমিও ভাল থাকবো।"

সেই রন্তুর সাথে শেষ দেখা। এরপর যে রন্তু কোথায় উধাও হয়ে গেল। রিক্তা অনেক খুঁজেছে। রং দাও এড়িয়ে চলতো। তারপর একসময় রিক্তা বুঝলো সে মরীচিকার পিছনে ছুটে চলেছে। রন্তু কোনোদিন তার হবে না। ঘৃণা হতো রন্তুর ওপর। করুণা হতো। আর দমচাপা একটা চিনচিনে কষ্ট হতো বুকের মাঝে। পৃথিবীর সব পুরুষকেই মনে হতে লাগলো ভদ্র মুখোশ পরা প্রতারক। শুধু এই কারণেই ইষুকে কোনোদিন ভালবাসতে পারল না রিক্তা, ভালবাসতে খুব ভয় করে তার। যদি ইষুও কোনোদিন রন্তুর বলে — "আর ভাল লাগছে না।" বোঝে রিক্তা যে ইষু কষ্ট পায়, কিন্তু রিক্তার অনুভূতিগুলোই ভোঁতা হয়ে গেছে।

— "রিতু, কি ভাবছিস?' রং দা বলে উঠল। আজ তোকে কটা সত্যি কথা বলি। রন্তু তোকে খুব ভালবাসতো রে রিতু। আমি সত্যি বলছি বিশ্বাস কর, শেষ দিন অবধিও শুধুই তোর ভাল চেয়েছিল।"

— "রং দা" - রিক্তা আর্তনাদ করে উঠলো। "রন্তু - রন্তুর কি হয়েছে? কি বলছো তুমি?"

— "হ্যাঁ - আজ সাতদিন হলো রন্তু আমাদের ছেড়ে চলে গেছে অনেক দূরে - যেখান থেকে কেউ ফিরে আসে না।" রন্তুর একটা সিরিয়াস জেনেটিক ডিসঅর্ডার ছিল। ও যখন হস্টেলে থাকতো তখন ওর খুব মাথা ব্যাথা করতো মাঝে মাঝে। পাত্তা দিত না বেশী। চাকরিতে জয়েন করার পর যখন খুব বাড়াবাড়ি হল আমিই জোর করে ওকে একদিন ডাক্তারের কাছে নিয়ে গেলাম। ডাক্তার বললো নার্ভের অসুখ। কোনোদিন সারবে না। যত বয়স বাড়বে নার্ভ শুকিয়ে যেতে থাকবে। ওর আয়ু বেশিদিন নেই। আমাকে বারণ করেছিল ও কাউকে না জানাতে। কারণ ও জানতো তুই জানলে কিছুতেই ওর বারণ শুনবি না। ওকেই বিয়ে করবি। ও চায়নি তোর জীবনটা ওর মতো অসুস্থ লোকের সেবা করেই কেটে যাক। গত চার-পাঁচ বছর ধরে ওর একটা একটা অঙ্গ পঙ্গু হয়ে গেল আমার চোখের সামনে। তারপর একদিন শুনলাম ডাঃ ইষু সেনের কথা। খুব বড় ডাক্তার, নিয়ে গেলাম ওনার কাছে। সত্যি রিক্তা, ইষু'র মতো মানুষ হয় না। রন্তুর কেস হিস্ট্রি জানতে চাইলেন।

আমিই একদিন কথায় কথায় সবকিছু বললাম। উনি রন্তুর প্রেমিকার নাম জিজ্ঞেস করলেন। আমি তো জানতাম না উনি তোর স্বামী। বলে দিলাম সবকিছু। উনি জানতেন রন্তু বেশিদিন বাঁচবে না। লাস্ট স্টেজ চলছে। কিন্তু উনি তোর সাথে দেখা করতে বললেন। বললেন, "একজনকে তো বাঁচাতে পারবো না, কিন্তু যে বেঁচে থেকেও মরে আছে, শুধুই ঘৃণা নিয়ে বেঁচে আছে - তাকে অন্তত এটুকু সত্যি জানালে সে বুঝবে যে সে কতটা দামী। তার ভালবাসাও কতটা অমূল্য।"

রিক্তার দু'চোখ বেয়ে টপ্‌টপ্ করে জল ঝরছে। সে বুঝতে পারলো রন্তু - ইঞ্চু এরা সবাই তাকে কতটা ভালবাসে। এতদিন সে অন্ধ ছিল। ইঞ্চু তার চোখ খুলে দিয়েছে। তার রন্তু মরে গিয়েও বেঁচে আছে ইঞ্চুর মধ্যে - তার ভালবাসার মধ্যে।

রং যাবার কয়েক ঘন্টা পরে ইঞ্চু ফিরলো। দেখলো সেই উত্তরের জানালা ধরে দাঁড়িয়ে আছে রিক্তা বিষাদ প্রতিমা হয়ে। ইঞ্চু কাছে এসে ধীরে ধীরে তার মুখটা দু'হাত দিয়ে তুললো। দু'চোখ ভর্তি মেঘ-বৃষ্টি নিয়ে রিক্তা ঝাঁপিয়ে পড়লো ইঞ্চুর বুকে। ইঞ্চু তার সবল বাহু বন্ধনে আবদ্ধ করলো তার বউকে। ফিসফিস করে বললো — "কেঁদো না রিতু, আমি তো আছি - শুধু তোমার হয়েই থাকবো। কখখনও তোমায় ছেড়ে কোথাও যাব না। তুমি শুধু আমায় একটু ভালবাসো।"

রিক্তা তার মুখ লুকিয়ে বললো — "আমি তোমায় হারাতে চাই না - ইঞ্চু। আমি তোমায় সবকিছু দেবো, এ বুকে যত ভালাবাসা আছে - সব টুকু তোমার জন্যই রেখে দিলাম। তুমি আমার মনের বন্ধ দরজা খুলে দিয়েছো। আমি আজ জানি - আমি হেরে যাই নি, আমি আমার ভালবাসাকে কখনো হারতে দেবো না।"

দরজার বাইরে তখন জ্যোৎস্না মাখা শিউলি গাছটায় ফুটে চলেছে একটা একটা করে শিউলি ফুল। আর দূর আকাশে একটা তারা ঝিকঝিক করে যেন সুখের হাসি হাসছে।

# আলোর পথযাত্রী

*অদিতি ব্যানার্জী*
*বাংলা, তৃতীয় বর্ষ*

"অদ্ভুত আঁধার এক এসেছে এ-পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা,
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই — প্রীতি নেই
— করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।"

*('অদ্ভুত আঁধার এক', জীবনানন্দ দাশ)*

এ এক অস্থির, বিপন্ন সময়। সময়ের ব্যাধি চারপাশের জগৎকে করে তুলেছে পচনশীল। বিষপাম্পে বন্ধ হয়ে আসছে নিঃশ্বাস। চলছে নিরন্তর মৃত্যুর মহোৎসবের মধ্যে বেঁচে থাকার কঠিন লড়াই। তারই মধ্যে সময়ের প্রবাহ বয়ে আনল সেই মাহেন্দ্রক্ষণ — রবীন্দ্রনাথের জন্মের সার্ধশতবর্ষ। সবাই আবার মেতে উঠল রবীন্দ্র-আরাধনায়। রবীন্দ্রনাথ দেশ তথা বিশ্বের অগ্রগণ্য মনীষী — সুতরাং প্রায় দেবতার সমান। মনীষীদের দেবতা করে তোলার রেওয়াজ আমাদের চিরকালের। তাঁদের মননশীল দার্শনিকতার উর্ধ্বে তাঁদের যশোদীপ্ত নামবিগ্রহ প্রতিষ্ঠা করে অর্চনা করাই আমাদের স্বভাব। রবীন্দ্রনাথও আজ সেই বিগ্রহ। প্রকৃত মানুষটাকে ভুলে গেছি। আজ তিনি নির্বাক দেবমূর্তি। সার্ধশতবর্ষ উপলক্ষে প্রভাতফেরীর চিৎকৃত উল্লাসে, সঙ্গীতের অনুনাসিক সুরমূর্চ্ছনায়, মূর্তিতে মাল্যদানের প্রতিযোগিতার মধ্য দিয়ে তিনি আজ অতি মূল্যবান পণ্য হিসাবে বিক্রি হয়ে চলেছেন প্রতিনিয়ত। আমরা সবাই তাঁকে ব্যবহার করি শিল্প, সাহিত্য, রাজনীতির কারবারে উদ্দেশ্য সাধনের জন্য। খুব সাধারণ উদাহরণ হিসাবে নিজের কথাই বলি — আমি একজন স্টুডেন্ট, সুতরাং আমার রবীন্দ্রনাথকে প্রয়োজন। রবীন্দ্র-প্রতিভার বিস্তার এত বহুমুখী যে, যে কোনো প্রসঙ্গেই তাঁর বক্তব্য 'কোট' করলে 'ইম্প্রেশন' বেশ জমে যাবে বলে মনে হয়। এ এক স্বার্থান্ধ প্রয়োজনের তাগিদ। তাঁর উপর আর্টিকেল লিখতে বসে ধার করি তাঁরই 'কোটেশন', তাঁর জীবনবীক্ষার ফসল। জীবনের সরণি বেয়ে অবিরল আত্মশুদ্ধির মধ্য দিয়ে উত্তরণের পথে যে ত্যাগ, তিতিক্ষা, নিষ্ঠা, অধ্যবসায় তাঁকে দান করেছে এই দানবিক বিরাটত্ব সেগুলি অনুসরণ করার কথা মনে থাকে না আমাদের।

নিজেদের প্রয়োজনে, নিজেদের ইচ্ছেমতো আমরা রবীন্দ্রনাথ সম্পর্কে বহু ভারি ভারি বিশেষণ ব্যবহার করি। অনেকেই দীর্ঘকাল যাবৎ এই ধারণা পোষণ করেছেন যে তিনি 'বুর্জোয়া' স্রষ্টা। সমাজের একটা বিশেষ শ্রেণীই আলোকিত, উদ্ভাসিত তাঁর রচনায়। আমরা বুঝি না, নিরন্তর সার্বিক মানবাত্মার সন্ধানই রবীন্দ্রজীবনের সাধনা। কোনো বিশেষ শ্রেণীর দ্বারা তিনি গ্রস্ত নন, কোনো বিশেষ 'বাদ' এর দ্বারা চালিত নন। অভীষ্ট জীবনদেবতার সন্ধান করেন বিশ্বমানবতার পূজারী রূপে। রবীন্দ্রসাহিত্যের প্রতি ক্ষেত্রে তাই মানবতারই উদার প্রকাশ। দ্যোতনারিক্ত বিবৃতিসর্বস্বতা কোনোদিনই তাঁকে উৎসাহিত করেনি। সৃজনশীল মানবরূপে মানুষের হৃদয়ে পৌঁছে দিতে চেয়েছেন সৃষ্টির মূলবার্তাটুকু। সংবেদনশীলতার পরশ মেখে তা মানবহৃদয়ে গড়ে দিয়েছে এক অনাবিল বোধের জগৎ।

তিনি দূরদর্শী, বিশ্বপথিক। তাঁর সৃষ্টিও তাই বিশ্বহৃদয়ের অভিমুখে ধাবিত। তিনি জীবনকে করেছেন মধুরতর, সভ্যতাকে করেছেন মহত্তর। রবীন্দ্রনাথ জন্মসূত্রে ভারতীয় কিন্তু কোনো গোষ্ঠী বা জাতিগত ভাবধারায় তাঁর সৃষ্টি আবদ্ধ নয়। তাঁর সৃষ্টির শাশ্বত উপাদান সমগ্র বিশ্বকে স্পন্দিত করেছে। প্রশান্ত জীবনচর্যায় সত্তার গভীরে বার বার তিনি হতে চেয়েছেন সকলের সঙ্গে একাত্ম —

'মোর নাম এই বলে খ্যাত হোক,
আমি তোমাদেরই লোক'

(পরিচয়, সেঁজুতি)

বঞ্চিত, অখ্যাত পদদলিত, অপমানিত মানুষদের 'সভ্যতার পিলসুজ' বলে উল্লেখ করে যখন তিনি চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেন জীবনযাত্রার সব সুযোগ থেকে তারা বঞ্চিত, ওপরতলার মানুষকে আলো দিতে গিয়ে 'মাথায় প্রদীপ নিয়ে খাড়া দাঁড়িয়ে' তাদের গা দিয়ে তেল গড়িয়ে পড়ে, দেশের সম্পদের উচ্ছিষ্টে তারা পালিত তখনই কি তাঁর বেদনার্ত হৃদয়ের প্রচ্ছায়া পড়ে না তাঁর রচনায়? তত্ত্বজ্ঞানের উর্ধ্বে উঠে এটাই তো তাঁর পরম উপলব্ধি।

রবীন্দ্রনাথ মুক্তচিন্তার ধারক, বাহক। ব্যষ্টিবর্জিত সমষ্টির অবাস্তবতায় তাঁর বিশ্বাস ছিল না। মুক্তবুদ্ধির স্বাতন্ত্র্য লুপ্ত হলে কোনো সামাজিক বিপ্লবই সম্ভবপর নয় এটাই তাঁর আজীবনের ধারণা। ইতিহাস বলে যুগ যুগ ধরে নিপীড়ন, অসাম্যের বিরুদ্ধে মানুষ নেমেছে অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে কিন্তু তার পূর্বপ্রস্তুতি হিসাবে বিপ্লব ঘটেছে মানুষের মননে। অন্তরের বিপ্লব ব্যতীত বর্হিবিপ্লব এক কথায় অসম্ভব। আত্ম অন্বেষণের পথ বেয়ে মানবতার উদ্বোধনের সাহায্যে স্বার্থান্ধ পৃথিবীকে কলুষমুক্ত করার প্রচেষ্টাই হোক মানবের কাম্য — এটাই ছিল তাঁর অভীপ্সা।

আমাদের জন্ম, মরণে, শোকে, আনন্দে, অনাহারে, অনুষ্ঠিতে, অকালমৃত্যুতে সমানভাবে আজও প্রাসঙ্গিক রবীন্দ্রনাথ। তাই দশমাস গর্ভধারণের পর অভাব অনটনের সঙ্গে লড়তে লড়তে নিঃশেষিত মা সন্তানের জন্ম দিতে গিয়ে মৃত্যুমুখে ডুবে যাবার সময় যখন ভাবে 'আপদ ঘুচিল' (তারাপ্রসন্নের কীর্তি) তখন দেশে ক্রিয়াশীল থাকে সেই পরিবেশ যেখানে আড়াই কোটি মানুষের অপুষ্টির বিনিময়ে ভারত থেকে সাম্রাজ্যবাদী শক্তির খাদ্য সরিয়ে নেবার ইতিহাস মুদ্রিত। প্রকট হয়ে উঠতে থাকে সেই নিদারুণ সত্য — Londoners were in effect eating India's Bread. (Mike Davis, Late Victorian Holocausts, El Nino Famines and the Making of the Third World, 2001).

আমাদের জীবনের শিক্ষক রবীন্দ্রনাথ। ঠিক-ভুলের, সত্য-মিথ্যার পথনির্দেশক। আজও তাঁর কাছ থেকে শিখতে হয় মূল্যবোধ। যিনি সাম্রাজ্যবাদী আগ্রাসী শক্তির স্তাবকদের চাটুকারিতাকে 'শ্মশানকুক্কুরদের কাড়াকাড়ি-গীতি' (নৈবেদ্য, ৬৪) বলেন মুক্তকণ্ঠে, আজ যখন হৃদয় কঠিনতর, অন্ধকার ক্রমবর্ধমান, বিশ্বাস বিনষ্ট, দূরপনেয় স্খলনের রক্তাক্ত পৃথিবী তখন তাঁর কাছেই ফিরতে হয় আলোর সন্ধানে।

আজও প্রত্যেকের মনের ভেতরে লুকিয়ে আছেন নিজস্ব এক রবীন্দ্রনাথ। তিনি এক অতলান্ত মহাসাগর, যার গভীরতা মাপা নিতান্তই দুঃসাধ্য। তিনি মৃত্যুঞ্জয়ী, মৃত্যুত্তীর্ণ। তাঁকে পরিমাপ করতে গিয়ে দেড়শো বছর অতিক্রান্ত, হয়তো আরও দেড়শো বছর অতিক্রান্ত হয়ে যাবে তাঁর সূর্যবিভার দিকে তাকিয়ে থেকে। কেবল বহিরঙ্গে রবীন্দ্র-ভক্তি প্রদর্শন না করে অন্তরে শুরু হোক প্রকৃত রবীন্দ্র অনুধ্যান। কারণ তিনিই আমাদের প্রাণের নিভৃত আশ্রয়। দেড়শো বছর জীবনের 'রেসে' ছুটেও অক্লান্ত — এখনো তিনিই 'ফার্স্ট'।

# স্মরণে-বরণে একুশে ফেব্রুয়ারি

*বিদিশা বসু*
*বাংলা, প্রথম বর্ষ*

" বুকের ভিতর / শোকের ভিতর
শিশুর মুখে / প্রিয়ার চোখে
একুশ আছে / একুশ আছে
তোমার কাছে / আমার কাছে। "

২১ ফেব্রুয়ারি আর পাঁচটা সাধারণ দিনের মতো নয়। প্রাণ ধারণের আর দিন যাপনের গ্লানিকে বহন করার জন্য আমরা বছরের অনেকগুলো দিনকে মর্যাদার সঙ্গে পালন করি। '১৫ আগষ্ট', '২৩ জানুয়ারী', '২৬ জানুয়ারী', '১ মে' — এইরকম কয়েকটা দিন আমরা শ্রদ্ধার সঙ্গে পালন করি। এই দিনগুলিকে ঘিরে অনেক ইতিহাস, আবেগ, স্বদেশভাবনা, অনুভূতি আমাদের মনকে স্পর্শ করে। একুশে ফেব্রুয়ারি এরকমই একটি দিন। 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' — এই দিনটি কেবল একটি তারিখ নয় — মাতৃভাষাপ্রেমী সকল মানুষের কাছে এই দিনটি শপথের, সংগ্রামের ও মাতৃভাষার মর্যাদা রক্ষার এবং মাতৃভাষার প্রতি শ্রদ্ধা জানাবার, মর্যাদা রক্ষার, অঙ্গীকারের দিন।

ইতিহাস সাক্ষী, কখনো কোন দেশে মানুষকে বেশিদিন অবদমিত করে রাখা যায় নি। অচিরেই মানুষ জেগে উঠেছে। একত্রিত মানুষ সম্মিলিতভাবে অন্যায়ের প্রতিবাদ করেছে, আত্মোৎসর্গ করেছে। নির্ভীক হৃদয় এই মানুষরা জীবন-মৃত্যুকে পায়ের ভৃত্য করে নিরন্তর সংগ্রাম করেছে। ভাবতে ভালো লাগে, গর্বে বুক ভরে ওঠে, পৃথিবীর সব ভাষার মধ্যে আমাদের মাতৃভাষা বাংলাভাষা যেন এক রত্নসম্ভার। মাইকেল মধুসূদন দত্ত তাঁর 'বঙ্গভাষা' কবিতায় বলেছেন,

" ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,
এ ভিখারী দশা তবে কেন তোর আজি? "

বাংলা ভাষার জন্য কত না তরুণ প্রাণ দিয়েছে। দুঃখিনী বাংলা-মা, মায়ের মুখের ভাষার হারানো সম্মান ফিরিয়ে দিয়েছে। বাঙালি জাতির কাছে তাঁরা নমস্য। তাঁদের আত্মবলিদান ভোলার নয়।

প্রাক্ স্বাধীনতা যুগে অর্থাৎ ভারত-পাক বিভাজনের অনেক আগে ভারতীয়দের শিক্ষার মাধ্যমরূপে কোন্ ভাষা ব্যবহৃত হবে — সে সম্পর্কে মুসলমান সম্প্রদায়ের শিক্ষার মাধ্যম সম্পর্কে নবাব আবদুল লতিফকে প্রশ্ন করলে তিনি লিখিতভাবে জানান যে, "উচ্চশ্রেণীর মুসলমানদের শিক্ষার মাধ্যম হবে উর্দু এবং নিম্নশ্রেণীর মুসলমানদের জন্য তা হবে শোধনী-কৃত বাংলা।"

১৯৪৭ সালের স্বাধীনতার আবেগ হোঁচট খায় ১৯৪৮ সালের ফেব্রুয়ারীতে, ভাষার প্রশ্নে। ১৯৪৭ সালের সেপ্টেম্বর মাসে পূর্ব বাংলায় 'তমদ্দুন মজলিস' গঠন করেন কয়েকজন তরুণ। বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে এই মজলিস আন্দোলন সংগঠিত করতো। এই সংস্থার সদস্যরাই ১৯৪৮ সালের শুরুতে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠন করেছিলেন। বহু পত্র-পত্রিকায় বাংলাভাষাকে রাষ্ট্রভাষা করবার দাবি থাকতো নিত্য ঘোষিত। 'কৃষি' পত্রিকায় লেখা হয়েছিল, "বাংলাকে ছাড়িয়ে উর্দুকে রাষ্ট্রভাষা রূপে পূর্বপাকিস্তানবাসী গ্রহণ করিলে তাহাদের রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক মৃত্যু অনিবার্য।" প্রসঙ্গতঃ ১৯৪৮ সালের মার্চে পাকিস্তানের গর্ভন জেনারেল 'কয়েদ-এ-আজম' মহম্মদ আলি জিন্নাহ্ পূর্ববাংলায় প্রথম এসেই ঘোষণা করলেন — একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। অতঃপর চারবছর ধরে নিরবিচ্ছিন্ন সংগ্রাম চলতে থাকে। পশ্চিম পাকিস্তানের স্বৈরাচার ও পূর্ব পাকিস্তানের বাংলা ভাষার দাবির মধ্যে। সেই সংগ্রামেরই একটি শীর্ষবিন্দু '১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারী'।

ধর্মনিরপেক্ষতার ভাব শুরু হয়েছিল ১৯৫২ সালের ভাষা আন্দোলনের মধ্য দিয়ে। তার একটা কারণ ছিল এই যে, রাষ্ট্রভাষা হিসেবে বাংলার দাবি উপেক্ষা করে যারা উর্দু ভাষা চাপিয়ে দিতে চেয়েছিলেন, তাঁরা ধর্মের ধুয়ো তুলেছিলেন। পাকিস্তান মুসলমানের রাষ্ট্র, উর্দু মুসলমানের ভাষা, তাই উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা। বাংলা হিন্দুর ভাষা — ওতে ইসলাম সম্পর্কে যথেষ্ট লেখা হয়নি। তাই বাংলা পাকিস্তানের রাষ্ট্রভাষা হতে পারবে না। উর্দুর আধিপত্য প্রত্যাখান করার সঙ্গে সঙ্গে দেশের মানুষ ধর্মের নামে শোষণ ও উৎপীড়ন এবং ধর্ম নিয়ে রাজনীতিকে প্রত্যাখ্যান করেছিলেন।

বাংলা ভাষাকে কোণঠাসা করে উর্দুভাষা চাপানোর অপপ্রয়াস সাধারণ মানুষ কিছুতেই মেনে নেয় নি। সরকারের কৌশলী পদক্ষেপ যতই মানুষের কাছে স্পষ্ট হয়ে উঠেছে, ততই ক্ষোভ-বিক্ষোভ বেড়েছে। চারদিকে বিদ্রোহের আগুন ছড়িয়ে পড়েছে। বাংলাকে পূর্ব পাকিস্তানের রাষ্ট্রভাষা করার দাবি ওঠে। কবি-সাহিত্যিক-বুদ্ধিজীবিরা এই দাবি সম্মিলিত একটি স্মারক-লিপি ক্ষমতাসীন শাসকগোষ্ঠীর কাছে জমা দেন। অবিশ্যি এতে কাজের কাজ কিছু হয়নি। বরং সরকারি প্রয়াস ক্রমেই জোরালো হয়। এই ক্ষোভ-বিক্ষোভ দ্রুত রক্তপাত-জীবনহানির পর্যায়ে পৌঁছে যায়। ১৯৪৭ সালের শেষের দিকে সন্ত্রাস সংঘর্ষ শুরু হয়। এই সংঘর্ষের তীব্রতা বোঝার জন্য ১৩ ডিসেম্বর দৈনিক আজাদের সংবাদ প্রতিবেদনের শুধু শিরোনামটুকু দেওয়া হল — "ঢাকায় বাংলা ও উর্দুভাষা সমর্থকদের মধ্যে সংঘর্ষ / রাষ্ট্রভাষারূপে উর্দু দাবি করিয়া প্রচার করার জের /২০ জনেরও অধিক ব্যক্তি আহত।" বাঙালি বিদ্বেষী তথা বাংলা বিদ্বেষী মহম্মদ আলি জিন্নাহ চাতুর্য ও কূটবুদ্ধি প্রয়োগে যিনি অপ্রতিদ্বন্দ্বী, তিনি ঢাকায় থেকে গেলেন ১৯৪৮ সালের ১৯ মার্চ থেকে ২৮ মার্চ পর্যন্ত। কৌশলে জিন্নাহ আন্দোলনের গতিটিকে অন্যদিকে ঘুরিয়ে দিতে সচেষ্ট হলেন। সন্দেহ নেই যে, অগ্নিদীপ্ত সেই আন্দোলন যেন কিছুটা নিস্তেজ হয়ে গেল। তবে ছাইচাপা আগুন রয়েই গেল। অচিরেই আগুনের পরশমণির ছোঁয়ায় দেশের মানুষ উদ্দীপ্ত ও প্রজ্জ্বলিত হল।

পূর্ব পাকিস্তানের ছাত্রসমাজ, বুদ্ধিজীবী মহল, কবি-সাহিত্যিক উর্দুকে রাষ্ট্রভাষা হিসেবে মেনে নিতে পারেন নি। তাঁদের অভিমত — উর্দু রাষ্ট্রভাষা হলে পূর্ব বাংলার রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক ধ্বংস ঘনিয়ে আসবে এবং সর্ব বিষয়ে পূর্ব পাকিস্তান হবে পশ্চিম পাকিস্তানি উর্দুওয়ালাদের শাসন ও শোষণের যন্ত্র।

১৯৪৮ সালের ফেব্রুয়ারি-মার্চে গঠিত হয়েছিল 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ'। ভাষার প্রশ্নেই, ১৯৪৮ সালে বাংলাদেশের সাহিত্য নতুনভাবে নির্দিষ্ট পথ খুঁজে নিতে চেষ্টা করে। সেই পথ খোঁজার মানসিকতা থেকে জন্ম নেয় আজকের বাংলা কবিতা। তবে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির ভাষা-আন্দোলনের রক্তাক্ত শহীদ দিবস আরও গাঢ় ও জোরদার করে তোলে কবিতার অবয়ব। সেই সূত্র ধরে মনে আসে বাংলাদেশের তথা বাঙালির একান্ত প্রাণের কবি শামসুর রহমানের লেখা কয়েকটি ছত্র—

"তোমাকে উপড়ে নিলে, বলো তবে, কী থাকে আমার?
ঊনিশশো বাহান্নোর কতিপয় তরুণের খুনের পুষ্পাঞ্জলি
বুকে নিয়ে আছো সগৌরবে মহীয়সী।
সে ফুলের একটি পাপড়িও আজ ছিঁড়ে নিতে দেব না কাউকে।"

১৯৫২ সালের জানুয়ারিতে মুসলিম লিগের কাউন্সিল অধিবেশনে যোগ দেওয়ার জন্য ঢাকায় আসেন তিনি। পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে একমাত্র উর্দু, আরবি হরফে লিখতে হবে বাংলা — নাজিমউদ্দীনের এই সব মন্তব্য বারুদের স্তূপে যেন অগ্নিসংযোগ করে। নিমেষে সেই আগুন ছড়িয়ে পড়ে বীভৎস রূপ ধারণ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা প্রতিবাদে গর্জে ওঠে। বিক্ষোভ ও প্রতিবাদসভা চলতেই থাকে। প্রতীক ধর্মঘটও হয়। মানুষ স্বতঃস্ফূর্তভাবে ছাত্রদের পাশে এসে দাঁড়ায়। ৩০ জানুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের প্রতীক ধর্মঘট সফল হওয়ার পর ৪ ফেব্রুয়ারী ঢাকা শহরের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের ডাক দেওয়া হয়। সংগ্রামী ছাত্রদের পাশে এসে দাঁড়ায় 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ'। জেগে ওঠা মানুষকে যেভাবেই হোক অবদমিত করার জন্য মরিয়া হয়ে ওঠে পাক সরকার। শেষে নিরুপায় হয়ে ২০ ফেব্রুয়ারি থেকে ঢাকা শহরে ১৪৪ ধারা জারি হয় এক মাসের জন্য। আইনি বাধা-নিষেধ, পুলিশের লাঠি-গুলিকে উপেক্ষা করে একুশের ভোরে বিশ্ববিদ্যালয় চত্বরে বিশাল জমায়েত হয়। গাজীউল হকের সভাপতিত্বে শুরু হয় ছাত্রসভা। তারা ভেঙে দেয় ১৪৪ ধারা। পুলিশ হিংস্র হায়নার মতো ঝাঁপিয়ে পড়ে। লাঠি চার্জের সঙ্গে চলে কাঁদানে গ্যাস। বেঁধে যায় খন্ডযুদ্ধ। এই খন্ডযুদ্ধ চলে

দীর্ঘক্ষণ ধরে — ছাত্রদের থামানো যায় না — কণ্ঠে মাতৃভাষার জয়ধ্বনি, দৈহিক বলের চেয়ে অনেক বেশি তাদের মনোবল। অসীম মনোবলে বলীয়ান ছাত্রদের গতি রুদ্ধ করবে কে? রক্ত ঝরছে, ঝরুক। তারা সমানে লড়াই চালিয়ে যায়। শেষে নিরুপায় পুলিশ গুলি চালায়। লুটিয়ে পড়ে বরকত, জব্বর, সালাহউদ্দিন, রফিকউদ্দীন। রক্তে রাঙা হয় ঢাকার রাজপথ। আহত হয় বহু ছাত্র। ছাত্রহত্যার সংবাদ দ্রুত ঢাকা ছাড়িয়ে জেলায় জেলায় ছড়িয়ে পড়ে। সকলেই শোকস্তব্ধ। পাক সরকার ও বর্বর পুলিশবাহিনীর উদ্দেশ্যে বর্ষিত হয় শুধু ধিক্কার ও ঘৃণা।

ঢাকায় গুলি চালিয়ে ছাত্র হত্যার খবর চট্টগ্রামে পৌঁছানো মাত্র মাহবুবুল আলাম চৌধুরী সতেরো পৃষ্ঠার এক দীর্ঘ কবিতা লিখে ফেলেন। শুধু লিখে ফেলা নয়, তৎক্ষণাৎ ছাপার ব্যবস্থাও হয়। খবর পেয়ে যথারীতি পুলিশ আসে। কিন্তু ততক্ষণে পনেরো হাজার কাব্যপুস্তিকা ছাপা হয়ে গেছে। পুলিশের চোখকে ফাঁকি দিয়ে পরের দিন তা লালদিঘির প্রতিবাদসভায় বিলি করা হয়।

বাংলা অবশেষে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি পেল। ১৯৭১-এ স্বাধীনতা লাভের আগেই তা ঘটেছিল। অলীক রাষ্ট্রটির টিকে থাকার কোন উপায় ছিল না, টিকেও থাকে নি। যে মুক্তিযুদ্ধের ভিতর দিয়ে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছিল, সে মুক্তিযুদ্ধ যুক্তির দিক থেকে, বুদ্ধিবৃত্তির দিক ও আবেগের দিক থেকে ভাষা আন্দোলনেরই ফলশ্রুতি। ভাষা আন্দোলনের জন্য আমরা যে গৌরব বোধ করি, সে গৌরব আমাদের জাতিসত্তার পরিচয় দিতে পারার গৌরব এবং এই গৌরবে একুশে ফেব্রুয়ারিকে গভীর অর্থবহ করে তোলে। এপার বাংলার বাঙালি হিসেবে একুশের চেতনা আমাদের কাছে গৌরবময় ও স্মরণীয়। আজ যখন নানা রঙের ধর্মভিত্তিক জাতীয়তাবাদ ও মৌলবাদের বিষবাষ্প ক্রমশ আমাদের চেতনাকেও কলুষিত করে তুলেছে, বাংলাভাষা যখন আমাদের পশ্চিমবঙ্গেও কোণঠাসা হয়ে পড়েছে এবং অবহেলিত হচ্ছে, তখন একুশের চেতনার আলোকে বাংলাদেশের মানুষদের মতো আমরাও পারি বাংলাভাষাকে পশ্চিমবঙ্গে সমস্ত স্তরের শিক্ষা ও সরকারী কাজকর্মসহ জীবনের সর্বক্ষেত্রে প্রাধান্যের ভূমিকায় প্রতিষ্ঠিত করার জন্য সোচ্চার হতে ও দুই বাংলার মধ্যে সাংস্কৃতিক মেলবন্ধন রচনা করে আমরাও পারি একুশের চেতনার প্রকৃত অর্থে শরিক হতে।

একুশে ফেব্রুয়ারিকে ভোলা যায় না। আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের যা কিছু সুন্দরতম, যে মৌল ভিত্তির উপর ও সংস্কৃতি ও ঐতিহ্য দাঁড়িয়ে আছে, আমাদের জীবন ও চেতনার সাথে যা সবচেয়ে বেশি অন্তরঙ্গ ও অবিচ্ছেদ্য, একুশ তারই প্রতীক। স্মৃতিতাড়িত বিষণ্ণ করা মন জাগানিয়া বাঙালির উৎসবের দিন একুশে ফেব্রুয়ারি। রক্তস্নাত স্মৃতিভাস্বর কেন্দ্রীয় শহীদ মিনারে প্রথম প্রহরে লক্ষ লক্ষ মানুষের শ্রদ্ধাজ্ঞাপন ও পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে উদ্‌যাপিত হয় আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস। 'মোদের গরব মোদের আশা / আ'মরি বাংলা ভাষার'-র পথের কাঁটা পরদেশী ভাষাকে দূরীভূত করে জয়ী হলো বাংলার সোনার ছেলেদের আত্মবলিদান। এই জয়ের মালায় সংযোজিত হলো আরও একটি দুর্বার জয়। স্বীকৃত হলো 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' — 'একুশে ফেব্রুয়ারী'। তাই প্রতি একুশে ফেব্রুয়ারিতেই এদেশ-ওদেশের প্রতি বাঙালির কণ্ঠে ধ্বনিত হয় —

"আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি!
ছেলেহারা শত মায়ের অশ্রু গড়া এ ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি!
দারুণ ক্রোধের আগুনে আবার জ্বালাব ফেব্রুয়ারি
একুশে ফেব্রুয়ারি! একুশে ফেব্রুয়ারি!

# ভারতের উচ্চশিক্ষা ব্যবস্থা : সমাজতন্ত্র থেকে ধনতন্ত্রের পথে

*দেবদত্ত চক্রবর্তী*
*রাষ্ট্রবিজ্ঞান, প্রথম বর্ষ*

শিক্ষা একটি দেশ ও জাতির মেরুদন্ড। প্রকৃত উচ্চশিক্ষা ব্যতীত কোন দেশ উন্নতির শিখরে পৌঁছতে পারে না। ভারতে উচ্চশিক্ষা ব্যবস্থা স্বাধীনতার পরে বহুকাল পর্যন্ত সরকারের হাতে ছিল। কিন্তু ১৯৯১ সালে ভারত যখন 'অর্থনৈতিক উদারীকরণ' নীতি গ্রহণ করে তারপর থেকেই উচ্চশিক্ষায় বেসরকারীকরণ দেখা দেয় ও শিক্ষাব্যবস্থা ক্রমশ ধনতন্ত্রের দিকে ঝুঁকে পড়ে। বর্তমান ভারতের ক্রমবর্ধমান বেসরকারী কলেজ, ইউনিভার্সিটির উপর সরকার নিয়ন্ত্রণ নেই বললেই চলে, ফলে তাদের বেতন ক্রমশ বেড়ে চলেছে। এর ফলে বহু মেধাবী ছাত্রছাত্রীও দরিদ্র হওয়ার কারণে উচ্চশিক্ষা গ্রহণে অক্ষম হয়ে পড়ছে। অনেকে আবার এই প্রসঙ্গে বলেছেন যে বেসরকারিকরণের ফলে দেশে কারিগরী ও প্রযুক্তিগত শিক্ষার প্রসার ঘটবে। এই প্রবন্ধে আমরা এই বিষয়ে প্রকৃত সত্য উদ্ধারের চেষ্টা করব।

বর্তমানে দেশের উচ্চশিক্ষার পরিসরে ৫০৪টি বিশ্ববিদ্যালয় ও সমস্তরের শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে রয়েছে ২৪৩টি রাজ্য বিশ্ববিদ্যালয়, ৫৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয়, ৪০টি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় ও ১৩০টি ডিমড্ ইউনিভার্সিটি। এছাড়াও রয়েছে ২৫৯৫১টি কলেজ ও জাতীয় গুরুত্বসম্পন্ন ৩৩টি প্রতিষ্ঠান। এদের মধ্যে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে ২ ভাগে ভাগ করা যায় —

১) সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান — এই প্রতিষ্ঠান বেসরকারি হাতে পরিচালিত হলেও সরকারি অর্থসাহায্য পায়। ফলে এদের বেতন ও অন্যান্য পরিকাঠামো নির্ধারণে সরকারি ভূমিকা

বর্তমান। ২০০৫ সালে সংসদে পাশ হওয়া Private Professional Educational Institute Bill এর Section 3(b) অনুসারে এই সব প্রতিষ্ঠানে সংখ্যালঘুদের জন্য আসন সংরক্ষণ বাধ্যতামূলক।

২) সরকারি অনুদান না পাওয়া বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান — এই প্রতিষ্ঠানগুলি সম্পূর্ণ বেসরকারি হাতে নিয়ন্ত্রিত হওয়ায় এদের বেতন সাধারণতঃ অত্যন্ত বেশী হয়।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতিকারক দিক নিয়ে আলোচনার আগে তার ইতিবাচক দিকে একবার চোখ বুলিয়ে নেওয়া যাক, যদিও তার সংখ্যা অল্প, যথা —

# ভারত সরকারের কেন্দ্র ও রাজ্য স্তরের কোষাগারের বেহাল দশার কারণে ও ধনতান্ত্রিক অর্থনীতি গ্রহণের ফলে শিক্ষাখাতে ব্যয় ক্রমশ কমে আসছে। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, ২০০৭-০৮ শিক্ষাবর্ষে শিক্ষাখাতে মোট খরচের ১১.৮% উচ্চশিক্ষায় বরাদ্দ ছিল, যা বর্তমানে ৫.৬% নেমে এসেছে। ফলে বেসরকারি প্রতিষ্ঠান আবশ্যক হয়ে পড়েছে।

# বেসরকারি প্রতিষ্ঠানে দলগত রাজনীতির প্রভাব কম থাকার ফলে তারা অনেক স্বাধীনভাবে কাজ করতে সক্ষম।

# ভারতে একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিক্ষাক্ষেত্রের প্রসার, অর্ন্তভুক্তি প্রভৃতির উপর জোর দেওয়া হলেও এখনও ভারতে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ছাত্রছাত্রীর বর্ধিত হারে ভরতির সঙ্গে তাল মিলিয়ে বাড়েনি। ২০০৯-১০ সালে উচ্চশিক্ষায় ছাত্রছাত্রীদের ভরতির গ্রস এনরোলমেন্ট রেশিয়ো বা GER হয় ১২.৯%। প্রসঙ্গত জানাই GER এর বিশ্ব গড় হল ২৬.৭%, উন্নত দেশে এটি ৫৭.৭% ও উন্নয়নশীল দেশে ১৩%। ফলে GER-কে উন্নত স্তরে তুলতে হলে শিক্ষাপ্রতিষ্ঠান বাড়াতে হবে, যাতে বেসরকারি সাহায্য প্রয়োজন।

এবার এই ব্যবস্থার নেতিবাচক দিকে আসা যাক —

# প্রথমেই আসে উচ্চহারে নেওয়া বেতন। শুধুমাত্র মাসিক বেতন নয়, Capitation Fee, পরীক্ষার সময় আলাদা টাকা নেওয়া আমাদের মতো দরিদ্র দেশের অধিকাংশ ছাত্রছাত্রীর পক্ষে ক্ষতিকর। বেসরকারি প্রতিষ্ঠানের মালিকরা শিক্ষাকে 'মুনাফা অর্জনের যন্ত্র' মনে করলেও ভারতের মহামান্য সুপ্রিম কোর্ট এক মামলায় Capitation Fee-কে এই বলে বাতিল করে যে শিক্ষার অধিকার সংবিধানসম্মত ও শিক্ষাপ্রতিষ্ঠানকে লাভজনক সংস্থায় পরিণত করা অনুচিত।

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন বহুক্ষেত্রে সরকারি শিক্ষকদের চেয়ে কম, এছাড়া তাদের অবসরের পর পেনশনের সুবিধাও বহুক্ষেত্রে উপলব্ধ নয়।

# বেসরকারি কলেজ থেকে পাশ করা ইঞ্জিনিয়ার, ডাক্তার প্রভৃতিদের যোগ্যতা নিয়ে প্রশ্ন বর্তমান। ইনফোসিসের চেয়ারম্যান নারায়ণ মূর্তির মতে এইসব কলেজ থেকে প্রতি বছর প্রায় ৩ লক্ষ ইঞ্জিনিয়ার পাশ করে, কিন্তু এদের মধ্যে কাজের যোগ্য মাত্র ২৫%। অর্থাৎ মানব সম্পদের এক বিপুল অপচয় এখানে লক্ষণীয়।

# বর্তমানে বহু বেসরকারি কলেজই বহু টাকা ডোনেশন রূপে গ্রহণ করে অযোগ্য ছাত্র ভর্তি করাচ্ছে। ফলে গণশিক্ষার প্রসারের বদলে শিক্ষা মুষ্টিমেয় কিছু ধনীর হাতেই ন্যস্ত থাকছে।

# বেসরকারি শিক্ষার প্রসারের সঙ্গে সঙ্গে লক্ষণীয় ভাবে বেড়ে গেছে প্রতিষ্ঠানের বিরুদ্ধে হওয়া মামলার সংখ্যা। দ্রুত বিচার ও রায়দান প্রক্রিয়ার অনুপস্থিতিতে প্রতিষ্ঠানের শিক্ষার গুণমান ও কাজের দক্ষতার উপর বিরূপ প্রভাব পড়ে।

বেসরকারি কলেজের উপরোক্ত অসুবিধাগুলি দূর করতে সরকার বিভিন্ন কমিটি নিয়োগ করেছেন যথা —

- পূর্ণিয়া কমিটি (১৯৯২-৯৩)
- ডঃ স্বামীনাথন কমিটি (১৯৯২)
- যশপাল কমিটি ও জ্ঞান কমিশন

এছাড়া ৯৩তম সংবিধান সংশোধনের সময় বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে সংখ্যালঘু ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর জন্য সংরক্ষণ চালু হয়। কিন্তু এতেও সমস্যা মেটেনি। কারণ বর্তমানে সমগ্র বিশ্বেই পুঁজিবাদ সংকটের মুখে দাঁড়িয়ে আছে, তাই তারা চাইছে 'রিয়েল এস্টেট' যেমন — শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্র থেকে মুনাফা তুলতে। এইজন্যই World Bank বলে যে উন্নয়নশীল দেশগুলিতে উচ্চশিক্ষায় সরকারী অনুদান কমাতে হবে ও শিক্ষাকে মুক্ত বাজার অর্থনীতির মধ্যে ছেড়ে দিতে হবে। অথচ, ধনতান্ত্রিক আমেরিকায় কিন্তু রাষ্ট্র পরিচালিত বহু শিক্ষাপ্রতিষ্ঠান বর্তমান ও তাদের পরিকাঠামো এবং শিক্ষাদান পদ্ধতি অত্যন্ত ভালো। উন্নত দেশগুলির বিরুদ্ধে কথা বলার ক্ষমতা জাতিপুঞ্জ বা World Bank এর নেই তাই তাদের যথ ক্ষমতা প্রকাশ পায় উন্নয়নশীল ও অনুন্নত দেশগুলির ক্ষেত্রে। ভারতে এখনও মোট শিক্ষার্থীর মাত্র ৯.৮% উচ্চশিক্ষা গ্রহণ করতে সক্ষম হয়, বাকীরা তা থেকে বঞ্চিতই থেকে যায়। বেসরকারিকরণের ফলে এই অতি সামান্য সংখ্যক শিক্ষার্থীও উচ্চশিক্ষা গ্রহণে অসমর্থ হয়ে পড়বে। যে ভারতে আজ স্বাধীনতার ৬৩ বছর পরেও পূর্ণবয়স্ক স্বাক্ষরতার হার মাত্র ৬৬% বা যে ভারতে আজও ৩০ কোটি লোক নিরক্ষর সেখানে শিক্ষার বেসরকারিকরণ ঘটলে গণশিক্ষার প্রসার একটি মরীচিকা মাত্র।

বর্তমান ভারত বিশ্বায়নে অংশ নেবার ফলে তার কুফল রূপে শিক্ষা ও স্বাস্থ্য খাতে সরকারি বরাদ্দ ক্রমশ কমাচ্ছে। ১৯৯০ সালে শিক্ষাখাতে বরাদ্দ যেখানে ছিল G.D.P. এর ৩.৭%, ১৫ বছর পর ২০০২-০৫ সালেও এই বরাদ্দ ৩.৮% তেই আটকে থেকেছে। স্বাস্থ্যখাতে বরাদ্দ মাত্র ৬ বছর আগেও (২০০৪ সাল) ছিল G.D.P. এর মাত্র ০.৯%। এই ব্যয় কমানোর প্রবণতা ও কোষাগারের বেহাল দশার ফলে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান কিছুটা জরুরী। তবে বেতন ও পরিকাঠামো নিয়ন্ত্রণে সরকারের হস্তক্ষেপও প্রয়োজন। সাম্প্রতিককালে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্রদের বিক্ষোভ আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয় বেসরকারিকরণের আসল চরিত্রটাকে। শিক্ষা যাতে পুঁজিবাদী মুনাফাখোরদের হাতের পুতুল না হয়ে ওঠে তা কাজে পরিণত করার জন্য আমাদেরই এগিয়ে আসতে হবে। ভারতের জনসংখ্যার অধিকাংশ যুবা সম্প্রদায়ভুক্ত হওয়ায় ভারত এক বিশেষ সুবিধা ভোগ করে। তরুণ প্রজন্মের কাছে উচ্চশিক্ষার দরজা সম্পূর্ণরূপে খুলে দিলেই এই সুবিধার পূর্ণ উপযোগ সম্ভব। একমাত্র উন্নত মানব সম্পদ যার জন্য উচ্চশিক্ষা অত্যন্ত প্রয়োজনীয়, এর মাধ্যমেই জ্ঞানভিত্তিক এক সমাজের উন্মেষ হতে পারে যা বিশ্ব অর্থনীতিতে দেশের প্রতিযোগিতার ক্ষমতাকে বাড়িতে তুলতে সক্ষম।

# প্রান্তিকদের উপকথা

***অনুরাধা বসু***
***রাষ্ট্রবিজ্ঞান, দ্বিতীয় বর্ষ***

প্রান্তিক মানুষদের কথা, স্বপ্নের মত বেঁচে থাকার কথা আর সমাজের মধ্যে থেকেও সমাজের বাইরে থাকার আখ্যান আমাদের শুনিয়েছেন বহু লেখক-শিল্পী-কবি এবং নাটক-সিনেমা-গান। কিন্তু, দেখা গিয়েছে সর্বত্রই এই জীবনের গন্ধে কোথাও যেন একটা হতাশার দীর্ঘশ্বাস, আর প্রতিবাদ মিশ্রিত ফুৎকার থেকেই গিয়েছে, আর তার প্রকাশের ভাষার মধ্যে সারা পৃথিবীতেই একটা সাদৃশ্য বা অন্তলীন যোগসূত্র রয়ে গিয়েছে। তাকে বাইরে থেকে ধরা যায় না, ছোঁয়াও যায় না — সে ততক্ষণ পর্যন্ত অধরাই থেকে যায়, যতক্ষণ না পর্যন্ত কোনো মানুষ এই স্রোতে গা ভেজায় বা এর তাপে মন পোড়ায়। কেন না — 'মার্জিনালাইজেশানের' ধাক্কায় দিন দুনিয়ার খণ্ডিত চিত্র সমাহার আজকের শিল্পী মনে নিদারুণ এক উদ্বেগের সৃষ্টি করেছে। তাকে বোঝা ও প্রকাশের ক্ষেত্রে আর্ন্তজাতিক এক ভাষার জন্ম হয়েছে — যা দেশ-কাল-সমাজসীমার গন্ডি পেরিয়ে আজও স্বমহিমায় বিদ্যমান।

সমাজের তথাকথিত মূল স্রোতের বাইরে থেকে যারা জীবন অতিবাহিত করে, সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক-সাংস্কৃতিক সমস্ত রকম সুযোগ সুবিধা থেকে বঞ্চিত অন্ত্যজ সম্প্রদায় — জঙ্গলমহলের আদিবাসী উপজাতি থেকে শুরু করে সবুজ দ্বীপের জারোয়ারা আর অসহায় আর্ত মানুষ সমাজের প্রান্তবাসী। একবিংশ শতাব্দীর অপরাহ্ন লগ্নে সেখানে নারী প্রগতির জয়োযাত্রা ধ্বনিত হচ্ছে চতুর্দিকে — সেখানে দাঁড়িয়ে কি ভাবা যায় এই নারী জাতিকেও একদিন 'প্রান্তিক' করে রাখা হয়েছিল?? আমাদের স্বদেশের আয়নায় যে চিত্র ধরা পড়ে, তারই প্রতিফলন ঘটে সারা বিশ্বে।

আসলে রাষ্ট্রে বৈষম্যমূলক আচরণ যখন কালে কালে প্রান্তিক মানুষকে আরো আরো দূরে ঠেলে দিয়েছে তখন এদের মধ্যে কোথাও যেন একটা যূথবদ্ধতা তৈরী হয়ে গিয়েছে আপনাআপনিই। প্রান্তিক মানুষের ভাষার মধ্যে যেমন প্রতিবাদ সমুচ্চারিত হতে দেখা যায়, তেমনই দেখা যায় যন্ত্রণা বিষণ্ণতার গাঢ় অভিমান। শহুরে উন্নাসিক মানুষের সহজাত অবজ্ঞায় তারা যে 'একাকী' তার জন্য রাষ্ট্রব্যবস্থার নির্মাণই তো দায়ী। শিক্ষিত মানুষের প্রত্যক্ষ বা প্রচ্ছন্ন অবহেলা সমাজের প্রান্তিকদের যে জায়গায় নিয়ে গেছে, সেখান থেকে যেন কিছুতেই বেরোনো যায় না। তারা সমাজের 'তল' পায়নি — পায়নি নিরাপদ আশ্রয় ... তবু তারা বাঁচে — নিজের মত করে — 'স্বাধীন' ভাবে। সভ্য সমাজ তাদের উপেক্ষা করার সাহস পায় না। তাই বলি —

চিরদিনই উপেক্ষিত ব্রাত্য ওরা —
সম্মান পায় না ধরার,
তবুও কি অধিকার আছে মানুষের ওদের উপেক্ষা করার?
সমাজের প্রান্ত তটে ওদের পৃথিবী আছে স্থির
সেখানে চোখের জল কাহারেও করে না অধীর .....।।

# মেহের আলি, তোমাকে .....

***অরিত্র ব্যানার্জী***
***পদার্থবিদ্যা, তৃতীয় বর্ষ***

মেহের আলি, তুমি ভাগ্যিস ছিলে,
না হলে সত্যিটা জানতে বড্ড দেরি হয়ে যেত,
ততক্ষণে পুড়ে গেছে চামড়া,
পোড়া মাংসের গন্ধে বাতাস আচ্ছন্ন
মুখোশটা কি খুলে রেখেছিলে পাশে?
বিদগ্ধজন প্রসব করেছেন রক্তবীজ
রক্ত ঝরানোর মরসুম তো এসেছে সেই কবে,
মশলা মুড়ির ঠোঙায় সেদিন তোমার
কবিতা লেখা পাতাটা খুঁজে পেয়েছি।
দেখি তুমিও দাবানলের কথাই লিখেছ
নাকে রুমাল চাপা দিয়ে মাংস পুড়তে দেখেছ?
তোমার আমার পার্থিব থিয়েটারে
তারাদের ফিসফিস সমালোচনা না হয় — নাই শুনলাম।
আচার বিচার দাঁড়িয়ে আছে ফ্রি স্কুল স্ট্রীটের মোড়ে,
সস্তার রঙ মুখ থেকে মুছে গেছে সেই কবে .....
দেওয়ালে টাঙিয়ে রাখা অতীতের উত্তাপ
পুড়িয়ে ফেলেছে চুল, নখ, দগ্ধ বিকৃত মাংস স্তুপ .....
ভাঙবে না? ভাঙবে না ঘুম আর?
নিঃসঙ্গ শ্মশান নর্দমা গন্ধে রক্তমাখা প্রাণ
তোমার গল্প বলার রাতে হঠাৎ শোকের হানাদারি —
ক্ষমতার ক্ষিদের কাঁকড়াগুলো যত কামড়া কামড়ি করে
তাই পুড়ছে মানুষ, পুড়ছে শরীর, পুড়ছে বিশ্বাস
তফাত যাও, তফাত যাও, সব ঝুটা হ্যায়
সব ঝুটা হ্যায়।

# দুঃস্বপ্নের মজুরী

*অয়ন দে*
*উদ্ভিদবিদ্যা, প্রথম বর্ষ (স্নাতকোত্তর)*

সময়টা ভোর ভোর ... কুয়াশা মাখা আঁধার ঘেরা বড় রাস্তাটার ধারের বাড়িটার সামনের দরজাটা খুলে গেল। ধোঁয়া মাখা হলুদ আলো এসে পড়ল রাস্তায়। বেরিয়ে এল কেউ একজন ... শীতে জবুথবু বস্তা-চাদর গায়ে জড়িয়ে। এগিয়ে চলল রাস্তা ধরে ... তার শরীরটা বোঝা যায় না - বস্তা আর চাদরে জড়ানো। এগিয়ে চলল সে ... কিছু একটা টেনে নিয়ে এগিয়ে চলেছে সে ... মোটা লম্বা কিছু একটা ... যেন একটা ডাইনোসরের লেজ ... এগিয়ে প্রায় আমার কাছে চলে এসেছে সে ... আস্তে আস্তে পরিষ্কার হচ্ছে তার অবস্থান। কিন্তু ওটা কি টেনে ঘষটে নিয়ে চলেছে সে ... একটা মানুষের কাটা পা ওটা ... খানিকটা বস্তায় জড়ানো। থাইয়ের কাছ থেকে কাটা ... হাড় আর লাল, রক্তহীন পেশী দেখা যাচ্ছে। এগিয়ে চলল সে আস্তে আস্তে। আর আমি ছুটে চললাম মানুষটা যেদিকে গেছে তার উল্টো দিকে। আস্তে আস্তে সকালের আলো ফুটছে ... আমি ছুটে চলেছি। কাউকে বিশ্বাস নেই ... মানুষ এখানে মানুষকে খায়।

# স্বপ্নগোধূলি

*সোহিনী দাস*
*বাংলা, প্রথম বর্ষ*

ভেসে থাক আলো, চেনা অন্ধকার,
চেনা বালিয়াড়ি ...
বসন্তের খামে ছেঁড়া চিঠি,
জমে থাকা রংচটা ভালোবাসার দরখাস্ত,
আগুন দেখে পুড়তে চাওয়া মন,
অসূর্যম্পর্শা স্বপ্ন ... সব।

পুরানো ডাকবাক্স থেকে উড়ে যাচ্ছে মেঘদূত।
কুয়াশায় ঢাকা মুখ ফেলে এসেছি অনেক দূরে
বিস্রস্ত ধানসিঁড়ির পাশে।
— তোমার চিবুক ছুঁয়ে নেমে আসা প্রেম তবু আজও অবিকল।
বহু মঠ, নদী, স্রোত পেরিয়ে
তোমার কাছে এসেছি আজ।

উড়ালের পথে চেয়ে দেখ উড়ে যায় এক পাল সাদা বক —
নির্বাণের খোঁজে,
ওদের ঠোঁটে প্রেমপত্র পাঠাও উর্দ্ধচারী মন ...
আজ বারণ করব না।

# সেল্‌স-গার্ল

*রনি পাত্র*
*ইংরেজি, তৃতীয় বর্ষ*

টিউবলাইটগুলো জ্বলে উঠেছে।
ফিনাইলের গন্ধে ঢাকা বিষ্ণুপুরী মাসি
সাদা মেঝেটাকে মুছে যাচ্ছে
নিজের মনে, অথচ রেডিওর ধ্বনিতে।
দারোয়ান, বন্দুক হাতে,
রক্ষা করে যাচ্ছে কাঁচের প্রস্থানকে।
সারি-সারি জিনিসপত্রে ভরা বাক্স
যত্নের প্রয়োজনে পড়ে আছে,
আত্মপ্রকাশের জন্য।
আর তুমি?
আছো তুমি, ঝক্‌ঝকে পোস্টারের সামনে,
সেই ক্ষয়ে যাওয়া কাউন্টারের পিছনে,
সুন্দরী হয়েও মুখে যার একটু হতাশা,
চোখে অসীম স্বপ্ন,
হাসিতে দ্বিধা আবেগের মিশ্রণ,
সেই তো তুমি।
এলোমেলো চুলের মসৃণ রেশ
চিরুণির কঠিন কাঁটায় মিলিয়ে,
ক্রেতার প্রত্যাশায় আচ্ছন্ন
তুমি দাঁড়িয়ে আছো।
ঘড়ির কাঁটায় দশটা বাজলে
তুমি বিক্রি করবে।

– May I help you ? –

## মুহূর্তের আস্বাদন


*কিংশুক রায়*
*বটানী, দ্বিতীয় বর্ষ (স্নাতকোত্তর)*


বসেছিলাম একা অকঞ্চুক মনের সাথে
অঙ্কোপরি ছিল এক পালক
পালকটি উড়িয়া গেল তাঁর অঞ্চলে
দেখা হল, কথা হল, বোঝা হল
নয়নের দরজা দিয়া হৃদয়ের কেদারায়
শূন্য চারিপাশ, মন্দ্ধ চারিপাশ, স্নিগ্ধ চারিপাশ
ভূমিতে পতিত সেই পালক
পালকটি অঘল, মূক
তাঁর অক্ষটী নয়নের স্নিগ্ধধারায়
ভেজা সেই পালকটি
তাঁর অধর সুধাপান, করিল স্নান
অদীপ সেই পালকটিকে
তাঁর অধরামৃত দিয়েছে জীবন
সেই পতিত পালকটিকে
তাঁর অতুগ্র মদন, যাহা অত্যেজ্য
সেই পালকটির কাছে।
অদিতি নিয়ে এল অত্যয়
মরেও যেন জীবন্ত রয়
সেই ভূপতিত পালকটি।

## সুস্থতার তপস্যায়


*অভিষেক পণ্ডিত*
*বাংলা, প্রথম বর্ষ*


এখন একটু হচ্ছি পেটুক
চা-রুটিতে থামবো না
বাইরে গিয়ে খুচরো দিয়ে
নাম-কা-বাস্তে 'নামবো' না
আরও পরে ঘরে ঘরে
'দুটো মুড়ি' বলব না
সকাল থেকে আকাল চেখে
বাঁ হাত পেতে চলব না
তবে,
বেশি দূরে যাব না
বেশি কিছু খাব না
বেশি কিছু ভক্ষণ করলে
মোটেই হজম হবে না
অনাবশ্যক হাসবো না
কোনো জালে ফাঁসবো না
ফেঁসে গেলে ফাঁসি ওরা
হাসিমুখে দেবে না
এসো আমিই
সুস্থ হই .....।

## ছলনা


*রাতুল ঘোষ*
*বাংলা, প্রাক্তন ছাত্র*


তোমাকেই লিখি বলে একটা ছলনা নিতে হয়,
না হলে তো এতখানি পারি না কখোনো
দোকান বাজারে গিয়ে বোকা বনে যাই
মায়াবী বেগুন থেকে ধোঁকা দিয়ে যায় পোকা, কীট।

হঠাৎ কখোনো
*চুরমার হয়ে ধসে বসে যায় স্নেহময় বাড়ি*
ছাতার ফুটোর মধ্যে দিয়ে রোদ সরাসরি
ঢুকে পড়ে অরক্ষিত মস্তিষ্ক-মগজে।

এত ধ্বংস দিয়ে আমি যখন তোমায় কথা লিখি
তখন সমস্ত প্রখরতা এসে হামলে পড়ে,
তোমাকে কখনও তারা জানতে দেবে না তুমি কতখানি আছো
ক্ষয়ে কিংবা বসন্ত পরজে।

## নভেম্বর ৯


*তোর্সা বন্দ্যোপাধ্যায়*
*বাংলা, প্রাক্তন ছাত্রী*


মেলে দিলাম দীর্ঘ পাঁজর আমার
পৃথিবীর মুখে
তোমার একান্ত নির্ঝর
পরিচিত গুম্ গুম্ শব্দে ফুলে ফুলে ওঠে
কিছু কি বলতে চাও?
ছুঁড়ে দিতে চাও তীক্ষ্ণ কোনো বর্শা
আমার এই নিস্পন্দ সাম্রাজ্যের দিকে?
অসাড় এই সিংহাসনে রাজা প্রজা
ভেদ নেই আর
সকলেই শিকল ছিঁড়েছে
সকলেই ভিক্ষান্ন থেকে
একটু একটু করে খাবার সরিয়ে রেখেছে
তোমার খিদের জন্য .....

## রোদ্দুর

*সপ্তর্ষি দত্ত*
*রসায়ন, প্রথম বর্ষ*

ভোরবেলা স্বপ্ন থেকে চলো, আমরা বেরিয়ে পড়ি, এই গোলগাল মাংসল পৃথিবীতে ইঁদুরের দাঁত আর সরীসৃপের লেজ হয়ে আমরা বেঁচে রইলাম ..... মন্বন্তরের আড়ালে যখন তোমায় দেখেছি তুমি তখন দুর্ভিক্ষের পাশে বসে মিচ্‌কি মিচ্‌কি হাসছ ভাঙা মুখ পোড়ামাটির মত তখন কান্নার লাল!

দিগন্তের তৃষ্ণা মিটে গেলে শূন্যতায় শুনি ছলাৎ ছলাৎ শব্দের সেতু পারাপার। হিম শীতের ভিতর গায়ে জড়ানো আকাশ ভেঙে আনা রোদ্দুরের চাদর। সমীক্ষার পাতায় এসে বসে ঘাস-ফড়িং, অনেক খুনোখুনির পর ধর্মের কল কি এখন বাতাসে নড়ছে? ত্রিভুজে বৃত্তে সুসম্পন্ন করে লিখেছিলাম ভুল পদবী গানের মুকুল অনির্দেশের।। জীবন বলতে আর কিছুই নেই — পথিক স্বপ্নগুলো, একমাত্র এই আলো ছাড়া জন্মান্তরে — বিশ্বাস অচেনা, নীরবতার নির্জন হৃৎপিন্ড খুলে রাখি আপন গৌরবে অন্ধকার কেটে আলোর উৎসে ..... তোমার পোষাক থেকে, অস্থি-মজ্জা মাংস থেকে কীভাবে, কখন একদিন বার করে এনেছিলাম শরীর। মালা গাঁথতে গিয়ে হাতে ছুঁচ ফুটে রক্তের আলপনা ..... বাড়ির সামনেটা শ্মশানের মতো মনে হতো রক্তস্নাত লাল বিপ্লব অজস্র রঙিন ফুলে বাতিবীথি সহসা জ্বালিয়ে, প্রান্তরে একবুক স্বপ্ন নিয়ে মাথা দোলায় চারা ধানগাছ ..... চাঁদ না কাস্তে ওটা? এনেছ ঝোলায় ভরে মাথার চুলে শিশির রাশি রাশি, আর স্বস্তি, ঝঞ্ঝা তোর শরীরে ঢোকাই, আহ! মুক্তি, আলতার ছাপ মুছে যার রক্তের স্বাদে রৌদ্রপায়ে তুমি ছুটে এলে দিগন্তের আলোপথে, মুখোমুখি শেষ যুদ্ধ কমরেড ধানজ্যোৎস্নার মাঠে। সমস্ত বিপন্নতার মাঝে অসীম সম্ভাবনার বীজ গর্ভে নিয়ে প্রতিটি দিনের ভিতর জেগে ওঠে লাল টুকটুকে অপরূপ উদ্ভাস।।

## আতৃতীয়

*অয়ন দে*
*উদ্ভিদবিদ্যা, প্রথম বর্ষ (স্নাতকোত্তর)*

"সেকি! কাল রাতেও ঘুমোওনি?"
আমার অন্তর আত্মার এই প্রশ্নের উত্তর দিতে
বাহুল্য বোধ করি।
তুমি তো আছ তোমার মতো
বইয়ের পাতায় মুখ গুঁজে,
Purine আর Pyrimidine গেঁথে
ভাঙছ গড়ছ কতো আশা।
আমার যাবতীয় ব্যর্থতা থেকে
মুক্তি দিয়েছে অনিদ্রা।
মাথা ব্যথা মিলিয়েছে ধোঁয়ার আর —
তরল দুঃখ নেমেছে গলা বেয়ে।
অবাক হচ্ছ, ভাবছ "পাগলা বলে কি!"
অরগ্যানিক অ্যাসিড ছাড়া তরল আছে নাকি!
তোমার বয়স কম, তাই রামধনু দেখছ —
সেই কাকভোরে বেরিয়েছিলাম
ক্যাম্বেলে আকাশ আর তুলিতে জল রং নিয়ে,
শেষ রাতে দেখি সব ঝাপসা।
কেবল তোমার অন্ধ Drosophila-র মতো
ঘুরে মরি কোন মনহীন দেহের চারিদিকে।

## সুযোগ

*স্বস্তিক ব্যানার্জী*
*দর্শন, প্রথম বর্ষ*

ভগ্ন শিকলটি,
এক টুকরো আলো বাদে,
আর কিছুই পেল না।
শিকলের কান্না শুনেছ কখনও?
সে কিছু বলতে চায়?
তোমরা তাকে ভয়ে দূরে রাখ,
আর সে, নির্বাক শ্রোতা হয়ে থাকে।
তোমাদের আতঙ্ক লুকিয়ে থাকে,
তার ভালোবাসা।
তার ভালোবাসায়
লুকিয়ে থাকে, তোমাদের বন্ধন,
বন্ধন সবই শিকলের।
তোমরা বন্ধন চাও,
শিকল চাও না।
কিন্তু শিকল কি চায় —
ভেবে দেখেছো?
সে কিছু বলতে চায়,
তাকে বলতে দাও।।

# স্বপ্নের পৃথিবী

*সাগরী চৌধুরী*
*উদ্ভিদবিদ্যা, প্রথম বর্ষ (স্নাতকোত্তর)*

রামধনু দিনগুলো,
উত্তেজনায় ভরপুর,
বৃষ্টি পড়ে টাপুর টুপুর,
ভেসে আসে কোনো এক অচেনা সুর —
দিগন্তের পারে রবির লুকোচুরি,
আমি আজও তোমাকে খুঁজি,
শীতের দুপুর কিংবা মিষ্টি বিকেল,
জমে থাকা কাঁচা মিঠে মান অভিমান —
ঝোড়ো হাওয়া উড়িয়ে দেয় তাকে,
আকাশটা করে রক্তস্নান।।

আসলে সময়টা বড় জটিল,
ঝড়টা বোধহয় এবার এল বলে!
কিন্তু বাঁচব আমি কি করে?
চারিদিকে গৃহহারা, কেউবা আছে সর্বহারা,
আর আজ যে আমি,
সর্বহারার সর্বহারা।
হারিয়ে গেছ তুমি, হারিয়ে গেছে ভরসা —
খুঁজে আজ পাই না অশ্রুধারা —
চলতে ফিরতে ধাক্কা খাই,
স্বপ্ন দেখতে ভুলে যাই,
স্বপ্ন কিনতে বাজার যাই,
খুঁজে ফিরি স্বপ্নের ফেরিওয়ালা —
অভুক্ত হয়ে স্বপ্ন কিনতে ছুটি,
একটু বাঁচার তাগিদে।।

সেই মেয়েটা আর আসবে না ফুল দিতে,
বলবে না গোলাপ নিতে,
হাঁটবে না এই রাস্তায় —
এক পা দু পা করে।
ভিখারী টাও আসবে না,
টিনের থালা নিয়ে,
তোমরা কেউ যাবে না চলে
গাড়ির কাঁচটা তুলে দিয়ে,
ধাক্কা দিয়ে ফেলবে না তাকে,
থাকবে না সে ফুটপাথের এক কোণে।।

চেনা এই ছবিগুলো হোক অচেনা,
শহরটা হোক সুন্দর, হয়তো বা বাসযোগ্য —
কি হবে এই হত্যার রাজনীতি করে?
ফিরুক সবাই নিজের ঘরে,
তুমিও সেদিন আসবে ফিরে,
আমাদের সেই ছোট্ট ঘরে।
পরিচিত মুখগুলোকে,
পরিচয়হীন কোরো না —
চেনা অলিগলি চেনা পথঘাট
আজ সবই তো অচেনা,
লাল মাঠ হোক সবুজ —
প্রাণের আভাস লাগুক তাতে।।

শেষের ভাবনাটা খুব কঠিন —
শেষের কবিতার মত নয়তো জটিল।
আজও আমি স্বপ্ন দেখতে চাই,
বারুদের গন্ধবিহীন পৃথিবীতে —
আমার ছোট্ট বাসায়, অর্কিডের দুনিয়াতে।।

# কথা পরস্পরে

*ঐশিক দাশগুপ্ত*
*বাংলা, প্রাক্তন ছাত্র*

আমাদের সব ব্যর্থতা একদিন কবিতা হয়ে যাবে
তোমার কথার আশেপাশে জেগে থাকবে
ফেরারী জাহাজের নাবিক।

এই তো সমুদ্রের বুক আমি হাতে নিয়েছি
এ কোন আলোতে আমার মুখ
সব আবর্তন থেকে উঠে এসে
নিরবচ্ছিন্ন ঢেউয়ে সব হারিয়ে ফেলি
কোথাও বেঁচে থাকা নেই .....

কথোপকথনের জলজ ভাষা
শুধু অন্তরে জাগিয়ে রাখে শীতকাল
ফুলে ফুলে ভরে ওঠে নীরব স্তবক
তুমি আবর্তন থেকে শিখে নাও বিন্দু
বিন্দুর সঙ্গে বিন্দু জুড়ে যায়
আমার চোখে সরলরেখা
তোমার চোখে বৃত্ত হয়ে যায় .....

## স্বর্গগত

*গোপাল চন্দ্র পাইক*
*গণিতশাস্ত্র, দ্বিতীয় বর্ষ*

একদিন পাখি উড়ে যাবে,
শুধু মনে রবে
তাহার স্মৃতিখানি।
আজও অমর, আজও জীবন্ত
সে যে অনন্ত,
অতীতের কত বাণী।।
আছে কান্না, আছে বুকের ক্ষত,
তবু আসিয়াছে হইয়া স্বর্গগত,
ফিরে নাহি যাবে আর।
অনন্ত কাল ধরে
অক্ষরে অক্ষরে,
কে করিয়া দিবে তাকে পার।।
সারা জীবন শুনে
মৃত্যুর দিন গুণে,
আসিয়াছে শুভদিন।
কত ব্যাথা, কত পাপ,
নিয়া আসিয়াছে হেতা,
বাজাইতে হইবে সেই স্বর্গবীণ।।
তাহাকে দেখেই শেখা
তাইতো রক্তে লেখা
এ বিশ্ব মাঝে ......।
..... হইয়া স্বর্গগত।।

## মৃত্যুর আদেশে

*গোপাল চন্দ্র পাইক*
*গণিতশাস্ত্র, দ্বিতীয় বর্ষ*

মৃত্যু ! চাইনি তোমার কাছে যেতে,
‘বেঁচে থাকার গানে’ আনন্দে মেতে।
সবার সাথে হেসে খেলে,
তোমায় গিয়েছি পিছু ফেলে।
জীবন জোয়ারে ভেসে
একেবারে শেষ প্রান্তে এসে,
তোমার সাথে এমন ভাবে সাক্ষাৎ
ভাবিনি পাবো অকস্মাৎ।
কিন্তু, তোমার যে অনেক কাজ বাকি
সেগুলো না সেরে যেতে দেবে
আমার মা, কি?

মৃত্যু ! তাই তোমায় বলছি আমি বলছি
বারংবার
অনেকদিন পরে তুমি ফিরে এসো,
তুমি ফিরে এসো আবার।
তখন আমি বলব না .....
না, বলব না
হেসে তখন বলব তোমায়, আমায় নিয়ে যাও।

কিন্তু .....

মৃত্যু ! এখন ক্ষমা কর তুমি মোরে
তোমার আদেশ করছি অমান্য,
..... আমি।
মোরে ক্ষমা কর তুমি।

## গান

*সুদীপ্ত চৌধুরী*
*বাংলা, প্রাক্তন ছাত্র*

দীর্ঘ প্রবাসে বুঝেছি,
ঠিকানা বিহীন রাতে, তুমি চেয়েছিলে —
সেরে ফেলতে বাকি কথা!
ভীতিহীন দূরে, তোমায় ফেলে
চলে আসি

এদিকে এসেছ তোমার জন্মদিনের মাস
অথচ,
নিজের ছায়ার পাশে বসে,
যদি — কিছু বলি —
সে তবে গান হয়ে যায় .....

# উর্বীরুহের কথা

*নীলাদ্রী দাস*
*দর্শন, তৃতীয় বর্ষ*

শত মানুষের মাঝে,
একদল উর্বীরুহ চায় আমার পানে,
নির্বাক হয়ে দাঁড়িয়ে থেকে,
কিছু বলতে চায় কানে কানে,
তারা সহস্র যন্ত্রণায় পীড়িত যখন
তখনই আমায় মনে পড়ে ও ডাকে তখন,
একদল স্বার্থ-সিদ্ধি মানুষ অর্থের লোভে তাদের উপর করে অত্যাচার,
তারা মনে মনে ভাবে ও বলে, "করবো আমি তোমাদের উপর অবিচার",
যার ফলশ্রুতি হয়ে গেল ২০০৮ সালে,
যদি না থামে, তাহলে চলবে বহুদিন,
বড় বিপর্যয় আসছে আগামীকালে,
উর্বীরুহ বলে, বুঝল না আমার শান্তি, বুঝল না!
আমার মনের কথা, কেঁদে কেঁদে শুধু দিন গেল ধরে,
রাখতে পারলাম না জীবনের স্বার্থকতা,
তাই বলি আরও কানে কানে, "যারা বোঝে তারা
যেন লেখে এর মর্মান্তিক উপকথা"।
তবে দিন যাবে, রাত যাবে, যাবে বছর,
এই উপকথার অর্থ না বোঝে কেউ
তাহলে পাতার পর পাতা জুড়ে সৃষ্টি হবে বিপর্যয়ের খবর।
সবশেষে উর্বীরুহ বলে, "বলতে পারি না আমি
সকলের মাঝে তাই বলি কানে কানে"।
যে কারণে উর্বীরুহের আবেদন, "অনন্ত স্বপ্নময়,
মোহময় নিদ্রা থেকে জাগিয়ে তুলিস সকলকে ও
অমাণিষার কালো মেঘকে উন্মোচন করিস সমগ্র
অন্ধকারের পাছে একটু প্রদীপের আলো নিয়ে"।
আমার বলার পাতা ফুরিয়ে এসেছে
তাই শেষ করলাম,
